মহাভারতম্

নিবেদন

সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের অনুগ্রহে মহাভারতের শল্যপর্ব্ব প্রকাশিত হইল। বনপর্ব্বে কার্ত্তিকের উপাখ্যান রহিয়াছে; এই পর্ব্বেও তাহা আছে; তথাপি পুনরুক্তি দোষ ঘটিয়াছে; কিংবা উহার একটী প্রক্ষিপ্ত হইয়াছে, এরূপ বলা যায় না। কারণ, প্রসঙ্গভেদে একই কথা বার বার বলিলেও পুনরুক্তি দোষ হয় না। কোন লোক এক ব্যক্তির নিকট নিজের নাম বলিয়া, কিছু দূরে অপর ব্যক্তির জিজ্ঞাসা ক্রমে আবার নিজের নাম বলিলে, তাহাকে পুনরুক্তি দোষ বলা যায় না। প্রক্ষিপ্ত বলিবারও কোন উপযুক্ত কারণ নাই। তবে উপাখ্যানের মধ্যে যেটুকু বৈষম্য দেখা যায়, তাহা ভিন্ন ভিন্ন কল্পে ঘটিয়াছিল, এরূপ সমাধান করা ব্যতীত অন্য কোন সমাধানের উপায় আছে বলিয়া মনে হয় না।

তা'র পর অন্যান্য পর্ব্বের ন্যায় এই পর্ব্বেও অধ্যায় ও শ্লোকসংখ্যার যথেষ্ট অসামঞ্জস্য দেখিতে পাওয়া যায়; তাহার কারণ ও সমাধান পূর্ব্ব পূর্ব্ব পর্ব্বেই বলা হইয়াছে। কিন্তু একটী অসামঞ্জস্য এ যাবৎ কেবল এই পর্ব্বেই দেখা গেল। যথা—আদিপর্বের পর্বসংগ্রহ-নামক দ্বিতীয় অধ্যায়ে মহর্ষি নিজে লিখিয়া গিয়াছেন যে, "..... উরূ ভগ্নৌ প্রসহ্যাজৌ গদয়া ভীমবেগয়া। নবমং পর্ব্ব নির্দ্দিষ্টমেতদদ্ভুতমর্থবৎ॥" দুর্য্যোধনের উরুভঙ্গ ও তাহার আনুষঙ্গিক ঘটনা, ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে আশ্বস্ত করিয়া, কৃষ্ণের পুনরায় পাণ্ডবগণের নিকটে আগমন ইহাই শল্যপর্বের শেষবৃত্তান্ত। আবার সেই পর্বসংগ্রহ অধ্যায়েই সৌপ্তিকপর্বের ক্রমিক বৃত্তান্ত লিখিতে আরম্ভ করিয়া মহর্ষি নিজে লিখিয়াছেন যে, "অতঃ পরং প্রবক্ষ্যামি সৌপ্তিকং পর্ব দারুণম। ভগ্নোরুং যত্র রাজানং দুর্য্যোধনমমর্ষণম্॥ অপযাতেষু পার্থেষু ত্রয়স্তেঽভ্যাযযূ রথাঃ। কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিঃ সায়াহ্নে রুধিরোক্ষিতম্॥" অর্থাৎ দুর্য্যোধনের উরুভঙ্গের পরে পাণ্ডবেরা সেস্থান হইতে চলিয়া গেলে, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামা সেই সায়াহ্নকালে দুর্য্যোধনের নিকটে আগমন করিলেন। ইহাই সৌপ্তিকপর্বের প্রথম বৃত্তান্ত। ইহাতে বুঝা যায় যে, ধৃতরাষ্ট্রের প্রশ্ন অনুসারে সঞ্জয়ের উক্তি ক্রমে কৃতবর্ম্মাদির আগমন সূচনা এবং কৃতবর্ম্মাদির দুর্য্যোধনের নিকটে আগমনপ্রভৃতি যে দুইটী অধ্যায়ে বর্ণিত আছে, তাহা সৌপ্তিকপর্বেরই প্রাথমিক দুইটী অধ্যায়। অথ চ বহুতর পুস্তকেই দেখিতে পাওয়া যায় যে, সেই দুইটী অধ্যায় শল্যপর্বের শেষে সন্নিবেশিত রহিয়াছে। ইহাতে যে কেবল মহর্ষির নিজের বাক্যের সহিতই বিরোধ ঘটিয়াছে তাহা নহে—শল্যপর্বে মহর্ষির গণনা অপেক্ষা ঐ দুইটী অধ্যায়ের ৮৬টী শ্লোক বেশী হইয়াছে এবং সৌপ্তিকপর্ব্বে ঐ ৮৬ শ্লোক কম হইয়াছে; সুতরাং ঐ দুইটী অধ্যায় শল্যপর্বের শেষে সন্নিবিষ্ট থাকাতেই এই গুরুতর অসামঞ্জস্যের আবির্ভাব হইয়াছে। কিন্তু ঐ দুইটী অধ্যায়কে সৌপ্তিকপর্বের প্রথমে সন্নিবিষ্ট করিলে, কোন দিকেই কোন অসামঞ্জস্য থাকে না। এই জন্যই আমরা ঐ দুইটী অধ্যায়কে শল্যপর্বের শেষে সন্নিবেশিত না করিয়া, সৌপ্তিকপর্বের প্রথমে সন্নিবেশিত

করিলাম। বাস্তবিক পক্ষে নাটকপ্রভৃতি দৃশ্যকাব্যে অঙ্কাংশাবতার যেমন পূর্ব্ববর্ত্তী অঙ্কেরই অংশবিশেষ; তেমন সৌপ্তিকপর্ব্বও শল্যপর্ব্বেরই অংশবিশেষ এ বিষয়ে কোন সন্দেহ নাই। সেই জন্যই লেখকগণের প্রমাদবশতই উক্তবিধ অসামঞ্জস্য ঘটিয়াছে।

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিলিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।

বঙ্গ—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বর্দ্ধ—বর্দ্ধমানরাজপ্রকাশিত পশ্চিমবঙ্গদেশীয় মুদ্রিত পুস্তক।

বা—বাপুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।

সো—কলিকাতা সোসাইটীমুদ্রিত পুস্তক।

নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণদেশীয় পুস্তক।

এতদ্ভিন্ন অন্যান্য পুস্তকও প্রয়োজন অনুসারে দেখা হইয়া থাকে। ইতি—

কলিকাতা, ৪১নং হরিলেন্
সিদ্ধান্তবিদ্যালয়।
১৩৪৬ সাল, ৪ঠা ফাল্গুন।

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

শল্যপর্ব্ব

পাঠক্রমে শল্যপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে শল্যপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত ॥০॥

শল্যপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

——:*:——

মহর্ষি মহাভারতের আদিপর্ব্ব-দ্বিতীয় অধ্যায়ে গণনা করিয়াছেন—

"একোনষষ্টিরধ্যায়াঃ পর্ব্বণ্যত্র প্রকীর্ত্তিতাঃ।
সংখ্যাতা বহুবৃত্তান্তাঃ শ্লোকসংখ্যাত্র কথ্যতে ॥২৯০॥
ত্রীণি শ্লোকসহস্রাণি দ্বে শতে বিংশতিস্তথা।
মুনিনা সংপ্রণীতানি কৌরবাণাং যশোভৃতা ॥২৯১॥"

অর্থাৎ এই শল্যপর্ব্বে ৫৯টী অধ্যায় ও ৩২২০টী শ্লোক আছে। নিম্নলিখিত তালিকাটী দেখিলেই ইহার সম্পূর্ণ মিল বুঝা যাইবে।

অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যা	
১	..	৫৪	২১	...	৮৯	৪১	৫১
২	...	৬৯	২২	...	৬২	৪২	১১৪
৩	...	৪৮	২৩	...	৫৬	৪৩	৩১
৪	...	৫০	২৪	...	৩৯	৪৪	৬৬
৫	...	৬৪	২৫	...	৫৪	৪৫	২৪
৬	...	৪৪	২৬	...	৬৪	৪৬	৬৭
৭	...	৪৭	২৭	...	৯৪	৪৭	৫৩
৮	...	৬৫	২৮	...	৬৬	৪৮	২৭
৯	...	৫৬	২৯	...	৭১	৪৯	২৭
১০	..	৬৩	৩০	...	৭০	৫০	৪০
১১	...	৪৫	৩১	...	৫৬	৫১	৪৫
১২	...	৪৬	৩২	...	১৯	৫২	৪৫
১৩	...	৪১	৩৩	...	৮৩	৫৩	৬৯
১৪	...	৬১	৩৪	...	৫২	৫৪	৬২
১৫	...	৮১	৩৫	...	৬৩	৫৫	৩১
১৬	..	৩৭	৩৬	...	৫৪	৫৬	৪৬
১৭	...	৬৫	৩৭	...	৬৮	৫৭	৭৬
১৮	...	২৫	৩৮	...	৩৭	৫৮	৪১
১৯	...	৬৬	৩৯	...	৪০	৫৯	৭৭
২০	...	৪৬	৪০	...	৪৫		
		১০৪৭			১১৮১		৯৯২

একুন = ১০৪৭ + ১১৮১ + ৯৯২ = ৩২২০

ল্যপর্ব্বের উপপর্ব্ব।

পৃষ্ঠাঙ্ক

শল্যপর্ব্ব

——:*:——

(১। শল্যবধপর্ব।)

প্রথমোঽধ্যায়ঃ।

——:-০-:——

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥

জনমেজয় উবাচ।

এবং নিপাতিতে কর্ণে সমরে সব্যসাচিনা।
অল্পাবশিষ্টাঃ কুরবঃ কিমকুর্বত বৈ দ্বিজ ! ॥১॥

ভারতকৌমুদী

অনন্তামেকান্তে বহতি শিবসো যঃ কুসুমবৎ
জটাজূটেঽনন্তঃ স ভুজগপতির্যত্র বসতি।
মহীয়ানপ্যেবং চরতি স ভবান্ যত্র হৃদয়ে
মহত্তে কীদৃক্ তদ্‌গিরিশ ! ভগবন্ ! ভক্তহৃদয়ম্ ॥
বিষং ধত্তেঽমৃতং দত্তে তমস্বী যঃ পরং মহঃ।
তস্মৈ বিচিত্রচারিত্র-শালিনে শূলিনে নমঃ ॥

অথ কর্ণপর্বোপান্ত্যাধ্যায়ে "অবহারং ততশ্চক্রে শল্যস্তাম্বতে নৃপ !" ইতি শল্যস্তানু-মত্যাবহারকরণেন তদানীং তস্যৈব প্রাধান্যসূচনাত্তৎসৈনাপত্যসূচনয়া সূচিতং শল্যপর্বাবতত্তে জনমেজয় উবাচেতি।

---

(১) ··অল্পাবশেষাঃ কুরবঃ···পি।

বিদীর্য্যমাণঞ্চ বলং দৃষ্ট্বা রাজা সুযোধনঃ।
পাণ্ডবৈঃ প্রাপ্তকালঞ্চ কিং প্রাপদ্যত কৌরবঃ ॥২॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তদাচক্ষ্ব দ্বিজোত্তম!।
ন হি তৃপ্যামি পূর্বেষাং শৃণ্বানশ্চরিতং মহৎ ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণে হতে রাজন্! ধার্ত্তরাষ্ট্রঃ সুযোধনঃ।
ভৃশং শোকার্ণবে মগ্নো নিরাশঃ সর্বতোঽভবৎ ॥৪॥
হা কর্ণ! হা কর্ণ! ইতি শোচমানো মুহুর্মুহুঃ।
কৃচ্ছ্রাৎ স্বশিবিরং প্রায়াদ্ধতশিষ্টৈর্নৃপৈঃ সহ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। হে দ্বিজ! বৈশম্পায়ন! সব্যসাচিনা অর্জ্জুনেন, সমরে, এবমুক্তেন প্রকারেণ, কর্ণে নিপাতিতে সতি, পূর্বমেব বহূনাং নিপাতাদল্পাবশিষ্টাঃ কুরবঃ কিমকুর্বত ॥১॥

বিদীর্য্যেতি। পাণ্ডবৈর্বিদীর্য্যমাণং ভজ্যমানম্। প্রাপ্তকালং তৎকালোচিতম্, প্রাপদ্যতা-করোৎ ॥২॥

এতদিতি। আচক্ষ্ব ব্রূহি। হি যস্মাৎ, পূর্ব্বেষাং নিজপূর্ব্বপুরুষাণাম্ ॥৩॥

আচার্য্যনিধনাৎ প্রাক্ সংক্ষেপেণ শল্যাদিবধমভিধত্তে। তত ইতি। সর্ব্বতঃ সর্ব্বত্র রাজ্যে ধনজনাদৌ জীবনে চেত্যর্থঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

শ্রীগণেশায় নমঃ। উক্তা সঙ্গতিঃ কর্ণপর্ব্বাদৌ এবং নিপাতিত ইতি। উদ্যমং পলায়নং বা চক্রুরিতি প্রষ্টুরভিপ্রায়ঃ। অল্পাঃ অবশিষ্টা ইতি ছেদঃ। অত্রাকারলোপ আর্ষঃ ॥১॥ তত্র দ্বিতীয়মেব মত্বাহ—উদীর্য্যমাণমিতি। পাণ্ডববলস্যোৎকর্ষং দৃষ্ট্বা কিং প্রাপদ্যত পলায়নমেবাস্য শ্রেয় ইতি ভাবঃ ॥২—৩॥ কৃৎস্নসৈন্যবধেন দুর্য্যোধনঃ পলায়নমেব কৃতবা-

জনমেজয় বলিলেন—'মহর্ষি বৈশম্পায়ন! অর্জ্জুন যুদ্ধে এইভাবে কর্ণকে নিপাতিত করিলে, অল্পাবশিষ্ট কৌরবেরা তখন কি করিলেন? ॥১॥

পাণ্ডবেরা কৌরবসৈন্য বিদীর্ণ করিতেছেন দেখিয়া কৌরবনন্দন রাজা দুর্য্যোধন তৎকালোচিত কি কার্য্য করিলেন? ॥২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! ইহা আমি শুনিতে ইচ্ছা করি, আপনি তাহা বলুন। কারণ, আমি পূর্ব্বপুরুষগণের মহনীয় চরিত্র শুনিতে থাকিয়া তৃপ্তিলাভ করিতে পারিতেছি না' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—'রাজা! কর্ণ নিহত হইলে, ধৃতরাষ্ট্রনন্দন দুর্য্যোধন অত্যন্ত শোকসাগরে নিমগ্ন হইয়া সকল বিষয়েই নিরাশ হইয়া পড়িলেন ॥৪॥

(২) উদীর্য্যমাণঞ্চ বলম্ ··পি বা সো।

স সমাশ্বাস্যমানোঽপি হেতুভিঃ শাস্ত্রনিশ্চিতৈঃ।
রাজভির্নালভচ্ছর্ম্ম সূতপুত্রবধং স্মরন্ ॥৬॥
স দৈবং বলবন্মত্বা প্রভাতে বিমলে সতি।
সংগ্রামে নিশ্চয়ং কৃত্বা পুনর্যুদ্ধায় নির্যযৌ ॥৭॥
শল্যং সেনাপতিং কৃত্বা বিধিবদ্রাজসত্তমম্।
রণায় নির্যযৌ রাজা হতশিষ্টৈর্নৃপৈঃ সহ ॥৮॥
ততঃ সুতুমুলং যুদ্ধং কুরুপাণ্ডবসেনয়োঃ।
বভূব ভরতশ্রেষ্ঠ! দেবাসুররণোপমম্ ॥৯॥
ততঃ শল্যো মহারাজ! কৃত্বা কদনমাহবে।
পাণ্ডুসৈন্যেঽথ মধ্যাহ্নে ধর্ম্মরাজেন পাতিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

হেতি। হতশিষ্টৈঃ পাণ্ডবনিহতাবশিষ্টৈঃ ॥৫॥
স ইতি। হেতুভির্যুক্তিভিঃ। শর্ম্ম সুখং শান্তিমিত্যর্থঃ ॥৬॥
স ইতি। দৈবং প্রতিকূলম্। বিমলে নিরভ্রকালে ॥৭॥
শল্যমিতি। রাজসু সত্তমঃ প্রশস্ততমস্তম্। রাজা দুর্য্যোধনঃ ॥৮॥
তত ইতি। দেবাসুরযো রণ উপমা যস্য তৎ ॥৯॥
তত ইতি। কদনং মহামারীম্, আহবে যুদ্ধে। পাণ্ডুসৈন্যে পাণ্ডবসৈন্যস্য ॥১০॥

'হা কর্ণ! হা কর্ণ!' এইভাবে অনবরত শোক প্রকাশ করিতে থাকিয়া তিনি হতাবশিষ্ট রাজগণের সহিত অতিকষ্টে আপন শিবিরে যাইতে লাগিলেন ॥৫॥

তখন রাজারা শাস্ত্রনির্দ্দিষ্ট যুক্তি দেখাইয়া আশ্বস্ত করিতে থাকিলেও তিনি কর্ণবধ স্মরণ করিয়া শান্তিই পাইতে থাকিলেন না ॥৬॥

ক্রমে দুর্য্যোধন, দৈব প্রবল প্রতিকূল মনে করিয়া নির্ম্মল প্রভাতকাল হইলে, যুদ্ধেই কৃতনিশ্চয় হইয়া পুনরায় শিবির হইতে নির্গত হইলেন ॥৭॥

পরে দুর্য্যোধন যথাবিধানে রাজশ্রেষ্ঠ শল্যকে সেনাপতি করিয়া হতাবশিষ্ট রাজগণের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার জন্য নির্গত হইলেন ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর দেবাসুরযুদ্ধের তুল্য কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যের অতি-তুমুল যুদ্ধ হইল ॥৯॥

---

(৬) সম্যগাশ্বাস্যমানোঽপি ·পি,·· রাজন্! বিভূতিমিচ্ছদ্ভিঃ সূতপুত্রমনুস্মরন্—নি। (৭) স দৈবং বলবন্মত্বা ভবিতব্যঞ্চ পার্থিবঃ পি বা সো। (৮) ·বিধিবদ্রাজপুঙ্গবঃ··· হতশেষৈঃ ··পি বা সো। (৯) অভবদ্ভরতশ্রেষ্ঠ!···পি বা সো। (১০)·· হতসৈন্যোঽথ মধ্যাহ্নে···পি বা সো।

ততো দুর্য্যোধনো রাজা হতবন্ধু রণাজিরাৎ।
অপসৃত্য হ্রদং ঘোরং বিবেশ রিপুজাদ্ভয়াৎ ॥১১॥
অথাপরাহ্নে তস্যাহ্নঃ পরিবার্য্য মহারথৈঃ।
হ্রদাদাহূয় যুদ্ধায় ভীমসেনেন পাতিতঃ ॥১২॥
তস্মিংস্তু নিহতে বীরে মহেষ্বাসাস্ত্রয়ো রণে।
কৃতবর্ম্মা কৃপো দ্রৌণির্জঘ্নুঃ পাণ্ডবসৈনিকান্ ॥১৩॥
ততঃ পূর্বাহ্নসময়ে শিবিরাদেত্য সঞ্জয়ঃ।
প্রবিবেশ পুরীং দীনো দুঃখশোকসমন্বিতঃ ॥১৪॥
প্রবিশ্য চ পুরং সূতো ভুজাবুচ্ছ্রিত্য দুঃখিতঃ।
বেপমানস্ততো রাজ্ঞঃ প্রবিবেশ নিবেশনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা বন্ধবো যস্য সঃ, রণাজিরাৎ সমরস্থলাৎ ॥১১॥
অথেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। পাতিতঃ দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ ॥১২॥
তস্মিন্নিতি। নিহতে উরুভঙ্গেন নিহতপ্রায়ে, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১৩॥
তত ইতি। পুরীং হস্তিনাম্, দীনো বিষাদকাতরঃ ॥১৪॥
প্রবিশ্যেতি। সূত সঞ্জয়ঃ, উচ্ছ্রিত্য উত্তোল্য। রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য ॥১৫॥

ভারতভাবদীপঃ

নিত্যাহ—ততঃ কর্ণে হতে ইত্যাদিনা প্রাঙ্মুখঃ প্রাদ্রবদ্যয়াদিত্যন্তেন গ্রন্থেন ॥৪—১১॥ এবং সর্ব্বান্ ঘাতয়িত্বা পলায়নে দুর্যশো লব্ধাপি মরণমেব প্রাপেত্যাহ—অথেতি। অপরাহ্নে

মহারাজ! তাহার পর শল্য যুদ্ধে পাণ্ডবসৈন্যের মহামারী ঘটাইয়া মধ্যাহ্ন-কালে যুধিষ্ঠিরকর্ত্তৃক নিপাতিত হইলেন ॥১০॥

তৎপরে হতবন্ধু রাজা দুর্য্যোধন শত্রুর ভয়ে রণস্থল হইতে অপসৃত হইয়া ভয়ঙ্কর দ্বৈপায়নহ্রদে যাইয়া প্রবেশ করিলেন ॥১১॥

পরে ভীমসেন সেই দিনেরই অপরাহ্নকালে মহারথগণদ্বারা পরিবেষ্টন করাইয়া যুদ্ধ করিবার জন্য আহ্বান করিয়া দুর্য্যোধনকে নিপাতিত করিলেন ॥১২॥

উরুভঙ্গ করায় মহাবীর দুর্য্যোধন নিহতপ্রায় হইলে, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামা এই তিন জন মহাধনুর্দ্ধর পাণ্ডবসৈন্যগণকে সংহার করিলেন ॥১৩॥

তদনন্তর সঞ্জয় বিষণ্ণ এবং দুঃখ ও শোকসমন্বিত হইয়া পরদিন পূর্বাহ্নকালে শিবির হইতে আসিয়া হস্তিনাপুরে প্রবেশ করিলেন ॥১৪॥

---

(১৩) তস্মিন্ হতে মহেষ্বাসে হতশিষ্টাস্ত্রয়ো রথাঃ। সংরব্ধাস্মিপি রাজেন্দ্র! জঘ্নুঃ পাঞ্চালসৈনিকান্—পি বা সো।

রুরোদ স নরব্যাঘ্র! হা রাজন্নিতি দুঃখিতঃ।
অহোবত বিনষ্টাঃ স্মো নিধনেন মহাত্মনঃ॥১৬॥
অহো সুবলবান্ কালো গতিশ্চ বিষমা তথা।
শক্রতুল্যবলাঃ সর্বে যত্রাহন্যন্ত পার্থিবাঃ॥১৭॥
দৃষ্ট্বৈব তু পুরো রাজন্! জনঃ সর্বঃ স সঞ্জয়ম্।
প্ররুরোদ ভয়োদ্বিগ্নো হা রাজন্নিতি সুস্বরম্॥১৮॥
আকুমারং নরব্যাঘ্র! তৎপুরং বৈ সমন্ততঃ।
আর্ত্তনাদং মহচ্চক্রে শ্রুত্বা বিনিহতং নৃপম্॥১৯॥
তথা স বিহ্বলঃ সূতঃ প্রবিশ্য নৃপতিক্ষয়ম্।
দদর্শ নৃপতিশ্রেষ্ঠং প্রজ্ঞাচক্ষুষমীশ্বরম্॥২০॥

ভারতকৌমুদী

রুরোদেতি। অহোবতেত্যেকমেবাব্যয়ং মহাখেদে। মহাত্মনো দুর্য্যোধনস্য॥১৬॥
অহো ইতি। গতিরবস্থা, বিষমা অতিকষ্টজনিকা প্রাপ্তেতি শেষঃ॥১৭॥
দৃষ্ট্বেতি। ভয়েন উদ্বিগ্নঃ অস্থিরঃ। সুস্বরম্ উচ্চকণ্ঠম্॥১৮॥
আকুমারমিতি। আকুমারং শিশুপ্রভৃতি। মহদিতি ক্রিয়াবিশেষণম্॥১৯॥
তথেতি। নৃপতের্ধৃতরাষ্ট্রস্য ক্ষয়ং ভবনম্। ঈশ্বরং কুরুরাজং ধৃতরাষ্ট্রম্॥২০॥

অতিদুঃখিতচিত্ত সঞ্জয় হস্তিনানগরে প্রবেশ করিয়া বাহুযুগল উত্তোলনপূর্ব্বক কাঁপিতে কাঁপিতে ধৃতরাষ্ট্রের ভবনে প্রবেশ করিলেন॥১৫॥

নরশ্রেষ্ঠ! দুঃখার্ত্ত সঞ্জয় 'হা রাজা!' বলিয়া রোদন করিলেন এবং বলিতে লাগিলেন—'হায়! মহাত্মা দুর্য্যোধনের নিধনে আমরা সকলেই বিনষ্ট হইয়াছি॥১৬॥

হায়! অত্যন্ত প্রবল কাল আসিয়াছে এবং বিষম অবস্থা উপস্থিত হইয়াছে। যে হেতু ইন্দ্রের তুল্য বলবান্ রাজারা সকলে নিহত হইয়াছেন'॥১৭॥

রাজা! (জনমেজয়!) হস্তিনানগরের সমস্ত লোক সঞ্জয়কে দেখিয়াই উদ্বেগে অস্থির হইয়া 'হা রাজা!' বলিয়া উচ্চস্বরে রোদন করিতে লাগিল॥১৮॥

নরশ্রেষ্ঠ! হস্তিনানগরের শিশুপ্রভৃতি সমস্ত লোকই রাজা দুর্য্যোধনকে নিহত শুনিয়া সকল দিকেই বিশাল আর্ত্তনাদ করিতে থাকিল॥১৯॥

ক্রমে সঞ্জয় সেইরূপ শোকবিহ্বল অবস্থাতেই ধৃতরাষ্ট্রের গৃহে প্রবেশ করিয়া রাজশ্রেষ্ঠ ও বুদ্ধিনেত্র রাজা ধৃতরাষ্ট্রকে দেখিতে পাইলেন॥২০॥

---

(১৭).. যত্রাবধ্যন্ত পাণ্ডবৈঃ—পি বা সো। ইতঃ পরং পুস্তকভেদ এব পাঠভেদঃ।

দৃষ্ট্বা চাসীনমনঘং সমন্তাৎ পরিবারিতম্।
স্নুষাভির্ভরতশ্রেষ্ঠ! গান্ধার্য্যা বিদুরেণ চ।
তথান্যৈশ্চ সুহৃদ্ভিশ্চ জ্ঞাতিভিশ্চ হিতৈষিভিঃ ॥২১॥
তমেব চার্থং ধ্যায়ন্তং কর্ণস্য নিধনং প্রতি।
রুদন্নেবাব্রবীদ্বাক্যং রাজানং জনমেজয়! ॥২২॥
নাতিহৃষ্টমনাঃ সূতো বাষ্পসন্দিগ্ধয়া গিরা।
সঞ্জয়োঽহং নরব্যাঘ্র! নমস্তে ভরতর্ষভ! ॥২৩॥ (বিশেষকম্)
মদ্রাধিপো হতঃ শল্যঃ শকুনিঃ সৌবলস্তথা।
উলূকঃ পুরুষব্যাঘ্র! কৈতব্যো দৃঢ়বিক্রমঃ ॥২৪॥
সংশপ্তকা হতাঃ সর্বে কাম্বোজাশ্চ শকৈঃ সহ।
ম্লেচ্ছাশ্চ পার্বতীয়াশ্চ যবনাশ্চ নিপাতিতাঃ ॥২৫॥
প্রাচ্যা হতা মহারাজ! দাক্ষিণাত্যাশ্চ সর্বশঃ।
উদীচ্যাশ্চ হতাঃ সর্বে প্রতীচ্যাশ্চ নরোত্তমাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। আসীনমুপবিষ্টম্। স্নুষাভিঃ পুত্রবধূভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। অর্থং বিষয়ম্, ধ্যায়ন্তং চিন্তয়ন্তম্। নাতিহৃষ্টমনাঃ, ধৃতরাষ্ট্রাদীনাং স্বাস্থ্যদর্শনেন তু কিঞ্চিদ্ধৃষ্টমনা আসীদেবেতি ভাবঃ, বাষ্পেণ বাষ্পাগমেন সন্দিগ্ধযা অস্পষ্টতয়া সন্দিগ্ধার্থয়া ॥২১—২৩॥

মদ্রেতি। সৌবলঃ সুবলপুত্রঃ শকুনিঃ। কৈতব্যঃ শঠঃ ॥২৪॥

সংশপ্তকা ইতি। সম্যক্ শপ্তং যুদ্ধেঽর্জ্জুনবধবিষয়ে শপথঃ কৃতো যৈস্তে ॥২৫॥

প্রাচ্যা ইতি। উদীচ্যা উত্তরদেশীয়াঃ। প্রতীচ্যাঃ পশ্চিমদেশীয়াঃ ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ জনমেজয়! তৎকালে নিষ্পাপ ধৃতরাষ্ট্র উপবিষ্ট থাকিয়া সেই কর্ণবধের বিষয়ই চিন্তা করিতেছিলেন; আর পুত্রবধূগণ, গান্ধারী, বিদুর, অন্যান্য সুহৃদ্‌গণ, জ্ঞাতিগণ ও হিতৈষিগণ তাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিলেন। এমন সময়ে সঞ্জয় অনতিহৃষ্ট চিত্তে উপস্থিত হইয়া বাষ্পগদ্‌গদ বাক্যে ধৃতরাষ্ট্রকে এই সকল কথা বলিলেন—'নরশ্রেষ্ঠ ভরতবংশপ্রধান! আমি সঞ্জয়; আপনাকে নমস্কার করি ॥২১—২৩॥

পুরুষশ্রেষ্ঠ! মদ্ররাজ শল্য, সুবলপুত্র শকুনি এবং শঠ ও দৃঢ়বিক্রমশালী উলূক নিহত হইয়াছেন ॥২৪॥

সমস্ত সংশপ্তক, কাম্বোজ, শক, ম্লেচ্ছ, পার্ব্বত্য ও যবন নিপাতিত হইয়াছে ॥২৫॥

---

(২৫) সংশপ্তকগণাঃ সর্ব্বে · পি। (২৬)···প্রতীচ্যাশ্চ নরাধিপ।—পি বা লো।

রাজানো রাজপুত্রাশ্চ সর্বে বিনিহতা নৃপ ! ।
কর্ণপুত্রো হতঃ শূরঃ সত্যসেনো মহাবলঃ ॥২৭॥
দুর্য্যোধনো হতো রাজা যথোক্তং পাণ্ডবেন হ ।
ভগ্নসক্থো মহারাজ ! শেতে পাংশুষু রুষিতঃ ॥২৮॥
ধৃষ্টদ্যুম্নো হতো রাজন্ ! শিখণ্ডী চাপরাজিতঃ ।
উত্তমৌজা যুধামন্যুস্তথা সর্বে প্রভদ্রকাঃ ॥২৯॥
পাঞ্চালাশ্চ নরব্যাঘ্র ! চেদয়শ্চ নিসূদিতাঃ ।
তব পুত্রা হতাঃ সর্বে দ্রৌপদেয়াশ্চ ভারত ! ॥৩০॥
নরা বিনিহতাঃ সর্বে গজাশ্চ বিনিপাতিতাঃ ।
রথিনশ্চ নরব্যাঘ্র ! হয়াশ্চ নিহতা যুধি ॥৩১॥

ভারতকৌমুদী

রাজান ইতি। সত্যসেনো নাম কর্ণপর্বোক্তেতরঃ ॥২৭॥

দুবিতি। পাণ্ডবেন ভীমেন। ভগ্নং সক্থি ঊরুর্যস্য সঃ। পাংশুষু ধূলিষু, রুষিতো রক্তরঞ্জিতঃ ॥২৮॥

ধৃষ্টেতি। প্রভদ্রকাঃ পাণ্ডবপক্ষীয়াঃ, হতা ইতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥২৯॥

পাঞ্চালা ইতি। নিসূদিতা নিহতাঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৩০॥

নরা ইতি। নরাদয় উভয়পক্ষগতা এব ॥৩১॥

মহারাজ! পূর্ব্ব, দক্ষিণ, উত্তর ও পশ্চিমদেশীয় নরশ্রেষ্ঠেরা সকলেও নিহত হইয়াছেন ॥২৬॥

নরনাথ! সমস্ত রাজা ও রাজপুত্র নিহত হইয়াছেন এবং কর্ণের পুত্র বীর ও মহাবল সত্যসেন নিপাতিত হইয়াছেন ॥২৭॥

মহারাজ! ভীমসেন যেমন বলিয়াছিলেন, তেমন ভাবেই তিনি রাজা দুর্য্যোধনকে বধ করিয়াছেন। দুর্য্যোধন এখন ভগ্নোরু ও রক্তরঞ্জিত অবস্থায় ধূলির উপরে শয়ন করিয়া রহিয়াছেন ॥২৮॥

রাজা! অপরাজিত ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, উত্তমৌজা ও যুধামন্যু নিহত হইয়াছেন এবং প্রভদ্রকেরা সকলেও নিহত হইয়াছে ॥২৯॥

নরশ্রেষ্ঠ ভরতনন্দন! পাঞ্চালেরা ও চেদিরা বিনষ্ট হইয়াছে এবং আপনার সমস্ত পুত্র ও দ্রৌপদীর পুত্রগণ নিহত হইয়াছেন ॥৩০॥

নরশ্রেষ্ঠ! সমস্ত মানুষ, সমস্ত হস্তী, সমস্ত রথী এবং সমস্ত অশ্ব নিপাতিত হইয়াছে ॥৩১॥

(২৯) এতেষু শ্লোকেষু বঙ্গ এব পাঠভেদো দ্রষ্টব্যঃ।

নিঃশেষং শিবিরং তাবত্তাবকানাং কৃতং বিভো ! ।
পাণ্ডবানাঞ্চ সর্বেষাং সমাসাদ্য পরস্পরম্ ॥৩২॥
প্রায়ঃ স্ত্রীশেষমভবজ্জগৎ কালেন মোহিতম্ ।
সপ্ত পাণ্ডবতঃ শিষ্টা ধার্ত্তরাষ্ট্রাস্ত্রয়ো রথাঃ ॥৩৩॥
তে চৈব ভ্রাতরঃ পঞ্চ বাসুদেবোঽথ সাত্যকিঃ ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রৌণিশ্চ জয়তাং বরঃ ॥৩৪॥
এতে শেষা মহারাজ ! রথিনো নৃপসত্তম ! ।
অক্ষৌহিণীনামষ্টানাং দশানাঞ্চ ন সংশয়ঃ ॥৩৫॥
এতে শেষা মহারাজ ! সর্বেঽন্যে নিধনং গতাঃ ।
কালেন নিহতং সর্বং জগদ্বৈ ভরতর্ষভ ! ।
দুর্য্যোধনং বৈ পুরতঃ কৃত্বা বৈরঞ্চ ভারত ! ॥৩৬॥

ভারতকৌমুদী

নিরিতি। তাবকানাং যোধানাম্। সমাসাদ্য প্রাপ্য ॥৩২॥
প্রায় ইতি। স্ত্রিয়ঃ শেষা যত্র তৎ। পাণ্ডবতঃ পাণ্ডবপক্ষে, শিষ্টা অবশিষ্টাঃ ॥৩৩॥
কে তে ইত্যাহ ত ইতি। তে পাণ্ডবাঃ। দ্রৌণিরশ্বত্থামা ॥৩৪॥
এত ইতি। দশানামষ্টানাঞ্চোভয়পক্ষগতানামক্ষৌহিণীনাং মধ্যে এতে দশ ॥৩৫॥
এত ইতি। কালেন নিহননং বিনা ঈদৃশী মহামারী ন স্যাদিতি ভাবঃ। ষট্‌পাদঃ ॥৩৬॥

রাজা! উভয় পক্ষের বীরেরা পরস্পরকে পাইয়া আপনার পক্ষের ও পাণ্ডব-পক্ষের সমস্ত শিবিরই নিঃশেষ করিয়াছেন ॥৩২॥

কাল জগৎটাকে মোহিত করিয়াছিল। সুতরাং এখন জগতে অধিকাংশ স্ত্রীলোকই অবশিষ্ট রহিয়াছে এবং পাণ্ডবপক্ষে সাত জন ও আপনার পক্ষে তিন জন মাত্র অবশিষ্ট আছেন ॥৩৩॥

পাণ্ডবেরা পঞ্চ ভ্রাতা, কৃষ্ণ ও সাত্যকি এবং কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা ইঁহারা অবশিষ্ট রহিয়াছেন ॥৩৪॥

রাজশ্রেষ্ঠ মহারাজ! উভয়পক্ষের আঠার অক্ষৌহিণী যোদ্ধার মধ্যে এই দশ জন মাত্র রথী অবশিষ্ট আছেন; ইহাতে কোন সন্দেহ নাই ॥৩৫॥

মহারাজ! ইঁহারা মাত্র অবশিষ্ট আছেন, অন্য সকলেই মৃত্যুমুখে পতিত হইয়াছে। ভরতশ্রেষ্ঠ রাজা! কাল দুর্য্যোধনকে ও শত্রুতাকে সম্মুখে রাখিয়া সমগ্র জগৎটাকে বিধ্বস্ত করিয়াছে' ॥৩৬॥

(৩৬) নিপপাত স রাজেন্দ্রঃ···নি।

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা বচঃ ক্রূরং ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
নিপপাত মহারাজ! গতসত্ত্বো মহীতলে ॥৩৭॥
তস্মিন্ নিপতিতে ভূমৌ বিদুরোঽপি মহাযশাঃ।
নিপপাত মহারাজ! শোকব্যসনকর্শিতঃ ॥৩৮॥
গান্ধারী চ মহাভাগা সর্ব্বাশ্চ কুরুযোষিতঃ।
পতিতাঃ সহসা ভূমৌ শ্রুত্বা ঘোরতরং বচঃ ॥৩৯॥
নিঃসজ্ঞং পতিতং ভূমৌ তদাসীদ্রাজমণ্ডলম্।
বিলাপমুক্তোপহতং চিত্রং ন্যস্তং পটে যথা ॥৪০॥
কৃচ্ছ্রেণ তু ততো রাজা ধৃতরাষ্ট্রো মহীপতিঃ।
শনৈরলভত প্রাণান্ পুত্রব্যসনকর্শিতঃ ॥৪১॥

ভারতকৌমুদী

এতদিতি। ক্রূরং নিষ্ঠুরম্। গতসত্ত্বো নষ্টচৈতন্যঃ ॥৩৭॥

তস্মিন্নিতি। শোক এব ব্যসনং বিপৎ তেন কর্শিত আকুলীকৃতঃ ॥৩৮॥

গান্ধারীতি। কুরুযোষিতো দুর্য্যোধনাদীনাং ভার্য্যাঃ ॥৩৯॥

নিরিতি। রাজমণ্ডলং বান্ধবাদিজনসমূহঃ। বিলাপেন মুক্তং হীনং শোকেনোপহতঞ্চ তৎ ॥৪০॥

কৃচ্ছ্রেণেতি। প্রাণান্ চৈতন্যম্, পুত্রাণাং ব্যসনেন মৃত্যুবিপদা কর্শিত আকুলীকৃতঃ ॥৪১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! রাজা ধৃতরাষ্ট্র এই নিষ্ঠুর বাক্য শুনিয়া অচৈতন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥৩৭॥

মহারাজ! তিনি নিপতিত হইলে, মহাযশা বিদুরও শোকে আকুল হইয়া ভূতলে নিপতিত হইলেন ॥৩৮॥

ক্রমে মহাভাগা গান্ধারী এবং সমস্ত কৌরবনারী সেই নিদারুণ বাক্য শুনিয়া তৎক্ষণাৎ ভূতলে পতিত হইলেন ॥৩৯॥

তৎকালে পটে চিত্রিত মূর্ত্তিসমূহের ন্যায় সমস্ত লোক বিলাপশূন্য, শোকাকুল ও অচেতন অবস্থায় ভূতলে পতিত থাকিল ॥৪০॥

তাহার পর পুত্রশোকাকুল রাজা ধৃতরাষ্ট্র অতিকষ্টে ধীরে ধীরে চৈতন্য লাভ করিলেন ॥৪১॥

---

(৩৮) তস্মিংস্ত নিপতিতে বীরে…নি,…রাজব্যসনকর্শিতঃ—পি।

লব্ধ্বা তু স নৃপঃ প্রাণান্ বেপমানঃ সুদুঃখিতঃ।
নিরীক্ষ্য চ দিশঃ সর্বাঃ ক্ষত্তারং বাক্যমব্রবীৎ ॥৪২॥
বিদ্ধি ক্ষত্তর্মহাপ্রাজ্ঞ! ত্বং গতির্ভরতর্ষভ!।
মমানাথস্য সুভৃশং পুত্রৈর্হীনস্য সর্বশঃ ॥৪৩॥
এবমুক্ত্বা ততো ভূয়ো বিসংজ্ঞো নিপপাত হ।
তং তথা পতিতং দৃষ্ট্বা বান্ধবা যেঽস্য কেচন ॥৪৪॥
শীতৈস্তে সিষিচুস্তোয়ৈর্বিব্যজুর্ব্যজনৈরপি।
স তু দীর্ঘেণ কালেন প্রত্যাশ্বস্তো নরাধিপঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
তূষ্ণীমাসীন্মহীপালঃ পুত্রব্যসনকর্শিতঃ।
নিশ্বসন্ জিহ্মগ ইব কুম্ভক্ষিপ্তোঽভবন্নৃপঃ ॥৪৬॥
সঞ্জয়োঽপ্যরুদত্তত্র দৃষ্ট্বা রাজানমাতুরম্।
তথা সর্বাঃ স্ত্রিয়শ্চৈব গান্ধারী চ যশস্বিনী ॥৪৭॥

ভারতকৌমুদী

লব্ধ্বেতি। বেপমানঃ কম্পমানঃ। ক্ষত্তারং বিদুরম্ ॥৪২॥
বিদ্ধীতি। বিদ্ধি জানীহি, হে ক্ষত্তঃ! বিদুর! গতিরাশ্রয়ঃ। সর্বশঃ সর্বৈঃ ॥৪৩॥
এবমিতি। বিসংজ্ঞঃ অচেতনঃ। বিব্যজুর্বায়ুম্পৃষ্টং চক্রুঃ ॥৪৪—৪৫॥
তূষ্ণীমিতি। পুত্রব্যসনকর্শিতঃ পুত্রশোকাকুলঃ। জিহ্মগঃ সর্পঃ ॥৪৬॥
সঞ্জয় ইতি। আতুরং পুত্রশোকেন পীড়িতম্ ॥৪৭॥

পরে অতিদুঃখিত ধৃতরাষ্ট্র চৈতন্য লাভ করিয়া কাঁপিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিপাতপূর্বক বিদুরকে এই কথা বলিলেন—॥৪২॥

'ভরতশ্রেষ্ঠ মহাপ্রাজ্ঞ বিদুর! আমার সমস্ত পুত্র গিয়াছে, আমি এখন একেবারে অনাথ হইয়া পড়িয়াছি। সুতরাং এখন তুমিই আমার অবলম্বন' ॥৪৩॥

এই কথা বলিয়া রাজা পুনরায় অচৈতন্য হইয়া পড়িলেন। তাঁহাকে সেইভাবে পতিত দেখিয়া—সেখানে উঁহার যে কেহ বান্ধব ছিল, তাহারা শীতল জলসেক ও ব্যজনসঞ্চালন করিতে লাগিল। তাহার পর রাজা দীর্ঘ কালে চৈতন্য লাভ করিলেন ॥৪৪—৪৫॥

রাজা তখন পুত্রশোকে আকুল হইয়া নীরব থাকিলেন এবং কলসমধ্যস্থাপিত সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৪৬॥

---

(৪৩) বিদ্বন্! ক্ষত্তঃ!…পি বা' লো। (৪৪) এবমুক্ত্বা পুনর্ভূয়ো…পি। (৪৬) তূষ্ণীং দধ্যৌ মহীপালঃ…পি লো।

ততো দীর্ঘেণ কালেন বিদুরং বাক্যমব্রবীৎ।
ধৃতরাষ্ট্রো নরশ্রেষ্ঠ! মুহ্যমানো মুহুর্মুহুঃ ॥৪৮॥
গচ্ছন্তু যোষিতঃ সর্ব্বা গান্ধারী চ যশস্বিনী।
তথেমে সুহৃদঃ সর্ব্বে মুহ্যতে মে মনো ভৃশম্ ॥৪৯॥
এবমুক্তস্ততঃ ক্ষত্তা তাঃ স্ত্রিয়ো ভরতর্ষভ!।
বিসর্জ্জয়ামাস শনৈর্মুহ্যমানঃ পুনঃ পুনঃ ॥৫০॥
নিশ্চক্রমুস্ততঃ সর্বাঃ স্ত্রিয়ো ভরতসত্তম!।
সুহৃদশ্চ তথা সর্বে দৃষ্ট্বা রাজানমাতুরম্ ॥৫১॥
ততো নরপতিস্তত্র লব্ধ্বা সংজ্ঞাং পরন্তপঃ।
গতির্মে কো ভবেদদ্য ইতি চিন্তাসমাকুলঃ।
অপৃচ্ছৎ সঞ্জয়ং তত্র রোদমানং ভৃশাতুরম্ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। মুহ্যমানঃ শোকেন মূর্চ্ছাং প্রাপ্নুবন্ ॥৪৮॥
গচ্ছন্ত্বিতি। গচ্ছন্তু স্বস্বস্থানমিতি শেষঃ ॥৪৯॥
এবমিতি। ক্ষত্তা বিদুরঃ। মুহ্যমানঃ শোকেন মোহং প্রাপ্নুবন্ ॥৫০॥
নিবিতি। নিশ্চক্রমুঃ তদ্‌গৃহান্নির্জগ্মুঃ। আতুরং শোকপীড়িতম্ ॥৫১॥
তত ইতি। ভৃশাতুরং শোকেনাত্যন্তপীড়িতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তখন রাজাকে শোকার্ত্ত দেখিয়া সঞ্জয়ও রোদন করিতে লাগিলেন এবং সমস্ত স্ত্রীলোক, আর যশস্বিনী গান্ধারীও রোদন করিতে থাকিলেন ॥৪৭॥

নরশ্রেষ্ঠ! তাহার পর ধৃতরাষ্ট্র বার বার মূর্চ্ছাপন্ন হইতে থাকিয়া দীর্ঘ কালের পর বিদুরকে এই কথা বলিলেন—॥৪৮॥

'বিদুর! সমস্ত স্ত্রীলোক, যশস্বিনী গান্ধারী এবং বন্ধুগণ সকলে স্বস্বস্থানে গমন করুন; আমার মন বড়ই বিকল হইয়াছে' ॥৪৯॥

ভরতশ্রেষ্ঠ! ধৃতরাষ্ট্র এইরূপ বলিলে, বিদুর বার বার শোকে অধীর হইতে থাকিয়া ধীরে ধীরে সেই স্ত্রীলোকদিগকে বিদায় দিলেন ॥৫০॥

ভরতবংশপ্রধান! তাহার পর সেই স্ত্রীলোকগণ ও সমস্ত বন্ধুগণ রাজাকে শোকার্ত্ত দেখিয়া সেই গৃহ হইতে নির্গত হইলেন ॥৫১॥

তদনন্তর শত্রুসন্তাপক রাজা ধৃতরাষ্ট্র চৈতন্য লাভ করিয়া 'এখন কে আমার

---

(৪৯)··· তথৈতে···ব্রজন্তে মে···পি। (৫০)···বেপমানঃ পুনঃ পুনঃ—পি,···বেপমানাঃ পুনঃ পুনঃ—বা সো। (৫২) ততো নরপতিং তং তু লব্ধসংজ্ঞং পরন্তপ।। অবৈক্ষৎ সঞ্জয়ো দীনো রোদমানং ভৃশাতুরম্।—পি বা সো।

প্রাঞ্জলিং সঞ্জয়ং দৃষ্ট্বা রোদমানং মুহুর্মুহুঃ।
জ্ঞাতীন্ স্ত্রিয়োঽথ নির্যাপ্য প্রবিশ্য বিদুরঃ পুনঃ ॥৫৩॥
রাজানং শোচমানস্তু তং শোচন্তং মুহুর্মুহুঃ।
সমাশ্বাসয়ত ক্ষত্তা বচসা মধুরেণ হ ॥৫৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে ধৃতরাষ্ট্রপ্রমোহে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

——:-০-:——

বৈশম্পায়ন উবাচ।

বিসৃষ্টাস্বথ নারীষু ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
বিললাপ মহারাজ! দুঃখাদ্দুঃখতরং গতঃ ॥১॥

ভারতকৌমুদী

প্রাঞ্জলিমিতি। নির্যাপ্য নির্গমং কারয়িত্বা। ক্ষত্তা বিদুরঃ ॥৫৩—৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অহ্‌ন্যর্দ্ধে ॥১২—১৩॥ ততো রাত্রিবৃত্তদর্শনানন্তরম্ ॥১৪—১৭॥ জনঃ রুরোদেতি দ্বয়োরন্বয়ঃ ॥১৮—১৯॥ অপশব্দঃ অড়াগমো বিসর্গো বা আর্ষঃ। বৈশম্পায়নবাক্যমিদম্ ॥২০—২২॥ বাক্যেন বচনেন সন্দিগ্ধয়া বাক্যসন্দিগ্ধয়া ॥২৩—৫৪॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

অবলম্বন হইবে' এই চিন্তায় আকুল হইয়া গুরুতর শোকার্ত্ত ও রোদনপ্রবৃত্ত সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥৫২॥

এদিকে বিদুর সঞ্জয়কে অনবরত রোদন করিতে ও কৃতাঞ্জলিপুটে অবস্থান করিতে দেখিয়া সেই জ্ঞাতিগণ ও স্ত্রীলোকগণকে বাহির করিয়া দিয়া পুনরায় প্রবেশ করিয়া মনে মনে শোক করিতে থাকিয়া মধুর বাক্যে অবিরত শোককারী রাজাকে আশ্বস্ত করিতে থাকিলেন ॥৫৩—৫৪॥

---

(৫৪) প্রাঞ্জলির্নিশ্বসন্তক তং নরেন্দ্রং মুহুর্মুহুঃ। সমাশ্বাসয়ত ক্ষত্তা বচসা মধুরেণ হ ॥—পি বা সো।

সধূমমিব নিশ্বস্য করৌ ধুন্বন্ পুনঃ পুনঃ।
বহু সঞ্চিন্তয়িত্বা তু সঞ্জয়ং বাক্যমব্রবীৎ ॥২॥
ধৃতরাষ্ট্র উবাচ।
অহোবত মহদ্দুঃখং যদহং পাণ্ডবান্ রণে।
ক্ষেমিণশ্চাব্যয়াংশ্চৈব ত্বত্তঃ সূত! শৃণোমি বৈ ॥৩॥
বজ্রসারময়ং নূনং সুদৃঢ়ং হৃদয়ং মম।
যচ্ছ্রুত্বা নিহতান্ পুত্রান্ দীর্য্যতে ন সহস্রধা ॥৪॥
চিন্তয়িত্বা বচস্তেষাং বালক্রীড়াঞ্চ সঞ্জয়!।
অদ্য চৈব হতান্ শ্রুত্বা দীর্য্যতে মে ভৃশং মনঃ ॥৫॥
অন্ধত্বাদ্যদি পুত্রাণাং ন মে রূপনিদর্শনম্।
পুত্রস্নেহকৃতা প্রীতির্নিত্যমেতেষু ধারিতা ॥৬॥

ভারতকৌমুদী

বিসৃষ্টাস্বিতি। দুঃখাৎ সাধারণাদপি, দুঃখতরমতিদুঃখম্, গতঃ প্রাপ্তঃ ॥১॥
সেতি। ধুন্বন্ সঞ্চালয়ন্। করুণানুভাববিশেষোঽয়ম্ ॥২॥
অহোবতেতি। ক্ষেমিণো রাজ্যলাভেন কুশলিনঃ অব্যয়ান্ অবিনাশান্ ॥৩॥
বজ্রেতি। বজ্রসারময়ং বজ্রস্য স্থিরাংশঘটিতমিব ॥৪॥
চিন্তয়িত্বেতি। তেষাং পুত্রাণাম্। দীর্য্যতে শোকাতিরেকাৎ ॥৫॥
অন্ধত্বাদিতি। রূপনিদর্শনং রূপাবলোকনং জাতমিতি শেষঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! স্ত্রীলোকেরা চলিয়া গেলে, অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র গুরুতর দুঃখিত চিত্তে বিলাপ করিতে লাগিলেন ॥১॥

তিনি বার বার ধূমযুক্ত নিশ্বাসই যেন ত্যাগ করিয়া হস্তসঞ্চালন করিতে থাকিয়া বহু বিষয় ভাবিয়া সঞ্জয়কে এই সকল কথা বলিলেন ॥২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! কি গুরুতর দুঃখ! যে হেতু আমি তোমার মুখ হইতে যুদ্ধে পাণ্ডবগণকে কুশলী ও অবিনষ্ট শুনিতেছি ॥৩॥

আমার হৃদয়টা নিশ্চয়ই বজ্রসারঘটিতের ন্যায় সুদৃঢ়। যে হেতু পুত্রগণকে নিহত শুনিয়াও সহস্রধা বিদীর্ণ হইতেছে না ॥৪॥

সঞ্জয়! পুত্রগণের বাক্য ও বালক্রীড়া স্মরণ করিয়া আজ আবার তাহাদিগকে নিহত শুনিয়া আমার হৃদয় একেবারে ফাটিয়া যাইতেছে ॥৫॥

---

(২) স মুহূর্ত্ত ইব…পি, বিচিন্ত্য চ মহারাজ! ততো বচনমব্রবীৎ—পি বা সো।

বালভাবমতিক্রম্য যৌবনস্থাংশ্চ তানহম্।
শ্রিয়ং প্রাপ্তাংশ্চ তান্ শ্রুত্বা হৃষ্ট আসং তদানঘ। ॥৭॥
তানদ্য নিহতান্ শ্রুত্বা হৃতৈশ্বর্য্যান্ হৃতৌজসঃ।
ন লভেয়ং ক্বচিচ্ছান্তিং পুত্রাধিভিরভিপ্লুতঃ ॥৮॥
এহ্যেহি বৎস! রাজেন্দ্র! মমানাথস্য পুত্রক!।
ত্বয়া হীনো মহাবাহো! কাং নু যাস্যাম্যহং গতিম্ ॥৯॥
কথং ত্বং পৃথিবীপালাংস্ত্যক্ত্বা তাত! সমাগতান্।
শেষে বিনিহতো ভূমৌ প্রাকৃতঃ কুনৃপো যথা ॥১০॥

ভারতকৌমুদী

বালেতি। বালভাবং শৈশবম্। শ্রিয়ং রাজ্যাদিসম্পদম্। শ্রুত্বেত্যন্ধত্বাৎ ॥৭॥
তানিতি। পুত্রাধিভিঃ পুত্রনাশজনিতমনোব্যথাভিঃ, অভিপ্লুত আক্রান্তঃ ॥৮॥
এহীতি। হে রাজেন্দ্র। দুর্য্যোধন।। কাং গতিমবস্থাম্ ॥৯॥
কথমিতি। শেষে স্বপিষি। প্রাকৃতো নীচঃ, কুনৃপঃ প্রজাভির্বিনিহতঃ ॥১০॥

ভাবতভাবদীপঃ

বিসৃষ্টাম্বিতি ॥১॥ সধূমমিব অত্যুষ্ণমিত্যর্থঃ ॥২॥ পাণ্ডবাঃ ক্ষেমিণ ইত্যেকং দুঃখম্, স্বীয়াশ্চ সর্ব্বে নিহতা ইত্যপরম্, তে দ্বে আহ—দ্বাভ্যাং অহো ইতি ॥৩—৪॥ বয়ঃ এতাবৎ কালপর্য্যন্তং প্রৌঢ়ত্বম্ ॥৫—৯॥ প্রাকৃতো নীচঃ, কুনৃপঃ কুৎসিতান্ নরান্ পাতীতি নীচ-

অন্ধ বলিয়া যদিও আমার পুত্রগণের রূপদর্শন ঘটে নাই, তথাপি তাহাদের উপরে আমার পুত্রস্নেহ ও প্রীতি সর্বদাই ছিল ॥৬॥

নিষ্পাপ সঞ্জয়! পুত্রেরা শৈশব অতিক্রম করিয়া যখন যৌবনে উপনীত হইয়াছিল এবং রাজ্যপ্রভৃতি সম্পদ্ লাভ করিয়াছিল, তখন আমি তাহা শুনিয়া আনন্দিত হইয়াছিলাম ॥৭॥

আজ তাহাদিগকে হততেজা, হতসম্পদ্ ও নিহত শুনিয়া শোকে আক্রান্ত থাকিয়া কখনও শান্তি পাইব না ॥৮॥

বৎস! রাজশ্রেষ্ঠ! অনাথ ধৃতরাষ্ট্রের পুত্র! দুর্য্যোধন! আয় আয়। মহাবাহু! তুই না থাকায় আমার কি দশা হইবে ॥৯॥

বৎস! তুই সমাগত রাজগণকে পরিত্যাগ করিয়া নিহত হইয়া নীচ কুরাজার ন্যায় কেন ভূতলে শয়ন করিয়াছিস্ ॥১০॥

(৭)…মধ্যপ্রাপ্তাংস্ততঃ শ্রুত্বা…পি,…মধ্যপ্রাপ্তাংস্তথা শ্রুত্বা…বা সো। (৮) ··হৃতৈশ্বর্য্যান্ হৃতৌজসঃ…ন লভে ··পুত্রশোকৈঃ…পি। (৯) এহ্যেহি পুত্র! রাজেন্দ্র! মমানাথস্য সাম্প্রতম্ পি বা সো।

গতির্ভূত্বা মহারাজ! জ্ঞাতীনাং সুহৃদাং তথা।
অন্ধং বৃদ্ধঞ্চ মাং বীর! বিহায় ক নু যাস্যসি ॥১১॥
সা কৃপা সা চ তে প্রীতিঃ সা চ রাজসু মানিতা।
কথং ত্বং নিহতঃ পার্থৈঃ সংযুগেষ্বপরাজিতঃ ॥১২॥
কো নু মামুত্থিতঃ কালে তাত! তাতেতি বক্ষ্যতি।
মহারাজেতি সততং লোকনাথেতি চাসকৃৎ ॥১৩॥
পরিষ্বজ্য চ কং কণ্ঠে স্নেহেন ক্লিন্নলোচনঃ।
অনুশাস্যাস্মি কৌরব্য! তৎ সাধু বদ মে বচঃ ॥১৪॥
ননু নামাহমশ্রৌষং বচনং তব পুত্রক!।
ভূয়সী মম পৃথ্বীয়ং যথা পার্থস্য নো তথা ॥১৫॥

ভারতকৌমুদী

গতিরিতি। গতিরবলম্বনম। বৃদ্ধঞ্চেতি চকারাৎ জ্ঞাতীন্ সুহৃদশ্চ ॥১১॥
সেতি। রাজসু মধ্যে, মানিতা অভিমানঃ। সংযুগেষু যুদ্ধেষু ॥১২॥
ক ইতি। উত্থিতঃ শয্যাত ইতি শেষঃ, কালে প্রভাতসময়ে ॥১৩॥
পরীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। স্নেহেন স্নেহাশ্রুণা। অনুশাস্যাস্মি উপদেক্ষ্যামি ॥১৪॥
নন্বিতি। ভূয়সী বিপুলা। পার্থস্য যুধিষ্ঠিরস্য, নো ন ॥১৫॥

মহারাজ বীর দুর্য্যোধন! তুই জ্ঞাতি ও বন্ধুবর্গের অবলম্বন হইয়া এখন তাহাদিগকে এবং অন্ধ ও বৃদ্ধ আমাকে পরিত্যাগ করিয়া কোথায় যাইবি ॥১১॥

দুর্য্যোধন। তোর সেইরূপ দয়া, সেইরূপ প্রীতি এবং রাজগণমধ্যে সেইরূপ অভিমান ছিল। তা'র পর বৎস! তুই যুদ্ধে কখনও পরাজিত হইস্ নাই; কিন্তু এখন পাণ্ডবদের হস্তে কেন নিহত হইলি ॥১২॥

হায়! বৎস! প্রত্যহ প্রভাতকালে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া আর কে আমাকে বার বার 'তাত! মহারাজ! লোকনাথ!' এই কথা বলিবে ॥১৩॥

কৌরবনন্দন! আমি স্নেহাশ্রুজলে আর্দ্রনয়ন হইয়া কণ্ঠে আলিঙ্গন করিয়া আর কাহাকে কর্ত্তব্যের উপদেশ দিব, সেই কথা আমার নিকট ভাল করিয়া বল ॥১৪॥

পুত্র! আমি তোমার নিকট শুনিতাম যে, 'আমার রাজ্য যেমন বিশাল, যুধিষ্ঠিরের রাজ্য তেমন বিশাল নহে ॥১৫॥

(১১)···বিহায় কাত্তিগচ্ছসি—পি সো। (১২)·নিহতঃ পাপৈঃ·পি। (১৩)· রাজন্! সুমানিতা··পি বা সো। (১৪)·মাং কণ্ঠে···অনুশাধীতি পি বা সো।

ভগদত্তঃ কৃপঃ শল্য আবস্ত্যোঽথ জয়দ্রথঃ।
ভূরিশ্রবাঃ সোমদত্তো মহারাজশ্চ বাহ্লিকঃ ॥১৬॥
অশ্বত্থামা চ ভোজশ্চ মাগধশ্চ মহাবলঃ।
বৃহদ্বলশ্চ ক্রাথশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ ॥১৭॥
ম্লেচ্ছাশ্চ শতসাহস্রাঃ শকাশ্চ যবনৈঃ সহ।
সুদক্ষিণশ্চ কাম্বোজস্ত্রিগর্ত্তাধিপতিস্তথা ॥১৮॥
ভীষ্মঃ পিতামহশ্চৈব ভারদ্বাজোঽথ গৌতমঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ শতায়ুশ্চাপি বীর্য্যবান্ ॥১৯॥
জলসন্ধোঽথার্ষ্যশৃঙ্গী রাক্ষসশ্চাপ্যলায়ুধঃ।
অলম্বুষো বীরবাহুঃ সুবাহুশ্চ মহারথঃ ॥২০॥
এতে চান্যে চ বহবো রাজানো রাজসত্তম!।
মদর্থং প্রহরিষ্যন্তি প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ॥২১॥ (কুলকম্)
তেষাং মধ্যে স্থিতো যুদ্ধে ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।
যোধয়িষ্যাম্যহং পার্থান্ পাঞ্চালাংশ্চৈব সর্ব্বশঃ ॥২২॥
চেদীংশ্চ নৃপশার্দ্দূল! দ্রৌপদেয়াংশ্চ সংযুগে।
সাত্যকিং কুন্তিভোজঞ্চ রাক্ষসঞ্চ ঘটোৎকচম্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভগেতি। আবন্ত্যঃ অবন্তিরাজো বিন্দোঽনুবিন্দশ্চ। ভোজস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা, মাগধো মগধরাজো জয়ৎসেনঃ। ত্রিগর্ত্তাধিপতিঃ সুশর্ম্মা। ভারদ্বাজো দ্রোণঃ, গৌতমঃ কৃপ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। আর্ষ্যশৃঙ্গিঃ ঋষ্যশৃঙ্গপুত্রঃ। প্রাণান্ প্রাণমমতাম্ ॥১৬—২১॥

তেষামিতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥২২—২৩॥

রাজশ্রেষ্ঠ! ভগদত্ত, গৌতম কৃপাচার্য্য, শল্য, অবন্তিরাজ বিন্দ ও অনুবিন্দ, জয়দ্রথ, ভূরিশ্রবা, সোমদত্ত, মহারাজ বাহ্লিক, অশ্বত্থামা, কৃতবর্ম্মা, মগধরাজ মহাবল জয়ৎসেন, বৃহদ্বল, ক্রাথ, সুবলপুত্র শকুনি, শতসহস্র ম্লেচ্ছ, শক ও যবন, কাম্বোজরাজ সুদক্ষিণ, ত্রিগর্ত্তদেশাধিপতি সুশর্ম্মা, পিতামহ ভীষ্ম, দ্রোণ, শ্রুতায়ু, অচ্যুতায়ু, বলবান্ শতায়ু, জলসন্ধ, ঋষ্যশৃঙ্গপুত্র রাক্ষস অলায়ুধ, অলম্বুষ, বীরবাহু ও মহারথ সুবাহু ইহারা এবং অন্যও বহুতর রাজা ধন ও প্রাণের মমতা ত্যাগ করিয়া আমার জন্য যুদ্ধ করিবেন ॥১৬—২১॥

---

(১৭)···বৃহদ্বলঃ কাশীশশ্চ ···পি,···বৃহদ্বলশ্চ কাশীশঃ··· বা সো। (১৮)···বাহুসাহস্রাঃ··· পি বা সো। (২০) ··অলম্বুষো মহাবাহু···সো,···সুবাহুশ্চ মহাবলঃ—পি।

একোঽপ্যেষাং মহারাজ! সমর্থঃ সন্নিবারণে।
সমরে পাণ্ডবেয়ানাং সংক্রুদ্ধো হ্যভিধাবতাম্।
কিং পুনঃ সহিতা বীরাঃ কৃতবৈরাশ্চ পাণ্ডবৈঃ ॥২৪॥
অথবা সর্ব এবৈতে পাণ্ডবস্যানুযায়িভিঃ।
যোৎস্যন্তে সহ রাজেন্দ্র! হনিষ্যন্তি চ তান্ মৃধে ॥২৫॥
কর্ণ একো ময়া সার্দ্ধং নিহনিষ্যতি পাণ্ডবান্।
তে বৈ নৃপতয়ো বীরাঃ স্থাস্যন্তি মম শাসনে ॥২৬॥
যশ্চ তেষাং প্রণেতা বৈ বাসুদেবো মহাবলঃ।
ন স সংনহ্যতে রাজন্নিতি মামব্রবীদ্বচঃ ॥২৭॥

ভারতকৌমুদী

এক ইতি। এষাং প্রাগুক্তানাং ভগদত্তাদীনাং মধ্যে। সহিতা মিলিতাঃ। ষট্‌পাদঃ ॥২৪॥
অথবেতি। পাণ্ডবস্য পাণ্ডবগণস্য। মৃধে যুদ্ধে ॥২৫॥
নমু তে যদি যুদ্ধমেব ন করিষ্যন্তীত্যাহ কর্ণ ইতি। শাসনে আদেশে ॥২৬॥
য ইতি। প্রণেতা পরিচালকঃ। সংনহ্যতে যুদ্ধসজ্জাং করিষ্যতি। অব্রবীৎ—যুদ্ধোদ্‌যোগকালে দ্বারকায়ামর্জ্জুনস্য মম চান্তিকে বাসুদেব এব। ইত্যন্তো দুর্য্যোধনবাক্যানুবাদঃ ॥২৭॥

রাজশ্রেষ্ঠ! আমি রণস্থলে তাঁহাদের মধ্যে থাকিয়া ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া সমস্ত পাণ্ডব, পাঞ্চাল, চেদি, দ্রৌপদীর পুত্র, সাত্যকি, কুন্তিভোজ ও রাক্ষস ঘটোৎকচের সহিত যুদ্ধ করিব ॥২২—২৩॥

মহারাজ! ইঁহাদের মধ্যে এক জনও ক্রুদ্ধ হইয়া যুদ্ধে অভিমুখে ধাবিত পাণ্ডবগণকে নিবারণ করিতে সমর্থ হন; তাহাতে পাণ্ডবগণের সহিত কৃতবৈর এই বীরেরা সকলে মিলিত হইয়া যে সমর্থ হইবেন, সে বিষয়ে আর বক্তব্য আছে কি ॥২৪॥

অথবা রাজশ্রেষ্ঠ! ইঁহারা সকলেই পাণ্ডবগণের অনুগামী যোদ্ধাদের সহিত যুদ্ধ করিবেন এবং যুদ্ধে তাহাদিগকে বধও করিবেন ॥২৫॥

তা'র পর এক কর্ণই আমার সহিত মিলিত হইয়া পাণ্ডবগণকে বধ করিবেন এবং সেই বীর রাজারাও নিশ্চয়ই আমার আদেশের অধীন থাকিবেন ॥২৬॥

রাজা! তা'র পর মহাবল যে কৃষ্ণ পাণ্ডবগণের পরিচালক, তিনি ত যুদ্ধসজ্জাই করিবেন না; একথা তিনিই আমাকে বলিয়াছেন' ॥২৭॥

(২৪)…সমর্থোঽপি নিবারণে…বা। (২৬) কর্ণস্ত্বেকঃ…পি বা সো,…ততো নৃপতয়ঃ ·পি সো। (২৭)…ন শস্ত্রমুক্তে রাজন্!…পি।

এবঞ্চ বদতঃ সূত ! বহুশো মম সন্নিধৌ ।
যুক্তিতো হ্যনুপশ্যামি নিহতান্ পাণ্ডবান্ রণে ॥২৮॥
তেষাং মধ্যে স্থিতা যত্র হন্যন্তে মম পুত্রকাঃ ।
ব্যায়চ্ছমানাঃ সমরে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥২৯॥
ভীষ্মশ্চ নিহতো যত্র লোকনাথঃ প্রতাপবান্ ।
শিখণ্ডিনং সমাসাদ্য মৃগেন্দ্র ইব জম্বুকম্ ॥৩০॥
দ্রোণশ্চ ব্রাহ্মণো যত্র সর্বশস্ত্রাস্ত্রপারগঃ ।
নিহতঃ পাণ্ডবৈঃ সংখ্যে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩১॥
কর্ণশ্চ নিহতঃ সংখ্যে দিব্যাস্ত্রজ্ঞো মহাবলঃ ।
ভূরিশ্রবা হতো যত্র সোমদত্তশ্চ সংযুগে ।
বাহ্লিকশ্চ মহারাজঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩২॥

ভারতকৌমুদী

ধৃতরাষ্ট্রঃ স্বয়মাহ এবমিতি। বদতো দুর্য্যোধনস্য যুক্তিত ইতি সম্বন্ধঃ ॥২৮॥
তেষামিতি। যত্র যেন হেতুনা। এবমন্যত্র। ব্যায়চ্ছমানা যুদ্ধব্যায়ামং কুর্ব্বাণাঃ ॥২৯॥
ভীষ্ম ইতি। লোকনাথো জননেতা। মৃগেন্দ্রঃ সিংহঃ, জম্বুকং শৃগালম্ ॥৩০॥
দ্রোণ ইতি। সন্নিধৌ হিংসাসাধকং শস্ত্রম্, দূরে ক্ষেপেণ হিংসাসাধকমস্ত্রম্ ॥৩১॥
কর্ণ ইতি। দিব্যাস্ত্রজ্ঞঃ অলৌকিকাস্ত্রবিৎ। ভাগধেয়তো দৈবাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩২॥

সঞ্জয় ! দুর্য্যোধন আমার নিকটে এইরূপ বহুতর কথা বলিত। তখন আমিও তাহার যুক্তিপ্রদর্শনে সম্ভাবনা করিতাম যে, পাণ্ডবেরা নিহত হইয়াছে ॥২৮॥

আমার পুত্রেরা তাঁহাদের মধ্যে থাকিয়া যুদ্ধ করিতে করিতে যখন নিহত হইয়াছে, তখন ভাগ্য ভিন্ন অন্য কোন্ কারণ বলা যাইতে পারে ॥২৯॥

সিংহ যেমন শৃগালের নিকটে যাইয়া নিহত হয়, সেইরূপ জননেতা ও প্রতাপশালী ভীষ্ম যখন শিখণ্ডীর নিকটে যাইয়া নিহত হইয়াছেন, তখন দৈব ছাড়া অপর কি কারণ হইতে পারে ॥৩০॥

সর্ব্বশস্ত্রাস্ত্রপারগামী ব্রাহ্মণ দ্রোণকে যখন পাণ্ডবেরা যুদ্ধে নিহত করিয়াছে, তখন অদৃষ্ট ভিন্ন আর কি কারণ বলিতে পারি ॥৩১॥

দিব্যাস্ত্রজ্ঞ ও মহাবল কর্ণ, ভূরিশ্রবা ও মহারাজ বাহ্লিক যখন যুদ্ধে নিহত হইয়াছেন, তখন ভাগ্য ব্যতীত অন্য কি কারণ বলা যায় ॥৩২॥

---

(২৮) তত্রাহং বদতঃ...পি...শক্তিতো হ্যনুপশ্যামি...পি সো। (৩১)...সর্ব্বশস্ত্র-বিশারদঃ...পি।

ভগদত্তো হতো যত্র গজযুদ্ধবিশারদঃ।
জয়দ্রথশ্চ নিহতঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৩॥
সুদক্ষিণো হতো যত্র জলসন্ধশ্চ পৌরবঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ কিমন্যদ্ভাগধেযতঃ ॥৩৪॥
মহাবলস্তথা পাণ্ড্যঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ।
নিহতঃ পাণ্ডবৈঃ সংখ্যে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৫॥
বৃহদ্বলো হতো যত্র মাগধশ্চ মহাবলঃ।
উগ্রায়ুধশ্চ বিক্রান্তঃ প্রতিমানং ধনুষ্মতাম্ ॥৩৬॥
আবন্ত্যো নিহতো যত্র ত্রৈগর্ত্তশ্চ জনাধিপঃ।
সংশপ্তকাশ্চ নিহতাঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৭॥
অলম্বুষস্তথা রাজা রাক্ষসশ্চাপ্যলায়ুধঃ।
আর্ষ্যশৃঙ্গিশ্চ নিহতঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

ভগেতি। অন্যং হননে কারণমিতি শেষঃ। এবমন্যত্র ॥৩৩॥
সুদক্ষিণ ইতি। পৌরবঃ পুরুবংশীয়ঃ, জলসন্ধো নাম ॥৩৪॥
মহেতি। পাণ্ড্যো নাম রাজা। সংখ্যে যুদ্ধে ॥৩৫॥
বৃহদিতি। মাগধো জয়ৎসেনঃ। প্রতিমানম্ উপমাস্থানম্ ॥৩৬॥
আবন্ত্য ইতি। আবন্ত্যঃ অবন্তিরাজো বিন্দোঽনুবিন্দশ্চ, ত্রৈগর্ত্তঃ সুশর্ম্মা ॥৩৭॥
অলেতি। রাজা রাক্ষসাধিপতিঃ। আর্ষ্যশৃঙ্গিঃ ঋষ্যশৃঙ্গপুত্রঃ ॥৩৮॥

হস্তিযুদ্ধবিশারদ ভগদত্ত ও জয়দ্রথ যখন নিহত হইয়াছেন, তখন তাহাতে দৈব ভিন্ন অন্য কোন্ কারণ থাকিতে পারে ॥৩৩॥

কাম্বোজরাজ সুদক্ষিণ, পুরুবংশীয় জলসন্ধ, শ্রুতায়ু ও অচ্যুতায়ু যখন নিহত হইয়াছেন, তখন ভাগ্য ছাড়া আর কি বলা যায় ॥৩৪॥

পাণ্ডবেরা যুদ্ধে মহাবল ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ পাণ্ড্যরাজাকে যে বধ করিয়াছে, সে বিষয়ে দৈব ভিন্ন অন্য কোন্ কারণ হইতে পারে ॥৩৫॥

বৃহদ্বল, মহাবল জয়ৎসেন এবং বিক্রমশালী ও ধনুর্দ্ধরগণের উপমাস্থল উগ্রায়ুধ যে নিহত হইয়াছেন, তাহাতেও দৈবই কারণ ॥৩৬॥

অবন্তিরাজ বিন্দ ও অনুবিন্দ, ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা এবং সংশপ্তকসৈন্যেরা যখন নিহত হইয়াছেন, তখন অদৃষ্ট ভিন্ন অন্য কোন্ কারণ বলা যাইতে পারে ॥৩৭॥

---

(৩৭) আবন্ত্যৌ নিহতৌ যত্র·· সংশপ্তকাশ্চ বহবঃ···পি বা লো। (৩৮)···রাজন্ !·· নি

নারায়ণা হতা যত্র গোপালা যুদ্ধদুর্ম্মদাঃ।
ম্লেচ্ছাশ্চ বহুসাহস্রাঃ কিমন্যদ্‌ভাগধেয়তঃ ॥৩৯॥
শকুনিঃ সৌবলো যত্র কৈতব্যশ্চ মহাবলঃ।
নিহতঃ সবলো বীরঃ কিমন্যদ্‌ভাগধেয়তঃ ॥৪০॥
এতে চান্যে চ বহবঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ।
রাজানো রাজপুত্রাশ্চ শূরাঃ পরিঘবাহবঃ।
নিহতা বহবো যত্র কিমন্যদ্‌ভাগধেয়তঃ ॥৪১॥
যত্র শূরা মহেষ্বাসাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ।
বহবো নিহতাঃ সূত! মহেন্দ্রসমবিক্রমাঃ ॥৪২॥
নানাদেশসমাবৃত্তাঃ ক্ষত্রিয়া যত্র সঞ্জয়!।
নিহতাঃ সমরে সর্ব্বে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

নারেতি। নারায়ণা নারায়ণনাম্না প্রসিদ্ধাঃ, গোপালা গোপজাতীযাঃ ॥৩৯॥
শকুনিরিতি। সৌবলঃ সুবলপুত্রঃ, কৈতব্যঃ শঠঃ। সবলঃ সসৈন্যঃ ॥৪০॥
এত ইতি। কৃতাস্ত্রাঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রাঃ। পরিঘা ইব বাহবো যেষাং তে। ষট্‌পাদো হ্যয়ং শ্লোকঃ ॥৪১॥
যত্রেতি। কিমন্যদ্ভাগধেয়ত ইতি প্রত্যেতব্যম্, সন্দংশপাতন্যায়াৎ ॥৪২॥

রাক্ষসরাজ অলম্বুষ ও ঋষ্যশৃঙ্গপুত্র রাক্ষস অলায়ুধ যে নিহত হইয়াছে, তাহাতে দৈব ছাড়া আর কোন্ কারণ বলা যায় ॥৩৮॥

যুদ্ধদুর্দ্ধর্ষ গোপজাতীয় নারায়ণসৈন্যেরা এবং বহুসহস্র ম্লেচ্ছ যে নিহত হইয়াছে, তাহাতে নিয়তি ভিন্ন অন্য কোন্ কারণ হইতে পারে ॥৩৯॥

শঠ ও মহাবল সুবলনন্দন বীর শকুনি যে সৈন্যগণের সহিত নিহত হইয়াছেন, সে বিষয়ে দৈব ভিন্ন অপর কোন্ কারণ বলা যায় ॥৪০॥

ইঁহারা এবং অন্যও সর্ব্বাস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধদুর্দ্ধর্ষ, পরিঘতুল্য বাহুশালী ও বীর বহুতর রাজা ও বহুতর রাজপুত্র যে নিহত হইয়াছেন, তাহাতে দৈব ভিন্ন অন্য কোন্ কারণ থাকিতে পারে ॥৪১॥

সঞ্জয়! মহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধদুর্দ্ধর্ষ ও ইন্দ্রের তুল্য বিক্রমশালী বহুতর বীর যখন নিহত হইয়াছেন, তখন ভাগ্য ছাড়া আর কি বলা যায় ॥৪২॥

---

(৪২) যত্র শূরা মহাত্মানঃ সর্ব্বশস্ত্রবিশারদাঃ…পি,… সর্ব্বশস্ত্রাস্ত্রপারগাঃ…বা সো।

পুত্রাশ্চ মে বিনিহতাঃ পৌত্রাশ্চৈব মহাবলাঃ।
বয়স্যা ভ্রাতরশ্চৈব কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৪৪॥
ভাগধেয়সমাযুক্তো ধ্রুবমুৎপদ্যতে নরঃ।
যস্তু ভাগ্যসমাযুক্তঃ স শুভং প্রাপ্নুয়ান্নরঃ ॥৪৫॥
অহং বিযুক্তস্তৈর্ভাগ্যৈঃ পুত্রৈশ্চৈবেহ সঞ্জয়!।
কথমদ্য ভবিষ্যামি বৃদ্ধঃ শত্রুবশং গতঃ ॥৪৬॥
নান্যদত্র পরং মন্যে বনবাসাদৃতে প্রভো!।
সোঽহং বনং গমিষ্যামি নির্বন্ধুর্জ্ঞাতিসংক্ষয়ে ॥৪৭॥
নহি মেঽন্যস্তবেচ্ছ্রেয়ো বনাভ্যুপগমাদৃতে।
ইমামবস্থাং প্রাপ্তস্য লূনপক্ষস্য সঞ্জয়! ॥৪৮॥

ভারতকৌমুদী

নানেতি। নানাদেশেভ্যঃ সমাবৃত্তা আগতাঃ ॥৪৩॥
পুত্রা ইতি। বয়স্যা ভগদত্তাদয়ঃ, ভ্রাতরঃ সোমদত্তপ্রভৃতয়ঃ ॥৪৪॥
ভাগেতি। ভাগধেয়েন শুভাশুভাদৃষ্টেন সমাযুক্তঃ। ভাগ্যেন শুভাদৃষ্টেন সমাযুক্তঃ ॥৪৫॥
অহমিতি। ভাগ্যৈঃ শুভাদৃষ্টৈঃ। কথমপি ন ভবিষ্যামীত্যর্থঃ ॥৪৬॥
নেতি। পরমুত্তমম্। ঋতে বিনা, হে প্রভো! ব্যাসদত্তবরপ্রভাবযুক্ত! ॥৪৭॥
নহীতি। বনাভ্যুপগমাদ্বনবাসাঙ্গীকারাৎ। লূনপক্ষস্য ছিন্নপক্ষস্য পক্ষিণ ইব ॥৪৮॥

সঞ্জয়! নানাদেশ হইতে সমাগত ক্ষত্রিয়েরা সকলেই যখন যুদ্ধে নিহত হইয়াছেন, তখন দৈব ভিন্ন অন্য কি কারণ হইতে পারে ॥৪৩॥

আমার মহাবল পুত্রগণ, পৌত্রগণ, বয়স্যগণ ও ভ্রাতৃগণ সকলেই যে নিহত হইয়াছেন, তাহাতে নিয়তিভিন্ন আর কি কারণ বলিতে পারি ॥৪৪॥

মানুষ নিশ্চয়ই শুভাশুভভাগ্যযুক্ত হইয়া জন্ম গ্রহণ করে; তাহার মধ্যে যে শুভভাগ্যযুক্ত হয়, সেই লোকই শুভ লাভ করে ॥৪৫॥

সঞ্জয়! আমি সৌভাগ্যবিহীন হইয়া জন্মিয়াছিলাম; সুতরাং এখন পুত্রবিহীন হইলাম। অতএব এই বৃদ্ধাবস্থায় কি করিয়া এখন শত্রুর অধীন হইব ॥৪৬॥

অতএব সঞ্জয়! সম্প্রতি এক বনবাস ব্যতীত অন্য কোন বিষয়ই আমি শ্রেষ্ঠ বলিয়া মনে করি না। সুতরাং আমি এই জ্ঞাতি ও বন্ধুবিহীন অবস্থায় বনেই যাইব ॥৪৭॥

সঞ্জয়! ছিন্নপক্ষ পক্ষীর ন্যায় আমার এই অবস্থা উপস্থিত হইয়াছে। সুতরাং এক বনবাস অঙ্গীকার ব্যতীত অন্য কোন বিষয়ই আমার শ্রেয় হইতে পারে না ॥৪৮॥

---

(৪৮) · বনায় গমনাদৃতে···পি বা সো।

দুর্য্যোধনো হতো যত্র শল্যশ্চ নিহতো যুধি।
দুঃশাসনো বিবিংশশ্চ বিকর্ণশ্চ মহাবলঃ ॥৪৯॥
কথং হি ভীমসেনস্য শ্রোষ্যে শব্দমনুত্তরম্।
একেন সমরে যেন হতং পুত্রশতং মম ॥৫০॥
অসকৃদ্বদতস্তস্য দুর্য্যোধনবধেন চ।
দুঃখশোকাভিসন্তপ্তো ন শ্রোষ্যে পরুষা গিরঃ ॥৫১॥

বৈশম্পায়ন উবাচ।

এবং স শোকসন্তপ্তঃ পার্থিবো হতবান্ধবঃ।
মুহুর্মুহুর্মুহ্যমানঃ পুত্রাধিভিরভিপ্লুতঃ ॥৫২॥
বিলপ্য সুচিরং কালং ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
দীর্ঘমুষ্ণং সনিশ্বস্য চিন্তয়িত্বা পরাভবম্ ॥৫৩॥
দুঃখেন মহতা রাজন্! সন্তপ্তো ভরতর্ষভঃ।
পুনর্গাবল্গণিং সূতং পর্য্যপৃচ্ছদ্‌যথাতথম্ ॥৫৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উক্তার্থে বিশেষং কারণমাহ দুর্য্যোধন ইতি। যত্র যেন হেতুনা ॥৪৯॥
পুরবাসে দোষমাহ কথমিতি। শব্দং বাক্যম্, অনুত্তরং নিরুষ্টমুত্তরশূন্যং বা ॥৫০॥
সকৃচ্ছ্রবণস্য সহত্বেঽপি নাধিকস্য সহত্বমিত্যাহ অসকৃদিতি। পরুষা নিষ্ঠুরাঃ ॥৫১॥
এবমিতি। মুহ্যমানঃ অভবৎ। পুত্রাধিভিঃ পুত্রশোকব্যথাভিঃ ॥৫২॥
বিলপ্যেতি। পরাভবং পরাজয়ম্। গাবল্গণিং গবল্গণপুত্রম্ ॥৫৩—৫৪॥

যে হেতু মহাবল দুর্য্যোধন, শল্য, দুঃশাসন, বিবিংশতি ও বিকর্ণ যুদ্ধে নিহত হইয়াছেন ॥৪৯॥

আমি রাজধানীতে থাকিয়া বিনা প্রত্যুত্তরে কি করিয়া ভীমের কটু বাক্য শুনিব; যে ভীম একক যুদ্ধে আমার একশত পুত্রকে বধ করিয়াছে ॥৫০॥

দুর্য্যোধনকেও বধ করিতে পারায় ভীম বার বারই আমাকে নিষ্ঠুর কথা বলিবে; আমি দুঃখে ও শোকে সর্ব্বতোভাবে সন্তপ্ত থাকিয়া তাহার সে নিষ্ঠুর কথা শুনিতে পারিব না' ॥৫১॥

বৈশম্পায়ন বলিলেন—হতবান্ধব ধৃতরাষ্ট্র এইরূপ শোকসন্তপ্ত এবং পুত্রশোক-পীড়ায় আক্রান্ত হওয়ায় মুহুর্মুহু মূর্চ্ছিত হইতে লাগিলেন ॥৫২॥

---

(৪৯) দুঃশাসনো বিসহশ্চ…পি,…দুঃশাসনো বিশস্তশ্চ…বা সো। (৫০) …শ্রোষ্যেঽহং শব্দমুত্তমম্…বা সো নি। (৫১)…দুর্য্যোধনবধক তম্…পি। (৫৪)…ভরতর্ষভ।…পি বা সো।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভীষ্মদ্রোণৌ হতৌ শ্রুত্বা সূতপুত্রঞ্চ পাতিতম্।
সেনাপতিং প্রণেতারং কমকুর্বত মামকাঃ ॥৫৫॥
যং যং সেনাপ্রণেতারং যুধি কুর্বন্তি মামকাঃ।
অচিরেণৈব কালেন তং তং নিঘ্নন্তি পাণ্ডবাঃ ॥৫৬॥
রণমূর্দ্ধ্নি হতো ভীষ্মঃ পশ্যতাং বঃ কিরীটিনা।
এবমেব হতো দ্রোণঃ সর্বেষামেব পশ্যতাম্ ॥৫৭॥
এবমেব হতঃ কর্ণঃ সূতপুত্রঃ প্রতাপবান্।
সরাজকানাং সর্বেষাং পশ্যতাং বঃ কিরীটিনা ॥৫৮॥
পূর্বমেবাহমুক্তো বৈ বিদুরেণ মহাত্মনা।
দুর্য্যোধনাপরাধেন প্রজেয়ং বিনশিষ্যতি ॥৫৯॥

ভারতকৌমুদী

ভীষ্মেতি। সূতপুত্রং কর্ণম্। প্রণেতারং সর্ব্বেষাং পরিচালকম্ ॥৫৫॥
যমিতি। অহো দৈবস্য প্রতিকূলতেত্যাশয়ঃ ॥৫৬॥
রণেতি। বো যুষ্মাকং সঞ্জয়াদীনাম্। হতো দ্রোণো ধৃষ্টদ্যুম্নেন ॥৫৭॥
এবমিতি। রাজ্ঞা দুর্য্যোধনেন সহেতি তেষাম্ ॥৫৮॥
পূর্ব্বমিতি। প্রজা পৃথিব্যা লোকসমূহঃ ॥৫৯॥

ভরতবংশপ্রধান মহাদুঃখসন্তপ্ত অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র এইভাবে বহু সময় বিলাপ করিয়া, দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ছাড়িয়া, পরাজয়ের বিষয় ভাবিয়া, পুনরায় গবল্গণপুত্র সঞ্জয়ের নিকটে যুদ্ধের যথাযথ বৃত্তান্ত জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥৫৩—৫৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'আমার পুত্রেরা ভীষ্ম ও দ্রোণকে নিহত এবং কর্ণকে নিপাতিত শুনিয়া কাঁহাকে সর্ব্বপরিচালক সেনাপতি করিয়াছিল ? ॥৫৫॥

হায়! আমার পুত্রেরা যুদ্ধে যাঁহাকে যাঁহাকে সেনাপতি করে, পাণ্ডবেরা অচিরকালমধ্যে তাঁহাকে তাঁহাকেই বধ করে ॥৫৬॥

সঞ্জয়! অর্জ্জুন যুদ্ধে তোমাদের সমক্ষেই ভীষ্মকে নিহত করিয়াছে এবং ধৃষ্টদ্যুম্নও এইভাবেই সকলের সাক্ষাতেই দ্রোণকে বধ করিয়াছে! ॥৫৭॥

আবার অর্জ্জুন দুর্য্যোধনপ্রভৃতি তোমাদের সকলের সমক্ষেই প্রতাপশালী সূতপুত্র কর্ণকে এইরূপে নিহত করিয়াছে ॥৫৮॥

---

(৫৯) ..কুলং তে বিনশিষ্যতি—পি।

কেচিন্ন সম্যক্ পশ্যন্তি মূঢ়াঃ সম্যগবেক্ষ্য চ।
তদিদং মম মূঢ়স্য তথা ভূতং বচঃ স্ম তৎ ॥৬০॥
যদব্রবীৎ স ধর্ম্মাত্মা বিদুরো দীর্ঘদর্শিবান্।
তত্তথা সমনুপ্রাপ্তং বচনং সত্যবাদিনঃ ॥৬১॥
দৈবোপহতচিত্তেন যন্ময়ানুষ্ঠিতং পুরা।
অনয়স্য ফলং তস্য ব্রূহি গাবল্গণে! পুনঃ ॥৬২॥
কো বা মুখমনীকানামাসীৎ কর্ণে নিপাতিতে।
অর্জ্জুনং বাসুদেবঞ্চ কো বা প্রত্যুদ্যযৌ রথী ॥৬৩॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং মদ্ররাজস্য সংযুগে।
বামঞ্চ যোদ্ধুকামস্য কে বা বীরস্য পৃষ্ঠতঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

কেচিদিতি। পশ্যন্তি বুধ্যন্তে। বচো বচনার্থ উপস্থিত ইতি শেষঃ ॥৬০॥

যদিতি। দীর্ঘদর্শিবান্ দূরদর্শী। সমনুপ্রাপ্তমুপস্থিতম্, বচনং বচনার্থঃ ॥৬১॥

দৈবেতি। দৈবেন উপহতং সৎপথগমনে নিরুদ্ধং চিত্তং যস্য তেন। অনয়স্য দুর্নীতেঃ ॥৬২॥

ক ইতি। মুখং সম্মুখস্থঃ, অনীকানাং কৌরবসৈন্যানাম্ ॥৬৩॥

যোগ্যতয়া তদানীং শল্যমেব সেনাপতিং সম্ভাব্য পৃচ্ছতি ক ইতি। চক্রং সৈন্যসমূহম্। পৃষ্ঠতঃ পৃষ্ঠে অতিষ্ঠন্নিতি শেষঃ ॥৬৪॥

হায়! মহাত্মা বিদুর পূর্ব্বেই আমাকে বলিয়াছিলেন যে 'এক দুর্য্যোধনের অপরাধেই পৃথিবীর লোকসমূহ বিনষ্ট হইবে' ॥৫৯॥

কতকগুলি মূঢ় লোক সম্যক্ দেখিয়াও সম্যক্ বোঝে না। আমি মূঢ়; তাই এই সেই বাক্যের ফল সেইভাবেই আমার উপস্থিত হইয়াছে ॥৬০॥

ধর্ম্মাত্মা ও দূরদর্শী বিদুর যাহা বলিয়াছিলেন, সত্যবাদীর সেই বাক্যের ফল সেইভাবেই আমার উপস্থিত হইয়াছে ॥৬১॥

সঞ্জয়! দৈব আমার মনকে বিকল করিয়া দিয়াছিল; সেই অবস্থায় আমি পূর্ব্বে যে দুর্নীতি প্রয়োগ করিয়াছিলাম, তুমি পুনরায় তাহার ফল বল ॥৬২॥

কর্ণ নিপাতিত হইলে, কোন্ বীর কৌরবসৈন্যের সম্মুখে ছিলেন? কোন্ রথীই বা কৃষ্ণ ও অর্জ্জুনের অভিমুখে গিয়াছিলেন? ॥৬৩॥

কাঁহারা যুদ্ধার্থী বীর শল্যের দক্ষিণ চক্র রক্ষা করিতেছিলেন? কাঁহারা তাঁহার বাম চক্র পালন করিতেছিলেন এবং কাঁহারাই বা তাঁহার পিছনে ছিলেন? ॥৬৪॥

---

(৬১)· বিদুরঃ সর্ব্বধর্ম্মবিৎ···বচনং সত্যগীরিতম্—পি বা সো। (৬২)·· যন্ময়া ন কৃতং পুরা ··বা সো,···যন্ময়া ন কৃতং পুরা। অপ্যপ্রাপ্য ফলং তস্য···পি।

কথঞ্চ বঃ সমেতানাং মদ্ররাজো মহারথঃ।
নিহতঃ পাণ্ডবৈঃ সংখ্যে পুত্রো বা মম সঞ্জয়! ॥৬৫॥
ব্রূহি সর্বং যথাতত্ত্বং ভরতানাং মহাক্ষয়ম্।
যথা চ নিহতঃ সংখ্যে পুত্রো দুর্য্যোধনো মম ॥৬৬॥
পাঞ্চালাশ্চ যথা সর্বে নিহতাঃ সপদানুগাঃ।
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ ॥৬৭॥
পাণ্ডবাশ্চ যথা মুক্তাস্তথোভৌ মাধবৌ যুধি।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ ভারদ্বাজস্য চাত্মজঃ ॥৬৮॥
যদ্‌যথা যাদৃশঞ্চৈব যুদ্ধং বৃত্তঞ্চ সাম্প্রতম্।
অখিলং শ্রোতুমিচ্ছামি কুশলো হ্যসি সঞ্জয়! ॥৬৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে ধৃতরাষ্ট্রবিলাপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কথমিতি। সমেতানাং মিলিতানাং পশ্যতামিত্যর্থঃ। পুত্রো দুর্য্যোধনঃ ॥৬৫॥
ব্রূহীতি। ভরতানামিত্যুপলক্ষণমুভয়সৈন্যানামিতি তাৎপর্য্যম্ ॥৬৬॥
পাঞ্চালা ইতি। পদানুগৈরনুচরৈঃ সহেতি তে। তদ্‌ব্রূহীত্যর্থঃ ॥৬৭॥
পাণ্ডবা ইতি। মাধবৌ মধুবংশ্যৌ কৃষ্ণসাত্যকী। ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৬৮॥
যদিতি। বৃত্তং ভূতম্। কুশলো বৃত্তান্তকথনে নিপুণঃ ॥৬৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

সঞ্জয়! তোমরা সম্মিলিত ছিলে, সেই অবস্থায় তোমাদের সাক্ষাতে যুদ্ধে পাণ্ডবেরা কি করিয়া মহারথ শল্যকে এবং আমার পুত্রকে বধ করিল? ॥৬৫॥

সঞ্জয়! উভয়পক্ষের যোদ্ধাদের যেভাবে মহাক্ষয় হইয়াছে এবং যেভাবে আমার পুত্র দুর্য্যোধন নিহত হইয়াছেন, সেই সকল তুমি যথাযথভাবে বল ॥৬৬॥

আর অনুচরবর্গের সহিত সমস্ত পাঞ্চাল এবং ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী ও দ্রৌপদীর পঞ্চ পুত্র যেভাবে নিহত হইয়াছেন, তাহাও বল ॥৬৭॥

পাণ্ডবগণ, কৃষ্ণ, সাত্যকি, কৃপ, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা যুদ্ধে যেভাবে মুক্তি লাভ করিয়াছেন, তাহাও বল ॥৬৮॥

---

(৬৫)·· মদ্ররাজো মহাবলঃ···পি বা সো। (৬৬)·· ভরতানামিহ ক্ষয়ম্···পি। (৬৮)···সাত্বতৌ যুধি·· পি বা সো। (৬৯) · যুদ্ধং বৃত্তমদ্ভুতঃ···পি বা সো। * ইতঃ পরং পুনরুক্ত্যাদিদোষদুষ্ট একোঽধ্যায় এবাধিকঃ পি বা সো বঙ্গ। স চ যথা—

ভারতভাবদীপঃ

পরিজন ইত্যর্থঃ ॥১০—৩৫॥ তং প্রাগুক্তং সাধু যথা স্যাত্তথা মে মাং প্রতি বদ পুনরিতি শেষঃ। প্রতিমানং কেতুভূতম্ ॥৩৬—৫৯॥ সম্যগবেক্ষ্য নিপুণং বিভাব্যাপি মূঢ়াস্তথাভূতং তদ্বচঃ কেচিন্ন পঞ্চস্বীত্যুক্তবেণ সম্বন্ধঃ। তথাভূতং যথার্থম্ ॥৬০—৬৯॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

যে যুদ্ধ যেভাবে যেরূপ হইয়াছিল, সে সমস্তই আমি এখন শুনিতে ইচ্ছা করি। সঞ্জয়! তুমি বৃত্তান্ত বলিতে বড়ই নিপুণ' ॥৬৯॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নবহিতো যথা বৃত্তো জনক্ষয়ঃ। কুরূণাং পাণ্ডবানাঞ্চ সমাসাদ্য পরস্পরম্ ॥১॥
নিহতে সূতপুত্রে তু পাণ্ডবেন মহাত্মনা। বিদ্রুতেষু চ সৈন্যেষু সমানীতেষু চাসকৃৎ ॥২॥
ঘোরে মনুষ্যদেহানামাজৌ নরবরক্ষয়ে। যত্তৎ কর্ণে হতে পার্থঃ সিংহনাদমথাকরোৎ।
তদা তব সুতান্ রাজন্! প্রাবিশৎ সুমহদ্ভয়ম্ ॥৩॥
ন সন্ধাতুমনীকানি ন চৈবাথ পরাক্রমে। আসীদ্বুদ্ধির্হতে কর্ণে তব যোধস্য কস্যচিৎ ॥৪॥
বণিজো নাবি ভগ্নায়ামগাধে বিপ্লবা ইব। অপারে পারমিচ্ছন্তো হতে দ্বীপে কিরীটিনা ॥৫॥
সূতপুত্রে হতে রাজন্! বিত্রস্তাঃ শরবিক্ষতাঃ। অনাথা নাথমিচ্ছন্তো মৃগাঃ সিংহার্দ্দিতা ইব ॥
ভগ্নশৃঙ্গা ইব বৃষাঃ শীর্ণদংষ্ট্রা ইবোরগাঃ। প্রত্যপায়াম সায়াহ্নে নির্জ্জিতাঃ সব্যসাচিনা ॥৭॥
হতপ্রবীরা বিধ্বস্তা নিকৃত্তা নিশিতৈঃ শরৈঃ। সূতপুত্রে হতে রাজন্! পুত্রাস্তে প্রাদ্রবন্ ভয়াৎ ॥
বিশস্ত্রকবচাঃ সর্বে কান্দিশীকা বিচেতসঃ। অন্যোন্যমভিনিঘ্নন্তো বীক্ষমাণা ভয়াদ্দিশঃ ॥৯॥
মামেব নূনং বীভৎসুর্মামেব চ বৃকোদরঃ। অভিযাতীতি মন্বানাঃ পেতুর্মম্লুশ্চ ভারত! ॥১০॥
হয়ানন্যে রথানন্যে গজানন্যে মহারথাঃ। আরুহ্য জবসম্পন্নান্ পাদাতানজহুর্ভয়াৎ ॥১১॥
কুঞ্জরৈঃ স্যন্দনা ভগ্না সাদিনশ্চ মহারথৈঃ। পদাতিসংঘাশ্চাশ্বৌঘৈঃ পলায়দ্ভির্ভৃশং হতাঃ ॥১২॥
ব্যালতস্করসংকীর্ণে সার্থহীনা যথা বনে। তথা ত্বদীয়া নিহতে সূতপুত্রে তদাভবন্ ॥১৩॥
হতারোহাস্তথা নাগাশ্ছিন্নহস্তাস্তথাপরে। সর্বং পার্থময়ং লোকমপশ্যন্ বৈ ভয়াতুরাঃ ॥১৪॥
তান্ প্রেক্ষ্য দ্রবতঃ সর্বান্ ভীমসেনভয়ার্দ্দিতান্। দুর্য্যোধনোঽথ স্ব সূতং হাহাকৃত্যৈবমব্রবীৎ ॥
নাতিক্রমিষ্যতে পার্থো ধনুষ্পাণিমবস্থিতম্। জঘনে বর্ত্তমানং মাং তূর্ণমশ্বান্ প্রচোদয় ॥১৬॥
জঘনে যুধ্যমানং হি কৌন্তেয়ো মাং ধনঞ্জয়ঃ। নোৎসহেদত্যতিক্রান্তুং বেলামিব মহার্ণবঃ ॥১৭॥
অদ্যার্জ্জুনং সগোবিন্দং মানিনঞ্চ বৃকোদরম্। নিহত্য শিষ্টান্ শত্রুংশ্চ কর্ণস্যানৃণ্যমাপ্নুয়াম্ ॥১৮॥
তচ্ছ্রুত্বা কুরুরাজস্য শূরার্য্যসদৃশং বচঃ। সূতো হেমপরিচ্ছন্নাঞ্ছনৈরশ্বানচোদয়ৎ ॥১৯॥
গজাশ্বরথহীনাশ্চ পদাতাশ্চৈব মারিষ!। পঞ্চবিংশতিসাহস্রাঃ প্রাদ্রবঞ্ছনকৈরিব ॥২০॥
তান্ ভীমসেনঃ সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ। বলেন চতুরঙ্গেণ পরিক্ষিপ্যাহনচ্ছরৈঃ ॥২১॥
প্রত্যযুধ্যন্ত তে সর্ব্বে ভীমসেনং সপার্ষতম্। পার্থপার্ষতয়োশ্চান্যে জগৃহুস্তত্র নামনী ॥২২॥
অক্রুধ্যত রণে ভীমস্তৈর্মৃধে পর্য্যবস্থিতৈঃ। সোঽবতীর্য্য রথাত্তূর্ণং গদাপাণিরযুধ্যত ॥২৩॥
ন তান্ রথস্থো ভূমিষ্ঠান্ ধর্ম্মাপেক্ষী বৃকোদরঃ। যোধয়ামাস কৌন্তেয়ো ভুজবীর্য্যং সমাশ্রিতঃ ॥

ততঃ শৈক্যায়সীং গুর্ব্বীং কালান্তকযমোপমাম্। জাতরূপপরিচ্ছন্নাং প্রগৃহ্য মহতীং গদাম্।
ন্যবধীত্তাবকান্ সর্ব্বান্ দণ্ডপাণিরিবান্তকঃ ॥২৫॥
পদাতয়োঽতিসংরব্ধাস্ত্যক্তজীবিতবান্ধবাঃ। ভীমমভ্যদ্রবন্ সংখ্যে পতঙ্গা জ্বলনং যথা ॥২৬॥
আসাদ্য ভীমসেনং তে সংরব্ধা যুদ্ধদুর্ম্মদাঃ। বিনেশুঃ সহসা দৃষ্ট্বা ভূতগ্রামা ইবান্তকম্ ॥২৭॥
শ্যেনবদ্ব্যচরদ্ভীমঃ খড়্গেন গদয়া তথা। পঞ্চবিংশতিসাহস্রাংস্তাবকানামপোথয়ৎ ॥২৮॥
হত্বা তৎ পুরুষানীকং ভীমঃ সত্যপরাক্রমঃ। ধৃষ্টদ্যুম্নং পুরস্কৃত্য পুনস্তস্থৌ মহাবলঃ ॥২৯॥
ধনঞ্জয়ো রথানীকমন্বপদ্যত বীর্য্যবান্। মাদ্রীপুত্রৌ তু শকুনিং সাত্যকিশ্চ মহারথঃ।
জবেনাভ্যপতন্ হৃষ্টা ঘ্নন্তকামা মহাবলাঃ ॥৩০॥
তস্যাশ্ববাবান্ সুবহূংস্তে নিহত্য শিতৈঃ শরৈঃ। তমন্বধাবংস্ত্বরিতাস্তত্র যুদ্ধমভূন্মহৎ ॥৩১॥
ততো ধনঞ্জয়ো রাজন্! রথানীকমগাহত। বিশ্রুতং ত্রিষু লোকেষু গাণ্ডীবং বিক্ষিপন্ ধনুঃ ॥
কৃষ্ণসারথিমায়ান্তং দৃষ্ট্বা শ্বেতহয়ং রথম্। অর্জ্জুনঞ্চাপি যোদ্ধারং ত্বদীয়া প্রাদ্রবন্ ভয়াৎ ॥৩৩॥
বিপ্রহীণরথাশ্বাশ্চ শরৈশ্চ পরিবারিতাঃ। পঞ্চবিংশতিসাহস্রাঃ পার্থমার্চ্ছন্ পদাতয়ঃ ॥৩৪॥
হত্বা তৎপুরুষানীকং পঞ্চালানাং মহারথঃ। ভীমসেনং পুরস্কৃত্য নচিরাৎ প্রত্যপদ্যত ॥৩৫॥
মহাধনুর্দ্ধরঃ শ্রীমানমিত্রগণমর্দ্দনঃ। পুত্রঃ পাঞ্চালরাজস্য ধৃষ্টদ্যুম্নো মহাযশাঃ ॥৩৬॥
পারাবতসবর্ণাশ্বং কোবিদারবরধ্বজম্। ধৃষ্টদ্যুম্নং রণে দৃষ্ট্বা ত্বদীয়া প্রাদ্রবন্ ভয়াৎ ॥৩৭॥
গান্ধাররাজং শীঘ্রাস্ত্রমনুসৃত্য যশস্বিনৌ। নচিরাৎ প্রত্যদৃশ্যেতাং মাদ্রীপুত্রৌ সসাত্যকী ॥৩৮॥
চেকিতানঃ শিখণ্ডী চ দ্রৌপদেয়াশ্চ মারিষ!। হত্বা ত্বদীয়ং সুমহৎ সৈন্যং শঙ্খানথাধমন্ ॥৩৯॥
তে সর্ব্বাংস্তাবকান্ প্রেক্ষ্য দ্রবতো বৈ পরাঙ্মুখান্। অভ্যধাবন্ত নিঘ্নন্তো বৃষান্ জিত্বা বৃষা ইব ॥
সেনাবশেষং তং দৃষ্ট্বা তব পুত্রস্য পাণ্ডবঃ। ব্যবস্থিতং সব্যসাচী চুক্রোধ বলবান্নৃপ!। তত
এনং শরৈ রাজন্! সহসা সমবারিরৎ ॥৪১॥
রজসা চোদ্গতেনাথ ন স্ম কিঞ্চন দৃশ্যতে ॥৪২॥

অন্ধকারীকৃতে লোকে শরীভূতে মহীতলে। দিশঃ সর্ব্বা মহারাজ! তাবকাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥
ভজ্যমানেষু সৈন্যেষু কুরুরাজো বিশাংপতিঃ। পরেষামাত্মনশ্চৈব সমন্তাৎ সমুপাদ্রবৎ ॥৪৪॥
ততো দুর্য্যোধনঃ সর্ব্বানাজুহাবাথ পাণ্ডবান্। যুদ্ধায় ভরতশ্রেষ্ঠো দেবানিব পুরা বলিঃ ॥৪৫॥
ত এনমভিগর্জ্জন্তং সহিতাঃ সমুপাদ্রবন্। নানাশস্ত্রসৃজঃ ক্রুদ্ধা ভর্ৎসয়ন্তো মুহুর্মুহুঃ ॥৪৬॥
দুর্য্যোধনোঽপ্যসম্ভ্রান্তস্তানরীন্ ব্যধমচ্ছরৈঃ। তত্রাদ্ভুতমপশ্যাম তব পুত্রস্য পৌরুষম্ ॥৪৭॥
যদেনং পাণ্ডবাঃ সর্ব্বে ন শেকুরতিবর্ত্তিতুম্। নাতিদূরাপযাতঞ্চ কৃতবুদ্ধিং পলায়নে ॥৪৮॥
দুর্য্যোধনঃ স্বকং সৈন্যমপশ্যদ্ভৃশবিক্ষতম্। ততোঽবস্থাপ্য রাজেন্দ্র! কৃতবুদ্ধিস্তবাত্মজঃ।
হর্ষয়ন্নিব তান্ যোধানিদং বচনমব্রবীৎ ॥৪৯॥

ন তং দেশং প্রপশ্যামি পৃথিব্যাং পর্ব্বতেষু চ। যত্র যাতান্ন বো হন্যুঃ পাণ্ডবাঃ কিং সৃতেন বঃ ॥
স্বল্পঞ্চাপি বলং তেষাং কৃষ্ণৌ চ ভৃশবিক্ষতৌ। যদি সর্ব্বেঽত্র তিষ্ঠামো ধ্রুবো নো বিজয়ো
ভবেৎ ॥৫১॥
বিপ্রযাতাংস্তু বো ভিন্নান্ পাণ্ডবাঃ কৃতকিল্বিষান্। অনুসৃত্য হনিষ্যন্তি শ্রেয়ো নঃ সমরে বধঃ ॥
সুখঃ সাংগ্রামিকো মৃত্যুঃ ক্ষত্রধর্ম্মেণ যুধ্যতঃ। মৃতো দুঃখং ন জানীতে প্রেত্য চানন্ত্যমশ্নুতে ॥

তৃতীয়োঽধ্যায়ঃ

—:•:—

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নবহিতো যথা বৃত্তো মহান্ ক্ষয়ঃ।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ সমাসাদ্য পরস্পরম্ ॥১॥
নিহতে সূতপুত্রে চ ফাল্গুনেন মহাত্মনা।
বিদ্রুতেষু চ সৈন্যেষু সমানীতেষু চাসকৃৎ ॥২॥
বিমুখে তব পুত্রে চ শোকোপহতচেতসি।
ভৃশোদ্বিগ্নেষু সৈন্যেষু দৃষ্ট্বা পার্থস্য বিক্রমম্ ॥৩॥
ধ্যায়মানেষু যোধেষু দুঃখং প্রাপ্তেষু ভারত!।
বলানাং মথ্যমানানাং শ্রুত্বা নিনদমুত্তমম্ ॥৪॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। অবহিতঃ কৃতমনোযোগঃ, বৃত্তো জাতঃ। সমাসাদ্য প্রাপ্য ॥১॥
নিহত ইতি। সূতপুত্রে কর্ণে, ফাল্গুনেনার্জ্জুনেন। বিদ্রুতেষু দ্রুতং পলায়িতেষু। পুত্রে

সঞ্জয় বলিলেন—'রাজা! পরস্পর প্রাপ্ত হওয়ার পরে কৌরব ও পাণ্ডবগণের যেরূপ গুরুতর ক্ষয় হইয়াছে, তাহা অবহিত হইয়া শ্রবণ করুন ॥১॥

ভরতনন্দন রাজা! মহাত্মা অর্জ্জুন কর্ণকে বধ করিলে, কৌরবসৈন্যেরা বার বার পলায়ন করিতে লাগিলে এবং বার বার তাহাদিগকে ফিরাইয়া আনিতে

শৃণুত ক্ষত্রিয়াঃ সর্ব্বে যাবন্তো বৈ সমাগতাঃ। দ্বিষতো ভীমসেনস্য ক্রুদ্ধস্য বশমেষ্যথ।
তস্মাজ্জহি রণে শল্যং মঘবানিব শম্বরম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

যুধ্যেতি। চিন্তযান ইতি মকারাগমাভাব আর্ষঃ। নাধিগচ্ছামি ন জানামি ॥৪৯॥
শিখণ্ডীতি। সাত্বতস্য সাত্যকেঃ। অভীর্নির্ভয়ঃ, কালো রুদ্রঃ ॥৫০—৫১॥
তস্যেতি। আহবে যুদ্ধে। ঋতে বিনা ॥৫২॥
স ইতি। অস্মিন্ মহাসমরে অকিঞ্চিৎকর্ত্তুর্যুধিষ্ঠিরস্য ন্যূনতাপবিহারার্থেয়ং প্ররোচনা ॥৫৩॥
অহনীতি। মঘবান্ ইন্দ্রঃ, শম্বরং নামাসুরম্ ॥৫৪॥

ভরতনন্দন রাজা! আমি চিন্তা করিয়াও যুধ্যমান শল্যের সমান যোদ্ধা দেখিতে পাইতেছি না ॥৪৯॥

ভরতনন্দন মহারাজ! শল্য—বলে ভীম, অর্জ্জুন, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন এবং শিখণ্ডী অপেক্ষাও অধিক। সুতরাং প্রলয়কালে সংহারমূর্ত্তি রুদ্র যেমন ক্রুদ্ধ হইয়া লোকমধ্যে বিচরণ করেন, সিংহ ও হস্তীর ন্যায় বিক্রমশালী শল্যও তেমন নির্ভয় চিত্তে যুদ্ধকালে বিচরণ করিবেন ॥৫০—৫১॥

পুরুষশ্রেষ্ঠ! আপনি ব্যাঘ্রের ন্যায় বিক্রমশালী। সুতরাং আপনি ব্যতীত আজ যুদ্ধে সেই শল্যের প্রতিযোদ্ধা কাহাকেও আমি দেখিতেছি না ॥৫২॥

কুরুনন্দন! যিনি যুদ্ধে শল্যকে বধ করিতে পারেন, সেপ্রকার পুরুষ এই জগতে আপনি এককই, আপনি ভিন্ন অন্য পুরুষ নহে ॥৫৩॥

শল্য প্রত্যহ যুদ্ধ করিতে থাকিয়া আপনার সৈন্য বিক্ষুব্ধ করিয়া আসিতেছেন। সুতরাং ইন্দ্র যেমন শম্বরাসুরকে বধ করিয়াছিলেন, তেমন আপনিও যুদ্ধে শল্যকে বধ করুন ॥৫৪॥

---

(৫৩) সদেবলোকে কৃৎস্নেঽস্মিন্…পি বা সো।

সৌতেঃ পশ্চাদসৌ বীরো ধার্ত্তরাষ্ট্রেণ সংকৃতঃ।
তবৈব হি জয়ো নূনং হতে মদ্রেশ্বরে যুধি ॥৫৫॥
তস্মিন্ হতে হতং সর্ব্বং ধার্ত্তরাষ্ট্রবলং মহৎ।
এতচ্ছ্রুত্বা মহারাজ! বচনং মম সাম্প্রতম্ ॥৫৬॥
প্রত্যুদ্যাহি রণে পার্থ! মদ্ররাজং মহারথম্।
জহি চৈনং মহাবাহো! বাসবো নমুচিং যথা ॥৫৭॥ (যুগ্মকম্)
ন চৈবাত্র দয়া কার্য্যা মাতুলোঽয়ং মমেতি বৈ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য জহি মদ্রজনেশ্বরম্ ॥৫৮॥
দ্রোণভীষ্মার্ণবং তীর্ত্বা কর্ণপাতালসম্ভবম্।
মা নিমজ্জস্ব সগণঃ শল্যমাসাদ্য গোষ্পদম্ ॥৫৯॥
যচ্চ তে তপসো বীর্য্যং যচ্চ ক্ষাত্রং বলং তব।
তদ্দর্শয় রণে সর্ব্বং জহি চৈনং মহারথম্ ॥৬০॥

ভারতকৌমুদী

সৌতেরিতি। সৌতেঃ কর্ণস্য। সংকৃতঃ সেনাপতিকরণেন সম্মানিতঃ ॥৫৫॥

তস্মিন্নিতি। সর্ব্বং হতং রক্ষকান্তরাভাবাৎ। নমুচিং নাম দানবম্ ॥৫৬—৫৭॥

নেতি। ভ্রাত্রোর্নকুলসহদেবয়োর্মাতুলত্বাদ্‌যুধিষ্ঠিরস্যাপি মাতুল ইত্যাশয়ঃ ॥৫৮॥

দ্রোণেতি। কর্ণ এব পাতালসম্ভবোঽর্ণবস্তম্। দ্রোণভীষ্মাপেক্ষয়া ন্যূনত্ববোধনার্থমিদম্ ॥৫৯॥

যদিতি। ক্ষাত্রং দৈহিকং শিক্ষাজনিতঞ্চ, বলং শক্তিঃ। এনং শল্যম্ ॥৬০॥

দুর্য্যোধন কর্ণের পরে ঐ বীরকে সেনাপতি করিয়া সম্মানিত করিয়াছেন। সুতরাং আপনি যুদ্ধে শল্যকে বধ করিলে নিশ্চয়ই আপনার জয় হইবে ॥৫৫॥

কারণ, মহারাজ! শল্য নিহত হইলে, দুর্য্যোধনের বিশাল সৈন্যই নিহত হইবে। অতএব পৃথানন্দন! সম্প্রতি আমার এই কথা শুনিয়া আপনি যুদ্ধে মহারথ মদ্ররাজের দিকে গমন করুন এবং মহাবাহু! ইন্দ্র যেমন নমুচিদানবকে বধ করিয়াছিলেন, সেইরূপ আপনি উঁহাকে বধ করুন ॥৫৬—৫৭॥

কিন্তু 'ইনি আমার মাতুল' ইহা ভাবিয়া আপনি শল্যের উপরে দয়া করিবেন না; ক্ষত্রিয়ধর্ম্মকে অগ্রবর্ত্তী করিয়া শল্যকে বধ করুন ॥৫৮॥

ভীষ্ম, দ্রোণ ও কর্ণস্বরূপ সমুদ্র হইতে উত্তীর্ণ হইয়া এখন গোষ্পদস্বরূপ শল্যকে পাইয়া অনুচরবর্গের সহিত যেন তাহাতে নিমগ্ন হন না ॥৫৯॥

---

(৫৫) অজেয়শ্চাপ্যসৌ বীরঃ…পি বা সো। (৫৯)‥ কর্ণপাতালসম্ভবম্…পি।

সঞ্জয় উবাচ।

এতাবদুক্ত্বা বচনং কেশবঃ পরবীরহা।
জগাম শিবিরং সায়ং পূজ্যমানোঽথ পাণ্ডবৈঃ ॥৬১॥
কেশবে তু তদা যাতে ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
বিসৃজ্য সর্বান্ ভ্রাতৃংশ্চ পাঞ্চালানথ সোমকান্।
সুষ্বাপ রজনীং তাং তু বিশল্য ইব কুঞ্জরঃ ॥৬২॥
তে চ সর্বে মহেষ্বাসাঃ পাঞ্চালাঃ পাণ্ডবাস্তথা।
কর্ণস্য নিধনে হৃষ্টাঃ সুষুপুস্তাং নিশাং তদা ॥৬৩॥
গতজ্বরং মহেষ্বাসং তীর্ণপারং মহারথম্।
বভূব পাণ্ডবেয়ানাং সৈন্যঞ্চ মুদিতং নিশি।
সূতপুত্রস্য নিধনাজ্জয়ং লব্ধ্বা চ মারিষ ! ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে শল্যসৈনাপত্যে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতাবদিতি। পরান্ শত্রূন্ বীরান্ হন্তীতি সঃ। সায়ং সন্ধ্যাকালে ॥৬১॥

কেশব ইতি। বিশল্য উদ্ধৃতগাত্রশঙ্কুঃ, কর্ণবধাদিত্যাশয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

ত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। নিশামিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥৬৩॥

গতেতি। গতজ্বরং তিরোহিতসন্তাপম্, তীর্ণপারমতিক্রান্তকর্ণসাগরম্। ষট্‌পাদঃ ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ ! আপনার যত তপোবল এবং যত ক্ষাত্র বল আছে, সে সমস্তই যুদ্ধে প্রদর্শন করুন এবং এই মহারথ শল্যকে বধ করুন' ॥৬০॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! বিপক্ষবীরহন্তা কৃষ্ণ এই সকল কথা বলিয়া পাণ্ডবগণের নিকট সম্মানিত হইতে থাকিয়া সন্ধ্যাকালে শিবিরে চলিয়া গেলেন ॥৬১॥

কৃষ্ণ চলিয়া গেলে, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সমস্ত ভ্রাতা, পাঞ্চাল ও সোমককে বিদায় দিয়া শল্যবিহীন হস্তীর ন্যায় সেই রাত্রিতে সুখে নিদ্রা গেলেন ॥৬২॥

মহাধনুর্দ্ধর সেই পাঞ্চাল এবং পাণ্ডবেরা সকলেও কর্ণবধে আনন্দিত থাকিয়া সেই রাত্রিতে নিদ্রাসুখ লাভ করিলেন ॥৬৩॥

---

(৬২) ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ · পি বা সো। (৬৪) · গতজ্বরমহেষ্বাসং তীর্ণপারমহারথম্··· পি, সৈন্যং প্রমুদিতম্ নিধনে পি বা সো। ' ষষ্ঠোঽধ্যায়ঃ' নি, 'সপ্তমোঽধ্যায়ঃ' পি বা সো।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

ব্যতীতায়াং রজন্যান্তু রাজা দুর্য্যোধনস্তদা।
অব্রবীত্তাবকান্ সর্বান্ সন্নহ্যন্তাং মহারথাঃ ॥১॥
রাজ্ঞশ্চ মতমাজ্ঞায় সমনহ্যত সা চমূঃ।
অযোজয়ন্ রথাংস্তূর্ণং পর্য্যধাবংস্তথা পরে ॥২॥
অকল্প্যন্ত চ মাতঙ্গাঃ সমনহ্যন্ত পত্তয়ঃ।
হয়ানাস্তরণোপেতাংশ্চক্রুরন্যে সহস্রশঃ ॥৩॥
বাদিত্রাণাঞ্চ নিনদঃ প্রাদুরাসীদ্বিশাংপতে।।
যোধানাং সৈন্যমুখ্যানামন্যোন্যং প্রতিগর্জতাম্ ॥৪॥

ভারতকৌমুদী

ব্যতীতায়ামিতি। সন্নহ্যন্তাং যুদ্ধসজ্জয়া সজ্জিতা ভবন্তু ॥১॥
রাজ্ঞ ইতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য। সমনহ্যত যুদ্ধসজ্জামকরোৎ ॥২॥
অকল্প্যন্তেতি। অকল্প্যন্ত সজ্জিতা অক্রিয়ন্ত। পত্তয়ঃ পদাতয়ঃ ॥৩॥
বাদিত্রাণামিতি। সৈন্যেষু মুখ্যাঃ প্রধানাস্তেষাম্ ॥৪॥

মাননীয় রাজা! কর্ণবধে জয়লাভ করায় সন্তাপশূন্য, কর্ণযুদ্ধপারপ্রাপ্ত, মহাধনুর্দ্ধর ও মহারথ পাণ্ডবসৈন্যগণও রাত্রিতে আনন্দিত থাকিল' ॥৬৪॥

—০:৪:০—

সঞ্জয় বলিলেন—'মহারাজ! রাত্রি অতীত হইলে তখন রাজা দুর্য্যোধন আপনার পক্ষের সমস্ত যোদ্ধাকে কহিলেন—'মহারথেরা যুদ্ধসজ্জায় সজ্জিত হউন' ॥১॥

সেই সৈন্যগণ রাজার মত জানিয়া যুদ্ধসজ্জায় সজ্জিত হইল, সত্বর রথযোজনা করিতে লাগিল এবং অন্য লোকেরা ছুটাছুটি করিতে থাকিল ॥২॥

হস্তিগণকে সজ্জিত করিল, পদাতিরা সজ্জিত হইল এবং অন্য সহস্র সহস্র লোক অশ্বগণকে আস্তরণযুক্ত করিতে লাগিল ॥৩॥

(৪)…যোধনার্থং হি সর্বেষাং সৈন্যানাকাপ্যুদীর্য্যতাম্—পি,·· যোধনার্থং হি সৈন্যানাং যোধানাকাপ্যুদীর্য্যতাম্—বা সো।

ততো বলানি সর্বাণি হতশিষ্টানি ভারত।
সন্নদ্ধানি ব্যদৃশ্যন্ত মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৫॥
শল্যং সেনাপতিং কৃত্বা মদ্ররাজং মহারথাঃ।
প্রবিভজ্য বলং সর্বমনীকেষু ব্যবস্থিতাঃ ॥৬॥
ততঃ সর্বে সমাগম্য পুত্রেণ তব সৈনিকাঃ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রৌণিঃ শল্যোঽথ সৌবলঃ।
অন্যে চ পার্থিবাঃ শেষাঃ সময়ং চক্রুরাদৃতাঃ ॥৭॥
ন ন একেন যোদ্ধব্যং কথঞ্চিদপি পাণ্ডবৈঃ।
যো হ্যেকঃ পাণ্ডবৈর্যুধ্যেদ্‌যো বা যুধ্যন্তমুৎসৃজেৎ ॥৮॥
স পঞ্চভির্ভবেদ্‌যুক্তঃ পাতকৈশ্চোপপাতকৈঃ।
অন্যোন্যং পরিরক্ষদ্ভির্যোদ্ধব্যং সহিতৈশ্চ নঃ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। নিবর্ত্তন্তে অনেনেতি নিবর্ত্তনং নিবৃত্তিহেতুস্তৎ, সন্নদ্ধানি সজ্জিতানি ॥৫॥

শল্যমিতি। প্রবিভজ্য যথাংশে বিভক্তীকৃত্য, অনীকেষু সর্বসৈন্যেষু ॥৬॥

তত ইতি। সমাগম্য মিলিত্বা। দ্রৌণিরশ্বত্থামা। সময়ং নিয়মম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সময়মাহ দ্বাভ্যাং যুগ্মকেন নেতি। নঃ অস্মাকং মধ্যে একেন জনেন, পাণ্ডবৈঃ পাণ্ডবানামন্যতমৈঃ সহ কথঞ্চিদপি ন যোদ্ধব্যম্, তেষামপেক্ষয়াস্মাকং ন্যূনতয়া পরাজয়াবশ্যম্ভাবাদিতি ভাবঃ। অস্মাকং মধ্যে যো হ্যেকো জনঃ, পাণ্ডবৈঃ পাণ্ডবানামন্যতমৈঃ সহ যুধ্যেৎ, যো বা যুধ্যন্তং পাণ্ডবানামন্যতমেন সহ যুধ্যমানম্ অস্মাকমন্যতমং জনম্, উৎসৃজেৎ ত্যজেৎ, স জনঃ, পঞ্চভিঃ "ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্বঙ্গনাগমঃ। মহান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ ॥" ইতি মনূক্তৈঃ, পাতকৈর্মহাপাতকৈঃ, গোবধাদিভিরুপপাতকৈশ্চ, যুক্তো ভবেৎ।

নরনাথ! ক্রমে বাদ্যধ্বনি এবং পরস্পর গর্জনকারী প্রধান যোদ্ধাদের কোলাহল প্রাদুর্ভূত হইল ॥৪॥

ভরতনন্দন! তাহার পর দেখা গেল—হতাবশিষ্ট সমস্ত সৈন্যই মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া সজ্জিত হইল ॥৫॥

মহারথেরা মদ্ররাজ শল্যকে সেনাপতি করিয়া সমস্ত সৈন্য বিভাগপূর্ব্বক বিশাল সৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥৬॥

তদনন্তর সমস্ত সৈন্য, কৃপ, কৃতবর্ম্মা, অশ্বত্থামা, শল্য, শকুনি এবং হতাবশিষ্ট অন্য রাজারা দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া আগ্রহের সহিত নিয়ম করিলেন ॥৭॥

---

(৫)…সেনাশিষ্টানি…সন্নদ্ধাস্তেব দদৃশুঃ…পি বা সো।

এবং তে সময়ং কৃত্বা সর্বে তত্র মহারথাঃ।
মদ্ররাজং পুরস্কৃত্য তূর্ণমভ্যদ্রবন্ পরান্ ॥১০॥
তথৈব পাণ্ডবা রাজন! বূ্হ্য সৈন্যং মহারণে।
অভ্যয়ুঃ কৌরবান্ যুদ্ধে যোৎস্যমানাঃ সমন্ততঃ ॥১১॥
ততো বলং সমভবৎ ক্ষুব্ধার্ণবসমস্বনম্।
সমুদ্ধূতার্ণবাকারমুদীর্ণরথকুঞ্জরম্ ॥১২॥
ধৃতরাষ্ট্র উবাচ।
দ্রোণস্য চৈব ভীষ্মস্য রাধেয়স্য চ মে শ্রুতম্।
পাতনং শংস মে ভূয়ঃ শল্যস্যাথ সুতস্য মে ॥১৩॥

ভারতকৌমুদী

তর্হি কিং কর্ত্তব্যমিত্যাহ অন্যোন্যমিতি। সহিতৈর্মিলিতৈরেব চ, নঃ অস্মাভিঃ, অন্যোন্যং পরস্পরম্, পরিরক্ষদ্ভিঃ সদ্ভিঃ, পাণ্ডবানামন্যতমৈঃ সহ যোদ্ধব্যম্ ॥৮—৯॥

এবমিতি। সময়ং নিয়মম্। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য, অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥১০॥

তথেতি। বূ্হ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য। অভ্যয়ুঃ অভ্যগচ্ছন্ ॥১১॥

তত ইতি। বলমুভয়সৈন্যমেব। উদীর্ণা যুদ্ধায়োদ্ধতা রথাঃ কুঞ্জরাশ্চ যস্য তৎ ॥১২॥

দ্রোণস্যেতি। মে ময়া। শংস কথয়। সুতস্য দুর্য্যোধনস্য পাতনমিতি সম্বন্ধঃ ॥১৩॥

'আমাদের মধ্যে একজন পাণ্ডবগণের মধ্যে একজনের সহিত কোন প্রকারেও যুদ্ধ করিব না। আমাদের মধ্যে যে একজন পাণ্ডবগণের মধ্যে একজনের সহিত যুদ্ধ করিবে, কিংবা আমাদের মধ্যে এক একজন পাণ্ডবগণের মধ্যে এক এক জনের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলে, যে তাহাকে পরিত্যাগ করিবে, সে—পঞ্চ মহাপাতক ও সমস্ত উপপাতকযুক্ত হইবে। কিন্তু আমরা মিলিত হইয়াই পরস্পর রক্ষা করিতে থাকিয়া পাণ্ডবগণের এক এক জনের সহিত যুদ্ধ করিব' ॥৮—৯॥

এইভাবে সেই মহারথেরা সকলে নিয়ম করিয়া শল্যকে সম্মুখে রাখিয়া সত্বর বিপক্ষগণের দিকে ধাবিত হইলেন ॥১০॥

রাজা! সেইরূপ পাণ্ডবেরাও আপন সৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া যুদ্ধ করিবেন বলিয়া সকল দিক্ হইতে কৌরবগণের প্রতি যাইতে থাকিলেন ॥১১॥

তাহার পর উভয়সৈন্যের মধ্যেই উদ্বেলিত সমুদ্রের ন্যায় শব্দ হইতে লাগিল, উভয় সৈন্যের আকারই উদ্বেলিত সমুদ্রের তুল্য হইল এবং হস্তী, অশ্ব ও রথ সকল উদ্ধত হইয়া পড়িল ॥১২॥

---

(১২)···সমুদ্রবৃত্তার্ণবাকারমুদ্ধূতরথকুঞ্জরম্—পি বা সো। (১৩) দ্রোণস্য ভীষ্মস্য চ বৈ রাধেয়স্য ময়া শ্রুতম···পি।

কথং রণে হতঃ শল্যো ধর্ম্মরাজেন সঞ্জয়!।
ভীমেন চ মহাবাহুঃ পুত্ত্রো দুর্য্যোধনো মম ॥১৪॥

সঞ্জয় উবাচ।

ক্ষয়ং মনুষ্যদেহানাং তথা নাগাশ্বসংক্ষয়ম্।
শৃণু রাজন্! স্থিরো ভূত্বা সংগ্রামং শংসতো মম ॥১৫॥
আশা বলবতী রাজন্! পুত্ত্রাণাং তেঽভবত্তদা।
হতে দ্রোণে চ ভীষ্মে চ সূতপুত্ত্রে চ পাতিতে।
শল্যঃ সর্ব্বান্ রণে পার্থান্ নিহনিষ্যতি মারিষ! ॥১৬॥
তামাশাং হৃদয়ে কৃত্বা সমাশ্বস্য চ ভারত!।
মদ্ররাজঞ্চ সমরে সমাশ্রিত্য মহারথম্।
নাথবন্তং তদাত্মানমমন্যত সুতস্তব ॥১৭॥

ভারতকৌমুদী

কথমিতি। ধর্ম্মরাজেন যুধিষ্ঠিরেণ। দুর্য্যোধনো হত ইত্যনুষঙ্গঃ ॥১৪॥

ক্ষয়মিতি। নগা গজাঃ। শংসতো ব্রুবতঃ ॥১৫॥

আশেতি। রাজন্ রাজেত্যাহ হত ইতি। সূতপুত্ত্রে কর্ণে। পার্থান্ পাণ্ডবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তামিতি। নাথবন্তং রক্ষকশালিনম্। সুতস্তে দুর্য্যোধনঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভীষ্ম, দ্রোণ ও কর্ণের বধ আমি শুনিয়াছি; এখন তুমি শল্য ও আমার পুত্র দুর্য্যোধনের বধ পুনরায় আমার নিকট বল ॥১৩॥

সঞ্জয়! যুধিষ্ঠির যুদ্ধে কিভাবে শল্যকে বধ করিলেন? ভীমই বা আমার পুত্র মহাবাহু দুর্য্যোধনকে কিপ্রকারে বিনাশ করিলেন?' ॥১৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আমি সংগ্রাম বলিতেছি; আপনি স্থির হইয়া হস্তী, অশ্ব ও মনুষ্যের বিনাশ শ্রবণ করুন ॥১৫॥

মাননীয় রাজা! তৎকালে আপনার পুত্রগণের এইরূপ প্রবল আশা হইয়াছিল যে, ভীষ্ম, দ্রোণ ও কর্ণ নিহত হইলে, শল্য যুদ্ধে সমস্ত পাণ্ডবকে বধ করিবেন ॥১৬॥

ভরতনন্দন! আপনার পুত্র দুর্য্যোধন তখন সেই আশা মনে রাখিয়া আশ্বস্ত থাকিয়া এবং যুদ্ধে মহারথ শল্যকে অবলম্বন করিয়া আপনাকে রক্ষকসম্পন্ন বলিয়া মনে করিতে লাগিলেন ॥১৭॥

---

(১৪)···ভীমসেনেন বলিনা ··পি বা সো। (১৬)···হতে ভীষ্মে হতে দ্রোণে সূতপুত্রে নিপাতিতে···পি।

যদা কর্ণে হতে পার্থাঃ সিংহনাদং প্রচক্রিরে।
তদা রাজন্! ধার্ত্তরাষ্ট্রান্ প্রবিবেশ মহদ্ভয়ম্ ॥১৮॥
তান্ সমাশ্বাস্য তু তদা মদ্ররাজঃ প্রতাপবান্।
ব্যূহ্য ব্যূহং মহারাজ! সর্বতোভদ্রমৃদ্ধিমৎ ॥১৯॥
প্রত্যুদ্যযৌ রণে পার্থান্ মদ্ররাজঃ প্রতাপবান্।
বিধুন্বন্ কার্ম্মুকং চিত্রং ভারঘ্নং বেগবত্তরম্ ॥২০॥ (যুগ্মকম্)
রথপ্রবরমাস্থায় সৈন্ধবাশ্বং মহারথঃ।
তস্য সূতো মহারাজ! রথস্থোঽশোভয়দ্রথম্ ॥২১॥
স তেন সংবৃতো বীরো রথেনামিত্রকর্শনঃ।
তস্থৌ শূরো মহারাজ! পুত্রাণাং তে ভয়প্রণুৎ ॥২২॥
প্রয়াণে মদ্ররাজোঽভূন্মুখং ব্যূহস্য দংশিতঃ।
মদ্রকৈঃ সহিতো বীরৈঃ কর্ণপুত্রৈশ্চ দুর্জ্জয়ৈঃ ॥২৩॥

ভারতকৌমুদী

যদেতি। তদ্ভয়মিদানীমপি স্থিতমিতি ভাবঃ ॥১৮॥

তানিতি। ব্যূহ্য বিধায়। সর্বতোভদ্রং নাম, ঋদ্ধিমৎ চতুরঙ্গবলসম্পন্নম্। ক্লীবত্বমার্ষম্। বিধুন্বন্ চালয়ন্। ভারং বিপক্ষাক্রমণং হন্তীতি তৎ, বেগবত্তরং বাণানাং মহাবেগজনকম্ ॥১৯—২০॥

রথেতি। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়া অশ্বা যস্য তম্। তস্য সূতঃ সারথিশ্চ ॥২১॥

স ইতি। রথেন রথসমূহেন। শূরঃ শল্যঃ। ভয়ং প্রণুদতি দূরীকরোতীতি সঃ ॥২২॥

রাজা! কর্ণ নিহত হইলে পাণ্ডবেরা যখন সিংহনাদ করিয়াছিলেন, তখন ধার্ত্তরাষ্ট্রগণের মনে মহাভয় প্রবেশ করিয়াছিল ॥১৮॥

মহারাজ! সুতরাং প্রতাপশালী শল্য ধার্ত্তরাষ্ট্রগণকে আশ্বস্ত করিয়া 'সর্বতোভদ্র-'নামক চতুরঙ্গবলসম্পন্ন ব্যূহ রচনাপূর্ব্বক ভারনাশক ও বাণের গুরুতরবেগজনক বিচিত্র ধনু সঞ্চালন করিতে থাকিয়া যুদ্ধে পাণ্ডবগণের দিকে যাইতে লাগিলেন ॥১৯—২০॥

মহারাজ! যাহাতে সিন্ধুদেশীয় চারিটী অশ্ব যোজিত ছিল, সেই উত্তম রথে আরোহণ করিয়া মহারথ শল্য এবং রথারূঢ় তাঁহার সারথি রথখানির শোভা উৎপাদন করিলেন ॥২১॥

মহারাজ! আপনার পুত্রগণের ভয়নাশক ও শত্রুহন্তা বীর শল্য সেই রথসমূহে পরিবেষ্টিত হইয়া কিছু কাল অবস্থান করিলেন ॥২২॥

---

(২০) প্রত্যুদ্যাতঃ…পি। (২১)…সীতা·মহারাজ! ধ্বজস্থাস্রোঽভজদ্রথম্—পি।

সব্যেঽভূৎ কৃতবর্ম্মা চ ত্রিগর্ত্তৈঃ পরিবারিতঃ।
গৌতমো দক্ষিণে পার্শ্বে শকৈশ্চ যবনৈঃ সহ ॥২৪॥
অশ্বত্থামা পৃষ্ঠতোঽভূৎ কাম্বোজৈঃ পরিবারিতঃ।
দুর্য্যোধনোঽভবন্মধ্যে রক্ষিতঃ কুরুপুঙ্গবৈঃ ॥২৫॥
রথানীকেন মহতা সৌবলশ্চাপি সংবৃতঃ।
প্রযযৌ সর্বসৈন্যেন কৈতব্যশ্চ মহারথঃ ॥২৬॥
পাণ্ডবাশ্চ মহেষ্বাসা ব্যূহ্য সৈন্যমরিন্দমাঃ।
দ্বিধা ভূতা মহারাজ! তব সৈন্যমুপাদ্রবন্ ॥২৭॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ সাত্যকিশ্চ মহারথঃ।
শল্যস্য বাহিনীং হন্তুমভিদুদ্রুবুরাহবে ॥২৮॥

ভারতকৌমুদী

প্রয়াণ ইতি। মুখং সম্মুখবর্ত্তী, দংশিতঃ সন্নদ্ধঃ। মদ্রকৈর্মদ্রদেশীয়ৈঃ ॥২৩॥
সব্য ইতি। সব্যে বামে। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। গৌতমো গৌতমগোত্রঃ কৃপঃ ॥২৪॥
অশ্বেতি। পৃষ্ঠতঃ ব্যূহস্য পৃষ্ঠে স্থিত ইতি শেষঃ ॥২৫॥
রথেতি। সৌবলঃ সুবলপুত্রঃ শকুনিঃ। কৈতব্যঃ শঠঃ ॥২৬॥
পাণ্ডবা ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥২৭॥
ধৃষ্টেতি। বাহিনীং সেনাম্, অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ ॥২৮॥

পরে অগ্রসর হইবার সময়ে যুদ্ধসজ্জায় সজ্জিত শল্য—মদ্রদেশীয় বীরগণ এবং দুর্জ্জয় কর্ণপুত্রগণের সহিত মিলিত হইয়া ব্যূহের সম্মুখবর্ত্তী হইলেন ॥২৩॥

কৃতবর্ম্মা ত্রিগর্ত্তসৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের বাম দিকে থাকিলেন এবং কৃপাচার্য্য শক ও যবনসৈন্যের সহিত ব্যূহের দক্ষিণপার্শ্বে রহিলেন ॥২৪॥

অশ্বত্থামা কাম্বোজসৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের পৃষ্ঠদেশে থাকিলেন এবং দুর্য্যোধন কুরুশ্রেষ্ঠগণে রক্ষিত হইয়া ব্যূহের মধ্যস্থানে রহিলেন ॥২৫॥

শঠ অথচ মহারথ শকুনিও বিশাল রথিসৈন্যে এবং অন্যসর্ব্বপ্রকার সৈন্যে পরিবৃত হইয়া গমন করিতে লাগিলেন ॥২৬॥

মহারাজ! ওদিকে মহাধনুর্দ্ধর ও শত্রুদমনকারী পাণ্ডবেরাও আপন সৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া দুই ভাগে বিভক্ত হইয়া আপনার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২৭॥

---

(২৬) হয়ানীকেন···পি বা সো। (২৭) পাণ্ডবাপি···সৈন্যমনিন্দিতাঃ। ত্রিধা ভূতাঃ··· পি।

ততো যুধিষ্ঠিরো রাজা স্বেনানীকেন সংবৃতঃ।
শল্যমেবাভিদুদ্রাব জিঘাংসুর্ভরতর্ষভঃ ॥২৯॥
হার্দ্দিক্যঞ্চ মহেষ্বাসমর্জ্জুনঃ শত্রুপূগহা।
সংশপ্তকগণাংশ্চৈব বেগিতোঽভিবিদুদ্রুবে ॥৩০॥
গৌতমং ভীমসেনো বৈ সোমকাশ্চ মহারথাঃ।
অভ্যদ্রবন্ত রাজেন্দ্র! জিঘাংসন্তঃ পরান্ যুধি ॥৩১॥
মাদ্রীপুত্রৌ তু শকুনিমুলূকঞ্চ মহারথম্।
সসৈন্যৌ সহসৈন্যৌ তাবুপতস্থতুরাহবে ॥৩২॥
তথৈবাযুতশো যোধাস্তাবকাঃ পাণ্ডবান্ রণে।
অভ্যবর্ত্তন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। স্বেন নিজেন, অনীকেন সৈন্যেন। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥২৯॥
হার্দ্দিক্যমিতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্। শত্রুপূগহা শত্রুসমূহহন্তা ॥৩০॥
গৌতমমিতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥৩১॥
মাদ্রীতি। উলূকং নাম শকুনেরেব পুত্রম্। সহসৈন্যৌ শকুন্যুলূকৌ ॥৩২॥
তথেতি। বিবিধানি আয়ুধানি পাণিষু যেষাং তে ॥৩৩॥

মহারথ ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী ও সাত্যকি যুদ্ধে শল্যের সৈন্য সংহার করিবার জন্য ধাবিত হইলেন ॥২৮॥

তাহার পর ভরতবংশশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া বধ করিবার ইচ্ছা করিয়া শল্যের দিকেই বেগে যাইতে লাগিলেন ॥২৯॥

শত্রুসমূহহন্তা অর্জ্জুন—মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা ও সংশপ্তকসৈন্যগণের প্রতি দ্রুত গমন করিতে থাকিলেন ॥৩০॥

রাজশ্রেষ্ঠ! ভীমসেন ও সোমক মহারথেরা যুদ্ধে শত্রুগণকে বধ করিবার ইচ্ছা করিয়া কৃপাচার্য্যের দিকে চলিলেন ॥৩১॥

নকুল ও সহদেব সৈন্যগণের সহিত মিলিত হইয়া সৈন্যপরিবেষ্টিত মহারথ শকুনি ও উলূকের নিকট যাইয়া উপস্থিত হইলেন ॥৩২॥

মহারাজ! সেইরূপই আপনার পক্ষের অযুত অযুত যোদ্ধা ক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র ধারণ করিয়া যুদ্ধে পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥৩৩॥

(২৯)…স্বেনানীকেন ভারত!…ভরতর্ষভ!—পি। (৩২)…সসৈন্যৌ তু মহাত্মানৌ…পি

ধৃতরাষ্ট্র উবাচ।

হতে ভীষ্মে মহেষ্বাসে দ্রোণে কর্ণে জয়দ্রথে।
কুরুষল্পাবশিষ্টেষু পাণ্ডবেষু চ সংযুগে ॥৩৪॥
সংরব্ধেষু চ পার্থেষু পরাক্রান্তেষু সঞ্জয়!।
মামকানাং পরেষাঞ্চ কিং শিষ্টমভবদ্বলম্ ॥৩৫॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

যথা বয়ং পরে রাজন্! যুদ্ধায় সমুপস্থিতাঃ।
যাবচ্চাসীদ্বলং শিষ্টং সংগ্রামে তন্নিবোধ মে ॥৩৬॥
একাদশ সহস্রাণি রথানাং ভরতর্ষভ!।
দশ দন্তিসহস্রাণি সপ্ত চৈব শতানি চ ॥৩৭॥
পূর্ণে শতসহস্রে দ্বে হয়ানাং তত্র ভারত!।
পত্তিকোট্যস্তথা তিস্রো বলমেতত্তদাভবৎ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

হত ইতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। সংরব্ধেষু ক্রুদ্ধেষু। শিষ্টমবশিষ্টম্ ॥৩৪—৩৫॥
যথেতি। বয়ং পরে চ। শিষ্টমবশিষ্টম্। নিবোধ শৃণু ॥৩৬॥
একেতি। সপ্ত শতানি দন্তিনামেব সান্নিধ্যাৎ। অভবদবশিষ্টমাসীৎ ॥৩৭—৩৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! মহাধনুর্দ্ধর ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও জয়দ্রথ যুদ্ধে নিহত হইলে, কৌরব ও পাণ্ডব দুই পক্ষই অল্প অবশিষ্ট থাকিলে এবং পরাক্রমশালী পাণ্ডবেরা ক্রুদ্ধ হইয়া আসিলে, তৎকালে আমার পক্ষ ও পাণ্ডবপক্ষের সৈন্য কত অবশিষ্ট ছিল? ॥৩৪—৩৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আমরা এবং বিপক্ষেরা যেভাবে যুদ্ধে উপস্থিত হইয়াছিলাম, আর সেই সময়ে উভয়পক্ষের যত সৈন্য অবশিষ্ট ছিল, তাহা আমার নিকট শ্রবণ করুন ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! তখন একাদশ সহস্র রথী, দশ সহস্র ও সপ্ত শত গজারোহী, পূর্ণ দুই লক্ষ অশ্বারোহী এবং তিন কোটি পদাতি এই সৈন্য আপনার পক্ষে অবশিষ্ট ছিল ॥৩৭—৩৮॥

(৩৪) ·কর্ণে মহারথে পি বা সো। (৩৫) সুসংরব্ধেষু পার্থেষু ·পি বা সো,·· অভবত্তদা—পি। (৩৬) যুদ্ধায় সমবস্থিতাঃ পি বা সো। (৩৮)···রথ কোট্যস্তথা তিস্রঃ পি বা সো।

রথানাং ষট্‌সহস্রাণি ষট্‌সহস্রাশ্চ কুঞ্জরাঃ।
দশ চাশ্বসহস্রাণি পত্তিকোটী চ ভারত ! ॥৩৯॥
এতদ্বলং পাণ্ডবানামভবচ্ছেষমাহবে।
এত এব সমাজগ্মুর্যুদ্ধায় ভরতর্ষভ ! ॥৪০॥ (যুগ্মকম্)
এবং বিভজ্য রাজেন্দ্র ! মদ্ররাজমতে স্থিতাঃ।
পাণ্ডবান্ প্রত্যুদীয়াম জয়গৃদ্ধাঃ প্রমন্যবঃ ॥৪১॥
তথৈব পাণ্ডবাঃ শূরাঃ সমরে জিতকাশিনঃ।
উপযাতা নরব্যাঘ্রাঃ পাঞ্চালাশ্চ যশস্বিনঃ ॥৪২॥
এবমেতে বলৌঘেন পরস্পরবধৈষিণঃ।
উপযাতা নরব্যাঘ্রাঃ পূর্বাং সন্ধ্যাং প্রতি প্রভো ! ॥৪৩॥

ভারতকৌমুদী

রথানামিতি। পত্তিকোটী দ্বে পদাতিকোটী। শেষমবশিষ্টম্। নমু কুরুপক্ষে একাদশাক্ষৌহিণ্যঃ পাণ্ডবপক্ষে চ সপ্তেতি মিলিত্বা পক্ষদ্বয়ে অষ্টাদশাক্ষৌহিণ্যঃ সৈন্যান্যাসন্নিতি প্রাগ্‌বহুশ উক্তম্, ইদানীমিয়ৎসংখ্যকসৈন্যাবশেষে ততোঽতিবাহুল্যেনৈবাবশেষাম্মহান্ বিরোধ ইতি চেৎ সত্যম্, তাবৎসংখ্যকৈর্যুদ্ধমারব্ধং পরঞ্চ বহব আগতা ইতীয়ান্ শেষঃ সম্ভবতীতি দিক্ ॥৩৯—৪০॥

এবমিতি। এবমনেন পূর্বোক্তপ্রকারেণ বামদক্ষিণাদ্যবস্থাপনেন, বিভজ্য সৈন্যং বিভক্তীকৃত্য। উদীয়াম আগচ্ছাম, জয়গৃদ্ধা জয়াভিলাষিণঃ, প্রমন্যবঃ প্রকৃষ্টক্রোধাঃ ॥৪১॥

তথেতি। জিতমিতি ভাবে ক্তঃ। ততো জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে ॥৪২॥

এবমিতি। পূর্বাং সন্ধ্যাং প্রতি প্রভাতকালে ॥৪৩॥

ভারতভাবদীপঃ

ব্যতীতায়ামিতি ॥১—৩৮॥ পত্তিকোটী ইতি দ্বিবচনম্ ॥৩৯—৪৪॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

আর, ভরতনন্দন ! ষট্‌সহস্র রথী, ষট্‌সহস্র গজারোহী, দশ সহস্র অশ্বারোহী এবং দুই কোটি পদাতি এই পরিমাণ সৈন্য পাণ্ডবপক্ষে অবশিষ্ট ছিল। ভরতশ্রেষ্ঠ ! ইঁহারাই তৎকালে রণস্থলে যুদ্ধের জন্য উপস্থিত হইয়াছিল ॥৩৯—৪০॥

রাজশ্রেষ্ঠ ! আমরা মদ্ররাজ শল্যের মতে থাকিয়া এইভাবে সৈন্য বিভক্ত করিয়া জয়াভিলাষী ও গুরুতর ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলাম ॥৪১॥

আবার বীর, বিজয়শোভী, নরশ্রেষ্ঠ ও যশস্বী পাণ্ডব এবং পাঞ্চালেরাও সেই ভাবেই যুদ্ধে উপস্থিত হইলেন ॥৪২॥

---

(৪৩)···উপযাতা নরব্যাঘ্রাঃ···পি।

ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্।
তাবকানাং পরেষাঞ্চ নিঘ্নতামিতরেতরম্ ॥৪৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে ব্যূহনির্ম্মাণে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥ *

—— :*: ——

সপ্তমোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

ততঃ প্রববৃতে যুদ্ধং কুরূণাং ভয়বর্দ্ধনম্।
সৃঞ্জয়ৈঃ সহ রাজেন্দ্র! ঘোরং দেবাসুরোপমম্ ॥১॥
নরা রথা গজৌঘাশ্চ সাদিনশ্চ সহস্রশঃ।
বাজিনশ্চ পরাক্রান্তাঃ সমাজগ্মুঃ পরস্পরম্ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। ঘোররূপং ভীষণাকৃতি। অতএব ভয়ানকং সর্ব্বেষামেব ভয়জনকম্ ॥৪৪॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তত ইতি। সৃঞ্জয়ৈঃ সহ কুরূণাং যুদ্ধং প্রববৃতে ইতি সম্বন্ধঃ ॥১॥
নরা ইতি। নরাঃ পদাতয়ঃ। সাদিনো গজাশ্বারোহিণঃ। সমাজগ্মুর্মিলিতাঃ ॥২॥

রাজা! এইভাবে প্রভাতকালে উভয়পক্ষের এই নরশ্রেষ্ঠগণ পরস্পরবধাভিলাষী হইয়া সৈন্যসমূহের সহিত উপস্থিত হইলেন ॥৪৩॥

তাহার পর আপনার পক্ষ ও বিপক্ষেরা পরস্পর আঘাত করিতে আরম্ভ করিলে, ভীষণ যুদ্ধ লাগিয়া গেল ॥৪৪॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! তাহার পর সৃঞ্জয়গণের সহিত কৌরবগণের যুদ্ধারম্ভ হইল; সে যুদ্ধ দেবাসুরযুদ্ধের ন্যায় ভীষণ হইতেছিল বলিয়া সকলেরই ভয়বৃদ্ধি করিতে লাগিল ॥১॥

---

* '...সপ্তমোঽধ্যায়ঃ' নি, '...অষ্টমোঽধ্যায়ঃ' নি বা রো।

গজানাং ভীমরূপাণাং দ্রবতাং নিস্বনো মহান্।
অশ্রূয়ত যথা কালে জলদানাং নভস্তলে ॥৩॥
নাগৈরভ্যাহতাঃ কেচিৎ সরথা রথিনোঽপতন্।
ব্যদ্রবন্ত রণে ভীতা দ্রাব্যমাণা মদোৎকটৈঃ ॥৪॥
হয়ৌঘান্ পাদরক্ষাংশ্চ রথিনস্তত্র শিক্ষিতাঃ।
শরৈঃ সংপ্রেষয়ামাসুঃ পরলোকায় ভারত! ॥৫॥
সাদিনঃ শিক্ষিতা রাজন্! পরিবার্য্য মহারথান্।
বিচরন্তো রণেঽভ্যঘ্নন্ প্রাসশক্ত্যৃষ্টিভিস্তথা ॥৬॥
ধন্বিনঃ পুরুষাঃ কেচিৎ পরিবার্য্য মহারথান্।
একং বহব আসাদ্য প্রৈষয়ন্ যমসাদনম্ ॥৭॥

ভারতকৌমুদী

গজানামিতি। দ্রবতাং প্রহারায় ধাবতাম্। কালে বর্ষাসু, জলদানাং মেঘানাম্ ॥৩॥
নাগৈরিতি। নাগৈর্গজৈঃ। ব্যদ্রবন্ত পলায়ন্ত। দ্রাব্যমাণাঃ পীড্যমানাঃ ॥৪॥
হয়েতি। পাদরক্ষান্ গজানাং পাদরক্ষকান্। শিক্ষিতা যুদ্ধেষু ॥৫॥
সাদিন ইতি। সাদিনো গজাশ্বারোহিণঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬॥
ধন্বিন ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। আসাদ্য আক্রম্য, প্রৈষয়ন্ প্রেষিতবন্তঃ ॥৭॥

পরাক্রমশালী সহস্র সহস্র পদাতি, রথী, গজারোহী ও অশ্বারোহী পরস্পর মিলিত হইল ॥২॥

বর্ষাকালে আকাশে মেঘের যেমন বিশাল শব্দ শুনা যায়, তেমন ধাবিত ভীষণমূর্ত্তি হস্তিগণের বিশাল শব্দ শুনা যাইতে লাগিল ॥৩॥

হস্তিগণ আঘাত করিলে, কতকগুলি রথী রথের সহিত পতিত হইল এবং মদমত্ত হস্তীরা প্রহার করিলে, অনেক রথী ভীত হইয়া পলায়ন করিতে থাকিল ॥৪॥

ভরতনন্দন! তখন শিক্ষিত রথীরা বাণদ্বারা অশ্বসমূহ ও পাদরক্ষকগণকে পরলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥৫॥

রাজা! শিক্ষিত গজারোহী ও অশ্বারোহীরা রণস্থলে বিচরণ করিতে করিতে বিশাল রথগুলিকে পরিবেষ্টন করিয়া প্রাস, শক্তি ও ঋষ্টিদ্বারা আঘাত করিতে থাকিল ॥৬॥

কতকগুলি ধনুর্দ্ধর লোক মহারথগণকে পরিবেষ্টন করিয়া বহুব্যক্তি এক এক জনকে আক্রমণপূর্ব্বক তাহাকে তাহাকে যমালয়ে পাঠাইতে লাগিল ॥৭॥

(৪)…ব্যদ্রবন্ত রণে বীরাঃ…পি বা সো। (৫)·রথিনস্তু সুশিক্ষিতাঃ…পি। (৭)…প্রেষয়েযুর্যমক্ষয়ম্—পি বা সো।

নাগান্ রথবরাংশ্চান্যে পরিবার্য্য মহারথাঃ।
সোত্তরা যুধি নির্জঘ্নুর্দ্রবমাণং মহারথম্ ॥৮॥
তথা চ রথিনং ক্রুদ্ধং বিকিরন্তং শরান্ বহূন্।
নাগা জঘ্নুর্মহারাজ! পরিবার্য্য সমন্ততঃ ॥৯॥
নাগা নাগমভিদ্রুত্য রথী চ রথিনং রণে।
শক্তিতোমরনারাচৈর্নিজঘ্নুস্তত্র ভারত! ॥১০॥
পাদাতানবমৃদ্নন্তো রথবারণবাজিনঃ।
রণমধ্যে ব্যদৃশ্যন্ত কুর্বন্তো মহদাকুলম্ ॥১১॥
হয়াশ্চ পর্য্যধাবন্ত চামরৈরুপশোভিতাঃ।
হংসা হিমবতঃ প্রস্থে পিবন্ত ইব মেদিনীম্ ॥১২॥
তেষান্তু বাজিনাং ভূমিঃ খুরৈশ্চিত্রা বিশাংপতে!।
অশোভত যথা নারী করজৈঃ ক্ষতবিক্ষতা ॥১৩॥

ভারতকৌমুদী

নাগানিতি। নাগান্ গজান্। উত্তরৈরগ্রগামিভিঃ সৈন্যৈঃ সহেতি সোত্তরাঃ ॥৮॥
তথেতি। বিকিরন্তং নিক্ষিপন্তম। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৯॥
নাগা ইতি। অভিদ্রুত্য দ্রুতমভিগম্য। তত্র তদানীম্ ॥১০॥
পাদাতানিতি। পাদাতান্ পদাতিসমূহান্। আকুলং রণস্থলম্ ॥১১॥
হয়া ইতি। চামরৈঃ শুভ্রকেশরৈঃ। প্রস্থে সানৌ সমতলভূমাবিতি যাবৎ ॥১২॥

আবার অন্য মহারথেরাও অগ্রবর্ত্তী যোদ্ধাদের সহিত মিলিত হইয়া হস্তী ও বিশাল রথগুলিকে পরিবেষ্টন করিয়া পলায়মান কোন মহারথকে বধ করিলেন ॥৮॥

মহারাজ! কোন রথী ক্রুদ্ধ হইয়া বহুতর বাণ ক্ষেপ করিতে লাগিলে, কতকগুলি হাতী আসিয়া সকল দিকে বেষ্টন করিয়া তাঁহাকে বধ করিল ॥৯॥

ভরতনন্দন! তখন গজারোহিগণ গজের দিকে এবং রথী রথীর দিকে বেগে যাইয়া শক্তি, তোমর ও নারাচদ্বারা আঘাত করিতে লাগিল ॥১০॥

ক্রমে দেখা গেল—হস্তী, অশ্ব ও রথ সকল রণমধ্যে পদাতিগণকে মর্দ্দন করিতে থাকিয়া রণস্থলকেই গুরুতর আকুল করিয়া তুলিয়াছে ॥১১॥

হংসগণ হিমালয়ের সমতল ভূমিতে ভূতলস্থিত পানীয় দ্রব্য পান করিতে থাকিয়া যেমন সকল দিকে ধাবিত হয়, সেইরূপ চামরশোভিত শুভ্রবর্ণ ঘোটকগণ সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥১২॥

(৮) ·সাস্তরায়ুধিনং জঘ্নুঃ ·পি ব, সান্তরা যুধি তং জঘ্নুঃ বা সো। (১১) পাদাতানথ হৃদন্তঃ···পি। (১৩)···খুরৈশ্চিন্না · সো।

বাজিনাং খুরশব্দেন রথনেমিস্বনেন চ।
পত্তীনাঞ্চাপি শব্দেন নাগানাং বৃংহিতেন চ ॥১৪॥
বাদিত্রাণাঞ্চ ঘোষেণ শঙ্খানাং নিনদেন চ।
অভবন্নাদিতা ভূমির্নির্ঘাতৈরিব ভারত ! ॥১৫॥ (যুগ্মকম্)
ধনুষাং কূজমানানাং শস্ত্রৌঘানাঞ্চ পাত্যতাম্।
কবচানাং প্রভাভিশ্চ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১৬॥
বহবো বাহবশ্ছিন্না নাগরাজকরোপমাঃ।
উদ্বেষ্টন্তে বিচেষ্টন্তে বেগং কুর্বন্তি দারুণম্ ॥১৭॥
শিরসাঞ্চ মহারাজ ! পততাং ধরণীতলে।
চ্যুতানামিব তালেভ্যঃ ফলানাং শ্রূয়তে স্বনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তেষামিতি। করজৈর্নায়কনখরৈঃ, ক্ষতবিক্ষতা স্তননিতম্বাদৌ ॥১৩॥
বাজিনামিতি। নেমিশ্চক্রপ্রান্তঃ। নির্ঘাতৈর্বাতাহতবাতপাতশব্দৈঃ ॥১৪—১৫॥
ধনুষামিতি। কূজমানানামব্যক্তং শব্দং কুর্বতাম্, পাত্যতাং পাত্যমানানাম্ ॥১৬॥
বহব ইতি। নাগরাজকরোপমা মহাহস্তিশুণ্ডাতুল্যাঃ। উদ্বেষ্টন্তে কিমপীব ॥১৭॥
শিরসামিতি। চ্যুতানাং পতিতানাম্, তালেভ্যো বৃক্ষেভ্যঃ ॥১৮॥

নরনাথ ! রণভূমি সেই অশ্বগণের খুরের আঘাতে বিচিত্র হইয়া নায়কের নখাঘাতে ক্ষত-বিক্ষত রমণীর ন্যায় শোভা পাইতে থাকিল ॥১৩॥

ভরতনন্দন ! অশ্বের খুরের শব্দ, রথচক্রের শব্দ, পদাতির কোলাহল, হস্তীর বৃংহিতধ্বনি, বাদ্যের শব্দ এবং শঙ্খের শব্দে নির্ঘাতশব্দদ্বারাই যেন সমরভূমি নিনাদিত হইতে লাগিল ॥১৪—১৫॥

ধনুর ও নিক্ষিপ্যমাণ অস্ত্রের অব্যক্ত শব্দে এবং বর্ম্মের দীপ্তিতে কিছুই শুনা বা দেখা গেল না ॥১৬॥

বিশাল হস্তিশুণ্ডের ন্যায় বহুতর বাহু ছিন্ন হইয়া কিছু যেন বেষ্টন করিতে লাগিল, ছট্‌ফট্ করিতে থাকিল এবং দারুণ বেগ করিতে লাগিল ॥১৭॥

মহারাজ ! তালবৃক্ষ হইতে তালফল পাতিত হইতে থাকিলে যেমন শব্দ শুনা যায়, মস্তকগুলি ভূতলে পতিত হইতে লাগিলে তেমন শব্দ শুনা যাইতে লাগিল ॥১৮॥

(১৫)…শঙ্খানাং নিস্বনেন চ…পি, বা গো। (১৬)…নিস্ত্রিংশানাঞ্চ দীপ্যতাম্…পি বা গো। (১৮)…পততাং বসুধাতলে…পি বা গো।

শিরোভিঃ পতিতৈর্ভাতি রুধিরার্দ্রৈর্বসুন্ধরা।
তপনীয়নিভৈঃ কালে নলিনৈরিব ভারত! ॥১৯॥
উদ্‌বৃত্তনয়নৈস্তৈস্তু গতসত্ত্বৈঃ সুবিক্ষতৈঃ।
ব্যভ্রাজত মহী রাজন্! পুণ্ডরীকৈরিবাবৃতা ॥২০॥
বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সকেয়ূরৈর্মহাধনৈঃ।
পতিতৈর্ভাতি বসুধা মহাশক্রধ্বজৈরিব ॥২১॥
ঊরুভিশ্চ নরেন্দ্রাণাং বিনিকৃত্তৈর্মহাহবে।
হস্তিহস্তোপমৈর্জজ্ঞে সংবৃতং তদ্রণাঙ্গনম্ ॥২২॥
কবন্ধশতসঙ্কীর্ণং ছত্রচামরসঙ্কুলম্।
সেনাবনং তচ্ছুশুভে বনং পুষ্পাচিতং যথা ॥২৩॥
তত্র যোধা মহারাজ! বিচরন্তো হ্যভীতবৎ।
দৃশ্যন্তে রুধিরাক্তাঙ্গাঃ পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

শিরোভিরিতি। তপনীয়নিভৈঃ স্বর্ণবর্ণৈঃ, নলিনৈঃ পদ্মৈঃ ॥১৯॥
উদিতি। উদ্‌বৃত্তনয়নৈরুত্তোলিতনেত্রৈঃ, গতসত্ত্বৈর্নির্গতপ্রাণৈঃ। পুণ্ডরীকৈঃ পদ্মৈঃ ॥২০॥
বাহুভিরিতি। চন্দনেন আদিগ্ধৈর্লিপ্তৈঃ, মহান্তি ধনানি ধনলভ্যানি ভূষণানি যেষু তৈঃ ॥২১॥
ঊরুভিরিতি। বিনিকৃত্তৈশ্ছিন্নৈঃ। হস্তিনাং হস্তোপমৈঃ শুণ্ডাতুল্যৈঃ ॥২২॥
কবন্ধেতি। সেনা বনমিবেতি সেনাবনম্। পুষ্পৈরাচিতং ব্যাপ্তম্ ॥২৩॥
তত্রেতি। পুষ্পিতাঃ সঞ্জাতপুষ্পাঃ, কিংশুকা বৃক্ষাঃ ॥২৪॥

ভরতনন্দন! স্বর্ণবর্ণ পদ্মের ন্যায় রক্তসিক্ত মস্তক সকল পতিত হওয়ায় রণভূমি অপূর্ব্ব শোভা ধারণ করিল ॥১৯॥

রাজা! উত্তোলিতনয়ন, প্রাণহীন ও অতিশয় ক্ষত-বিক্ষত পদ্মতুল্য মস্তক-গুলিদ্বারা আবৃত হইয়া সমরভূমি বিশেষ শোভা পাইতে লাগিল ॥২০॥

রাজশ্রেষ্ঠ! কেয়ূর ও অন্যান্য মহামূল্য ভূষণে ভূষিত, চন্দনলিপ্ত এবং বিশাল ইন্দ্রধ্বজের ন্যায় নিপতিত বাহুসমূহদ্বারাও রণভূমি শোভা পাইতে থাকিল ॥২১॥

মহাযুদ্ধে ছিন্ন হস্তিশুণ্ডতুল্য ক্ষত্রিয়গণের ঊরুসমূহদ্বারা সেই রণস্থল আবৃত হইয়া উঠিল ॥২২॥

শত শত কবন্ধে পরিপূর্ণ এবং ছত্র ও চামরে ব্যাপ্ত সেই সৈন্যবন—পুষ্পব্যাপ্ত বনের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥২৩॥

---

(২১)·· পতিতৈর্ভাতি রাজেন্দ্র! নি।

মাতঙ্গাশ্চাপ্যদৃশ্যন্ত শরতোমরপীড়িতাঃ।
পতন্তস্তত্র তত্রৈব ছিন্নাভ্রসদৃশা রণে ॥২৫॥
গজানীকং মহারাজ! বধ্যমানং মহারণে।
ব্যদীর্য্যত দিশঃ সর্বা বাতনুন্না ঘনা ইব ॥২৬॥
তে গজা মেঘসঙ্কাশাঃ পেতুরুর্ব্ব্যাং সমন্ততঃ।
বজ্ররুগ্ণা ইব বভুঃ পর্বতা যুগসংক্ষয়ে ॥২৭॥
হয়ানাং সাদিভিঃ সার্দ্ধং পতিতানাং মহীতলে।
রাশয়ঃ স্ম প্রদৃশ্যন্তে গিরিমাত্রাস্ততস্ততঃ ॥২৮॥
সংজজ্ঞে রণভূমৌ তু পরলোকবহা নদী।
শোণিতোদা রথাবর্ত্তা ধ্বজবৃক্ষাস্থিশর্করা ॥২৯॥
ভুজনক্রা ধনুঃস্রোতা হস্তিশৈলা হয়োপলা।
মেদোমজ্জাকর্দ্দমিনী ছত্রহংসা গদোড়ুপা ॥৩০॥

—

ভারতকৌমুদী

মাতঙ্গা ইতি। ছিন্নাভ্রসদৃশা বায়ুবিচ্ছিন্নমেঘতুল্যাঃ ॥২৫॥

গজেতি। ব্যদীর্য্যত বিদীর্ণং সদগচ্ছৎ। বাতনুন্না বায়ুচালিতাঃ, ঘনা মেঘাঃ ॥২৬॥

ত ইতি। মেঘসঙ্কাশা মেঘবদ্বিশালাঃ। বজ্রেণ রুগ্ণা ভগ্নাঃ ॥২৭॥

হয়ানামিতি। সাদিভিরারোহিভিঃ। গিরিমাত্রাঃ পর্বতপ্রমাণাঃ ॥২৮॥

সংজজ্ঞ ইতি। শোণিতান্যেব উদকানি যস্যাঃ সা, রথা এবাবর্ত্তা জলভ্রমযো যস্যাঃ সা, ধ্বজা এব বৃক্ষা যস্যাঃ সা, অস্থীন্যেব শর্করাঃ ক্ষুদ্রপ্রস্তরখণ্ডা যস্যাঃ সা। ভুজা এব নক্রাঃ

মহারাজ! তখন যোদ্ধারা রক্তাক্ত দেহে নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে লাগিলে, পুষ্পযুক্ত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় তাঁহাদিগকে দেখা যাইতে থাকিল ॥২৪॥

বিচ্ছিন্ন মেঘের তুল্য হস্তী সকল বাণ ও তোমরের আঘাতে পীড়িত হইয়া সেই সেই স্থানে পতিত হইতেছে দেখা গেল ॥২৫॥

মহারাজ! হস্তিগণ মহাযুদ্ধে আহত ও বিদীর্ণ হইতে থাকিয়া বায়ুচালিত মেঘের ন্যায় সকল দিকে ছুটাছুটি করিতে থাকিল ॥২৬॥

মেঘের তুল্য সেই হস্তী সকল ক্রমে প্রলয়কালে বজ্রভগ্ন পর্বতসমূহের ন্যায় সকল দিকে ভূতলে পতিত হইতে থাকিল ॥২৭॥

আরোহিগণের সহিত ভূতলপতিত অশ্বগণের পর্ব্বতপ্রমাণ রাশি সকল নানাস্থানে দেখা যাইতে লাগিল ॥২৮॥

(২৭)··· ঘনসঙ্কাশাঃ ·বজ্রনুন্নাঃ···নি। (২৮)··· রাশয়স্তত্র দৃশ্যন্তে···পি।

কবচোষ্ণীষসংছন্না পতাকারুচিরদ্রুমা।
চক্রচক্রাবলীজুষ্টা ত্রিবেণূরগসংবৃতা ॥৩১॥ (বিশেষকম্)
শূরাণাং হর্ষজননী ভীরূণাং ভয়বর্দ্ধিনী।
প্রাবর্ত্তত নদী রৌদ্রা কুরুসৃঞ্জয়সঙ্গমে ॥৩২॥
তাং নদীং পরলোকায় বহন্তীমতিভৈরবাম্।
তেরুর্বাহননৌভিস্তে শূরাঃ পরিঘবাহবঃ ॥৩৩॥
বর্ত্তমানে তদা যুদ্ধে নির্ম্মর্য্যাদে বিশাংপতে।।
চতুরঙ্গক্ষয়ে ঘোরে যুদ্ধে দেবাসুরোপমে ॥৩৪॥
ব্যাক্রোশন্ বান্ধবানন্যে তত্র তত্র পরন্তপ।।
ক্রোশদ্ভির্বান্ধবৈশ্চান্যে ভয়ার্ত্তা নিববর্ত্তিরে ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কুম্ভীরা যস্যাঃ সা, ধনূংষ্যেব স্রোতাংসি যস্যাঃ সা, হস্তিন এব শৈলা যস্যাঃ সা, হয়া অশ্বা এব উপলাঃ প্রস্তরা যস্যাঃ সা, মেদোমজ্জা এব কর্দ্দমা অস্যাঃ সন্তীতি সা, ছত্রাণ্যেব হংসা যস্যাঃ সা, গদা এব উড়ুপানি ক্ষুদ্রনৌকা যস্যাঃ সা, কবচানি উষ্ণীষাণি চ তৈঃ সংছন্না, পতাকা এব রুচিরা দ্রুমা যস্যাঃ সা, চক্রাণ্যেব চক্রাঃ চক্রবাকাঃ পক্ষিণস্তেষামাবল্যা শ্রেণ্যা জুষ্টা সেবিতা, তথা ত্রিবেণবো রথস্থযুদ্ধদণ্ডবিশেষা এব উরগাঃ সর্পাস্তৈঃ সংবৃতা ॥২৯—৩১॥

শূরাণামিতি। কুরুসৃঞ্জয়ানাং সঙ্গমে যুদ্ধে মেলনে ॥৩২॥

তামিতি। তেরুঃ অতিচক্রমুঃ, বাহনান্যেব নাবস্তরণ্যস্তাভিঃ, পরিঘা ইব বাহবো যেষাং তে ॥৩৩॥

ক্রমে পরলোকবাহিনী একটা নদী সমরভূমিতে উৎপন্ন হইল। রক্ত ছিল—তাহার জল, রথ ছিল—আবর্ত্ত (ঘোলা), ধ্বজ ছিল—বৃক্ষ, অস্থি ছিল—কাঁকর, বাহু ছিল—কুম্ভীর, ধনু ছিল—স্রোত, হস্তী ছিল—পর্ব্বত, অশ্ব ছিল—প্রস্তর, মেদ ও মজ্জা ছিল—কর্দ্দম, ছত্র ছিল—হংস, গদা ছিল—ভেলা, পতাকা ছিল—সুন্দর বৃক্ষ, রথ ও শকটের চক্র ছিল—চক্রবাকপক্ষী, ত্রিবেণু ছিল—সর্প এবং কবচ ও উষ্ণীষে সে নদী আবৃত ছিল ॥২৯—৩১॥

বীরগণের আনন্দকারিণী এবং ভীরুজনের ভয়বর্দ্ধিনী সেই ভীষণ রক্তনদী কৌরব ও সৃঞ্জয়গণের যুদ্ধসম্মেলনে উৎপন্ন হইয়াছিল ॥৩২॥

পরিঘতুল্যবাহুযুক্ত সেই বীরেরা বাহনরূপ নৌকাদ্বারা পরলোকবাহিনী অতিভীষণা সেই নদী উত্তীর্ণ হইতে লাগিলেন ॥৩৩॥

(৩১) কবচোষ্ণীষসম্পাঢ্যা—পি, কবচোষ্ণীষসম্পন্না—সো। (৩৩) তাং নদীং পিতৃলোকায়—পি বা সো। (৩৫) ক্রোশদ্ভির্দয়িতৈরন্যে ভয়ার্ত্তা ন নিবর্ত্তিরে—নি।

নির্ম্মর্য্যাদে তথা যুদ্ধে বর্ত্তমানে ভয়ানকে।
অর্জ্জুনো ভীমসেনশ্চ মোহয়াঞ্চক্রতুঃ পরান্ ॥৩৬॥
সা বধ্যমানা মহতী সেনা তব নরাধিপ!।
অমুহ্যত্তত্র তত্রৈব যোষিন্মদবশাদিব ॥৩৭॥
মোহয়িত্বা চ তাং সেনাং ভীমসেনধনঞ্জয়ৌ।
দধ্মতুর্বারিজৌ তত্র সিংহনাদাংশ্চ চক্রতুঃ ॥৩৮॥
শ্রুত্বৈব তু মহাশব্দং ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
ধর্ম্মরাজং পুরস্কৃত্য মদ্ররাজমভিদ্রুতৌ ॥৩৯॥
তত্রাশ্চর্য্যমপশ্যাম ঘোররূপং মহত্তরম্।
শল্যেন সঙ্গতাঃ শূরা যদযুধ্যন্ত ভাগশঃ ॥৪০॥

ভারতকৌমুদী

বর্ত্তেতি। নির্ম্মর্য্যাদে নিয়মশূন্যে। চতুর্ণামঙ্গানাং হস্ত্যশ্বরথপদাতীনাং ক্ষয়ো যস্মিন্ তত্র। ব্যাক্রোশন উচ্চৈরাহ্বয়ন্। ক্রোশদ্ভিরাহ্বয়দ্ভিঃ। নিববর্ত্তিরে যুদ্ধান্নিবর্ত্তিতাঃ। সকর্ম্মকত্বমার্ষম্ ॥৩৪—৩৫॥

নিরিতি। মোহয়াঞ্চক্রতুঃ অনবরতসংহারেণেতি ভাবঃ ॥৩৬॥

সেতি। যোষিন্নারী, মদবশাৎ মদ্যপানাদিনিবন্ধনমত্ততাবশাৎ ॥৩৭॥

মোহয়িত্বেতি। তাং কৌরবীম্। দধ্মতুর্বাদয়ামাসতুঃ, বারিজৌ শঙ্খৌ ॥৩৮॥

শ্রুত্বেতি। অভিদ্রুতৌ দ্রুতমভিগতৌ, জয়ানুমানেন জয়াভিলাষাদিত্যাশয়ঃ ॥৩৯॥

শত্রুসন্তাপক নরনাথ! হস্তী, অশ্ব, রথ ও পদাতিনাশক, দেবাসুরযুদ্ধের তুল্য ভীষণ ও নিয়ম শূন্য সেইরূপ যুদ্ধ চলিতে লাগিলে, নানাস্থানে অনেকে বান্ধবগণকে ডাকিতে লাগিল এবং বান্ধবেরা ডাকিতে থাকিয়া অন্য ভয়ার্ত্ত বন্ধুবর্গকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিল ॥৩৪—৩৫॥

নিয়মশূন্য সেইরূপ ভয়ানক যুদ্ধ চলিতে লাগিলে, ভীম ও অর্জ্জুন অনবরত সংহার করিতে থাকিয়া বিপক্ষগণকে মোহিত করিয়া ফেলিলেন ॥৩৬॥

নরনাথ! ভীম ও অর্জ্জুন বধ করিতে লাগিলে, আপনার বিশাল সেনা— মত্ততাবশতঃ নারীর ন্যায় সেই সেই স্থানে মুগ্ধ হইয়া পড়িল ॥৩৭॥

ভীম ও অর্জ্জুন কৌরবসৈন্যকে মোহিত করিয়া শঙ্খধ্বনি ও সিংহনাদ করিতে লাগিলেন ॥৩৮॥

তাঁহাদের সেই বিশাল শব্দ শুনিয়াই ধৃষ্টদ্যুম্ন ও শিখণ্ডী যুধিষ্ঠিরকে অগ্রবর্ত্তী করিয়া শল্যের দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

---

(৩৭)…সেনা তব নরাধিপ। পি বা সো। (৩৮)…সিংহনাদাংশ্চ নেদতুঃ—পি বা সো। (৪০)…ঘোররূপং বিশাংপতে।—পি বা সো।

মাদ্রীপুত্রৌ তু রভসৌ কৃতাস্ত্রৌ যুদ্ধদুর্ম্মদৌ।
অভ্যয়াতাং ত্বরাযুক্তৌ জিগীষন্তৌ বলং তব ॥৪১॥
ততো ন্যবর্ত্তত বলং তাবকং ভরতর্ষভ!।
শরৈঃ প্রণুন্নং বহুধা পাণ্ডবৈর্জ্জিতকাশিভিঃ ॥৪২॥
বধ্যমানা চমূঃ সা তু পুত্রাণাং প্রেক্ষতাং তব।
ভেজে দশ দিশো রাজন্! প্রণুন্না শরবৃষ্টিভিঃ ॥৪৩॥
হাহাকারো মহান্ জজ্ঞে যোধানাং তব ভারত!।
তিষ্ঠ তিষ্ঠেতি চাপ্যাসীৎ পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥৪৪॥
ক্ষত্রিয়াণাং তদান্যোন্যং সংযুগে জয়মিচ্ছতাম্।
প্রাদ্রবন্নেব ভগ্নাস্তে পাণ্ডবৈস্তব সৈনিকাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। সঙ্গতা মিলিতাঃ। ভাগশঃ অংশে অংশে ॥৪০॥
মাদ্রীতি। রভসৌ বেগবন্তৌ, কৃতাস্ত্রৌ শিক্ষিতসর্বাস্ত্রৌ, জিগীষন্তৌ জেতুমিচ্ছন্তৌ ॥৪১॥
তত ইতি। প্রণুন্নং নিপীড়িতম্। জিতকাশিভিঃ পূর্ববদ্ব্যাখ্যানাদ্বিজয়শোভিভিঃ ॥৪২॥
বধ্যেতি। প্রেক্ষতাং পশ্যতাম্। অনাদরে ষষ্ঠী ॥৪৩॥
হাহেতি। তিষ্ঠ তিষ্ঠেতি শব্দশ্চেতি শেষঃ ॥৪৪॥
ক্ষত্রিয়াণামিতি। ইয়মপ্যনাদরে ষষ্ঠী। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৫॥

তখন আমরা একটা আশ্চর্য্য ও অতিভীষণ ব্যাপার দেখিলাম যে, বিপক্ষবীরেরা শল্যের সহিত মিলিত হইয়া ভাগে ভাগে যুদ্ধ করিতে লাগিলেন ॥৪০॥

এই সময়ে সর্বাস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধদুর্দ্ধর্ষ, বেগবান্ ও ত্বরান্বিত নকুল এবং সহদেব আপনার সৈন্য জয় করিবার ইচ্ছা করিয়া তাহার দিকে আসিতে থাকিলেন ॥৪১॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বিজয়শোভী পাণ্ডবেরা বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, আপনার সৈন্যেরা যুদ্ধ হইতে নিবৃত্তি পাইল ॥৪২॥

রাজা! পাণ্ডবেরা বাণ বর্ষণ করিয়া পীড়ন ও সংহার করিতে থাকিলে, আপনার সৈন্যেরা আপনার পুত্রগণের সমক্ষেই দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ভরতনন্দন! ক্রমে আপনার যোদ্ধাদের মধ্যে বিশাল হাহাকার হইতে থাকিল এবং মহাত্মা পাণ্ডবগণের মধ্যেও 'থাক থাক' এইরূপ শব্দ হইতে লাগিল ॥৪৪॥

তখন উভয়পক্ষের ক্ষত্রিয়েরা যুদ্ধে পরস্পর জয় করিবার ইচ্ছা করিতেছিলেন;

---

(৪২) ততোঽভ্যাবর্ত্তত বলম্—প্রতি। (৪৩)…ভেজে দিশো মহারাজ! প্রণুন্না দৃঢ়-ধন্বিভিঃ—নি,…ভেজে দিশো মহারাজ [illegible] ব, বো। (৪৪) ক্রোধিতানাং মহাত্মনাম্—পি নি।

ত্যক্ত্বা যুদ্ধে প্রিয়ান্ পুত্রান্ ভ্রাতৄনথ পিতামহান্।
মাতুলান্ ভাগিনেয়াংশ্চ বয়স্যানপি ভারত! ॥৪৬॥
হয়ান্ দ্বিপাংস্ত্বরয়ন্তো যোধা জগ্মুঃ সমন্ততঃ।
আত্মত্রাণকৃতোৎসাহাস্তাবকা ভরতর্ষভ! ॥৪৭॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥ *

—:*:—

অষ্টমোঽধ্যায়ঃ।

—:০:—

সঞ্জয় উবাচ।

তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা মদ্ররাজঃ প্রতাপবান্।
উবাচ সারথিং তূর্ণং চোদয়াশ্বান্ মনোজবান্ ॥১॥

ভারতকৌমুদী

ত্যক্ত্বেতি। বয়স্যান্ সখীন্। আত্মত্রাণে আত্মরক্ষায়াং কৃতোৎসাহাঃ ॥৪৬—৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

হত ইতি ॥১—৭॥ তাপনানাং তাপকানাম্ ।৮—২৪॥ ন নিবর্ত্তিনে ন নিবর্ত্তিষ্ণবঃ ॥২৫—৩৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

কিন্তু পাণ্ডবকর্তৃক পরাজিত আপনার সেই সৈন্যেরা তাঁহাদের সমক্ষেই পলায়ন করিতে থাকিল ॥৪৫॥

ভরতশ্রেষ্ঠ ভরতনন্দন! আপনার যোদ্ধারা আত্মরক্ষায় অভিলাষী হইয়া হস্তী ও অশ্বগণকে বেগে চালাইতে থাকিয়া রণস্থলে প্রিয় পুত্র, ভ্রাতা, পিতামহ, মাতুল, ভাগিনেয় ও বয়স্যগণকে পরিত্যাগ করিয়া সকল দিকে গমন করিতে লাগিল ॥৪৬—৪৭॥

(৪৬) ..ভাগিনেয়াংশ্চ তথা সম্বন্ধিবান্ধবান্—পি বা সো। (৪৭) . জগ্মুঃ সহস্রশঃ ..পি। * ' নবমোঽধ্যায়ঃ'' পি বা সো, ' অষ্টমোঽধ্যায়ঃ' নি। (১) . চোদয়াশ্বান্ মহাজবান্—নি।

এষ তিষ্ঠতি বৈ রাজা পাণ্ডুপুত্রো যুধিষ্ঠিরঃ।
ছত্রেণ ধ্রিয়মাণেন পাণ্ডুরেণ বিরাজতা ॥২॥
অত্র মাং প্রাপয় ক্ষিপ্রং পশ্য মে সারথে! বলম্।
ন সমর্থা হি মে পার্থাঃ স্থাতুমদ্য পুরো যুধি ॥৩॥
এবমুক্তস্ততঃ প্রায়ান্মদ্ররাজস্য সারথিঃ।
যত্র রাজা সত্যসন্ধো ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪॥
আপতচ্চ সহসা পাণ্ডবানাং মহদ্বলম্।
দধারৈকো রণে শল্যো বেলোদ্বৃত্তমিবার্ণবম্ ॥৫॥
পাণ্ডবানাং বলৌঘস্তু শল্যমাসাদ্য মারিষ!।
ব্যতিষ্ঠত তদা যুদ্ধে সিন্ধোর্বেগ ইবাচলম্ ॥৬॥

ভারতকৌমুদী

তদিতি। প্রভগ্নং বিশ্লিষ্টম্। চোদয় প্রেরয়, মনস ইব জবো বেগো যেষাং তান্ ॥১॥
এষ ইতি। ছত্রেণেতি বিশেষণে তৃতীয়া, পাণ্ডুরেণ শুভ্রেণ ॥২॥
অত্রেতি। প্রাপয় নয়। পার্থাঃ পাণ্ডবাঃ, পুরঃ অগ্রতঃ ॥৩॥
এবমিতি। প্রায়াদ গচ্ছৎ। সত্যা সন্ধা প্রতিজ্ঞা যস্য সঃ ॥৪॥
আপতদিতি। আপতদাগচ্ছৎ। বেলা তীরম্, উদ্বৃত্তমুদ্বেলিতম্ ॥৫॥
পাণ্ডবানামিতি। বলৌঘঃ সৈন্যসমূহঃ। সিন্ধোঃ সমুদ্রস্য, অচলং পর্ব্বতম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কৌরবসৈন্য ভগ্ন হইয়াছে দেখিয়া প্রতাপশালী শল্য সারথিকে কহিলেন—'তুমি মনের ন্যায় বেগবান্ অশ্বগুলিকে সত্বর চালাও ॥১॥

এই পাণ্ডুপুত্র রাজা যুধিষ্ঠির রহিয়াছেন; কোন ভৃত্য উঁহার মস্তকের উপরে সুন্দর শুভ্রবর্ণ একটা ছত্র ধারণ করিয়াছে ॥২॥

সারথি! সত্বর আমাকে উঁহার সম্মুখে লইয়া চল, আমার শক্তি দেখ। পাণ্ডবেরা আজ যুদ্ধে আমার সম্মুখে থাকিতে সমর্থ হইবে না' ॥৩॥

শল্য এইরূপ বলিলে, সত্যপ্রতিজ্ঞ রাজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির যেখানে ছিলেন, শল্যের সারথি সেই দিকে গমন করিল ॥৪॥

তখন পাণ্ডবগণের বিশাল সৈন্য বেগে উপস্থিত হইলে, তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে ধারণ করে, তেমন এক শল্যই সেই সৈন্যকে ধারণ করিলেন ॥৫॥

মাননীয় রাজা! সমুদ্রের বেগ যেমন পর্ব্বত পাইয়া দাঁড়ায়, তেমন পাণ্ডবসৈন্য-সমূহ শল্যকে পাইয়া দাঁড়াইল ॥৬॥

---

(২) এষ তিষ্ঠতি রাজেন্দ্রঃ পাণ্ডরেণ ··দি। (৫) আপতত্তচ্চ সহসা·· বেলোদ্বৃত্তম্ ···দি।

মদ্ররাজন্তু সমরে দৃষ্ট্বা যুদ্ধায় বিষ্ঠিতম্ ।
কুরবঃ সংন্যবর্ত্তন্ত মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৭॥
তেষু রাজন্ ! নিবৃত্তেষু ব্যূঢ়ানীকেষু সর্বশঃ ।
প্রাবর্ত্তত মহারৌদ্রঃ সংগ্রামঃ শোণিতোদকঃ ॥৮॥
সমার্চ্ছচ্চিত্রসেনন্তু নকুলো যুদ্ধদুর্ম্মদঃ ।
তৌ পরস্পরমাসাদ্য চিত্রকার্ম্মুকধারিণৌ ॥৯॥
মেঘাবিব যথোদ্‌বৃত্তৌ দক্ষিণোত্তরবর্ষিণৌ ।
শরতোয়ৈঃ সিষিচতুস্তৌ পরস্পরমাহবে ।
নান্তরং তত্র পশ্যামঃ পাণ্ডবস্যেতরস্য বা ॥১০॥ (যুগ্মকম্)
উভৌ কৃতাস্ত্রৌ বলিনৌ রথচর্য্যাবিশারদৌ ।
পরস্পরবধে যত্তৌ ছিদ্রান্বেষণতৎপরৌ ॥১১॥

ভারতকৌমুদী

মদ্রেতি। বিষ্ঠিতমবস্থিতম্। নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিহেতুম ॥৭॥

তেম্বিতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যৈস্তেষু। শোণিতমিবোদকং যত্র সঃ ॥৮॥

সমিতি। সমার্চ্ছদপীড়য়ৎ, চিত্রসেনং নাম কর্ণপুত্রম্। যথাশব্দস্থিতেবিবশব্দঃ সম্ভাবনায়াম্। উদ্‌বৃত্তৌ উদ্ধতৌ। অন্তরং ভেদম্। ইতরস্য চিত্রসেনস্য। ষট্‌পাদঃ ॥৯—১০॥

উভাবিতি। কৃতাস্ত্রৌ শিক্ষিতসর্বাস্ত্রৌ। যত্তৌ যত্নবন্তাবভবতাম্ ॥১১॥

শল্য যুদ্ধের জন্য অবস্থিত হইয়াছেন দেখিয়া কৌরবেরা মৃত্যুকে যুদ্ধ হইতে নিবৃত্তির কারণ করিয়া প্রত্যাবর্ত্তন করিলেন ॥৭॥

রাজা ! কৌরবেরা ব্যূহ রচনা করিয়া সকল দিক্ হইতে ফিরিয়া আসিলে, অতিভীষণ যুদ্ধ লাগিয়া গেল; তাহাতে জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিতে লাগিল ॥৮॥

তখন যুদ্ধদুর্দ্ধর্ষ নকুল চিত্রসেনকে পীড়ন করিতে আরম্ভ করিলেন। সেই সময়ে দুইটা মেঘের ন্যায় উদ্ধত ও বিচিত্রকার্ম্মুকধারী নকুল এবং চিত্রসেন পরস্পরের সন্নিহিত হইয়া দক্ষিণ ও উত্তর দিকে বর্ষণ করিতে থাকিয়া বাণরূপ জলদ্বারা যুদ্ধে পরস্পরকে সিক্ত করিতে লাগিলেন। তখন আমরা নকুল ও চিত্রসেনের কোন তারতম্য দেখিতে পাইলাম না ॥৯—১০॥

পরে সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, বলবান্ ও রথচর্য্যাবিশারদ নকুল এবং চিত্রসেন

---

(৭) · যুদ্ধায় বিষ্ঠিতম্···বা° গো নি। (৮)···ব্যূঢানীকেষু ভারত !···পি, ··ব্যূঢানীকেষু ভাগশঃ···বা গো। (১০)···যথোদ্ধূতৌ·· পি। (১১) উভৌ কৃতাস্ত্রবলিনৌ···পি।

চিত্রসেনস্তু ভল্লেন পীতেন নিশিতেন চ।
নকুলস্য মহারাজ! মুষ্টিদেশেঽচ্ছিনদ্ধনুঃ ॥১২॥
অথৈনং ছিন্নধন্বানং রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ত্রিভিঃ শরৈরসংভ্রান্তো ললাটে বৈ সমার্পয়ৎ ॥১৩॥
হয়াংশ্চাস্য শরৈস্তীক্ষ্ণৈঃ প্রেষয়ামাস মৃত্যবে।
তথা ধ্বজং সারথিঞ্চ ত্রিভিস্ত্রিভিরপাতয়ৎ ॥১৪॥
স শত্রুভুজনির্ম্মুক্তৈর্ললাটস্থৈস্ত্রিভিঃ শরৈঃ।
নকুলঃ শুশুভে রাজন্! ত্রিশৃঙ্গ ইব পর্বতঃ ॥১৫॥
স চ্ছিন্নধন্বা বিরথঃ খড়্গমাদায় চর্ম্ম চ।
রথাদবাতরদ্বীরঃ শৈলাগ্রাদিব কেশরী ॥১৬॥
পদ্ভ্যামাপততস্তস্য শরবৃষ্টিং সমাসৃজৎ।
নকুলোঽপ্যগ্রসত্তাং বৈ চর্ম্মণা লঘুবিক্রমঃ ॥১৭॥

ভারতকৌমুদী

চিত্রেতি। পীতেন. চিবতৈলাভ্যঞ্জনাৎ পীতবর্ণেন প্রাক্‌পীতবক্তেন বা ॥১২॥
অথেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। অসংভ্রান্তঃ অব্যস্তঃ, সমার্পয়দপীড়য়ৎ ॥১৩॥
হয়ানিতি। অস্য নকুলস্য। অপাতয়ৎ চিত্রসেন ইত্যনুবৃত্তিঃ ॥১৪॥
স ইতি। শত্রুণা চিত্রসেনেন ভুজাভ্যাং নির্ম্মুক্তৈর্নিক্ষিপ্তৈঃ। ত্রীণি শৃঙ্গাণি যস্য সঃ ॥১৫॥
স ইতি। বিরথঃ অশ্বনাশেন রথচলনশূন্যঃ। বীরো নকুলঃ ॥১৬॥

পরস্পরের চিত্রান্বেষণে তৎপর হইয়া পরস্পরকে বধ করিবার জন্য যত্ন করিতে লাগিলেন ॥১১॥

মহারাজ! ক্রমে চিত্রসেন পীতবর্ণ ও সুধার একটা ভল্লদ্বারা নকুলের ধনুখানাকে মুষ্টিদেশে ছেদন করিলেন ॥১২॥

তৎপরে চিত্রসেন ধীর-স্থির থাকিয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তিনটা বাণদ্বারা ছিন্নধন্বা নকুলের ললাটদেশে পীড়ন করিলেন ॥১৩॥

পরে তিনি চারিটা তীক্ষ্ণ বাণদ্বারা নকুলের চারিটা অশ্বকে বিনাশ করিলেন এবং তিন তিনটা বাণদ্বারা তাঁহার ধ্বজ ও সারথিকে নিপাতিত করিলেন ॥১৪॥

রাজা! তখন নকুল চিত্রসেনবাহুনিক্ষিপ্ত ললাটস্থিত সেই তিনটা বাণদ্বারা শৃঙ্গত্রয়যুক্ত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৫॥

পরে ছিন্নধন্বা ও রথবিহীন বীর নকুল খড়্গ ও চর্ম্ম লইয়া—সিংহ যেমন পর্বতাগ্র হইতে অবতরণ করে, সেইরূপ রথ হইতে অবতরণ করিলেন ॥১৬॥

---

(১৭)…অথাসৃজৎ। নকুলঃ প্রাগ্রহীৎ…পি।

চিত্রসেনরথং প্রাপ্য চিত্রযোধী জিতশ্রমঃ।
আরুরোহ মহাবাহুঃ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥১৮॥
সকুণ্ডলং সমুকুটং সুনসং স্বায়তেক্ষণম্।
চিত্রসেনশিরঃ কায়াদপাহরত পাণ্ডবঃ।
স পপাত রথাত্তস্মাদ্দিবাকরসমদ্যুতিঃ ॥১৯॥
চিত্রসেনশিরস্তত্তু দৃষ্ট্বা তত্র মহারথাঃ।
সাধুবাদস্বনাংশ্চক্রুঃ সিংহনাদাংশ্চ পুষ্কলান্ ॥২০॥
বিশস্তং ভ্রাতরং দৃষ্ট্বা কর্ণপুত্রৌ মহারথৌ।
সুশর্ম্মা সত্যসেনশ্চ মুঞ্চন্তৌ বিবিধান্ শরান্ ॥২১॥
ততোঽভ্যধাবতাং তূর্ণং পাণ্ডবং রথিনাং বরম্।
জিঘাংসন্তৌ যথা নাগং ব্যাঘ্রৌ রাজন্! মহাবনে ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পত্যামিতি। আপতন্ত আগচ্ছতঃ। অগ্রসৎ গ্রাসেনের ব্যনাশয়ৎ ॥১৭॥

চিত্রেতি। চিত্রযোধী নকুলঃ। আরুরোহ চিত্রসেনরথমেব ॥১৮॥

সেতি। শোভনা নাসা যস্য তৎ, শোভনে আয়তে দীর্ঘে চ ঈক্ষণে যস্য তৎ। ষট্‌পাদো ২য়ং শ্লোকঃ ॥১৯॥

চিত্রেতি। মহারথাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। পুষ্কলান্ প্রচুরান্ ॥২০॥

বিশস্তমিতি। বিশস্তং নিহতম্। জিঘাংসন্তৌ হন্তুমিচ্ছন্তৌ ॥২১—২২॥

ক্রমে নকুল পাদচারে আসিতে লাগিলে, চিত্রসেন তাঁহার উপরে বাণবৃষ্টি করিতে লাগিলেন; তখন দ্রুতগামী নকুলও চর্ম্মদ্বারা তাহা নিবারণ করিতে থাকিলেন ॥১৭॥

তদনন্তর বিচিত্রযোধী ও শ্রমবিজয়ী মহাবাহু নকুল চিত্রসেনের রথের নিকটে যাইয়া সমস্ত সৈন্যের সমক্ষেই তাহাতে আরোহণ করিলেন ॥১৮॥

পরে নকুল কুণ্ডল ও মুকুটযুক্ত, সুন্দরনাসিকাসমন্বিত এবং মনোহর ও দীর্ঘ-নয়নশালী চিত্রসেনের মস্তকটী দেহ হইতে অপহরণ করিলেন। তখন সূর্য্যের ন্যায় তেজস্বী চিত্রসেন রথ হইতে পতিত হইলেন ॥১৯॥

সেই সময়ে পাণ্ডবপক্ষের মহারথেরা চিত্রসেনের সেই ছিন্ন মস্তক দেখিয়া নকুলের প্রচুর সাধুবাদ ও সিংহনাদ করিতে লাগিলেন ॥২০॥

রাজা! এদিকে ভ্রাতা চিত্রসেনকে নিহত দেখিয়া কর্ণপুত্র মহারথ সুশর্ম্মা ও সত্যসেন নানাবিধ বাণক্ষেপ করিতে থাকিয়া রথিশ্রেষ্ঠ নকুলকে বধ করিবার ইচ্ছা

---

(১৯)·· রথোপস্থে দিবাকরসমপ্রভঃ—পি। (২২)·রথিনাং বরৌ·পি সো।

তাবভ্যেত্য মহাবাহু তাবপ্যতিমহারথৌ।
শরৌঘান্ সম্যগস্যন্তৌ জীমূতৌ সলিলং যথা ॥২৩॥
স শরৈঃ সর্বতো বিদ্ধঃ প্রহৃষ্ট ইব পাণ্ডবঃ।
অন্যৎ কার্ম্মুকমাদায় রথমারুহ্য বেগবান্।
অতিষ্ঠত রণে বীরঃ ক্রুদ্ধরূপ ইবান্তকঃ ॥২৪॥
তস্য তৌ ভ্রাতরৌ রাজন্! শরৈঃ সন্নতপর্ববিভিঃ।
রথং বিশকলীকর্ত্তুং সমারব্ধৌ বিশাংপতে! ॥২৫॥
ততঃ প্রহস্য নকুলশ্চতুর্ভিশ্চতুরো রণে।
জঘান নিশিতৈর্বাণৈঃ সত্যসেনস্য বাজিনঃ ॥২৬॥
ততঃ সন্ধায় নারাচং রুক্মপুঙ্খং শিলাশিতম্।
ধনুশ্চিচ্ছেদ রাজেন্দ্র! সত্যসেনস্য পাণ্ডবঃ ॥২৭॥

ভারতকৌমুদী

তাবিতি। অস্যন্তৌ ক্ষিপন্তাবভবতামিতি শেষঃ, জিমূতৌ মেঘৌ ॥২৩॥
স ইতি। পাণ্ডবো নকুলঃ। রথমশ্বহীনমেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তস্যেতি। বিশকলীকর্ত্তুং খণ্ডখণ্ডীকর্ত্তুম, "ভিন্নং শকলখণ্ডে বা" ইত্যমরঃ ॥২৫॥
তত ইতি। চতুর্ভির্বাণৈঃ, চতুরো বাজিনো জঘানেতি সম্বন্ধঃ ॥২৬॥
তত ইতি। রুক্মপুঙ্খং স্বর্ণখচিতমূলদেশম্, শিলয়া তদ্‌ঘর্ষণেন শিতং সুধারীকৃতম্ ॥২৭॥

করিয়া—দুইটা ব্যাঘ্র যেমন একটা হস্তীর দিকে ধাবিত হয়, তেমন নকুলের দিকে সত্বর ধাবিত হইলেন ॥২১—২২॥

মহাবাহু ও অতিমহারথ সেই সুশর্ম্মা ও সত্যসেন নিকটবর্ত্তী হইয়া—মেঘ যেমন জল বর্ষণ করে, সেইরূপ সমীচীনভাবে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২৩॥

তখন বীর ও বেগবান্ নকুল তাঁহাদের বাণে সকল দিকে বিদ্ধ হইয়াও যেন হৃষ্ট থাকিয়া অন্য ধনু লইয়া সেই রথেই আরোহণ করিয়া ক্রুদ্ধ যমের ন্যায় রণস্থলে অবস্থান করিতে লাগিলেন ॥২৪॥

নরনাথ রাজা! সেই সময়ে সুশর্ম্মা ও সত্যসেন দুই ভ্রাতা নতপর্ব্ব বাণসমূহদ্বারা নকুলের রথখানাকে খণ্ড খণ্ড করিতে আরম্ভ করিলেন ॥২৫॥

তদনন্তর নকুল হাস্য করিয়া সুধার চারিটা বাণদ্বারা সত্যসেনের চারিটা অশ্বকে বধ করিলেন ॥২৬॥

(২৩) তাবভ্যবর্ষতাং তীক্ষ্ণৈর্বাণৈরপ্যেনং মহারথম্—পি বর্দ্ধ বা। (২৫) · রথং বিশকলীকৃত্য নর্দন্তৌ যৌ···পি।

অথান্যং রথমাস্থায় ধনুরাদায় চাপরম্ ।
সত্যসেনঃ সুশর্ম্মা চ পাণ্ডবং পর্য্যধাবতাম্ ॥২৮॥
অবিধ্যত্তাবসংভ্রান্তো মাদ্রীপুত্রঃ প্রতাপবান্ ।
দ্বাভ্যাং দ্বাভ্যাং মহারাজ ! শরাভ্যাং রণমূর্দ্ধনি ॥২৯॥
সুশর্ম্মা তু ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য মহদ্ধনুঃ ।
চিচ্ছেদ প্রহসন্ যুদ্ধে ক্ষুরপ্রেণ মহারথঃ ॥৩০॥
অথান্যদ্ধনুরাদায় নকুলঃ ক্রোধমূর্চ্ছিতঃ ।
সুশর্ম্মাণং পঞ্চভির্বিদ্ধা ধ্বজমেকেন চিচ্ছিদে ॥৩১॥
সত্যসেনস্য চ ধনুর্হস্তাবাপঞ্চ মারিষ ! ।
চিচ্ছেদ তরসা যুদ্ধে তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথেতি। অন্যরথাস্থানং ধনুরাদানঞ্চ সত্যসেনস্যৈব, তস্য তযোরভাবাৎ ॥২৮॥
অবিধ্যদিতি। অসংভ্রান্তঃ অব্যস্তঃ, মাদ্রীপুত্রো নকুলস্তৎপ্রকরণাৎ ॥২৯॥
সুশর্ম্মেতি। পাণ্ডবস্য নকুলস্য। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥৩০॥
অথেতি। ক্রোধেন মূর্চ্ছিতঃ অতীবোত্তেজিতঃ। তৃতীযপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৩১॥
সত্যেতি। হস্তাবাপং হস্তাবরণম্। তরসা বলেন। উচ্চুক্রুশুঃ কোলাহলং চক্রুঃ ॥৩২॥

রাজশ্রেষ্ঠ। তৎপরে আবার নকুল স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত একটা নারাচ সন্ধান করিয়া সত্যসেনের ধনু ছেদন করিলেন ॥২৭॥

তাহার পর সত্যসেন অন্য রথে আরোহণ করিয়া এবং অন্য ধনু লইয়া নকুলের দিকে ধাবিত হইলেন, আর সুশর্ম্মাও তাঁহার প্রতি বেগে যাইতে লাগিলেন ॥২৮॥

মহারাজ! তখন প্রতাপশালী নকুল ধীর-স্থির থাকিয়া দুই দুই বাণে রণস্থলে সুশর্ম্মা ও সত্যসেনকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তদনন্তর মহারথ সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া হাস্য করিতে থাকিয়া একটা ক্ষুরপ্রদ্বারা নকুলের বিশাল ধনু ছেদন করিলেন ॥৩০॥

তাহার পর নকুল ক্রোধে অত্যন্ত উত্তেজিত হইয়া অন্য ধনু লইয়া পাঁচটা বাণদ্বারা সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া এক বাণে তাঁহার ধ্বজ ছেদন করিলেন ॥৩১॥

এবং মাননীয় রাজা! তিনি বলপূর্ব্বক সত্যসেনের ধনু ও হস্তাবরণ ছেদন করিলেন; তখন সমস্ত লোক কোলাহল করিয়া উঠিল ॥৩২॥

---

(৩০) সুষেণস্তু ততঃ ক্রুদ্ধঃ…পি বর্দ্ধ। সুষেণঞ্চ পূর্বং…নিহতবাংস্তৎ পাঠো ন যুক্তঃ।
(৩১)…সুষেণং পঞ্চভির্বিদ্ধা…পি বর্দ্ধ।

অথান্যদ্ধনুরাদায় শক্রুঘ্নং ভারসাধনম্।
শরৈঃ সংছাদয়ামাস সমন্তাৎ পাণ্ডুনন্দনম্ ॥৩৩॥
সন্নিবার্য্য তু তান্ বাণান্ নকুলঃ পরবীরহা।
সত্যসেনসুশর্ম্মাণৌ দ্বাভ্যাং দ্বাভ্যামবিধ্যত ॥৩৪॥
তাবেনং প্রত্যবিধ্যেতাং পৃথক্ পৃথগজিহ্মগৈঃ।
সারথিঞ্চাস্য রাজেন্দ্র! শিতৈর্বিবিধতুঃ শরৈঃ ॥৩৫॥
সত্যসেনো রথেশাস্তু নকুলস্য ধনুস্তথা।
পৃথক্ শরাভ্যাং চিচ্ছেদ কৃতহস্তঃ প্রতাপবান্ ॥৩৬॥
স রথেঽতিরথস্তিষ্ঠন্ রথশক্তিং পরামৃশৎ।
স্বর্ণদণ্ডামকুণ্ঠাগ্রাং তৈলধৌতাং সুনির্ম্মলাম্ ॥৩৭॥
লেলিহানামিব বিভো! নাগকন্যাং মহাবিষাম্।
সমুদ্যম্য চ চিক্ষেপ সত্যসেনস্য স যুগে ॥৩৮॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

অথেতি। ভারসাধনং শক্রনিবারণনিষ্পাদকম্। সংছাদযামাস সত্যসেনঃ ॥৩৩॥

সন্নিবার্য্যেতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। দ্বাভ্যাং দ্বাভ্যাং শরাভ্যাম্ ॥৩৪॥

তাবিতি। অজিহ্মগৈর্বাণৈঃ। শিতৈঃ সুধারৈঃ ॥৩৫॥

সত্যেতি। রথস্য ঈশাং দীর্ঘদণ্ডম্। কৃতহস্তঃ শিক্ষিতহস্তঃ ॥৩৬॥

স ইতি। পরামৃশৎ অগৃহ্লাৎ। অকুণ্ঠাগ্রাং দৃঢ়ধারাম, তৈলেন ধৌতাং পবিষ্কৃতাম্। লেলিহানাং পুনঃ পুনর্বায়ুমাস্বদমানাং পুনঃ পুনর্জিহ্বাং বহিষ্কুর্ব্বতীমিত্যর্থঃ। সত্যসেনস্তোপরি ॥৩৭—৩৮॥

পরে সত্যসেন শক্রনাশক ও শক্রনিবারক অন্য ধনু লইয়া বাণদ্বারা সকল দিকে নকুলকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৩॥

তখন বিপক্ষবীরহন্তা নকুল সেই বাণগুলিকে নিবারণ করিয়া দুই দুই বাণে সুশর্ম্মা ও সত্যসেনকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

রাজশ্রেষ্ঠ! পরে তাঁহারাও বাণদ্বারা পৃথক্ পৃথক্‌ভাবে নকুলকে বিদ্ধ করিলেন এবং সুধার বাণসমূহদ্বারা নকুলের সারথিকেও তাড়ন করিলেন ॥৩৫॥

শিক্ষিতহস্ত ও প্রতাপশালী সত্যসেন দুইটা বাণদ্বারা নকুলের রথদণ্ড এবং ধনু পৃথক্‌ভাবে ছেদন করিলেন ॥৩৬॥

রাজা! তখন অতিরথ নকুল রথে থাকিয়াই স্বর্ণদণ্ডা, দৃঢ়ধারা, তৈলমার্জ্জিতা, অতিনির্ম্মলা এবং লেলিহানা ও মহাবিষা সর্পতনয়ার তুল্য। রথশক্তি গ্রহণ করিলেন এবং তাহা তুলিয়া সত্যসেনের উপরে নিক্ষেপ করিলেন ॥৩৭—৩৮॥

সা তস্য হৃদয়ং সংখ্যে বিভেদ শতধা নৃপ।।
স পপাত রথাদ্ভূমিং গতসত্ত্বোঽল্পচেতনঃ ॥৩৯॥
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা সুশর্ম্মা ক্রোধমূর্চ্ছিতঃ।
চকার সহসা সংখ্যে নকুলং বিরথং ততঃ।
অভ্যবর্ষচ্ছরৈস্তূর্ণং পাদাতং পাণ্ডুনন্দনম্ ॥৪০॥
নকুলং বিরথং দৃষ্ট্বা দ্রৌপদেয়ো মহারথঃ।
সুতসোমোঽভিদুদ্রাব পরীপ্সন্ পিতরং রণে ॥৪১॥
ততোঽধিরুহ্য নকুলঃ সুতসোমস্য তং রথম্।
শুশুভে ভরতশ্রেষ্ঠো গিরিস্থ ইব কেশরী।
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় সুশর্ম্মাণমযোধয়ৎ ॥৪২॥
তাবুভৌ শরবর্ষাভ্যাং সমাসাদ্য পরস্পরম্।
পরস্পরবধে যত্নং চক্রতুঃ সুমহারথৌ ॥৪৩॥

ভারতকৌমুদী

সেতি। পপাত অগাম। গতসত্ত্বো নিশ্চেষ্টঃ ॥৩৯॥

ভ্রাতরমিতি। ক্রোধেন মূর্চ্ছিত উত্তেজিতঃ। পাদাতং পাদচারিণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

নকুলমিতি। দ্রৌপদেয়ো দ্রৌপদ্যাঃ পুত্রঃ। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্ ॥৪১॥

তত ইতি। অন্যৎ কার্ম্মুকমাদায় সত্যসেনেন পূর্ব্বধনুশ্ছেদনাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪২॥

তাবিতি। তৌ নকুলসুশর্ম্মাণৌ। সমাসাদ্য প্রাপ্য ॥৪৩॥

রাজা! সেই রথশক্তিটা যাইয়া সত্যসেনের বক্ষঃস্থল শতভাগে বিদীর্ণ করিল; তখন সত্যসেন নিশ্চেষ্ট ও অল্পচৈতন্য হইয়া রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৩৯॥

ভ্রাতা সত্যসেনকে নিহত দেখিয়া সুশর্ম্মা ক্রোধে অধীর হইয়া তৎক্ষণাৎ নকুলকে রথবিহীন করিলেন এবং সত্বর পাদচারী নকুলের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪০॥

তখন নকুলকে রথবিহীন দেখিয়া দ্রৌপদীর গর্ভজাত মহারথ সুতসোম পিতা নকুলকে রক্ষা করিবার জন্য অতিবেগে তাঁহার নিকট গমন করিলেন ॥৪১॥

তাহার পর ভরতশ্রেষ্ঠ নকুল সুতসোমের সেই রথে আরোহণ করিয়া পর্ব্বতস্থিত সিংহের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং অন্য ধনু লইয়া সুশর্ম্মার সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪২॥

---

(৪২)…শুশুভে ভরতশ্রেষ্ঠ।…পি।

সুশর্ম্মা তু ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবং বিশিখৈস্ত্রিভিঃ।
সুতসোমঞ্চ বিংশত্যা বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৪৪॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! নকুলঃ পরবীরহা।
শরৈস্তস্য দিশঃ সর্বাশ্ছাদয়ামাস বেগবান্ ॥৪৫॥
ততো গৃহীত্বা তীক্ষ্ণাগ্রমর্দ্ধচন্দ্রং সুতেজনম্।
স বেগযুক্তং চিক্ষেপ কর্ণপুত্রস্য সংযুগে ॥৪৬॥
তস্য তেন শিরঃ কায়াজ্জহার নৃপসত্তম!।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং তদদ্ভুতমিবাভবৎ ॥৪৭॥
স হতঃ প্রাপতদ্রাজন্! নকুলেন মহাত্মনা।
নদীবেগাদিবারুগ্ণস্তীরজঃ পাদপো মহান্ ॥৪৮॥
কর্ণপুত্রবধং দৃষ্ট্বা নকুলস্য চ বিক্রমম্।
প্রদুদ্রাব ভয়াৎ সেনা তাবকী ভরতর্ষভ! ॥৪৯॥

ভারতকৌমুদী

সুশর্ম্মেতি। পাণ্ডবং নকুলম্। উরসি বক্ষসি, আর্পয়দপীড়য়ৎ ॥৪৪॥
তত ইতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। তস্য সুশর্ম্মণঃ ॥৪৫॥
তত ইতি। অর্দ্ধচন্দ্রং নাম বাণম্, সুতেজনমতীবোজ্জ্বলম্ ॥৪৬॥
তস্যেতি। তস্য সুশর্ম্মণঃ, তেন অর্দ্ধচন্দ্রেণ। জহার নকুলঃ ॥৪৭॥
স ইতি। নদীবেগাৎ নদ্যা বেগেন মূলমৃত্তিকাহরণাৎ, আরুগ্ণো ভগ্নঃ ॥৪৮॥

ক্রমে মহারথ নকুল ও সুশর্ম্মা পরস্পরকে পাইয়া বাণবর্ষণদ্বারা পরস্পরের বধে যত্ন করিতে লাগিলেন ॥৪৩॥

তাহার পর সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া তিন বাণে নকুলের এবং বিংশতি বাণে সুতসোমের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪৪॥

মহারাজ! তদনন্তর বেগবান্ ও বিপক্ষবীরহন্তা নকুল ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা সুশর্ম্মার সকল দিক্ আচ্ছাদন করিলেন ॥৪৫॥

তৎপরে তিনি তীক্ষ্ণধার, অত্যন্ত উজ্জ্বল ও বেগবান্ একটা অর্দ্ধচন্দ্রবাণ গ্রহণ করিয়া তাহা সুশর্ম্মার দিকে নিক্ষেপ করিলেন ॥৪৬॥

রাজশ্রেষ্ঠ! নকুল সেই অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে সুশর্ম্মার দেহ হইতে মস্তকটা হরণ করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪৭॥

রাজা! তখন সুশর্ম্মা মহাবলনকুলকর্তৃক নিহত হইয়া নদীবেগভগ্ন তীরজাত বিশাল বৃক্ষের ন্যায় পতিত হইলেন ॥৪৮॥

(৪৫)...ছাদয়ামাস বীর্য্যবান্—নি। (৪৬)...অর্দ্ধচন্দ্রং সুতেজসম্...পি।

তাস্তু সেনাং মহারাজ! মদ্ররাজঃ প্রতাপবান্।
অপালয়দ্রণে শূরঃ সেনাপতিররিন্দমঃ ॥৫০॥
বিভীস্তস্থৌ মহারাজ! ব্যবস্থাপ্য চ বাহিনীম্।
সিংহনাদং ভৃশং কৃত্বা ধনুঃশব্দঞ্চ দারুণম্ ॥৫১॥
তাবকাঃ সমরে রাজন্! রক্ষিতা দৃঢ়ধন্বনা।
প্রত্যুদ্যযুররাতীংস্তে সমন্তাদ্বিগতব্যথাঃ ॥৫২॥
মদ্ররাজং মহেষ্বাসং পরিবার্য্য সমন্ততঃ।
স্থিতা রাজন্! মহাত্মানো যোদ্ধুকামাঃ সমন্ততঃ ॥৫৩॥
সাত্যকির্ভীমসেনশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
যুধিষ্ঠিরং পুরস্কৃত্য হ্রীনিষেবমরিন্দমম্ ॥৫৪॥
পরিবার্য্য রণে বীরাঃ সিংহনাদং প্রচক্রিরে।
বাণশব্দরবাংশ্চোগ্রান্ ক্ষ্বেড়াশ্চ বিবিধা মুহুঃ ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কর্ণেতি। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে। তাবকী ত্বদীয়া ॥৪৯॥
তামিতি। প্রতাপবত্বাচ্ছূরত্বাদরিন্দমত্বাদেব চাপালয়দিত্যাশয়ঃ ॥৫০॥
বিভীরিতি। বিগতা ভীর্ভয়ং যস্ত সঃ। ব্যবস্থাপ্য স্থৈর্য্যেণ সন্নিবেশ্য ॥৫১॥
তাবকা ইতি। দৃঢ়ধন্বনা মদ্ররাজেন। বিগতব্যথা নির্ভয়াঃ ॥৫২॥
মদ্রেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যস্ত তম্ ॥৫৩॥

ভরতশ্রেষ্ঠ! সেই সময়ে আপনার সৈন্তেরা কর্ণপুত্রের বধ ও নকুলের বিক্রম দেখিয়া ভয়বশতঃ বেগে পলায়ন করিতে লাগিল ॥৪৯॥

মহারাজ! প্রতাপশালী, বীর ও শত্রুদমনকারী সেনাপতি শল্য সেই সৈন্তগণকে রক্ষা করিতে লাগিলেন ॥৫০॥

আর মহারাজ! শল্য সৈন্তগণকে স্থাপনপূর্ব্বক বিশাল সিংহনাদ ও দারুণ ধনুষ্টঙ্কার করিয়া নির্ভয় হইয়া অবস্থান করিলেন ॥৫১॥

রাজা! দৃঢ়ধন্বা শল্য রক্ষা করিতে লাগিলে, আপনার সৈন্তেরা নির্ভয় চিত্তে সকল দিক্ হইতে শত্রুগণের প্রতি ধাবিত হইল ॥৫২॥

নরনাথ! সেই মহাবল সৈন্তেরা সকল দিকে মহাধনুর্দ্ধর শল্যকে বেষ্টন করিয়া যুদ্ধার্থী হইয়া সমস্ত দিকেই রহিল ॥৫৩॥

---

(৫১) অভীতস্থৌ…বর্দ্ধ। (৫৩)…স্থিতা রাজন্! মহাসেনা যোদ্ধুকামা—পাঠ।
(৫৫)…বাণশব্দরবান্…বর্দ্ধ, বাণশব্দরবাংশ্চৈব…পাঠ।

তথৈব তাবকাঃ সর্বে মদ্রাধিপতিমঞ্জসা।
পরিবার্য্য সুসংরব্ধাঃ পুনর্যুদ্ধমরোচয়ন্ ॥৫৬॥
মদ্ররাজেন বলিনা লাঘবাচ্ছরবৃষ্টিভিঃ ॥৪১॥
লোড্যমানং তথা দৃষ্ট্বা পাণ্ডবানাং বলার্ণবম্।
বিস্ময়ং পরমং জগ্মুর্দেবগন্ধর্বদানবাঃ ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নানেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, রাজা শল্যঃ, মহাভ্রাণি মহামেঘান্ ॥৩৭॥

তত ইতি। বিয়দ্গতামাকাশবর্ত্তিনীম্। শলভানাং পতঙ্গানাম্, আয়তিং শ্রেণীম্ ॥৩৮॥

ত ইতি। শকুনানাং বকাদিপক্ষিণাম্, ব্রজাঃ সমূহাঃ ॥৩৯॥

মদ্রেতি। নিরন্তরং নিরবকাশম। কশ্চিজ্জনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

বাণেতি। লাঘবাৎ অস্ত্রক্ষেপে দ্রুতহস্তত্বাৎ। বলার্ণবং সৈন্যসাগরম্ ॥৪১—৪২॥

পরে বায়ু যেমন মহামেঘ সকল বিনষ্ট করে, সেইরূপ শল্য যুদ্ধে পাণ্ডবগণের নানাশস্ত্রবহুল শরবৃষ্টি বিনষ্ট করিলেন ॥৩৭॥

তাহার পর আকাশে পতঙ্গশ্রেণীর ন্যায় শল্যক্ষিপ্ত স্বর্ণপুঙ্খ বাণবৃষ্টি আমরা দেখিতে পাইলাম ॥৩৮॥

শল্যনিক্ষিপ্ত সেই বাণ সকল পক্ষিসমূহের ন্যায় রণস্থলে পতিত হইতেছে দেখিলাম ॥৩৯॥

নরনাথ! শল্যের কার্ম্মুকনিক্ষিপ্ত স্বর্ণভূষিত বাণে বাণে আকাশটা যেন নিরবকাশ হইয়া গেল। তখন পাণ্ডবপক্ষের বা আমাদের পক্ষের কোন ব্যক্তিই দৃষ্টিগোচর হইল না ॥৪০॥

বলবান্ শল্য লঘুহস্ততাবশতঃ বাণবৃষ্টিদ্বারা সেই মহাযুদ্ধস্থান গাঢ় অন্ধকার করিলে, পাণ্ডবগণের সৈন্যসাগর আলোড়িত হইতেছে দেখিয়া আকাশবর্ত্তী দেব, দানব ও গন্ধর্ব্বেরা অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥৪১—৪২॥

স তু তান্ সর্বতো যত্তাচ্ছরৈঃ সংছাদ্য মারিষ ।
ধর্ম্মরাজমবচ্ছাদ্য সিংহবদ্ব্যনদন্মুহুঃ ॥৪৩॥
তে চ্ছন্নাঃ সমরে তেন পাণ্ডবানাং মহারথাঃ ।
ন শেকুস্তং তদা যুদ্ধে প্রত্যুদ্‌যাতুং মহারথম্ ॥৪৪॥
ধর্ম্মরাজপুরোগাস্ত ভীমসেনমুখা রথাঃ ।
ন জহুঃ সমরে শূরং শল্যমাহবশোভিনম্ ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি
শল্যবধে সঙ্কুলযুদ্ধে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

দ্বাদশোঽধ্যায়ঃ ।

———:•:———

সঞ্জয় উবাচ ।

অর্জ্জুনো দ্রৌণিনা বিদ্ধো যুদ্ধে বহুভিরাশুগৈঃ ।
তস্য চানুচরৈঃ শূরৈস্ত্রিগর্ত্তানাং মহারথৈঃ ।
দ্রৌণিং বিব্যাধ সমরে ত্রিভিরেব শিলীমুখৈঃ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি । তান্ সৈনিকান্ । সিংহবৎ ব্যনদৎ সিংহনাদমকরোৎ ॥৪৩॥
ত ইতি । তেন শল্যেন । প্রত্যুদ্‌যাতুং প্রতিপ্রহারায় ॥৪৪॥
ধর্ম্মেতি । ভীমসেনমুখা ভীমাদয়ঃ, রথা রথিনঃ । জহুস্তত্যজুঃ ॥৪৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

মাননীয় রাজা ! শল্য যত্ন সহকারে বাণদ্বারা সকল দিকে সেই সৈন্যগণকে এবং যুধিষ্ঠিরকে আচ্ছাদন করিয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥৪৩॥

শল্য বাণদ্বারা আচ্ছাদন করিয়া ফেলিলে, পাণ্ডবপক্ষের সেই মহারথেরা তখন যুদ্ধে সেই মহারথ শল্যের সম্মুখেই যাইতে সমর্থ হইলেন না ॥৪৪॥

অথ চ যুধিষ্ঠির ও ভীমপ্রভৃতি রথীরা যুদ্ধশোভী বীর শল্যকে যুদ্ধে পরিত্যাগও করিলেন না' ॥৪৫॥

---

(৪৩) · শরৈঃ সংপীড্য মারিষ ।···পি । (৪৪) · নাশকু্বংস্তদা যুদ্ধে···নি । * ত্রয়োদশোঽধ্যায়ঃ' পি বন বর্দ্ধ বা লো, '···দ্বাদশোঽধ্যায়ঃ' নি । (১)···যুদ্ধে বহুভিরাশুগৈঃ··· পি নি ।

তথেতরান্ মহেষ্বাসান্ দ্বাভ্যাং দ্বাভ্যাং ধনঞ্জয়ঃ।
ভূয়শ্চৈব মহাবাহুঃ শরবর্ষৈরবাকিরৎ ॥২॥
শরকণ্টকিতাস্তে তু তাবকা ভরতর্ষভ।।
ন জহুঃ সমরে পার্থং বধ্যমানাঃ শিতৈঃ শরৈঃ ॥৩॥
তেঽর্জ্জুনং শরবর্ষেণ দ্রোণপুত্রপুরোগমাঃ।
অযোধয়স্ত সমরে পরিবার্য্য মহারথম্ ॥৪॥
তৈস্তু ক্ষিপ্তাঃ শরা রাজন্। কার্ত্তস্বরবিভূষিতাঃ।
অর্জ্জুনস্য রথোপস্থং পূরয়ামাসুরঞ্জসা ॥৫॥
তথা কৃষ্ণৌ মহেষ্বাসাবৃষভৌ সর্বধন্বিনাম্।
বিব্যধুশ্চ শরৈর্ঘোরৈঃ প্রহৃষ্টা যুদ্ধদুর্ম্মদাঃ ॥৬॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। দ্রৌণিনা অশ্বত্থামা। আশুগৈর্বাণৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তথেতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্, দ্বাভ্যাং দ্বাভ্যাং শরাভ্যাম্ ॥২॥
শরেতি। শরৈঃ কণ্টকিতাঃ সঞ্জাতকণ্টকাঃ। জহুস্তত্যজুঃ ॥৩॥
ত ইতি। দ্রোণপুত্রোঽশ্বত্থামা পুরোগমঃ অগ্রবর্ত্তী যেষাং তে ॥৪॥
তৈরিতি। কার্ত্তস্বরবিভূষিতাঃ স্বর্ণালঙ্কৃতাঃ। রথস্য উপস্থং মধ্যম্, অঞ্জসা দ্রুতম্ ॥৫॥
তথেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ, ঋষভৌ শ্রেষ্ঠৌ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ওদিকে অশ্বত্থামা এবং তাঁহার অনুচর ত্রিগর্ত্তদেশীয় বীর মহারথেরা যুদ্ধে বহুতর বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলে, অর্জ্জুনও তিনটা বাণদ্বারাই যুদ্ধে অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥১॥

এবং অর্জ্জুন দুই দুই বাণে অপর মহাধনুর্দ্ধরদিগকে তাড়ন করিলেন। পরে আবার মহাবাহু অর্জ্জুন বাণ বর্ষণ করিয়া তাঁহাদিগকে আচ্ছন্ন করিলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! তখন অর্জ্জুনের বাণে কণ্টকিত এবং তাঁহারই সুধার বাণে নিহত হইতে থাকিয়াও আপনার পক্ষের সেই বীরেরা যুদ্ধে অর্জ্জুনকে ত্যাগ করিলেন না ॥৩॥

বরং তাঁহারা অশ্বত্থামাকে অগ্রবর্ত্তী করিয়া পরিবেষ্টনপূর্ব্বক মহারথ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪॥

রাজা! তাঁহাদের নিক্ষিপ্ত স্বর্ণভূষিত বাণ সকল যাইয়া সত্বরই অর্জ্জুনের রথমধ্য পূর্ণ করিল ॥৫॥

---

(৬) অথ কৃষ্ণৌ··· শরৈর্বীক্ষ্য বিভুস্তাস্তৌ প্রহৃষ্টাঃ···পি বর্দ্ধ।

কূবরং রথচক্রাণি যুগঞ্চৈবানুকর্ষকম্ ।
বাহনানি ধ্বজশ্চৈব শরভূতমভূত্তদা ॥৭॥
নৈতাদৃশং দৃষ্টপূর্বং রাজন্ ! নৈবাপি চ শ্রুতম্ ।
যাদৃশং তত্র পার্থস্য তাবকাঃ সংপ্রচক্রিরে ॥৮॥
স রথঃ সর্বতো ভাতি চিত্রপুঙ্খৈঃ শিতৈঃ শরৈঃ ।
উল্কাশতৈঃ সম্প্রদীপ্তং বিমানমিব ভূতলে ॥৯॥
ততোঽর্জ্জুনো মহারাজ ! শরৈঃ সন্নতপর্বভিঃ ।
অবাকিরত্তাং পৃতনাং মেঘো বৃষ্ট্যা যথাচলম্ ॥১০॥
তে বধ্যমানাঃ সমরে পার্থনামাঙ্কিতৈঃ শরৈঃ ।
পার্থভূতমমন্যন্ত প্রেক্ষমাণাস্তথাবিধম্ ॥১১॥
ততোঽদ্ভুতশরজ্বালো ধনুঃশব্দানিলো মহান্ ।
সেনেন্ধনং দদাহাশু তাবকং পার্থপাবকঃ ॥১২॥

ভারতকৌমুদী

কূবরমিতি। কূবরাদীনি রথাঙ্গানি প্রাগ্ব্যাখ্যাতানি। শরভূতম্ এতৎ সর্বং বাণময়ম্ ॥৭॥
নেতি। যাদৃশং ভাবম্ অবস্থামিতি যাবৎ, পার্থস্য অর্জ্জুনস্য ॥৮॥
স ইতি। চিত্রপুঙ্খৈঃ স্বর্ণনিবেশাদিনা বিচিত্রমূলদেশৈঃ। সম্প্রদীপ্তমালোকিতম্ ॥৯॥
তত ইতি। সন্নতপর্বভিঃ বক্রোপাঙ্গৈঃ। অবাকিরৎ প্রাহবৎ, পৃতনাং সেনাম্ ॥১০॥
ত ইতি। পার্থভূতং রণাঙ্গনমেবার্জ্জুনময়ম্। তথাবিধং ভাবম্ ॥১১॥

এবং হৃষ্টচিত্ত ও যুদ্ধদুর্দ্ধর্ষ সেই বীরেরা ভীষণ ভীষণ বাণদ্বারা সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও মহাধনুর্দ্ধর কৃষ্ণ এবং অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৬॥

তখন অর্জ্জুনরথের কূবর, চক্র, যুগ, অনুকর্ষ, অশ্ব ও ধ্বজ এ সমস্তই যেন বাণময় হইয়া গেল ॥৭॥

রাজা ! তৎকালে আপনার পক্ষের যোদ্ধারা অর্জ্জুনের যেরূপ অবস্থা করিয়াছিলেন, সেরূপ অবস্থা আমরা পূর্ব্বে দেখি নাই বা শুনিও নাই ॥৮॥

শত শত উল্কার আলোকে আলোকিত ভূতলবর্ত্তী বিমানের ন্যায় অর্জ্জুনের সেই রথখানা সকল দিকে বিচিত্রপুঙ্খ ও সুধার বাণসমূহে দীপ্তি পাইতে লাগিল ॥৯॥

মহারাজ ! তাহার পর মেঘ যেমন বৃষ্টিদ্বারা পর্ব্বতকে প্রহার করে, সেইরূপ অর্জ্জুন নতপর্ব বাণসমূহদ্বারা সেই সৈন্যগণকে প্রহার করিতে থাকিলেন ॥১০॥

অর্জ্জুননামাঙ্কিত বাণসমূহে নিহত হইতে লাগিলে, সেই সৈন্যেরা সেইরূপ দেখিতে থাকিয়া রণস্থলটাকেই যেন অর্জ্জুনময় বলিয়া মনে করিতে লাগিল ॥১১॥

---

(৭) · ঈষা যোক্ত্রাণি বা বিত্তো ! । যুগঞ্চৈবানুকর্ষক···বৰ্দ্ধ নি ।

চক্রাণাং পততাঞ্চাপি যুগানাঞ্চ ধরাতলে।
তূণীরাণাং পতাকানাং ধ্বজানাঞ্চ রথৈঃ সহ ॥১৩॥
ঈষাণামনুকর্ষাণাং ত্রিবেণূনাঞ্চ ভারত!।
অক্ষাণামথ যোক্ত্রাণাং প্রতোদানাঞ্চ সর্বশঃ ॥১৪॥
শিরসাং পততাঞ্চৈব কুণ্ডলোষ্ণীষধারিণাম্।
ভুজানাঞ্চ মহারাজ! জঙ্ঘানাঞ্চ সহস্রশঃ ॥১৫॥
ছত্রাণাং ব্যজনৈঃ সার্দ্ধং মুকুটানাঞ্চ রাশয়ঃ।
সমদৃশ্যন্ত পার্থস্য রথমার্গেষু ভারত! ॥১৬॥ (কলাপকম্)
ততঃ ক্রুদ্ধস্য পার্থস্য রথমার্গে বিশাংপতে!।
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা ॥১৭॥
বভূব ভরতশ্রেষ্ঠ! রুদ্রস্যাক্রীড়নং যথা।
ভীরূণাং ত্রাসজননী শূরাণাং হর্ষবর্দ্ধনী ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ অদ্ভুতা শরজ্বালা বাণরূপা শিখা যস্য সঃ, ধনুঃশব্দ এবানিলঃ সখিভূতো বায়ুর্যস্য সঃ, মহান্ বিশালঃ, পার্থোঽর্জ্জুন এব পাবকো বহ্নিঃ সঃ, তাবকং ত্বদীয়ম্, সেনৈব ইন্ধনং কাষ্ঠং তৎ, আশু শীঘ্রং দদাহ ॥১২॥

চক্রাণামিতি।. যুগানাং তির্য্যগ্দীর্ঘদণ্ডানাম্। ঈষাণামূর্দ্ধদণ্ডানাম্, অনুকর্ষাণাং নিম্নদণ্ডানাম্, ত্রিবেণূনাম্ উপবিগতকাষ্ঠাণাম্। অক্ষাণাং চক্রধারকদারূণাম্, যোক্ত্রাণাং তত্ত্ব বন্ধনরজ্জূনাম্, প্রতোদানাং কশানাম্। ভুজানাং বাহূনাম্। ব্যজনৈশ্চামরৈঃ ॥১৩—১৬॥

তত ইতি। পৃথিবী রণভূমিঃ, মাংসানি শোণিতানি ঘনীভূতরক্তানি চ কর্দ্দমা যস্যাঃ সা। রুদ্রস্য সংহারমূর্ত্তেঃ শিবস্য, আক্রীড়নং ক্রীড়াস্থানম্ ॥১৭—১৮॥

রাজা! তদনন্তর যাহার বাণরূপ শিখা অদ্ভুত ছিল এবং ধনুর শব্দরূপ বায়ু যাহাকে বর্দ্ধিত করিতেছিল, সেই বিশাল অর্জ্জুনরূপ অগ্নি আপনার সৈন্যরূপ কাষ্ঠকে সত্বরই দগ্ধ করিয়া ফেলিল ॥১২॥

ভরতনন্দন মহারাজ! ক্রমে দেখা গেল—অর্জ্জুনের রথপথে চক্র, যুগ, তূণীর, পতাকা, ধ্বজ, রথ, ঈষা, অনুকর্ষ, ত্রিবেণু, অক্ষ, যোক্ত্র, কশা, কুণ্ডল ও উষ্ণীষধারী মস্তক, সহস্র সহস্র বাহু ও জঙ্ঘা এবং রাশি রাশি ছত্র, চামর ও মুকুট পতিত রহিয়াছে ॥১৩—১৬॥

নরনাথ! অর্জ্জুনের রথপথের ভূমিতে রক্ত ও মাংসের কর্দ্দম হইয়াছিল।

---

(১৫) ভুজানাঞ্চ মহাভাগ! স্কন্ধানাঞ্চ সমন্ততঃ—ব। নি। (১৮) হর্ষবর্দ্ধিনী—নি, ...হর্ষবর্দ্ধনম্—ব।

হত্বা তু সমরে পার্থঃ সহস্রে দ্বে পরন্তপঃ।
রথানাং সবরূথানাং বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥১৯॥
যথা হি ভগবানগ্নির্জগদ্দগ্ধ্বা চরাচরম্।
বিধূমো দৃশ্যতে রাজন্! তথা পার্থো মহারথঃ ॥২০॥ (যুগ্মকম্)
দ্রৌণিস্তু সমরে দৃষ্ট্বা পাণ্ডবস্য পরাক্রমম্।
রথেনাতিপতাকেন পাণ্ডবং প্রত্যবারয়ৎ ॥২১॥
তাবুভৌ পুরুষব্যাঘ্রৌ শ্বেতাশ্বৌ রথিনাং বরৌ।
সমীয়তুস্তথা তূর্ণং পরস্পরবধৈষিণৌ ॥২২॥
তয়োরাসীন্মহারাজ! বাণবর্ষং সুদারুণম্।
জীমূতয়োর্যথা বৃষ্টিস্তপান্তে ভরতর্ষভ! ॥২৩॥

ভারতকৌমুদী

হত্বেতি। বরূথৈরাবরণৈঃ সহেতি তেষাম্। দগ্ধ্বা প্রলয়কালে ॥১৯—২০॥
দ্রৌণিরিতি। পাণ্ডবস্য অর্জ্জুনস্য। অতি অতিমনোরমা পতাকা যস্য তেন ॥২১॥
তাবিতি। শ্বেতা অশ্বা যয়োস্তৌ। সমীয়তুঃ পরস্পরং সম্মুখং জগ্মতুঃ ॥২২॥
তয়োরিতি। জীমূতযোর্মেঘয়োঃ। তপান্তে গ্রীষ্মকালাবসানে ॥২৩॥

তাহাতে সে ভূমি রুদ্রের ক্রীড়াভূমির ন্যায় অগম্য, ভীরুজনের ভয়জনক এবং বীরগণের হর্ষবর্দ্ধক হইয়াছিল ॥১৭—১৮॥

রাজা! শত্রুসন্তাপকারী অর্জ্জুন এইভাবে আবরণযুক্ত দুই সহস্র রথ বিনষ্ট করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় জ্বলিতে লাগিলেন; কিংবা প্রলয়কালে ভগবান্ অগ্নি চরাচর জগৎ দগ্ধ করিয়া ধূমশূন্য অবস্থায় যেমন দৃষ্টিগোচর হন, মহারথ অর্জ্জুনও তখন সেইরূপ দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৯—২০॥

কিন্তু অশ্বত্থামা যুদ্ধে অর্জ্জুনের পরাক্রম দেখিয়া অতিমনোহরপতাকাযুক্ত রথদ্বারা অর্জ্জুনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২১॥

ক্রমে পুরুষশ্রেষ্ঠ, শ্বেতাশ্বযুক্ত ও রথিপ্রধান সেই বীরেরা দুই জন পরস্পর বধৈষী হইয়া সত্বর পরস্পরের অভিমুখে গমন করিলেন ॥২২॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! পরে গ্রীষ্মকাল অতীত হইলে দুইটা মেঘের যেমন বৃষ্টি হয়, সেইরূপ তাঁহাদের অতিদারুণ বাণবৃষ্টি হইতে লাগিল ॥২৩॥

---

(২০)…তথা পার্থো ধনঞ্জয়ঃ—বা নি। (২২) ‥শ্বেতাশ্বৌ ধন্বিনাং বরৌ। সমীয়তুস্তথান্যোন্যম্…বা নি।

অন্যোন্যস্পর্দ্ধিনৌ তৌ তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ততক্ষতুর্ম্মৃধেঽন্যোন্যং শৃঙ্গাভ্যাং বৃষভাবিব ॥২৪॥
তয়োর্যুদ্ধং মহারাজ! চিরং সমমিবাভবৎ।
অস্ত্রাণাং সঙ্গমশ্চৈব ঘোরস্তত্রাভবৎ পুনঃ ॥২৫॥
ততোঽর্জ্জুনং দ্বাদশভী রুক্মপুঙ্খৈঃ সুতেজনৈঃ।
বাসুদেবঞ্চ দশভির্দ্রৌণির্বিব্যাধ ভারত! ॥২৬॥
ততঃ প্রহস্য বীভৎসুর্ব্যাক্ষিপদ্‌গাণ্ডিবং ধনুঃ।
মানয়িত্বা মুহূর্ত্তন্তু গুরুপুত্রং মহাহবে ॥২৭॥
ব্যশ্বসূতরথং চক্রে সব্যসাচী মহারথঃ।
মৃদুপূর্ব্বং ততশ্চৈনং ত্রিভির্বিব্যাধ সায়কৈঃ ॥২৮॥
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ দ্রোণপুত্রস্তদা স্ময়ন্।
মুষলং পাণ্ডুপুত্রায় চিক্ষেপ পরিঘোপমম্ ॥২৯॥

ভারতকৌমুদী

অন্যোন্যেতি। সন্নতপর্ব্বভির্বক্রোপাঙ্গৈঃ। ততক্ষতুস্তনূচক্রতুঃ প্রজহ্রতুরিত্যর্থঃ ॥২৪॥
তয়োরিতি। সমং তুল্যম্। সঙ্গমঃ সংঘর্ষঃ ॥২৫॥
তত ইতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, সুতেজনৈর্মহাবেগৈঃ ॥২৬॥
তত ইতি। বীভৎসুরর্জ্জুনঃ, ব্যাক্ষিপদনবরতমাকর্ষৎ ॥২৭॥
ব্যশ্বেতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথশ্চ যস্য তম্। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্ ॥২৮॥
হতেতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। পাণ্ডুপুত্রায় অর্জ্জুনোপরি ॥২৯॥

তখন দুইটা বৃষ যেমন শৃঙ্গদ্বারা পরস্পর আঘাত করে, সেইরূপ পরস্পরস্পর্দ্ধী অর্জ্জুন ও অশ্বত্থামা নতপর্ব্ব বাণসমূহদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥২৪॥

মহারাজ! তাঁহাদের সেই যুদ্ধ দীর্ঘকাল সমানভাবেই চলিল এবং তখন ভীষণ অস্ত্রসংঘর্ষ হইল ॥২৫॥

ভরতনন্দন! তাহার পর অশ্বত্থামা স্বর্ণপুঙ্খ ও মহাবেগশালী বারটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং দশটা বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তদনন্তর অর্জ্জুন কিছু কাল মহাযুদ্ধে গুরুপুত্রের সম্মান রাখিয়া হাস্য করিয়া অবিরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিলেন ॥২৭॥

ক্রমে মহারথ অর্জ্জুন অশ্বত্থামার অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন এবং পরে তিনটা বাণদ্বারা তাঁহাকে অদৃঢ়ভাবে আঘাত করিলেন ॥২৮॥

---

(২৮)···ততশ্চৈনং পুনঃ পুনরতাড়য়ৎ—নি। (২৯)···দ্রোণপুত্রস্ত্বমর্ষয়ন্···নি।

তমাপতন্তং সহসা হেমপট্টবিভূষিতম্ ।
চিচ্ছেদ সপ্তধা বীরঃ পার্থঃ শত্রুনিবর্হণঃ ॥৩০॥
স চ্ছিন্নং মুষলং দৃষ্ট্বা দ্রৌণিঃ পরমকোপনঃ ।
আদদে পরিঘং ঘোরং নগেন্দ্রশিখরোপমম্ ।
চিক্ষেপ চৈব পার্থায় দ্রৌণির্যুদ্ধবিশারদঃ ॥৩১॥
তমন্তকমিব ক্রুদ্ধং পরিঘং প্রেক্ষ্য পাণ্ডবঃ ।
অর্জ্জুনস্ত্বরিতো জঘ্নে পঞ্চভিঃ সায়কোত্তমৈঃ ॥৩২॥
স চ্ছিন্নঃ পতিতো ভূমৌ পার্থবাণৈর্মহামৃধে ।
দারয়ন্ পৃথিবীন্দ্রাণাং মনাংসীব চ ভারত ! ॥৩৩॥
ততোঽপরৈস্ত্রিভির্বাণৈর্দ্রৌণিং বিব্যাধ পাণ্ডবঃ ।
সোঽতিবিদ্ধো বলবতা পার্থেন সুমহাবলঃ ।
ন সম্ভ্রান্তস্তদা দ্রৌণিঃ পৌরুষে স্বে ব্যবস্থিতঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। চিচ্ছেদ নিবারয়ামাসেত্যর্থঃ, সপ্তধা প্রহারৈঃ ॥৩০॥
স ইতি। নগেন্দ্রশিখরোপমং পর্ব্বতশৃঙ্গতুল্যং মহান্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
তমিতি। ক্রুদ্ধমন্তকং যমম্। জঘ্নে নিবারয়ামাস ॥৩২॥
স ইতি। দারয়ন্ নৈরাশ্যেন, পৃথিবীন্দ্রাণাং বিপক্ষনৃপতীনাম্ ॥৩৩॥
তত ইতি। ন সম্ভ্রান্তো ন বিচলিতঃ। পৌরুষে ধৈর্য্যে, স্বে স্বকীয়ে। ষট্‌পাদঃ ॥৩৪॥

তখন অশ্ব ও সারথি নিহত হইলেও অশ্বত্থামা সেই রথেই থাকিয়া ঈষৎ হাস্য করিয়া পরিঘতুল্য একটা মুষল অর্জ্জুনের প্রতি নিক্ষেপ করিলেন ॥২৯॥

স্বর্ণপট্টভূষিত সেই মুষলটা বেগে আসিতে লাগিলে, বীর ও শত্রুহন্তা অর্জ্জুন সাত শরাঘাতে সেটাকে বারণ করিলেন ॥৩০॥

সেই মুষল ব্যর্থ হইল দেখিয়া অশ্বত্থামা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পর্ব্বতশৃঙ্গতুল্য ভীষণ একটা পরিঘ গ্রহণ করিলেন এবং যুদ্ধবিশারদ অশ্বত্থামা তাহা অর্জ্জুনের উপরে নিক্ষেপ করিলেন ॥৩১॥

ক্রুদ্ধ যমের ন্যায় সেই পরিঘটা দেখিয়া অর্জ্জুন ত্বরান্বিত হইয়া পাঁচটা উত্তম বাণে সেটাকে বারণ করিলেন ॥৩২॥

ভরতনন্দন ! সেই পরিঘটা মহাযুদ্ধে অর্জ্জুনের বাণে নিবারিত হইয়া বিপক্ষ রাজাদের মন বিদারণ করতই যেন ভূতলে পতিত হইল ॥৩৩॥

---

(৩৩) ··মনঃ শব্দেন ভারত !—নি। (৩৪)···পৌরুষেষু ব্যবস্থিতঃ—পি বা নি।

সুরথস্তু ততো রাজন্! ভারদ্বাজো মহারথঃ।
অবাকিরচ্ছরব্রাতৈঃ সর্বক্ষত্রস্য পশ্যতঃ ॥৩৫॥
ততস্তু সুরথো হ্যাজৌ পাঞ্চালানাং মহারথঃ।
রথেন মেঘঘোষেণ দ্রৌণিমেবাভ্যধাবত ॥৩৬॥
বিকর্ষন্ বৈ ধনুঃশ্রেষ্ঠং সর্বভারসহং দৃঢ়ম্।
জ্বলনাশীবিষনিভৈঃ শরৈশ্চৈনমবাকিরৎ ॥৩৭॥
সুরথং বীক্ষ্য সংক্রুদ্ধমাপতন্তং মহারথম্।
চুক্রোধ সমরে দ্রৌণির্দণ্ডাহত ইবোরগঃ ॥৩৮॥
ত্রিশিখাং ভ্রুকুটীং কৃত্বা সৃক্কণী পরিসংলিহন্।
তং বীক্ষ্য সুরথং রোষাদ্ধনুর্জ্যামবমৃজ্য চ।
মুমোচ তীক্ষ্ণং নারাচং যমদণ্ডোপমং যুধি ॥৩৯॥

ভারতকৌমুদী

সুরথমিতি। ভারদ্বাজো দ্রৌণিঃ। অবাকিরৎ প্রাহরৎ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৩৫॥
তত ইতি। আজৌ যুদ্ধে। মেঘস্যেব ঘোষো ধ্বনির্যস্য তেন ॥৩৬॥
বিকর্ষন্নিতি। জ্বলনাশীবিষনিভৈঃ অগ্নিসর্পতুল্যৈঃ, এনং দ্রৌণিম্ ॥৩৭॥
সুরথমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। উরগঃ সর্পঃ ॥৩৮॥
ত্রিশিখামিতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ, পরিসংলিহন্ রসনয়া স্পৃশন্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

তদনন্তর অর্জ্জুন অন্য তিনটা বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন। বলবান্ অর্জ্জুন অত্যন্ত বিদ্ধ করিলেও মহাবল অশ্বত্থামা আপন ধৈর্য্যবশতঃ তখন বিচলিত হইলেন না ॥৩৪॥

রাজা! তাহার পর মহারথ অশ্বত্থামা বাণসমূহদ্বারা সমস্ত ক্ষত্রিয়ের সমক্ষে সুরথকে প্রহার করিতে লাগিলেন ॥৩৫॥

পরে পাঞ্চালসৈন্যের মধ্যে মহারথ সুরথ মেঘের ন্যায় গম্ভীরধ্বনিযুক্ত রথে অশ্বত্থামার দিকেই ধাবিত হইলেন ॥৩৬॥

ক্রমে তিনি দৃঢ় ও সর্ব্বাকর্ষণসহ উত্তম ধনু আকর্ষণ করিতে থাকিয়া অগ্নি ও সর্পতুল্য বাণসমূহদ্বারা অশ্বত্থামাকে প্রহার করিতে থাকিলেন ॥৩৭॥

মহারথ সুরথ ক্রুদ্ধ হইয়া আসিতেছেন দেখিয়া অশ্বত্থামা দণ্ডতাড়িত সর্পের ন্যায় ক্রুদ্ধ হইলেন ॥৩৮॥

(৩৯)…যমদণ্ডসমদ্যুতিম্—পি।

স তস্য হৃদয়ং ভিত্ত্বা প্রবিবেশাতিবেগিতঃ।
শক্রাশনিরিবোৎসৃষ্টো বিদার্য্য ধরণীতলম্ ॥৪০॥
ততঃ স পতিতো ভূমৌ নারাচেন সমাহতঃ।
বজ্রেণেব যথা শৃঙ্গং পর্ব্বতস্য বিদারিতম্ ॥৪১॥
তস্মিংস্তু নিহতে বীরে দ্রোণপুত্ত্রঃ প্রতাপবান্।
আরুরোহ রথং তূর্ণং তমেব রথিনাং বরঃ ॥৪২॥
ততঃ সজ্জো মহারাজ! দ্রৌণিরাহবদুর্ম্মদঃ।
অর্জ্জুনং যোধয়ামাস সংশপ্তকবৃতো রণে ॥৪৩॥
তদ্‌যুদ্ধং সুমহচ্চাসীদেকস্য বহুভিঃ সহ।
মধ্যন্দিনগতে সূর্য্যে যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। স নারাচঃ, তস্য সুরথস্য। শক্রাশনিরিন্দ্রবজ্রঃ ॥৪০॥

তত ইতি। যথাশব্দস্থিতেবিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৪১॥

তস্মিন্নিতি। তং স্বকীয়মেব অপনাশ্বসারথিদ্রক্ষমিত্যর্থঃ ॥৪২॥

তত ইতি। সজ্জঃ সন্নদ্ধঃ। আহবদুর্ম্মদো যুদ্ধদুর্দ্ধর্ষঃ ॥৪৩॥

তদিতি। একস্য অর্জ্জুনস্য। যমরাষ্ট্রবিবর্দ্ধনং হতানাং তত্র গমনাৎ ॥৪৪॥

এবং তিনি সুরথকে দেখিয়া ক্রোধবশতঃ ত্রিরেখাযুক্ত ভ্রূকুটী করিয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া ধনুর গুণ মার্জনপূর্ব্বক যমদণ্ডের তুল্য একটা তীক্ষ্ণ নারাচ নিক্ষেপ করিলেন ॥৩৯॥

মহাবেগশালী সেই নারাচটা ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রের ন্যায় যাইয়া সুরথের হৃদয় ভেদ করিয়া বিদারণপূর্ব্বক ভূমিতে প্রবেশ করিল ॥৪০॥

তাহার পর বজ্রবিদারিত পর্ব্বতশৃঙ্গের ন্যায় সুরথ নারাচসমাহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥৪১॥

সেই বীর নিহত হইলে, প্রতাপশালী ও রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা সত্বর সেই রথেই আরোহণ করিলেন ॥৪২॥

মহারাজ! তদনন্তর যুদ্ধসজ্জায় সজ্জিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ অশ্বত্থামা সংশপ্তকগণে পরিবেষ্টিত হইয়া আবার অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

সূর্য্য মধ্যাহ্নকালে গমন করিলে, বহু যোদ্ধার সহিত এক অর্জ্জুনের অতিবিশাল যুদ্ধ হইতে লাগিল এবং সে যুদ্ধ যমের রাজ্য বৃদ্ধি করিতে থাকিল ॥৪৪॥

(৪১) পর্ব্বতস্য নিপাতিতম—পি, পর্ব্বতস্য বিদীর্য্যতঃ—বা, পর্ব্বতস্যেব দীর্য্যতঃ—নি

তত্রাশ্চর্য্যমপশ্যাম দৃষ্ট্বা তেষাং পরাক্রমম্।
যদেকো যুগপদ্বীরান্ সমযোধয়দর্জ্জুনঃ ॥৪৫॥
বিমর্দ্দস্তু মহানাসীদর্জ্জুনস্য পরৈঃ সহ।
শতক্রতোর্যথা পূর্ব্বং মহত্যা দৈত্যসেনয়া ॥৪৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি
শল্যবধে সঙ্কুলযুদ্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।
দুর্য্যোধনো মহারাজ! ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
চক্রতুঃ সুমহদ্‌যুদ্ধং শরশক্তিসমাকুলম্ ॥১॥
ততো রাজন্! সমাপেতুঃ শরধারাঃ সহস্রশঃ।
অম্বুদানাং যথা কালে জলধারাঃ সমন্ততঃ ॥২॥

ভারতকৌমুদী

তত্রেতি। তেষাং কুরুপক্ষীয়াণাম্। যুগপদেকদৈব ॥৪৫॥
বিমর্দ্দ ইতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। শতক্রতোরিন্দ্রস্য ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

দুর্য্যোধন ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। শরশক্তিভিঃ সমাকুলং পূর্ণম্ ॥১॥

তখন আমরা কৌরবপক্ষের পরাক্রম দেখিয়া এক আশ্চর্য্য দেখিলাম যে, এক অর্জ্জুন একদা বহু বীরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৫॥

ক্রমে পূর্ব্বকালে বিশাল দৈত্যসৈন্যের সহিত ইন্দ্রের যেমন যুদ্ধ হইয়াছিল, সেইরূপ বিপক্ষগণের সহিত অর্জ্জুনের গুরুতর যুদ্ধ হইতে লাগিল' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দুর্য্যোধন ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন বাণ ও শক্তি-প্রভৃতি অস্ত্রদ্বারা অতিগুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

---

* '…চতুর্দ্দশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '…ত্রয়োদশোঽধ্যায়ঃ' নি। (২) · তয়োরাসী-ন্মহারাজ!…পি বৰ্দ্ধ বা।

রাজা তু পার্ষতং বিদ্ধা শরৈঃ পঞ্চভিরাশুগৈঃ।
দ্রোণহন্তারমুগ্রেষুং পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৩॥
ধৃষ্টদ্যুম্নস্তু সমরে বলবান্ দৃঢ়বিক্রমঃ।
সপ্তত্যা বিশিখানাং বৈ দুর্য্যোধনমপীড়য়ৎ ॥৪॥
পীড়িতং বীক্ষ্য রাজানং সোদর্য্যা ভরতর্ষভ !।
মহত্যা সেনয়া সার্দ্ধং পরিবব্রুঃ স্ম পার্ষতম্ ॥৫॥
স তৈঃ পরিবৃতঃ শূরঃ সর্বতোঽতিরথৈর্ভৃশম্।
ব্যচরৎ সমরে রাজন্ ! দর্শয়ন্নস্ত্রলাঘবম্ ॥৬॥
শিখণ্ডী কৃতবর্ম্মাণং গৌতমঞ্চ মহারথম্।
প্রভদ্রকৈঃ সমাযুক্তৌ যোধয়ামাস ধন্বিনৌ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। অম্বুদানাং মেঘানাম্, কালে বর্ষাসময়ে ॥২॥
রাজেতি। রাজা দুর্য্যোধনঃ। উগ্রেষুং ভীষণবাণম্। সপ্তভিরাশুগৈর্বাণৈঃ ॥৩॥
ধৃষ্টেতি। বিশিখানাং বাণানাম্ ॥৪॥
পীড়িতমিতি। সোদর্য্যা রাজ্ঞ এব সহোদরাঃ। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৫॥
স ইতি। অস্ত্রলাঘবং ক্রতাস্ত্রক্ষেপে যোগ্যতাম্ ॥৬॥
শিখণ্ডীতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্। প্রভদ্রকৈস্তদ্বংশীয়ৈঃ সৈন্যৈঃ ॥৭॥

রাজা ! বর্ষাকালে সকল দিকে মেঘের যেমন জলধারা পতিত হয়, সেইরূপ তাঁহাদের সহস্র সহস্র বাণধারা পতিত হইতে থাকিল ॥২॥

কিন্তু দুর্য্যোধন পাঁচটা বাণদ্বারা দ্রোণহন্তা ও ভীষণবাণযুক্ত ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩॥

পরে বলবান্ ও দৃঢ়বিক্রমশালী ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে সত্তরটা বাণদ্বারা দুর্য্যোধনকে পীড়ন করিলেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ ! এই সময়ে দুর্য্যোধনকে পীড়িত দেখিয়া তাঁহার সহোদরেরা বিশাল সৈন্যের সহিত যাইয়া ধৃষ্টদ্যুম্নকে পরিবেষ্টন করিলেন ॥৫॥

রাজা ! সেই অতিরথেরা সকল দিকে বিশেষভাবে বেষ্টন করিলে, বীর ধৃষ্টদ্যুম্ন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥৬॥

ওদিকে শিখণ্ডী প্রভদ্রকগণের সহিত মিলিত, মহারথ ও ধনুর্দ্ধর কৃতবর্ম্মা এবং কৃপাচার্য্যের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৭॥

---

(৩)…পঞ্চভিরায়সৈঃ · উগ্রেষুঃ…পি।

তত্রাপি সুমহদ্‌যুদ্ধং ঘোররূপং বিশাংপতে!।
প্রাণান্ সন্ত্যজতাং যুদ্ধে প্রাণদ্যূতাভিদেবনে ॥৮॥
শল্যস্তু শরবর্ষাণি বিমুঞ্চন্ সর্ব্বতো দিশম্।
পাণ্ডবান্ পীড়য়ামাস সসাত্যকিবৃকোদরান্ ॥৯॥
তথোভৌ চ যমৌ যুদ্ধে যমতুল্যপরাক্রমৌ।
যোধয়ামাস রাজেন্দ্র! ধৈর্য্যেণ চ বলেন চ ॥১০॥
শল্যসায়কনুন্নানাং পাণ্ডবানাং মহাযুধে।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত কেচিত্তত্র মহারথাঃ ॥১১॥
ততস্তু নকুলঃ শূরো ধর্ম্মরাজে প্রপীড়িতে।
অভিদুদ্রাব বেগেন মাতুলং মাদ্রিনন্দনঃ ॥১২॥
আচ্ছাদ্য সমরে শল্যং নকুলঃ পরবীরহা।
বিব্যাধ চৈনং দশভিঃ স্ময়মানঃ স্তনান্তরে ॥১৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। প্রাণান্ প্রাণমমতাম্। প্রাণৈর্যদ্দ্যূতং তস্য অভিদেবনে ক্রীড়নে ॥৮॥
শল্য ইতি। সর্ব্বতঃ সর্বাম্, দিশং লক্ষ্যীকৃত্যেতি শেষঃ ॥৯॥
তথেতি। যমৌ যমজৌ নকুলসহদেবৌ ॥১০॥
শল্যেতি। শল্যসায়কৈর্নুন্নানাং বিদীর্ণানাম্। নাধ্যগচ্ছন্ত নালভন্ত ॥১১॥
তত ইতি। মদ্রস্যাপত্যং স্ত্রীতি মাদ্রিঃ "ইতশ্চ ক্তিবর্জ্জিতাদ্বা" ইতি বিকল্পান্নেপ্রত্যয়ঃ ॥১২॥

নরনাথ! সে দিকেও প্রাণদ্বারা দ্যূতক্রীড়াস্বরূপ যুদ্ধে প্রাণের মমতাত্যাগকারী বীরগণের অতিগুরুতর ও ভীষণ যুদ্ধ হইতে লাগিল ॥৮॥

শল্য সকল দিকে বাণ বর্ষণ করিতে থাকিয়া সাত্যকি ও ভীমপ্রভৃতি পাণ্ডব-পক্ষকে পীড়ন করিতে থাকিলেন ॥৯॥

রাজশ্রেষ্ঠ! শল্য ধৈর্য্য ও শক্তি সহকারে যমের তুল্য পরাক্রমশালী নকুল এবং সহদেবের সহিতও যুদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

মহাযুদ্ধে শল্যবাণবিদীর্ণ পাণ্ডবগণের মধ্যে কোন মহারথই রক্ষক পাইলেন না ॥১১॥

শল্য যুধিষ্ঠিরকে পীড়ন করিলে, মাদ্রীনন্দন বীর নকুল বেগে মাতুল শল্যের দিকে ধাবিত হইলেন ॥১২॥

---

(১২)···মাতুলং মাতুনন্দনঃ—পি।

সর্ব্বপারশবৈর্বাণৈঃ কর্ম্মারপরিমার্জ্জিতৈঃ।
স্বর্ণপুঙ্খৈঃ শিলাধৌতৈর্ধনুর্যন্ত্রপ্রচোদিতৈঃ ॥১৪॥ (যুগ্মকম্)
শল্যস্তু পীড়িতস্তেন স্বস্রীয়েণ মহাত্মনা।
নকুলং পীড়য়ামাস পত্রিভির্নতপর্ব্বভিঃ ॥১৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা ভীমসেনোঽথ সাত্যকিঃ।
সহদেবশ্চ মাদ্রেয়ো মদ্ররাজমুপাদ্রবন্ ॥১৬॥
তানাপতত এবাশু পূরয়ানান্ রথস্বনৈঃ।
দিশশ্চ বিদিশশ্চৈব কম্পয়ানাংশ্চ মেদিনীম্।
প্রতিজগ্রাহ সমরে সেনাপতিরমিত্রজিৎ ॥১৭॥
যুধিষ্ঠিরং ত্রিভির্বিদ্ধা ভীমসেনশ্চ পঞ্চভিঃ।
সাত্যকিঞ্চ শতেনাজৌ সহদেবং ত্রিভিঃ শরৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

আচ্ছাদ্যেতি। স্ময়মান ঈষদ্ধসন্। সর্ব্বেষবয়বেষু পারশবৈর্লৌহময়ৈঃ, কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জ্জিতৈঃ। শিলাভিস্তদ্ঘর্ষণৈঃ ধৌতৈঃ পরিষ্কৃতৈঃ, ধনুংষ্যেব যন্ত্রাণি তৈঃ প্রচোদিতৈঃ ॥১৩—১৪॥

শল্য ইতি। স্বস্রীয়েণ ভাগিনেয়েন। পত্রিভির্বাণৈঃ ॥১৫॥

তত ইতি। মাদ্রেয়ো মাদ্রীপুত্রঃ সহদেবঃ, উপাদ্রবন্ অভ্যধাবন্ ॥১৬॥

তানিতি। সেনাপতিঃ কুরুপক্ষস্য, অমিত্রজিৎ শত্রুবিজয়ী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

ক্রমে বিপক্ষবীরহন্তা নকুল যুদ্ধে বাণে বাণে শল্যকে আবৃত করিয়া লৌহময়, শিল্পিপরিমার্জ্জিত, স্বর্ণপুঙ্খ, শিলাপরিষ্কৃত ও কার্ম্মুকনিক্ষিপ্ত দশটা বাণদ্বারা শল্যের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥১৩—১৪॥

ভাগিনেয় মহাত্মা নকুল পীড়ন করিলে, শল্য নতপর্ব্ব বহুতর বাণদ্বারা নকুলকে পীড়ন করিলেন ॥১৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির, ভীমসেন, সাত্যকি ও মাদ্রীপুত্র সহদেব ইহারা শল্যের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

তাঁহারা রথশব্দে দিক্ ও বিদিক্ পূর্ণ করিয়া রণভূমি কাঁপাইতে থাকিয়া বেগে আসিতে লাগিলেই কৌরবসেনাপতি ও শত্রুবিজয়ী শল্য যুদ্ধে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥১৭॥

(১৭)··· দিশশ্চ প্রদিশশ্চৈব···অভিজগ্রাহ বেগেন···পি। (১৮)···ভীমসেনঞ্চ সপ্তভিঃ··· পি।

ততস্তু সশরং চাপং নকুলস্য মহাত্মনঃ।
মদ্রেশ্বরঃ ক্ষুরপ্রেণ তদা চিচ্ছেদ মারিষ ! ।
তদশীর্য্যত বিচ্ছিন্নং ধনুঃ শল্যস্য সায়কৈঃ ॥১৯॥ (যুগ্মকম্)
অথান্যদ্ধনুরাদায় মাদ্রীপুত্রো মহারথঃ।
মদ্ররাজরথং তূর্ণং পূরয়ামাস পত্রিভিঃ ॥২০॥
যুধিষ্ঠিরস্তু মদ্রেশং সহদেবশ্চ মারিষ ! ।
দশভির্দশভির্বাণৈরুরস্যেনমবিধ্যতাম্ ॥২১॥
ভীমসেনস্তু তং ষষ্ট্যা সাত্যকির্নবভিঃ শরৈঃ।
মদ্ররাজমভিদ্রুত্য জঘ্নতুঃ কঙ্কপত্রিভিঃ ॥২২॥
মদ্ররাজস্ততঃ ক্রুদ্ধঃ সাত্যকিং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ ভূয়ঃ সপ্তত্যা শরাণাং নতপর্বণাম্ ॥২৩॥
অথাস্য সশরং চাপং মুষ্টৌ চিচ্ছেদ মারিষ ! ।
হয়াংশ্চ চতুরঃ সংখ্যে প্রেষয়ামাস মৃত্যবে ॥২৪॥

ভারতকৌমুদী

যুধীতি। আজৌ যুদ্ধে। অশীর্য্যত ভগ্নম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৮—১৯॥
অথেতি। মাদ্রীপুত্রো নকুলঃ। পত্রিভির্বাণৈঃ ॥২০॥
যুধীতি। মদ্রেশং শল্যম্, হে মারিষ ! আর্য্য ! । উরসি বক্ষসি ॥২১॥
ভীমেতি। অভিদ্রুত্য অভিগম্য, জঘ্নতুঃ প্রজহ্রতুঃ, কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষযুক্তৈঃ ॥২২॥
মদ্রেতি। ভূয়ঃ পুনঃ। নতপর্বণামীষদ্বক্রোপান্তানাম্ ॥২৩॥

মাননীয় রাজা ! পরে শল্য তিন বাণে যুধিষ্ঠিরকে, পাঁচ বাণে ভীমকে, একশত বাণে সাত্যকিকে এবং তিন বাণে সহদেবকে বিদ্ধ করিয়া একটা ক্ষুরপ্রদ্বারা মহাত্মা নকুলের বাণসংযুক্ত ধনু ছেদন করিলেন। তখন সেই ধনুখানা শল্যের বাণে ছিন্ন হইয়া ভাঙ্গিয়া গেল ॥১৮—১৯॥

তদনন্তর মহারথ নকুল অন্য ধনু লইয়া বাণদ্বারা সত্বরই শল্যের রথখানাকে পূর্ণ করিয়া ফেলিলেন ॥২০॥

মাননীয় রাজা ! পরে যুধিষ্ঠির ও সহদেব প্রত্যেকে দশ দশ বাণে শল্যের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥২১॥

আর ভীমসেন ষাটটা এবং সাত্যকি সম্মুখে যাইয়া কঙ্কপক্ষযুক্ত নয়টা বাণদ্বারা শল্যকে আঘাত করিলেন ॥২২॥

তাহার পর শল্য ক্রুদ্ধ হইয়া প্রথমে নয়টা বাণদ্বারা পরে আবার নতপর্ব সত্তরটা বাণে শল্যকে বিদ্ধ করিলেন ॥২৩॥

বিরথং সাত্যকিং কৃত্বা মদ্ররাজো মহারথঃ।
বিশিখানাং শতেনৈনমাজঘান সমন্ততঃ ॥২৫॥
মাদ্রীপুত্রৌ চ সংরব্ধৌ ভীমসেনঞ্চ পাণ্ডবম্।
যুধিষ্ঠিরঞ্চ কৌরব্য! বিব্যাধ দশভিঃ শরৈঃ ॥২৬॥
তত্রাদ্ভুতমপশ্যাম মদ্ররাজস্য পৌরুষম্।
যদেনং সহিতাঃ পার্থা নাভ্যবর্ত্তন্ত সংযুগে ॥২৭॥
অথান্যং রথমাস্থায় সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
পীড়িতান্ পাণ্ডবান্ দৃষ্ট্বা মদ্ররাজবশং গতান্।
অভিদুদ্রাব বেগেন মদ্রাণামধিপং বলী ॥২৮॥
আপতন্তং রথং তস্য শল্যঃ সমিতিশোভনঃ।
প্রত্যুদ্যযৌ রথেনৈব মত্তো মত্তমিব দ্বিপম্ ॥২৯॥

ভারতকৌমুদী

অথেতি। অস্য সাত্যকেঃ। চিচ্ছেদ মদ্ররাজ ইত্যনুবৃত্তিঃ। হয়ানশ্বান্ ॥২৪॥
বিরথমিতি। অশ্বহননেনৈব রথচলনব্যাঘাতাদ্বিরথত্বমিতি ভাবঃ ॥২৫॥
মাদ্রীতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। দশভিরিত্যত্র বীপ্সাবগন্তব্যা ॥২৬॥
তত্রেতি। নাভ্যবর্ত্তন্ত আভিমুখ্যেন স্থাতুং নাশক্নুবন্ তৎপ্রহারাসহত্বাৎ ॥২৭॥
অথেতি। আস্থায় আরুহ্য। অভিদুদ্রাব অভিদধাব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥
আপতন্তমিতি। সমিতিশোভনো বীরশ্রিয়া যুদ্ধশোভী। মত্তো দ্বিপঃ ॥২৯॥

মাননীয় রাজা! পরে শল্য সাত্যকির বাণযুক্ত ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিলেন এবং তাঁহার চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন ॥২৪॥

এইভাবে মহারথ মদ্ররাজ সাত্যকিকে রথবিহীন করিয়া একশত বাণদ্বারা সকল দিকে তাঁহাকে আঘাত করিলেন ॥২৫॥

এবং কৌরবনন্দন! তিনি দশ দশটা বাণদ্বারা নকুল, সহদেব, ভীমসেন ও যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তখন আমরা শল্যের অদ্ভুত পরাক্রম দেখিলাম যে, পাণ্ডবেরা মিলিত হইয়াও যুদ্ধে শল্যের সম্মুখে থাকিতে সমর্থ হইলেন না ॥২৭॥

পরে যথার্থবিক্রমশালী ও বলবান্ সাত্যকি অন্য রথে আরোহণ করিয়া পাণ্ডবগণকে পীড়িত ও শল্যের বশীভূত দেখিয়া বেগে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৮॥

---

(২৬)···যুধিষ্ঠিরঞ্চ কৌরব্যম্···পি।

স সন্নিপাতস্তুমুলো বভূবাদ্ভুতদর্শনঃ।
সাত্যকেশ্চৈব শূরস্য মদ্রাণামধিপস্য চ।
যাদৃশো বৈ পুরা বৃত্তঃ শম্বরামররাজয়োঃ ॥৩০॥
সাত্যকিঃ প্রেক্ষ্য সমরে মদ্ররাজং ব্যবস্থিতম্।
বিব্যাধ দশভির্বাণৈস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩১॥
মদ্ররাজস্তু সুভৃশং বিদ্ধস্তেন মহাত্মনা।
সাত্যকিং প্রতিবিব্যাধ চিত্রপুঙ্খৈঃ শিতৈঃ শরৈঃ ॥৩২॥
ততঃ পার্থা মহেষ্বাসাঃ সাত্বতাভিসৃতং নৃপম্।
অভ্যদ্রবন্ রথৈস্তূর্ণং মাতুলং বধকাঙ্ক্ষয়া ॥৩৩॥
তত আসীৎ পরামর্দ্দস্তুমুলঃ শোণিতোদকঃ।
শূরাণাং যুধ্যমানানাং সিংহানামিব নর্দ্দতাম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। সন্নিপাতো যুদ্ধসংঘর্ষঃ। বৃত্তো জাতঃ। শম্বরোঽসুরঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩০॥
সাত্যকিরিতি। ব্যবস্থিতং যুদ্ধার্থমেবাবস্থিতম্। বিব্যাধ তাড়য়ামাস ॥৩১॥
মদ্রেতি। চিত্রপুঙ্খৈঃ স্বর্ণাদিসন্নিবেশেন বিচিত্রমূলদেশৈঃ ॥৩২॥
তত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, সাত্বতেন সাত্যকিনা অভিসৃতমভিগতম্ ॥৩৩॥
তত ইতি। পরামর্দ্দঃ সংঘর্ষঃ, শোণিতমুদকমিব প্রস্রুতং যস্মিন্ সঃ ॥৩৪॥

সাত্যকির রথ আসিতে লাগিলে, মত্ত হস্তী যেমন মত্ত হস্তীর প্রতি গমন করে, তেমন যুদ্ধশোভী শল্য রথারোহণেই তাঁহার প্রতি গমন করিলেন ॥২৯॥

তখন, পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেমন সংঘর্ষ হইয়াছিল, সেইরূপ বীর সাত্যকি ও শল্যরাজার তুমুল ও অদ্ভুতদর্শন সংঘর্ষ হইতে লাগিল ॥৩০॥

ক্রমে সাত্যকি শল্যকে রণস্থলে যুদ্ধার্থী অবস্থায় থাকিতে দেখিয়া দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৩১॥

মহাবল সাত্যকি গুরুতর বিদ্ধ করিলে, শল্যও বিচিত্রপুঙ্খ ও সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৩২॥

তাহার পর মহাধনুর্দ্ধর পাণ্ডবেরা সাত্যকিকর্ত্তৃক আক্রান্ত মাতুল শল্যকে বধ করিবার ইচ্ছায় রথারোহণে সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥৩৩॥

পরে সিংহগণের ন্যায় গর্জ্জনকারী ও যুধ্যমান বীরগণের তুমুল সংঘর্ষ হইতে লাগিল; তখন জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিল ॥৩৪॥

---

(৩২)…চিত্রপুঙ্খৈঃ শিলাশিতৈঃ—পি। (৩৩)…বধকাম্যয়া—পি।

তেষামাসীন্মহারাজ! ব্যতিক্ষেপঃ পরস্পরম্।
সিংহানামামিষেপ্সূনাং কূজতামিব সংযুগে ॥৩৫॥
তেষাং বাণসহস্রৌঘৈরাকীর্ণা বসুধাভবৎ।
অন্তরীক্ষঞ্চ সহসা বাণভূতমভূত্তদা ॥৩৬॥
শরান্ধকারং বহুধা কৃতং তত্র সমন্ততঃ।
অভ্রচ্ছায়েব সংজজ্ঞে শরৈর্মুক্তৈর্মহাত্মভিঃ ॥৩৭॥
তত্র রাজন্! শরৈর্মুক্তৈর্নির্ম্মুক্তৈরিব পন্নগৈঃ।
স্বর্ণপুঙ্খৈঃ প্রকাশদ্ভির্ব্যরোচন্ত দিশস্তদা ॥৩৮॥
তত্রাদ্ভুতং পরং চক্রে শল্যঃ শত্রুনিবর্হণঃ।
যদেকঃ সমরে শূরো যোধয়ামাস বৈ বহূন্ ॥৩৯॥
মদ্ররাজভুজোৎসৃষ্টৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ।
সংপতদ্ভিঃ শরৈর্ঘোরৈরবাকীর্য্যত মেদিনী ॥৪০॥

ভারতকৌমুদী

তেষামিতি। ব্যতিক্ষেপঃ প্রহারঃ। আমিষেপ্সূনাং মাংসলিপ্সূনাম্ ॥৩৫॥
তেষামিতি। আকীর্ণা ব্যাপ্তা, বসুধা রণভূমিঃ। বাণভূতং বাণময়ম্ ॥৩৬॥
শরেতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। অভ্রস্য মেঘস্য ছায়েব ॥৩৭॥
তত্রেতি। মুক্তৈঃ ক্ষিপ্তৈঃ, নির্ম্মুক্তৈস্ত্যক্তচর্ম্মভিঃ, পন্নগৈঃ সর্পৈঃ ॥৩৮॥
তত্রেতি। পরং সাতিশয়ম্। শত্রূণাং নিবর্হণো দমনঃ ॥৩৯॥
মদ্রেতি। কঙ্কানাং বর্হিণানাং ময়ূরাণাঞ্চ বাজাঃ পক্ষা এষু সঞ্জাতা ইতি তৈঃ ॥৪০॥

মহারাজ! ক্রমে মাংসলিপ্সু গর্জনকারী সিংহগণের ন্যায় রণস্থলে সেই বীরগণের পরস্পর প্রহার চলিতে লাগিল ॥৩৫॥

তখন তাঁহাদের সহস্র সহস্র বাণে রণভূমি ব্যাপ্ত হইয়া গেল এবং আকাশমণ্ডলও হঠাৎ বাণময় হইয়া পড়িল ॥৩৬॥

ক্রমে মহাবীরগণের বাণে বাণে সকল দিকেই মেঘের ছায়ার ন্যায় গাঢ় অন্ধকার জন্মিল ॥৩৭॥

রাজা! সেই সময়ে বীরগণনিক্ষিপ্ত, স্বর্ণপুঙ্খ, প্রকাশমান ও নির্ম্মুক্তচর্ম্মা সর্পসমূহের ন্যায় দীর্ঘ বাণে বাণে দিক্ সকল প্রকাশ পাইতে লাগিল ॥৩৮॥

তৎকালে বীর ও শত্রুদমন শল্য অত্যন্ত অদ্ভুত ব্যাপারই করিতে লাগিলেন যে হেতু তিনি একাকী বহু যোদ্ধার সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৯॥

---

(৩৬) তেষাং বাণৈঃ সহস্রৈস্তৈঃ পি। (৩৮) ব্যরোচন্ত দিশো দশ পি।

মদ্ররাজরথং রাজন্! বিচরন্তং মহাহবে।
অপশ্যাম যথা পূর্ব্বং শক্রস্যাসুরসংক্ষয়ে ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

— — ※ — —

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

ততঃ সৈন্যাস্তব বিভো! মদ্ররাজপুরস্কৃতাঃ।
পুনরভ্যদ্রবন্ পার্থান্ বেগেন মহতা রণে ॥১॥
পীড়িতাস্তাবকাঃ সর্বে প্রধাবন্তো রণোৎকটাঃ।
ক্ষণেনৈব চ পার্থাংস্তে বহুত্বাৎ সমলোড়য়ন্ ॥২॥

ভারতকৌমুদী

মদ্রেতি। শক্রস্য রথং যথা পূর্ব্বমপশ্যন্ তদানীন্তনা ইত্যর্থঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তত ইতি। মদ্ররাজঃ পুরস্কৃতঃ অগ্রবর্ত্তীকৃতো যৈস্তে। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥১॥

পীড়িতা ইতি। পীড়িতাঃ পাণ্ডবপ্রহারৈরেব। রণোৎকটা যুদ্ধমত্তাঃ ॥২॥

শল্যের বাহুনিক্ষিপ্ত কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত ভীষণ বাণ সকল পতিত হইতে থাকিয়া সমরভূমি ব্যাপ্ত করিয়া ফেলিল ॥৪০॥

রাজা! পূর্ব্বকালে তদানীন্তন লোকেরা যেমন অসুরবিনাশের সময়ে ইন্দ্রের রথ বিচরণ করিতে দেখিয়াছিল, তেমন আমরাও মহাযুদ্ধে শল্যের রথ বিচরণ করিতে দেখিলাম' ॥৪১॥

——০:※:০——

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর আপনার সৈন্যেরা শল্যকে অগ্রবর্ত্তী করিয়া গুরুতর বেগে যুদ্ধে পাণ্ডবগণের দিকে পুনরায় ধাবিত হইল ॥১॥

---

* '... পঞ্চদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '... চতুর্দ্দশোঽধ্যায়ঃ' নি। (১) ততঃ সেনা...মদ্ররাজপুরস্কৃতা। পুনরভ্যদ্রবং...নি।

তে বধ্যমানাঃ কুরুভিঃ পাণ্ডবা নাবতস্থিরে।
নিবার্য্যমাণা ভীমেন পশ্যতোঃ কৃষ্ণপার্থয়োঃ ॥৩॥
ততো ধনঞ্জয়ঃ ক্রুদ্ধঃ কৃপং সহ পদানুগৈঃ।
অবাকিরচ্ছরৌঘেণ কৃতবর্ম্মাণমেব চ ॥৪॥
শকুনিং সহদেবশ্চ সসৈন্যং সমবারয়ৎ।
নকুলঃ পার্শ্বতঃ স্থিত্বা মদ্ররাজমবৈক্ষত ॥৫॥
দ্রৌপদেয়া নরেন্দ্রাংশ্চ ভূয়িষ্ঠান্ সমবারয়ন্।
দ্রোণপুত্রঞ্চ পাঞ্চাল্যঃ শিখণ্ডী সমবারয়ৎ ॥৬॥
ভীমসেনস্তু রাজানং গদাপাণিরবারয়ৎ।
শল্যস্তু সহ সৈন্যেন কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৭॥

ভাবতকৌমুদী

ত ইতি। পাণ্ডবাঃ পাণ্ডবপক্ষীয়া যোদ্ধারঃ। কৃষ্ণপার্থয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৩॥
তত ইতি। পদানুগৈরনুচরৈঃ। অবাকিরৎ প্রাহরৎ ॥৪॥
শকুনিমিতি। অবৈক্ষত প্রহারপ্রকারানুসন্ধানার্থমিতি ভাবঃ ॥৫॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, ভূয়িষ্ঠান্ বহুলান্ ॥৬॥

আপনার যুদ্ধমত্ত সৈন্যেরা পীড়িত হইতে থাকিয়াও ধাবিত হইয়া বহুত্ববশতঃ ক্ষণকালমধ্যেই পাণ্ডবপক্ষকে আলোড়ন করিয়া তুলিল ॥২॥

কৌরবেরা বধ করিতে থাকায় ভীমসেন বারণ করিতে থাকিলেও পাণ্ডবপক্ষের যোদ্ধারা থাকিতে পারিল না; তাহারা কৃষ্ণ ও অর্জ্জুনের সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥৩॥

তদনন্তর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা অনুচরবর্গের সহিত কৃপ ও কৃতবর্ম্মাকে প্রহার করিতে লাগিলেন ॥৪॥

সহদেব সৈন্যগণের সহিত শকুনিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং নকুল পার্শ্বে থাকিয়া শল্যের প্রতি দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥৫॥

দ্রৌপদীর পুত্রেরা বহুতর রাজাকে বারণ করিতে আরম্ভ করিলেন এবং পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী অশ্বত্থামাকে বারণ করিতে লাগিলেন ॥৬॥

ভীমসেন গদা ধারণ করিয়া দুর্য্যোধনকে এবং কুন্তীনন্দন যুধিষ্ঠির সৈন্যগণের সহিত শল্যকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

(৩)···ক্ষণেনৈব মহারাজ! পশ্যতোঃ নি। (৫) সহসৈন্যমবাকিরৎ···মদ্ররাজমযোধয়ৎ—নি। (৬) · ভূয়িষ্ঠং সমবারয়ৎ · পি।

ততঃ সমভবদ্‌যুদ্ধং সংসক্তং তত্র তত্র হ।
তাবকানাং পরেষাঞ্চ সংগ্রামেষ্বনিবর্ত্তিনাম্ ॥৮॥
তত্র পশ্যামহে কর্ম্ম শল্যস্যাতিমহদ্রণে।
যদেকঃ সর্বসৈন্যানি পাণ্ডবানামযুধ্যত ॥৯॥
ব্যদৃশ্যত তদা শল্যো যুধিষ্ঠিরসমীপতঃ।
রণে চন্দ্রমসোঽভ্যাসে শনৈশ্চর ইব গ্রহঃ ॥১০॥
পীড়য়িত্বা তু রাজানং শরৈরাশীবিষোপমৈঃ।
অভ্যধাবৎ পুনর্ভীমং শরবর্ষৈরবাকিরন্ ॥১১॥
তস্য তল্লাঘবং দৃষ্ট্বা তথৈব চ কৃতাস্ত্রতাম্।
অপূজয়ন্নীকানি পরেষাং তাবকানি চ ॥১২॥
পীড্যমানাস্তু শল্যেন পাণ্ডবা ভৃশবিক্ষতাঃ।
প্রাদ্রবন্ত রণং হিত্বা ক্রোশমানে যুধিষ্ঠিরে ॥১৩॥

ভারতকৌমুদী

ভীমেতি। রাজানং দুর্য্যোধনম্। যুধিষ্ঠিরঃ অবারয়দিত্যনুবৃত্তিঃ ॥৭॥
তত ইতি। সংসক্তং পরস্পরসংলগ্নং যথা স্যাত্তথা ॥৮॥
তত্রেতি। অযুধ্যত প্রাহরৎ। "যুধ সংপ্রহারে" ইতি ধাতুঃ ॥৯॥
ব্যদৃশ্যতেতি। যুধিষ্ঠিরস্য সমীপতঃ সমীপে। অভ্যাসে সকাশে ॥১০॥
পীড়েতি। রাজানং যুধিষ্ঠিরম্, আশীবিষোপমৈঃ সর্পতুল্যৈঃ ॥১১॥
তস্যেতি। লাঘবম্ অস্ত্রক্ষেপে দ্রুতহস্ততাম্, কৃতাস্ত্রতাং শিক্ষিতাস্ত্রতাম্ ॥১২॥
পীড্যেতি। প্রাদ্রবন্ত পলায়ন্ত। ক্রোশমানে আগচ্ছতেত্যাহ্বয়তি ॥১৩॥

তাহার পর যুদ্ধে অনিবর্ত্তী আপনার পক্ষীয় ও বিপক্ষীয় সৈন্যগণের সেই সেই স্থানে পরস্পর সংলগ্ন অবস্থায় যুদ্ধ হইতে থাকিল ॥৮॥

তখন আমরা যুদ্ধে শল্যের অতিগুরুতর কার্য্য দেখিতে লাগিলাম; যে হেতু তিনি একাকী সমস্ত পাণ্ডবসৈন্যের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৯॥

তৎকালে যুদ্ধে যুধিষ্ঠিরের নিকটে শল্যকে, চন্দ্রের নিকটে শনিগ্রহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥১০॥

ক্রমে শল্য সর্পতুল্য বাণসমূহদ্বারা যুধিষ্ঠিরকে পীড়ন করিয়া বাণ বর্ষণ করিতে করিতে পুনরায় ভীমের দিকে ধাবিত হইলেন ॥১১॥

তখন আপনার পক্ষের সৈন্যেরা ও বিপক্ষের সৈন্যেরা শল্যের সেই লঘুহস্ততা ও শিক্ষা দেখিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিল ॥১২॥

(১১)···শরবর্ষৈরবাকিরৎ—পি বা নি।

বধ্যমানেষ্বনীকেষু মদ্ররাজেন পাণ্ডবঃ।
অমর্ষবশমাপন্নো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥১৪॥
ততঃ পৌরুষমাস্থায় মদ্ররাজমপীড়য়ৎ।
জয়ো বাস্তু বধো বেতি কৃতবুদ্ধির্মহারথঃ ॥১৫॥
সমাহূয়াব্রবীৎ সর্বান্ ভ্রাতৃন্ কৃষ্ণঞ্চ মাধবম্।
ভীষ্মো দ্রোণশ্চ কর্ণশ্চ যে চান্যে পৃথিবীক্ষিতঃ।
কৌরবার্থে পরাক্রান্তাঃ সংগ্রামে নিধনং গতাঃ ॥১৬॥
যথাভাগং যথোৎসাহং ভবন্তঃ কৃতপৌরুষাঃ।
ভাগোঽবশিষ্ট একোঽয়ং মম শল্যো মহারথঃ ॥১৭॥
সোঽহমদ্য যুধা জেতুমাশংসে মদ্রকেশ্বরম্।
তত্র যন্মানসং মহ্যং তৎ সর্বং নিগদামি বঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বধ্যেতি। অনীকেষু স্বসৈন্যেষু। অমর্ষবশং নিতান্তক্রুদ্ধতাম্, আপন্নঃ প্রাপ্তঃ ॥১৪॥
তত ইতি। পৌরুষং সাহসম্, আস্থায় অবলম্ব্য। মহারথো যুধিষ্ঠিরঃ ॥১৫॥
সমাহূয়েতি। মাধবং মধুবংশীয়ম্। পৃথিবীক্ষিতো রাজানঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
যথেতি। কৃতপৌরুষাঃ সম্পাদিতপুরুষকারাঃ। ভাগো হন্তব্যাংশঃ ॥১৭॥
স ইতি। আশংসে ইচ্ছামি। মানসং সঙ্কল্পঃ, মহ্যং মম ॥১৮॥

শল্য পীড়ন করিতে লাগিলে, পাণ্ডবসৈন্যেরা অত্যন্ত ক্ষত-বিক্ষত হইয়া যুধিষ্ঠির আহ্বান করিতে থাকিলেও যুদ্ধ পরিত্যাগ করিয়া পলায়ন করিতে থাকিল ॥১৩॥

শল্য সৈন্য বিনাশ করিতে লাগিলে, পাণ্ডুনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥১৪॥

তাহার পর 'আমার জয় হউক, বা মৃত্যুই হউক' এইরূপ স্থির করিয়া মহারথ যুধিষ্ঠির সাহস অবলম্বনপূর্ব্বক শল্যকে পীড়ন করিতে লাগিলেন ॥১৫॥

এবং তিনি সমস্ত ভ্রাতা ও কৃষ্ণকে ডাকিয়া বলিলেন—'ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও অন্য যে সকল পরাক্রমশালী রাজা ছিলেন, তাঁহারা সকলেই কৌরবগণের জন্য প্রাণত্যাগ করিয়াছেন ॥১৬॥

আপনারাও ভাগ এবং উৎসাহ অনুসারে পুরুষকার দেখাইয়াছেন। এখন আমার ভাগের একমাত্র এই মহারথ শল্য অবশিষ্ট আছেন ॥১৭॥

সুতরাং আজ আমি যুদ্ধে সেই শল্যকে জয় করিতে ইচ্ছা করি। অতএব সে বিষয়ে আমার যে যে সঙ্কল্প আছে, সে সকল আপনাদিগকে বলিতেছি—॥১৮॥

চক্ররক্ষাবিমৌ শূরৌ মম মাদ্রবতীসুতৌ।
অজেয়ৌ বাসবেনাপি সমরে বীরসম্মতৌ ॥১৯॥
সাধ্বিমৌ মাতুলং যুদ্ধে ক্ষত্রধর্ম্মপুরস্কৃতৌ।
মদর্থং প্রতিযুধ্যেতাং মানার্হৌ সত্যসঙ্গরৌ ॥২০॥
মাং বা শল্যো রণে হন্তা তং বাহং ভদ্রমস্তু বঃ।
ইতি সত্যামিমাং বাণীং লোকবীরা নিবোধত ॥২১॥
যোঽস্মেঽহং মাতুলেনাদ্য ক্ষত্রধর্ম্মেণ পার্থিবাঃ!।
স্বয়ং সমভিসন্ধায় বিজয়ায়েতরায় বা ॥২২॥
তস্য মেঽভ্যধিকং শস্ত্রং সর্ব্বোপকরণানি চ।
সংযুজ্যন্তু রথে ক্ষিপ্রং শাস্ত্রবদ্রথযোজকাঃ ॥২৩॥
শৈনেয়ো দক্ষিণং চক্রং ধৃষ্টদ্যুম্নস্তথোত্তরম্।
পৃষ্ঠগোপো ভবত্বদ্য মম পার্থো ধনঞ্জয়ঃ ॥২৪॥

ভারতকৌমুদী

চক্রেতি। চক্রবক্ষৌ পার্শ্বস্থসৈন্যবক্ষকৌ। বাসবেন ইন্দ্রেণ ॥১৯॥
সাধ্বিতি। সাধু প্রতিযুধ্যেতামিতি সম্বন্ধঃ। সত্যসঙ্গবৌ সত্যপ্রতিজ্ঞৌ ॥২০॥
মামিতি। হন্তা হনিষ্যতি, তং বাহং হন্তাস্মীত্যর্থঃ, ভদ্রং মঙ্গলম্ ॥২১॥
যোঽস্ম ইতি। সমভিসন্ধায পর্য্যালোচ্য, ইতবায মবণায ॥২২॥
তস্যেতি। সংযুজ্যন্তু সংস্থাপযন্তু। শাস্ত্রবৎ যুদ্ধশাস্ত্রানুসাবেণ ॥২৩॥

বীর, ইন্দ্রেরও অজেয় এবং বীবপ্রিয় এই নকুল ও সহদেব আমাব চক্ররক্ষক আছেন ॥১৯॥

সম্মানযোগ্য ও সত্যপ্রতিজ্ঞ এই বীবেবা যুদ্ধে ক্ষত্রিয়ধর্ম্মকে প্রধান করিয়া আমাব জন্য মাতুলেব সহিত সমীচীনভাবে যুদ্ধ করিবেন ॥২০॥

হে লোকবীরগণ! আপনাদের মঙ্গল হউক; আপনাবা আমাব এই সত্য বাক্য শ্রবণ করুন—আজ যুদ্ধে শল্য আমাকে বধ করিবেন, কিংবা আমি তাঁহাকে বধ করিব ॥২১॥

হে রাজগণ! আমি নিজে পর্য্যালোচনা করিয়া বলিতেছি—আজ জয়লাভ কিংবা মৃত্যুর জন্য ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে মাতুল শল্যের সহিত যুদ্ধ করিব ॥২২॥

অতএব রথযোজক ভৃত্যেরা যুদ্ধশাস্ত্র অনুসাবে সত্বর আমাব রথে প্রচুর অস্ত্র ও সমস্ত উপকরণ সংস্থাপন করুক ॥২৩॥

(২১)…রণে হন্তু…পি। (২৩)…সংযুঞ্জন্তু…পি,…সংযুজ্যত…বা,… সংযুজ্যতাম্…নি।

পুরঃসরো মমাগ্যাস্ত ভীমঃ শস্ত্রভৃতাং বরঃ।
এবমভ্যধিকঃ শল্যাদ্ভবিষ্যামি মহামৃধে।
এবমুক্তাস্তথা চক্রুঃ সর্বে রাজ্ঞঃ প্রিয়ৈষিণঃ ॥২৫॥
ততঃ প্রহর্ষঃ সৈন্যানাং পুনরাসীত্তদা মৃধে।
পাঞ্চালানাং সোমকানাং মৎস্যানাঞ্চ বিশেষতঃ।
প্রতিজ্ঞাং তাং তদা রাজা কৃত্বা মদ্রেশমভ্যযাৎ ॥২৬॥
ততঃ শঙ্খাংশ্চ ভেরীশ্চ শতশশ্চৈব পুষ্কলান্।
অবাদয়ন্ত পাঞ্চালাঃ সিংহনাদাংশ্চ নেদিরে ॥২৭॥
তেঽভ্যধাবন্ত সংরব্ধা মদ্ররাজং তরস্বিনঃ।
মহতা হর্ষজেনাথ নাদেন কুরুপুঙ্গব! ॥২৮॥
হ্রাদেন গজঘণ্টানাং শঙ্খানাং নিনদেন চ।
তূর্য্যশব্দেন মহতা নাদয়ন্তশ্চ মেদিনীম্ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শৈনেয় ইতি। শৈনেয়ঃ সাত্যকিঃ। পৃষ্ঠং গোপয়তি রক্ষতীতি সঃ ॥২৪॥
পুর ইতি। পুরঃসরঃ অগ্রবর্ত্তী। মহামৃধে মহাযুদ্ধে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥
তত ইতি। মৎস্যানাং মৎস্যদেশীয়ানাম্। রাজা যুধিষ্ঠিরঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৬॥
তত ইতি। পুষ্কলান্ বাদ্যবিশেষান্। নেদিরে চক্রুঃ ॥২৭॥
ত ইতি। সংরব্ধাঃ সোৎসাহাঃ, তরস্বিনো বলবন্তঃ। হ্রাদেন শব্দেন ॥২৮—২৯॥

সাত্যকি আমার দক্ষিণ চক্র এবং ধৃষ্টদ্যুম্ন বামচক্র রক্ষা করুন, আর পৃথানন্দন অর্জ্জুন আজ আমার পৃষ্ঠরক্ষক হউন ॥২৪॥

তা'র পর অস্ত্রধারিশ্রেষ্ঠ ভীম আজ আমার অগ্রবর্ত্তী হউন। এইরূপ হইলে, মহাযুদ্ধে আমি শল্য অপেক্ষা প্রধান হইব'। যুধিষ্ঠির এইরূপ বলিলে, তাঁহার প্রিয়াভিলাষী ভৃত্যেরা সকলে সেইরূপ কার্য্য করিল ॥২৫॥

তদনন্তর পাঞ্চাল, সোমক, বিশেষতঃ মৎস্যদেশীয় সৈন্যগণের পুনরায় আনন্দ জন্মিল। যুধিষ্ঠিরও সেই প্রতিজ্ঞা করিয়া তখনই শল্যের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

তৎপরে পাঞ্চালেরা শঙ্খ, ভেরী ও শত শত পুষ্কল বাজাইতে লাগিল এবং সিংহনাদ করিতে থাকিল ॥২৭॥

কৌরবশ্রেষ্ঠ! ক্রমে সেই বলবান্ পাঞ্চালেরা উৎসাহী হইয়া গজঘণ্টার শব্দে,

(২৬) প্রতিজ্ঞাং তাঞ্চ সংগ্রামে ধর্ম্মরাজমপূজয়ন্—পি। (২৭) অবাদয়ন্ত পটহান্ পি। (২৮) কুরুপুঙ্গবাঃ—বর্দ্ধ বা নি।

তান্ প্রত্যগৃহ্লাৎ পুত্রস্তে মদ্ররাজশ্চ বীর্য্যবান্।
মহামেঘানিব বহূন্ শৈলাবস্তোদয়াবুভৌ ॥৩০॥
শল্যস্তু সমরশ্লাঘী ধর্ম্মরাজমরিন্দমম্।
ববর্ষ শরবর্ষেণ বর্ষেণ মঘবানিব ॥৩১॥
তথৈব কুরুরাজোঽপি প্রগৃহ্য রুচিরং ধনুঃ।
দ্রোণোপদেশান্ বিবিধান্ দর্শয়ানো মহামনাঃ ॥৩২॥
ববর্ষ শরবর্ষাণি চিত্রং লঘু চ সুষ্ঠু চ।
ন চাস্য বিবরং কশ্চিদ্দদর্শ চরতো রণে ॥৩৩॥ (যুগ্মকম্)
তাবুভৌ বিবিধৈর্বাণৈস্ততক্ষাতে পরস্পরম্।
শার্দ্দূলাবামিষপ্রেপ্সূ পরাক্রান্তাবিবাহবে ॥৩৪॥

ভারতকৌমুদী

তানিতি। পুত্রো দুর্য্যোধনঃ। শৈলৌ পর্বতৌ ॥৩০॥
শল্য ইতি। বর্ষেণ জলবর্ষণেন, মঘবান্ ইন্দ্রঃ, পর্বতমিবেত্যর্থঃ ॥৩১॥
তথেতি। দর্শযানো দর্শয়মানঃ। লঘু দ্রুতম্, সুষ্ঠু সম্যক্। বিবরং ছিদ্রম্ ॥৩২—৩৩॥
তাবিতি। উভৌ শল্যযুধিষ্ঠিরৌ। ততক্ষাতে প্রজহ্রতুঃ। আমিষপ্রেপ্সূ মাংসলিপ্সূ ॥৩৪॥

শঙ্খের নিনাদে ও বিশাল তূর্য্যধ্বনিতে সমরভূমি নিনাদিত করিয়া হর্ষজাত বৃহৎ কোলাহলের সহিত শল্যের দিকে ধাবিত হইল ॥২৮—২৯॥

মহারাজ! তখন উদয়পর্ব্বত ও অস্তপর্ব্বত যেমন বহুতর বিশাল মেঘকে গ্রহণ করে, সেইরূপ আপনার পুত্র দুর্য্যোধন ও বলবান্ শল্য তাহাদিগকে গ্রহণ করিলেন ॥৩০॥

পরে ইন্দ্র যেমন পর্ব্বতের উপরে জলবর্ষণ করেন, তেমন সমরশ্লাঘী শল্য শত্রুদমন যুধিষ্ঠিরের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩১॥

সেইরূপ মহামনা দুর্য্যোধনও সুন্দর ধনু ধারণ করিয়া দ্রোণের নানাবিধ উপদেশ দেখাইতে থাকিয়া রণস্থলে বিচরণ করতঃ দ্রুত, বিচিত্র ও সুন্দরভাবে বাণবর্ষণ করিতে থাকিলেন। তৎকালে কোন লোকই দুর্য্যোধনের কোন ছিদ্র (ফাঁক্) দেখিতে পাইল না ॥৩২—৩৩॥

ক্রমে মাংসলোভী দুইটা ব্যাঘ্রের ন্যায় পরাক্রমশালী শল্য ও যুধিষ্ঠির নানাবিধ বাণদ্বারা যুদ্ধে পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৩৪॥

(৩১) শম্বরং মঘবানিব—পি,...শম্বরং মঘবা ইব—নি।

ভীমস্তু তব পুত্রেণ রণশৌণ্ডেন সঙ্গতঃ।
পাঞ্চাল্যঃ সাত্যকিশ্চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
শকুনিপ্রমুখান্ বীরান্ প্রত্যগৃহ্লন্ সমন্ততঃ ॥৩৫॥
তদাসীত্তুমুলং যুদ্ধং পুনরেব জয়ৈষিণাম্।
তাবকানাং পরেষাঞ্চ রাজন্! দুর্মন্ত্রিতে তব ॥৩৬॥
দুর্য্যোধনস্তু ভীমস্য শরেণানতপর্ব্বণা।
চিচ্ছেদাদিশ্য সংগ্রামে ধ্বজং হেমবিভূষিতম্ ॥৩৭॥
সকিঙ্কিণীকজালেন মহতা চারুদর্শনঃ।
পপাত রুচিরঃ সংখ্যে ভীমসেনস্য মানদ! ॥৩৮॥
পুনশ্চাপি ধনুশ্চিত্রং গজরাজকরোপমম্।
ক্ষুরেণ শিতধারেণ প্রচকর্ত্ত নরাধিপ! ॥৩৯॥
স চ্ছিন্নধন্বা তেজস্বী রথশক্ত্যা সুতং তব।
বিভেদোরসি বিক্রম্য স রথোপস্থ আবিশৎ ॥৪০॥

ভারতকৌমুদী

ভীম ইতি। পুত্রেণ দুর্য্যোধনেন, রণে শৌণ্ডেন মত্তেন, সঙ্গতো মিলিতঃ। ষট্পাদো হয়ং শ্লোকঃ ॥৩৫॥

তদেতি। দুর্মন্ত্রিতে সতি। অন্যথা তু সন্ধিনা শান্তিরেবাভূদিতি ভাবঃ ॥৩৬॥

দুর্য্যোধন ইতি। আনতপর্ব্বণা ঈষদ্বক্রোপান্তেন। আদিশ্য উল্লিখ্য ॥৩৭॥

সেতি। কিঙ্কিণীভিঃ সহেতি তৎ সকিঙ্কিণীকং যজ্জালং লৌহময়ং তেন সহ ॥৩৮॥

পুনরিতি। গজরাজকরোপমং করীন্দ্রশুণ্ডাসদৃশম্। প্রচকর্ত্ত চিচ্ছেদ ॥৩৯॥

রাজা! ভীমসেন যুদ্ধমত্ত আপনার পুত্র দুর্য্যোধনের সহিত মিলিত হইলেন এবং ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, নকুল ও সহদেব সকল দিকে শকুনিপ্রভৃতি বীরগণকে গ্রহণ করিলেন ॥৩৫॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলে তখন জয়াভিলাষী আপনার পক্ষ ও বিপক্ষগণের তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥৩৬॥

ক্রমে দুর্য্যোধন উল্লেখ করিয়া একটা নতপর্ব্ব বাণদ্বারা ভীমসেনের স্বর্ণভূষিত ধ্বজটাকে ছেদন করিলেন ॥৩৭॥

মানদাতা রাজা! তখন ভীমসেনের সেই প্রিয়দর্শন সুন্দর ধ্বজটা বিশাল কিঙ্কিণীজালের সহিত ভূতলে পতিত হইল ॥৩৮॥

নরনাথ! দুর্য্যোধন পুনরায় একটা সুধার ক্ষুরপ্রদ্বারা ভীমসেনের হস্তিশুণ্ডসদৃশ বিচিত্র ধনু ছেদন করিলেন ॥৩৯॥

তস্মিন্ মোহমনুপ্রাপ্তে পুনরেব বৃকোদরঃ।
যন্তুরস্য শিরঃ কায়াৎ ক্ষুরপ্রেণাহরত্তদা ॥৪১॥
হতসূতা হয়াস্তস্য রথমাদায় ভারত।।
ব্যদ্রবন্ত দিশো রাজন্! হাহাকারস্ততোঽভবৎ ॥৪২॥
তমভ্যধাবত্ত্রাণার্থং দ্রোণপুত্রো মহারথঃ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ পুত্রং তব পরীপ্সবঃ ॥৪৩॥
তস্মিন্ বিলুলিতে সৈন্যে ত্রস্তাস্তস্য পদানুগাঃ।
গাণ্ডীবধন্বা বিস্ফার্য্য ধনুস্তানহনচ্ছরৈঃ ॥৪৪॥
যুধিষ্ঠিরস্তু মদ্রেশমভ্যধাবদমর্ষিতঃ।
স্বয়ং সঞ্চোদয়ন্নশ্বান্ দন্তবর্ণান্ মনোজবান্ ॥৪৫॥

ভারতকৌমুদী

স ইতি। উরসি বক্ষসি। রথস্য উপস্থে মধ্যে, আবিশৎ উপাবিশৎ ॥৪০॥
তস্মিন্নিতি। অস্য দুর্য্যোধনস্য, যন্তুঃ সারথেঃ। অহরদচ্ছিনৎ ॥৪১॥
হতেতি। হতঃ সূতঃ সারথির্যেষাং তে, হয়া অশ্বাঃ। ব্যদ্রবন্ত অধাবন্ ॥৪২॥
তমিতি। ত্রাণার্থং রক্ষণার্থম্। পরীপ্সবঃ প্রাপ্তুমিচ্ছবঃ ॥৪৩॥
তস্মিন্নিতি। বিলুলিতে ভগ্নে। পদানুগা অনুচরাঃ। গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ ॥৪৪॥
যুধীতি। সঞ্চোদয়ন্ সঞ্চালয়ন্, দন্তবর্ণান্ শুভ্রান্, মনস ইব জবো বেগো যেষাং তান্ ॥৪৫॥

ধনু ছিন্ন হইলে, তেজস্বী ভীমসেন বিক্রম প্রকাশ করিয়া একটা রথশক্তিদ্বারা দুর্য্যোধনের বক্ষস্থল বিদীর্ণ করিলেন; তখন দুর্য্যোধন বেদনায় রথমধ্যে উপবিষ্ট হইলেন ॥৪০॥

দুর্য্যোধন মোহপ্রাপ্ত হইলে, তখন ভীমসেন পুনরায় একটা ক্ষুরপ্রদ্বারা দুর্য্যোধনের সারথির মস্তকচ্ছেদন করিলেন ॥৪১॥

ভরতনন্দন রাজা! সারথি নিহত হইলে, দুর্য্যোধনের অশ্বগণ তাঁহার রথ লইয়া নানাদিকে ছুটিতে লাগিল; তখন কৌরবসৈন্যমধ্যে হাহাকার হইতে থাকিল ॥৪২॥

রাজা! এই সময়ে মহারথ অশ্বত্থামা, কৃপাচার্য্য ও কৃতবর্ম্মা আপনার পুত্রকে রক্ষা করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

ওদিকে কৌরবসৈন্য ভগ্ন হইলে, দুর্য্যোধনের অনুচরগণ ভীত হইয়া পড়িল। তখন অর্জ্জুন ধনু বিস্ফারিত করিয়া বাণদ্বারা তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥৪৪॥

---

(৪১)···যন্তুরেব শিরঃ কায়াৎ···বা নি।

তত্রাদ্ভুতমপশ্যাম কুন্তীপুত্রে যুধিষ্ঠিরে।
পুরা ভূত্বা মৃদুর্দান্তো যত্তদা দারুণোঽভবৎ ॥৪৬॥
বিবৃতাক্ষস্ত কৌন্তেয়ো বেপমানশ্চ মন্যুনা।
চিচ্ছেদ যোধান্ নিশিতৈর্ভল্লৈঃ শতসহস্রশঃ ॥৪৭॥
যাং যাং প্রত্যুদ্যযৌ সেনাং তাং তাং জ্যেষ্ঠঃ স পাণ্ডবঃ।
শরৈরপাতয়দ্রাজন্! গিরীন্ বজ্রৈরিবোত্তমৈঃ ॥৪৮॥
সাশ্বসূতধ্বজরথান্ রথিনঃ পাতয়ন্ বহূন্।
আক্রীড়দেকো বলবান্ পবনস্তোয়দানিব ॥৪৯॥
সাশ্বারোহাংশ্চ তুরগান্ পত্তীংশ্চৈব সহস্রশঃ।
ব্যপোথয়ত সংগ্রামে ক্রুদ্ধো রুদ্রঃ পশূনিব ॥৫০॥

ভারতকৌমুদী

তত্রেতি। পুরা পূর্ব্বম্, মৃদুর্দয়ালুত্বাৎ কোমলঃ, দান্তো নিষ্ক্রোধঃ ॥৪৬॥
বিবৃতেতি। বিবৃতাক্ষো বিস্ফারিতনেত্রঃ, বেপমানঃ কম্পমানঃ, মন্যুনা ক্রোধেন ॥৪৭॥
যামিতি। উত্তমৈঃ শরৈরিতি সম্বন্ধশ্চ প্রত্যেতব্যঃ ॥৪৮॥
সাশ্বেতি। আক্রীড়ৎ যুধিষ্ঠিরঃ খেলামকরোদিব। তোয়দান্ মেঘান্ ॥৪৯॥
সাশ্বেতি। সাশ্বারোহান্ অশ্বারোহিসহিতান্, পত্তীন্ পদাতীন্ ॥৫০॥

এই সময়ে যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া দন্তের ন্যায় শুভ্রবর্ণ ও মনের তুল্য বেগবান্ অশ্বগুলিকে নিজেই চালাইতে থাকিয়া শল্যের দিকে ধাবিত হইলেন ॥৪৫॥

তখন আমরা কুন্তীনন্দন যুধিষ্ঠিরে একটা অদ্ভুত বিষয় দেখিলাম, যে হেতু তিনি পূর্ব্বে কোমল ও ক্রোধশূন্য হইয়া তখন দারুণ হইলেন ॥৪৬॥

ক্রমে তিনি নয়ন বিস্ফারিত করিয়া ক্রোধে কাঁপিতে থাকিয়া সুধার ভল্লসমূহ-দ্বারা শত শত ও সহস্র সহস্র যোদ্ধাকে বিনাশ করিতে লাগিলেন ॥৪৭॥

রাজা! ইন্দ্র যেমন উত্তম বজ্রদ্বারা পর্ব্বত সকল নিপাতিত করেন, তেমন যুধিষ্ঠির যে যে সৈন্যের দিকে যাইতে লাগিলেন, সেই সেই সৈন্যই নিপাতিত করিতে থাকিলেন ॥৪৮॥

বায়ু যেমন মেঘ নিপাত করিতে থাকিয়া খেলা করে, তেমন বলবান্ এক যুধিষ্ঠির অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত বহু রথীকে নিপাত করিতে থাকিয়া যেন খেলা করিতে লাগিলেন ॥৪৯॥

রুদ্র যেমন ক্রুদ্ধ হইয়া পশু সংহার করেন, সেইরূপ যুধিষ্ঠির যুদ্ধে আরোহীদের সহিত সহস্র সহস্র অশ্ব ও পদাতিকে সংহার করিতে থাকিলেন ॥৫০॥

(৪৮)··· যা যা প্রত্যুদিয়াৎ সেনা···পি।

শূন্যমায়োধনং কৃত্বা শরবর্ষৈঃ সমন্ততঃ।
অভ্যদ্রবত মদ্রেশং তিষ্ঠ শল্যেতি চাব্রবীৎ ॥৫১॥
তস্য তচ্চরিতং দৃষ্ট্বা সংগ্রামে ভীমকর্ম্মণঃ।
বিত্রেসুস্তাবকাঃ সর্বে শল্যস্ত্বেনং সমভ্যয়াৎ ॥৫২॥
ততস্তৌ তু সুসংরব্ধৌ প্রধ্মাপ্য সলিলোদ্ভবৌ।
সমাহূয় তদান্যোন্যং ভৎর্সয়ন্তৌ সমীয়তুঃ ॥৫৩॥
শল্যস্তু শরবর্ষেণ যুধিষ্ঠিরমবাকিরৎ।
মদ্ররাজঞ্চ কৌন্তেয়ঃ শরবর্ষৈরবাকিরৎ ॥৫৪॥
ব্যদৃশ্যেতাং তদা রাজন্! কঙ্কপত্রিভিরাহবে।
উদ্ভিন্নরুধিরৌ শূরৌ মদ্ররাজযুধিষ্ঠিরৌ ॥৫৫॥
পুষ্পিতাবিব রেজাতে বনে শাল্মলিকিংশুকৌ।
দীপ্যমানৌ মহাত্মানৌ নেদতুর্যুদ্ধদুর্ম্মদৌ ॥৫৬॥

ভারতকৌমুদী

শূন্যমিতি। আযোধনং রণস্থলম্। অভ্যদ্রবত অভ্যধাবদ্‌যুধিষ্ঠিরঃ ॥৫১॥
তস্যেতি। ভীমং ভয়ানকং কর্ম্ম যস্য তস্য। বিত্রেসুর্ভীতা বভূবুঃ ॥৫২॥
তত ইতি। সুসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ, প্রধ্মাপ্য বাদয়িত্বা, সলিলোদ্ভবৌ শঙ্খৌ ॥৫৩॥
শল্য ইতি। অবাকিরৎ প্রাহরৎ। কৌন্তেয়ো যুধিষ্ঠির এব ॥৫৪॥
ব্যদৃশ্যেতামিতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ। উদ্ভিন্নরুধিরৌ নির্গতরক্তৌ ॥৫৫॥
পুষ্পিতাবিতি। রেজাতে শোভেতে স্ম। নেদতুঃ সিংহনাদং চক্রতুঃ ॥৫৬॥

এইভাবে যুধিষ্ঠির বাণবর্ষণপূর্ব্বক সকল দিকের রণস্থল শূন্য করিয়া শল্যের দিকে ধাবিত হইলেন এবং 'শল্য! দাঁড়াও' এই কথা বলিলেন ॥৫১॥

রাজা! যুদ্ধে ভীষণকার্য্যকারী যুধিষ্ঠিরের সেই কার্য্য দেখিয়া আপনার পক্ষের সকলেই ভীত হইয়া পড়িল; কিন্তু শল্য তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫২॥

তাহার পর শল্য ও যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শঙ্খধ্বনি করিয়া পরস্পর আহ্বানপূর্ব্বক ভৎর্সনা করিতে থাকিয়া অগ্রসর হইলেন ॥৫৩॥

পরে শল্য বাণবর্ষণ করিয়া যুধিষ্ঠিরকে প্রহার করিতে লাগিলেন; আবার যুধিষ্ঠিরও বাণবর্ষণদ্বারা শল্যকে আঘাত করিতে থাকিলেন ॥৫৪॥

রাজা! তখন দেখা গেল—যুদ্ধে বাণের আঘাতে বীর শল্য ও যুধিষ্ঠিরের গাত্র হইতে রক্ত নির্গত হইতেছে ॥৫৫॥

(৫১)…তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ—পি বা নি। (৫৫) অদৃশ্যেতাম্…নি…কঙ্কপত্রিভি-রাচিতৌ…বা নি।

দৃষ্ট্বা সর্বাণি সৈন্যানি নাধ্যবস্যংস্তয়োর্জয়ম্ ।
হত্বা মদ্রাধিপং পার্থো ভোক্ষ্যতেঽস্য বসুন্ধরাম্ ।
শল্যো বা পাণ্ডবং হত্বা দদ্যাদ্দুর্যোধনায় গাম্ ॥৫৭॥
ইতীব নিশ্চয়ো নাভূদ্‌যোধানাং তত্র ভারত ! ।
প্রদক্ষিণমভূৎ সর্বং ধর্ম্মরাজস্য যুধ্যতঃ ॥৫৮॥
ততঃ শরশতং শল্যো মুমোচাগ্র্যং যুধিষ্ঠিরে ।
ধনুশ্চাস্য শিতাগ্রেণ বাণেন নিরকৃন্তত ॥৫৯॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় শল্যং শরশতৈস্ত্রিভিঃ ।
অবিধ্যৎ কার্ম্মুকঞ্চাস্য ক্ষুরেণ নিরকৃন্তত ॥৬০॥
অথাস্য নিজঘানাংশ্বাংশ্চতুরো নতপর্বভিঃ ।
দ্বাভ্যামতিশিতাগ্রাভ্যামুভৌ চ পার্ষ্ণিসারথী ॥৬১॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। নাধ্যবস্যন্ ন নিশ্চেতুমশক্নুবন্। গাং পৃথিবীম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥
ইতীতি। প্রদক্ষিণমনুকূলম্। যুধ্যতো যুধ্যমানস্য ॥৫৮॥
তত ইতি। অগ্র্যং শ্রেষ্ঠম্। শিতাগ্রেণ সুধারেণ, নিরকৃন্তত অচ্ছিনৎ ॥৫৯॥
স ইতি। স যুধিষ্ঠিরঃ। অবিধ্যৎ অতাড়য়ৎ ॥৬০॥
অথেতি। নতপর্বভির্বাণৈঃ। অতিশিতাগ্রাভ্যামতিসুধারাভ্যাং বাণাভ্যাম্, পার্ষ্ণিঃ পশ্চাৎ ॥৬১॥

বীরশোভায় শোভিত, মহাত্মা ও যুদ্ধদুর্দ্ধর্ষ শল্য ও যুধিষ্ঠির তৎকালে বনে পুষ্পসমন্বিত শাল্মলিবৃক্ষ ও কিংশুকবৃক্ষের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫৬॥

সমস্ত সৈন্য যুদ্ধের অবস্থা দেখিয়া তাঁহাদের মধ্যে কাঁহার জয় হইবে তাহা নিরূপণ করিতে পারিল না। তাহারা ভাবিল—‘যুধিষ্ঠির আজ শল্যকে বধ করিয়া পৃথিবী ভোগ করিবেন, কিংবা শল্য যুধিষ্ঠিরকে বিনাশ করিয়া দুর্যোধনকে রাজ্য দান করিবেন’ ॥৫৭॥

ভরতনন্দন ! এই কারণেই যেন তখন যোদ্ধাদের একতর নিশ্চয় হইল না। কিন্তু যুধ্যমান যুধিষ্ঠিরের সমস্তই অনুকূল হইতে লাগিল ॥৫৮॥

তাহার পর শল্য যুধিষ্ঠিরের উপরে উত্তম বহুতর বাণ নিক্ষেপ করিলেন এবং একটা সুধার বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৫৯॥

তখন যুধিষ্ঠির অন্য ধনু লইয়া তিন শত বাণদ্বারা শল্যকে তাড়ন করিলেন এবং একটা ক্ষুরপ্রদ্বারা তাঁহার ধনুখানা কাটিয়া ফেলিলেন ॥৬০॥

---

(৫৯) ··মুমোচাশু···নি,···মুমোচাথ···বা। (৬০)···ক্ষুরপ্রেণ ন্যকৃন্তত—পি।

ততোঽস্য দীপ্যমানেন পীতেন নিশিতেন চ।
প্রমুখে বর্ত্তমানস্য ভল্লেনাপাহরদ্‌ধ্বজম্।
ততঃ প্রভগ্নং তৎ সৈন্যং দৌর্য্যোধনমরিন্দম ! ॥৬২॥
ততো মদ্রাধিপং দ্রৌণিরভ্যধাবত্তথা কৃতম্।
আরোপ্য স্বরথঞ্চৈব ত্বরমাণঃ প্রদুদ্রুবে ॥৬৩॥
মুহূর্ত্তমিব তৌ গত্বা নর্দ্দমানে যুধিষ্ঠিরে।
স্থিত্বা ততো মদ্রপতিরন্যং স্যন্দনমাস্থিতঃ ॥৬৪॥
বিধিবৎ কল্পিতং দিব্যং মহাম্বুদনিনাদিতম্।
সজ্জযন্ত্রোপকরণং দ্বিষতাং লোমহর্ষণম্ ॥৬৫॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে শল্যযুধিষ্ঠিরযুদ্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। পীতেন তৈললেপাৎ পীতবর্ণেন। দুর্য্যোধনস্যেদং তৎ। ষট্‌পাদঃ ॥৬২॥

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা, তথা কৃতমশ্বসারথিশূন্যীকৃতম্। প্রদুদ্রুবে অপসসার ॥৬৩॥

মুহূর্ত্তমিতি। নর্দ্দমানে গর্জতি। স্যন্দনং রথম্, আস্থিত আরূঢ়ঃ। কল্পিতং সজ্জিতম্। মহাম্বুদো মহামেঘ ইব নিনাদিতঃ সঞ্জাতনিনাদস্তম্। সজ্জানি প্রস্তুতানি যন্ত্রাণি গুলিকাক্ষেপকযন্ত্রাণি উপকরণানি ধনুরাদীনি যত্র তম, দ্বিষতাং শত্রূণাম্ ॥৬৪—৬৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩৯॥ রথশক্ত্যা রথস্থয়া শক্ত্যা ॥৪০—৬৫॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪॥

তাহার পর যুধিষ্ঠির চারি বাণে শল্যের চারিটা অশ্বকে এবং অতিক্ষুধার দুই বাণে তাঁহার দুই জন পৃষ্ঠসারথিকে বধ করিলেন ॥৬১॥

শত্রুদমন রাজা! তদনন্তর তিনি একটা উজ্জ্বল, পীতবর্ণ ও সুধারভল্লদ্বারা সম্মুখে বিদ্যমান শল্যের ধ্বজটাকে ছেদন করিলেন। পরে দুর্য্যোধনের সৈন্যগণ বিশ্লিষ্ট হইল ॥৬২॥

তৎপরে অশ্বত্থামা তদবস্থাপ্রাপ্ত শল্যের দিকে বেগে আসিলেন এবং শল্যকে আপন রথে তুলিয়া লইয়া অপসরণ করিলেন ॥৬৩॥

ওদিকে যুধিষ্ঠির গর্জ্জন করিতে লাগিলে, তাঁহারা মুহূর্ত্তমাত্র যেন যাইয়া আবার

* 'ষোড়শোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ ব্য সো, '...পঞ্চদশোঽধ্যায়ঃ' নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ। *

তং ভীমসেনশ্চ শিনেশ্চ নপ্তা মাদ্র্যাশ্চ পুত্রৌ পুরুষপ্রবীরৌ।
সমাগতং ভীমবলেন রাজ্ঞা পর্য্যাপ্তমন্যোন্যমথাহ্বয়ন্ত ॥১॥
ততস্তু শূরাঃ সমরে নরেন্দ্র! মদ্রেশ্বরং প্রাপ্য যুধাং বরিষ্ঠম্।
আবার্য্য চৈনং সমরে নৃবীরং জঘ্নুঃ শরৈঃ পত্রিভিরুগ্রবেগৈঃ ॥২॥

ভারতকৌমুদী

তমিতি। শিনেঃ শিনিনামকস্য কস্যচিদ্‌যদুবংশীয়স্য, নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ। সমাগতং সম্মিলিতম্, ভীমবলেন ভীষণশক্তিনা, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ সহ, পর্য্যাপ্তং শক্তম্ ॥১॥

তত ইতি। যুধাং যোধানাম্। আবার্য্য পরিবেষ্ট্য। পত্রিভিঃ পক্ষিপক্ষযুক্তৈঃ ॥২॥

থামিয়া পরে শল্য অন্য রথে আরোহণ করিলেন; সেই রথখানা যথাবিধানে সজ্জিত, উত্তম, মহামেঘের ন্যায় গম্ভীরনাদী, প্রস্তুত যন্ত্র ও উপকরণযুক্ত এবং শত্রুগণের লোমহর্ষজনক ছিল' ॥৬৪—৬৫॥

—০:*:০—

সঞ্জয় বলিলেন—'মহারাজ! শক্তিশালী শল্য ভীষণবলসম্পন্ন যুধিষ্ঠিরের সহিত সম্মিলিত হইলে, ভীমসেন, সাত্যকি এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব পরস্পর শল্যকে আহ্বান করিলেন ॥১॥

নরনাথ! তাহার পর সেই বীরেরা যোদ্ধৃশ্রেষ্ঠ ও নরবীর শল্যকে যুদ্ধে প্রাপ্ত হইয়া এবং তাঁহাকে পরিবেষ্টন করিয়া পক্ষিপক্ষযুক্ত ও ভীষণবেগশালী বাণসমূহদ্বারা তাঁহাকে আঘাত করিতে লাগিলেন ॥২॥

* ইতঃ পরং সপ্ত শ্লোকাঃ পুনরুক্ত্যাদিদুষ্ট্যা অধিকাঃ। তে চ পি বঙ্গ বদ্ধ বা যথা—
অথান্যদ্ধনুরাদায় বলবদ্বেগবত্তরম্। যুধিষ্ঠিরং মদ্রপতির্বিদ্ধা সিংহ ইবানদৎ ॥১॥
ততঃ স শরবর্ষেণ পর্জ্জন্য ইব বৃষ্টিমান্। অভ্যবর্ষদমেয়াত্মা ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ ॥২॥
সাত্যকিং দশভির্বিদ্ধা ভীমসেনং ত্রিভিস্তথা। সহদেবং ত্রিভির্বিদ্ধা যুধিষ্ঠিরমপীড়য়ৎ ॥৩॥
তাংস্তানন্যান্মহেষাসান্ সাশ্বান্ সরথকুঞ্জরান্। অর্দ্দয়ামাস বিশিখৈরুল্কাভিরিব কুঞ্জরান্ ॥৪॥
কুঞ্জরান্ কুঞ্জরারোহানশ্বানশ্বপ্রযায়িণঃ। রথাংশ্চ রথিভিঃ সার্দ্ধং জঘান রথিনাং বরঃ ॥৫॥
বাহূংশ্চিচ্ছেদ চ তথা সায়ুধান্ কেতনানি চ। চকার বৈ মহীং যোধৈস্তীর্ণাং বেদীং কুশৈরিব ॥
তথা তমরিসৈন্যানি ঘ্নন্তঃ মৃত্যুমিবান্তকম্। পরিবব্রুর্ভৃশং ক্রুদ্ধাঃ পাণ্ডুপাঞ্চালসোমকাঃ ॥৭॥

সংরক্ষিতো ভীমসেনেন রাজা মাদ্রীসুতাভ্যামথ মাধবেন।
মদ্রাধিপং পত্রিভিরুগ্রবেগৈঃ স্তনান্তরে ধর্ম্মসুতো নিজঘ্নে ॥৩॥
আজগ্মুরভিরক্ষন্তঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১৩॥
ততঃ প্রববৃতে রৌদ্রঃ সংগ্রামঃ শোণিতোদকঃ।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ ॥১৪॥
রথান্ সপ্ত শতান্ হত্বা কুরূণামাততায়িনাম্।
পাণ্ডবাঃ সহ পাঞ্চালৈঃ পুনরেবাভ্যবারয়ন্ ॥১৫॥
তত্র যুদ্ধং মহচ্চাসীত্তব পুত্রস্য পাণ্ডবৈঃ।
ন চ নস্তাদৃশং দৃষ্টং নৈব চাপি পরিশ্রুতম্ ॥১৬॥
বর্ত্তমানে তথা যুদ্ধে নির্ম্মর্য্যাদে সমন্ততঃ।
বধ্যমানেষু যোধেষু তাবকেম্বিতরেষু চ ॥১৭॥
নিনদৎসু চ যোধেষু শঙ্খবর্য্যৈশ্চ পূরিতৈঃ।
উৎক্রুষ্টৈঃ সিংহনাদৈশ্চ গর্জ্জিতেন চ ধন্বিনাম্ ॥১৮॥

ভারতকৌমুদী

রথৈরিতি। অগ্র্যজবৈঃ অতীববেগৈঃ ॥১৩॥
তত ইতি। রৌদ্রো ভীষণঃ, শোণিতানি উদকানীব যত্র সঃ ॥১৪॥
রথানিতি। আততায়িনঃ শস্ত্রপাণীন্। অভ্যবারয়ন্ কৌরবান্ ॥১৫॥
তত্রেতি। নঃ অস্মাভিঃ, দৃষ্টং পরিশ্রুতমিতি ভাবে ক্তপ্রত্যয়ো বা ॥১৬॥
বর্ত্তমান ইতি। নির্ম্মর্য্যাদে নিয়মশূন্যে। ইতরেষু পরপক্ষীয়েষু। পূরিতৈর্মুখবায়ুনেতি

কৌরবেরা যুধিষ্ঠিরকে সেইরূপ করিয়াছেন দেখিয়া শিখণ্ডিপ্রভৃতি রথীরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহা সহ্য করিলেন না ॥১২॥

পরে তাঁহারা অত্যন্তবেগশালী ও কিঙ্কিণীজালযুক্ত রথে আরোহণ করিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার জন্য আগমন করিলেন ॥১৩॥

তাহার পর পাণ্ডব ও কৌরবগণের দারুণ যুদ্ধ লাগিয়া গেল; তখন জল-স্রোতের ন্যায় রক্তের স্রোত চলিতে লাগিল এবং সেই যুদ্ধে যমের রাজ্য বৃদ্ধি পাইতে থাকিল ॥১৪॥

ক্রমে পাণ্ডবেরা পাঞ্চালগণের সহিত মিলিত হইয়া কুরুপক্ষের সেই অস্ত্রধারী সাত শত রথীকে বধ করিয়া পুনরায় কৌরবগণকে বারণ করিতে লাগিলেন ॥১৫॥

মহারাজ! তখন পাণ্ডবগণের সহিত আপনার পুত্র দুর্য্যোধনের মহাযুদ্ধ হইতে লাগিল, আমরা সে প্রকার যুদ্ধ পূর্ব্বে দেখি নাই বা শুনিও নাই ॥১৬॥

মাননীয় রাজা! সকল দিকে সেইরূপ বিশৃঙ্খল যুদ্ধ চলিতে লাগিলে, আপনার

(১৫)···পুনরেবাভ্যবর্ত্তয়ন্···পি নি।

অতিপ্রবৃদ্ধে যুদ্ধে চ ছিদ্যমানেষু মর্ম্মসু।
ধাবমানেষু যোধেষু জয়গৃদ্ধিষু মারিষ ! ॥১৯॥
সংহারে সর্বতো জাতে পৃথিব্যাং শোকসম্ভবে।
বহ্বীনামুত্তমস্ত্রীণাং সীমন্তোদ্ধরণে তদা ॥২০॥
নির্ম্মর্য্যাদে ততো যুদ্ধে বর্ত্তমানে সুদারুণে।
প্রাদুরাসন্ বিনাশায় তদোৎপাতাঃ সুদারুণাঃ ॥২১॥ (কুলকম্)
চচাল শব্দং কুর্ব্বাণা সপর্বতবনা মহী।
সদণ্ডাঃ সোল্মুকা রাজন্ ! কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
উল্কাঃ পেতুর্দিবো ভূমাবাহত্য রবিমণ্ডলম্ ॥২২॥
বিশ্বগ্‌বাতাঃ প্রাদুরাসন্ নীচৈঃ শর্করবর্ষিণঃ।
অশ্রূণি মুমুচুর্নাগা বেপথুশ্চাভবদ্‌ভৃশম্ ॥২৩॥

ভারতকৌমুদী

শেষঃ। উৎকৃষ্টৈ উচ্চৈবাহ্বানৈঃ। জয়গৃদ্ধিষু জয়াভিলাষিষু। শোকস্য সম্ভবো যস্মাত্তস্মিন্। সীমন্তস্য সীমন্তসিন্দূরস্য উদ্ধরণে পরিত্যাগকারণে। বিনাশায় বীরাণাং বিনাশসূচনার্থম্ ॥১৭—২১॥

চচালেতি। সোল্মুকা অগ্নিসংযুক্তকাষ্ঠসহিতাঃ। দিবো গগনাৎ। ষট্‌পাদঃ ॥২২॥

বিশ্বগিতি। বিশ্বগ্‌বাতা ঘূর্ণিবায়বঃ। নাগা গজাঃ, বেপথুর্ভূকম্পঃ ॥২৩॥

পক্ষের ও বিপক্ষের যোদ্ধারা নিহত হইতে থাকিলে, যোদ্ধাদের গর্জন, মুখবায়ুপূর্ণ বিশাল শঙ্খধ্বনি, উচ্চ আহ্বান, ধনুর্দ্ধরগণের গর্জন ও সিংহনাদ, যুদ্ধের গুরুতর বৃদ্ধি, বীরগণের মর্ম্মচ্ছেদ, জয়াভিলাষী যোদ্ধাদের ছুটাছুটি, পৃথিবীর লোকের শোকের কারণ, দারুণ সংহার, বহুতর উত্তমস্ত্রীর সীমন্তসিন্দূর পরিত্যাগ, আর নিয়মশূন্য ও অতিদারুণ যুদ্ধ চলিতে লাগিলে, বিনাশসূচক ও অতিভীষণ উৎপাত সকল আবির্ভূত হইতে থাকিল ॥১৭—২১॥

রাজা! পর্ব্বত ও বনের সহিত পৃথিবী শব্দ করিতে থাকিয়া কাঁপিতে লাগিল এবং আকাশ হইতে দণ্ড, অগ্নিসংলগ্ন কাষ্ঠ ও উল্কা সকল সূর্য্যমণ্ডলকে আহত করিয়া সকল দিকে পতিত হইতে থাকিল ॥২২॥

নীচের দিকে কাঁকরবর্ষী ঘূর্ণিবায়ু প্রাদুর্ভূত হইল, হস্তিগণ অশ্রু বিমোচন করিতে লাগিল এবং গুরুতর ভূমিকম্প হইতে থাকিল ॥২৩॥

(২০)…সীমন্তোদ্ধরণে কৃতে…পি। (২৩)…বেপথুশ্চাপ্যভবদ্—নি।

এতান্ ঘোরাননাদৃত্য সমুৎপাতান্ সুদারুণান্।
পুনর্যুদ্ধায় সংমন্ত্র্য ক্ষত্রিয়াস্তস্থুরব্যথাঃ।
রমণীয়ে কুরুক্ষেত্রে পুণ্যে স্বর্গং যিযাসবঃ ॥২৪॥
ততো গান্ধাররাজস্য পুত্রঃ শকুনিরব্রবীৎ।
যুধ্যধ্বমগ্রতো যাবৎ পৃষ্ঠতো হন্মি পাণ্ডবান্ ॥২৫॥
ততো নঃ সংপ্রযাতানাং মদ্রযোধাস্তরস্বিনঃ।
হৃষ্টাঃ কিলকিলাশব্দমকুর্ব্বন্তাপরে তথা ॥২৬॥
অস্মাংস্তু পুনরাসাদ্য লব্ধলক্ষ্যা দুরাসদাঃ।
শরাসনানি ধুন্বন্তঃ শরবর্ষৈরবাকিরন্ ॥২৭॥
ততো হতং পরৈ রাজন্! মদ্ররাজবলং তদা।
দুর্য্যোধনবলং দৃষ্ট্বা পুনরাসীৎ পরাঙ্মুখম্ ॥২৮॥

ভারতকৌমুদী

এতানিতি। পুণ্যে পুণ্যজনকে, যিযাসবো যাতুমিচ্ছবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তত ইতি। যুধ্যধ্বং সৈন্যা যূয়মিতি শেষঃ, অগ্রতঃ সম্মুখে ॥২৫॥
তত ইতি। তরস্বিনো বলবন্তঃ। অপরে মদ্রযোধেতরে ॥২৬॥
অস্মানিতি। ধুন্বন্তশ্চালয়ন্তঃ, অবাকিরন্ প্রাহরন্ ॥২৭॥
তত ইতি। দৃষ্ট্বা মদ্ররাজবলং হতমালোক্য ॥২৮॥

ক্ষত্রিয়েরা এই সকল অতিদারুণ উৎপাত অগ্রাহ্য করিয়া মন্ত্রণাপূর্বক স্বর্গলোকার্থী হইয়া বেদনাশূন্য ভাবে মনোহর ও পুণ্যজনক কুরুক্ষেত্রে যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥২৪॥

তদনন্তর গান্ধাররাজপুত্র শকুনি বলিলেন—'সৈন্যগণ! তোমরা সম্মুখে থাকিয়া যুদ্ধ কর এবং আমি পিছন হইতে পাণ্ডবগণকে সংহার করি' ॥২৫॥

মহারাজ! তাহার পর আমরা অগ্রগামী হইলে, বলবান্ মদ্রদেশীয় যোদ্ধারা এবং অন্য সৈন্যেরা আনন্দিত হইয়া কিল কিল শব্দ করিতে লাগিল ॥২৬॥

দুর্দ্ধর্ষ পাণ্ডবেরা পুনরায় আমাদিগকে লক্ষ্য পাইয়া ধনু সঞ্চালন করিতে থাকিয়া বাণবর্ষণদ্বারা প্রহার করিতে লাগিলেন ॥২৭॥

রাজা! তখন মদ্রদেশীয় সৈন্যগণকে বিপক্ষেরা সংহার করিল দেখিয়া দুর্য্যোধনের সৈন্য পুনরায় পরাঙ্মুখ হইল ॥২৮॥

---

(২৪) ·স্বর্গযিযাসবঃ—পি, পুনর্যুদ্ধায় সংযত্তাঃ···নি। (২৬) ··অকুর্ব্বন্ত তথাপরে—পি। (২৮) ততোহতং পরৈ রাজন্!···পি।

গান্ধাররাজস্তু পুনর্বাক্যমাহ ততো বলী।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যুধ্যধ্বং কিং সৃতেন বঃ ॥২৯॥
অনীকং দশসাহস্রমশ্বানাং ভরতর্ষভ। ।
আসীদ্‌গান্ধাররাজস্য বিমলপ্রাসযোধিনাম্ ॥৩০॥
বলেন তেন বিক্রম্য বর্ত্তমানে জনক্ষয়ে।
পৃষ্ঠতঃ পাণ্ডবানীকমভ্যঘ্নন্ নিশিতৈঃ শরৈঃ ॥৩১॥
তদভ্রমিব বাতেন ক্ষিপ্যমাণং সমন্ততঃ।
অভজ্যত মহারাজ! পাণ্ডূনাং সুমহদ্বলম্ ॥৩২॥
ততো যুধিষ্ঠিরঃ প্রেক্ষ্য ভগ্নং স্ববলমন্তিকাৎ।
অভ্যচোদয়দব্যগ্রঃ সহদেবং মহাবলম্ ॥৩৩॥
অসৌ সুবলপুত্রো নো জঘনং পীড্য দংশিতঃ।
সেনাং নিসূদয়ত্যেষ পশ্য পাণ্ডব! দুর্ম্মতিম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

গান্ধারেতি। গান্ধাররাজঃ শকুনিঃ। হে অধর্ম্মজ্ঞা! সৃতেন অপসরণেন ॥২৯॥
অনীকমিতি। অনীকং সৈন্যম্, অশ্বানামশ্বারোহিণাম্ ॥৩০॥
বলেনেতি। পাণ্ডবানামনীকং সৈন্যম্, অভ্যঘ্নন্ শকুন্যাদয়ঃ ॥৩১॥
তদিতি। অভ্রং মেঘঃ, ক্ষিপ্যমাণং চাল্যমানম্ ॥৩২॥
তত ইতি। অভ্যচোদয়ৎ প্রৈরয়ৎ, অব্যগ্রঃ অবিহ্বলচিত্তঃ ॥৩৩॥
অসাবিতি। নঃ অস্মাকম্। জঘনং সেনামধ্যভাগম্, পীড্য পীড়য়িত্বা ॥৩৪॥

পরে বলবান্ শকুনি এই কথা বলিলেন—'হে অধর্ম্মজ্ঞ সৈন্যগণ! তোমরা ফের, যুদ্ধ কর, পলায়ন করিতেছ কেন?' ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! শকুনির প্রাসযোধি দশসহস্র অশ্বারোহী সৈন্য ছিল ॥৩০॥

তাহারা বিক্রম প্রকাশ করিয়া পাণ্ডবপক্ষের লোকক্ষয় করিতে লাগিলে, শকুনি-প্রভৃতি বীরেরাও সুধার বাণসমূহদ্বারা পৃষ্ঠদেশ হইতে পাণ্ডবগণকে আঘাত করিতে লাগিলেন ॥৩১॥

বায়ু যেমন মেঘগুলিকে সঞ্চালিত করে, সেইরূপ গান্ধারসৈন্য পাণ্ডবসৈন্যকে সঞ্চালিত করিতে থাকিলে, বিশাল পাণ্ডবসৈন্য ভগ্ন হইয়া গেল ॥৩২॥

তদনন্তর যুধিষ্ঠির আপন সৈন্যগণকে নিকটেই ভগ্ন দেখিয়া ধীরচিত্তে মহাবল সহদেবকে আদেশ করিলেন— ॥৩৩॥

---

(৩৩) অভ্যনোদয়দব্যগ্রঃ···নি। (৩৪)···সংহিতঃ—পি।

গচ্ছ ত্বং দ্রৌপদেয়ৈশ্চ শকুনিং সৌবলং জহি।
রথানীকমহং ধক্ষ্যে পাঞ্চালসহিতোঽনঘ ! ॥৩৫॥
গচ্ছন্তু কুঞ্জরাঃ সর্বে বাজিনশ্চ সহ ত্বয়া।
পাদাতাশ্চ ত্রিসাহস্রাঃ শকুনিং তৈর্বৃতো জহি ॥৩৬॥
ততো গজাঃ সপ্তশতাশ্চাপপাণিভিরাবৃতাঃ।
পঞ্চ চাশ্বসহস্রাণি সহদেবশ্চ বীর্য্যবান্ ॥৩৭॥
পাদাতাশ্চ ত্রিসাহস্রা দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ।
রণে হভ্যদ্রবংস্তে তু শকুনিং যুদ্ধদুর্ম্মদম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
ততস্তু সৌবলো রাজন্নভ্যতিক্রম্য পাণ্ডবান্।
জঘান পৃষ্ঠতঃ সেনাং জয়গৃদ্ধঃ প্রতাপবান্ ॥৩৯॥
অশ্বারোহাস্তু সংরব্ধাঃ পাণ্ডবানাং তরস্বিনাম্।
প্রাবিশন্ সৌবলানীকমভ্যতিক্রম্য তান্ রথান্ ॥৪০॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। দ্রৌপদেয়ৈঃ দ্রৌপদ্যাঃ পুত্রৈঃ সহ। ধক্ষ্যে দগ্ধং করিষ্যে ॥৩৫॥
গচ্ছন্ত্বিতি। পাদাতাঃ পদাতিগণাঃ। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥৩৬॥
তত ইতি। আবৃতা আরূঢ়াঃ। সর্বশঃ সর্ব্বে। অভ্যদ্রবন্নভ্যধাবন্ ॥৩৭—৩৮॥
তত ইতি। সৌবলঃ শকুনিঃ। জয়গৃদ্ধো জয়াভিলাষী ॥৩৯॥

'যুদ্ধসজ্জায় সজ্জিত ঐ শকুনি আমাদের সৈন্যের মধ্যভাগ পীড়ন করিয়া এবং সংহার করিতেছে। অতএব সহদেব! এ দুর্ম্মতিকে দেখ ॥৩৪॥

নিষ্পাপ সহদেব! দ্রৌপদীর পুত্রগণের সহিত তুমি যাও এবং শকুনিকে বধ কর। এদিকে আমি ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া কুরুপক্ষের রথী সৈন্য দগ্ধ করি ॥৩৫॥

সমস্ত গজারোহী ও অশ্বারোহী এবং তিন সহস্র পদাতি তোমার সহিত গমন করুক; তুমি সেই সমস্তে পরিবেষ্টিত হইয়া শকুনিকে বধ কর' ॥৩৬॥

তাহার পর ধনুর্দ্ধরারূঢ় সাত শত হস্তী, পঞ্চ সহস্র অশ্ব, বলবান্ সহদেব, তিন সহস্র পদাতি এবং দ্রৌপদীর পুত্রেরা সকলে যুদ্ধদুর্দ্ধর্ষ শকুনির দিকে ধাবিত হইলেন ॥৩৭—৩৮॥

রাজা! তাহার পর জয়াভিলাষী ও প্রতাপশালী শকুনি পাণ্ডবগণকে অতিক্রম করিয়া তাঁহাদের পৃষ্ঠবর্ত্তী সৈন্যগণকে বধ করিতে লাগিলেন ॥৩৯॥

(৩৭) পাণিভিরাম্বিতাঃ···নি।

তে তত্র সাদিনঃ শূরাঃ সৌবলস্য মহদ্বলম্।
গজমধ্যে চ তিষ্ঠন্তঃ শরবর্ষৈরবাকিরন্ ॥৪১॥
তদুদ্যতগদাপ্রাসমহাপুরুষসেবিতম্।
প্রাবর্ত্তত মহাযুদ্ধং রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥৪২॥
উপারমন্ত জ্যাশব্দাঃ প্রেক্ষকা রথিনোঽভবন্।
নহি স্বেষাং পরেষাং বা বিশেষঃ প্রত্যদৃশ্যত ॥৪৩॥
শূরবাহুবিসৃষ্টানাং শক্তীনাং ভরতর্ষভ!।
জ্যোতিষামিব সম্পাতমপশ্যন্ কুরুপাণ্ডবাঃ ॥৪৪॥
ঋষ্টিভির্বিমলাভিশ্চ তত্র তত্র বিশাংপতে!।
সম্পতন্তীভিরাকাশমাবৃতং বহ্বশোভত ॥৪৫॥

ভারতকৌমুদী

অশ্বেতি। সংবৃদ্ধাঃ ক্রুদ্ধাঃ, তরস্বিনাং বলবতাম্। সৌবলানীকং শকুনিসৈন্যম্ ॥৪০॥
ত ইতি। সাদিনঃ অশ্বারোহিণঃ। অবাকিরন্ প্রাহরন্ ॥৪১॥
তদিতি। উদ্যতা গদাঃ প্রাসাশ্চ যৈস্তৈর্মহাপুরুষৈঃ সেবিতম্ ॥৪২॥
উপেতি। উপারমন্ত নিবৃত্তা অভবন্, জ্যাশব্দা ধনুর্গুণশব্দাঃ ॥৪৩॥
শূরেতি। শূরবাহুবিসৃষ্টানাং নিক্ষিপ্তানাম্। জ্যোতিষাং নক্ষত্রাণাম্ ॥৪৪॥
ঋষ্টিভিরিতি। ঋষ্টিভিঃ খড়্গবিশেষৈঃ, তত্র তত্র নানাস্থানে ॥৪৫॥

পরে, বলবান পাণ্ডবগণের অশ্বারোহী সৈন্যেরা সেই রথারোহী পাণ্ডবগণকে অতিক্রম করিয়া, শকুনির সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিল ॥৪০॥

সেই বীর অশ্বারোহীরা কুরুপক্ষের হস্তিসৈন্যমধ্যে থাকিয়া বাণবর্ষণদ্বারা শকুনির বিশাল সৈন্য সংহার করিতে লাগিল ॥৪১॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলে, তখন গুরুতর যুদ্ধ চলিতে লাগিল; সেই যুদ্ধে মহাবীরেরা গদা ও প্রাস উত্তোলন করিয়া প্রহার করিতে থাকিলেন ॥৪২॥

তৎকালে রথারোহী বীরগণ দর্শক হইলেন, তাঁহাদের জ্যাশব্দ নিবৃত্তি পাইল, সেই সময়ে স্বপক্ষ বা বিপক্ষগণের কোন তারতম্য দেখা গেল না ॥৪৩॥

ভরতশ্রেষ্ঠ! তখন কৌরব ও পাণ্ডবেরা নক্ষত্রের ন্যায় আকাশে বীরবাহু-নিক্ষিপ্ত শক্তিগুলির পতন দেখিতে লাগিলেন ॥৪৪॥

নরনাথ! নির্ম্মল ঋষ্টি সকল নানাস্থানে পতিত হইতে থাকিলে, আকাশ অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৪৫॥

---

(৪১) গজমধ্যেঽবতিষ্ঠন্তঃ··· পি, রণমধ্যে ব্যতিষ্ঠন্ত · নি।

প্রাসানাং পততাং রাজন্ ! রূপমাসীৎ সমন্ততঃ ।
শলভানামিবাকাশে তদা ভরতসত্তম ! ॥৪৬॥
রুধিরোক্ষিতসর্বাঙ্গা বিপ্রবিদ্ধৈর্নিয়ন্তৃভিঃ ।
হয়াঃ পরিপতন্তি স্ম শতশোঽথ সহস্রশঃ ॥৪৭॥
অন্যোন্যং সন্নিবিষ্টাশ্চ সমাসাদ্য পরস্পরম্ ।
আবিক্ষতাঃ স্ম দৃশ্যন্তে বমন্তো রুধিরং মুখৈঃ ।
ততোঽভবত্তমো ঘোরং সৈন্যে তু রজসা বৃতে ॥৪৮॥
তানপাক্রমতোঽদ্রাক্ষং তস্মাদ্দেশাদরিন্দমান্ ।
অশ্বান্ রাজন্ ! মনুষ্যাংশ্চ তমসা সংবৃতে সতি ॥৪৯॥
ভূমৌ নিপতিতাশ্চান্যে বমন্তো রুধিরং বহু ।
কেশাকেশিসমালগ্না ন শেকুশ্চেষ্টিতুং নরাঃ ॥৫০॥

ভারতকৌমুদী

প্রাসানামিতি । রূপমাকৃতিঃ । শলভানাং পতঙ্গানাম্ ॥৪৬॥
রুধিরেতি । বিপ্রবিদ্ধৈরস্ত্রতাড়িতৈঃ, নিয়ন্তৃভিঃ চালকৈঃ সহ ॥৪৭॥
অন্যোন্যমিতি । সন্নিবিষ্টাঃ সংসক্তাঃ । তমঃ অন্ধকারঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥
তানিতি । অপাক্রমতঃ পলায়মানান্ । তমসা সংবৃতে রণস্থলে ॥৪৯॥
ভূমাবিতি । সমালগ্নাঃ সংসক্তাঃ, চেষ্টিতুং কিমপি কর্ত্তুম্ ॥৫০॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! সকল দিকে আকাশে পতঙ্গসমূহের ন্যায় প্রাস সকল পতিত হইতে লাগিলে, সে উভয়ের আকৃতি সমানই দেখা যাইতে থাকিল ॥৪৬॥

রক্তসিক্ত দেহ শত শত ও সহস্র সহস্র অশ্ব অস্ত্রতাড়িত আরোহিগণের সহিত সকল দিকে পতিত হইতে লাগিল ॥৪৭॥

পরে দেখা গেল—অশ্ব সকল পরস্পর সম্মিলিত ও ক্ষতবিক্ষত দেহ হইয়া বহুতর রক্ত বমন করিতেছে, ক্রমে সৈন্যগণ ধূলিতে আবৃত হইয়া গেলে ভীষণ অন্ধকার হইল ॥৪৮॥

রাজা ! রণস্থল অন্ধকারে আবৃত হইলে, শত্রুদমনকারী সেই অশ্ব ও মনুষ্যগণ সেস্থান হইতে পলায়ন করিতেছে—দেখিতে পাইলাম ॥৪৯॥

অন্য পদাতিরা বহুতর রক্ত বমন করিতে থাকিয়া, পরস্পর কেশাকর্ষণ করিয়া, ভূতলে পতিত হইয়া, কোন কার্য্যই করিতে পারিল না ॥৫০॥

---

(৪৮) ···অন্যোন্যং পরিপিষ্টাঃ · সুবিক্ষতাঃ···শি, রজসা বৃতম্—নি ।

অন্যোন্যমশ্বপৃষ্ঠেভ্যো বিকর্ষন্তো মহাবলাঃ।
মল্লা ইব সমাসাদ্য নিজঘ্নুরিতরেতরম্ ।
অশ্বৈশ্চ ব্যপকৃষ্যন্ত বহবোঽত্র গতাসবঃ ॥৫১॥
ভূমৌ নিপতিতাশ্চান্যে বহবো বিজয়ৈষিণঃ।
তত্র তত্র ব্যদৃশ্যন্ত পুরুষাঃ শূরমানিনঃ ॥৫২॥
রক্তোক্ষিতৈশ্ছিন্নভুজৈরপকৃষ্টশিরোরুহৈঃ।
ব্যদৃশ্যত মহী কীর্ণা শতশোঽথ সহস্রশঃ ॥৫৩॥
দূরং ন শক্যং তত্রাসীদ্‌গন্তুমশ্বেন কেনচিৎ।
হস্ত্যারোহৈর্হতৈরশ্বৈরাবৃতে বসুধাতলে ॥৫৪॥
রুধিরোক্ষিতসন্নাহৈরাত্তশস্ত্রৈরুদায়ুধৈঃ।
নানাপ্রহরণৈর্ঘোরৈঃ পরস্পরবধৈষিভিঃ।
সুসন্নিকৃষ্টৈঃ সংগ্রামে হতভূয়িষ্ঠসৈনিকে ॥৫৫॥
স মুহূর্ত্তং ততো যুদ্ধা সৌবলোঽথ বিশাংপতে।।
ষট্‌সাহস্রৈর্হয়ৈঃ শিষ্টৈরপায়াৎ শকুনিস্ততঃ ॥৫৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অন্যোন্যমিতি। মল্লা বাহুযোদ্ধারঃ। গতাসবো মৃতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥
ভূমাবিতি। শূরান্ আত্মনো মন্যন্ত ইতি শূরমানিনঃ ॥৫২॥
রক্তেতি। রক্তোক্ষিতৈঃ রুধিরসিক্তৈঃ। অপকৃষ্টশিরোরুহৈরাকৃষ্টকেশৈঃ ॥৫৩॥
দূরমিতি। হস্ত্যারোহৈর্গজারোহিভিঃ ॥৫৪॥
রুধিরেতি। রুধিরেণ উক্ষিতাঃ সিক্তাঃ সন্নাহা যুদ্ধসজ্জা যেষাং তৈঃ। আত্তশস্ত্রৈ-র্গৃহীতাস্ত্রৈঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ। যুদ্ধা যুদ্ধং কৃত্বা ॥৫৫—৫৬॥

মহাবল যোদ্ধারা অশ্বপৃষ্ঠ হইতে পরস্পর আকর্ষণ করিতে থাকিয়া মল্লযোদ্ধাদের ন্যায় পরস্পর আঘাত করিতে লাগিল, ক্রমে বহুতর অশ্বারোহীকে অশ্বগণের সহিতই প্রাণশূন্য অবস্থায় দেখা যাইতে থাকিল ॥৫১॥

ক্রমে দেখা গেল—রণস্থলের নানাস্থানে বীরাভিমানী ও জয়াভিলাষী বহুতর মনুষ্য ভূতলে পতিত হইয়াছে ॥৫২॥

আরও দেখা গেল—রক্তসিক্ত, ছিন্ন বাহু এবং আকৃষ্ট কেশ শত শত ও সহস্র সহস্র মনুষ্যে সমরভূমি ব্যাপ্ত হইয়াছে ॥৫৩॥

নিহত গজারোহী ও অশ্বারোহীরা পতিত হইয়া ভূতল আবৃত করিলে, কোন অশ্বারোহীই অশ্বারোহণে গমন করিতে পারিল না ॥৫৪॥

(৫৪) নাশ্বারোহৈঃ · নি।

তথৈব পাণ্ডবানীকং রুধিরেণ সমুক্ষিতম্ ।
ষট্‌সাহস্রৈর্হয়ৈঃ শিষ্টৈরপায়াৎ শ্রান্তবাহনম্ ॥৫৭॥
অশ্বারোহাস্তু পাণ্ডূনামব্রুবন্ রুধিরোক্ষিতাঃ ।
সুসন্নিবিষ্টাঃ সংগ্রামে ভূয়িষ্ঠং ত্যক্তজীবিতাঃ ॥৫৮॥
নেহ শক্যং রথৈর্যোদ্ধুং কুত এব মহাগজৈঃ ।
রথানেব রথা যান্তু কুঞ্জরাঃ কুঞ্জরানপি ॥৫৯॥
প্রতিযাতো হি শকুনিঃ স্বমনীকমবস্থিতঃ ।
ন পুনঃ সৌবলো রাজা যুদ্ধমভ্যাগমিষ্যতি ॥৬০॥

ভারতকৌমুদী

তথেতি। শিষ্টৈরবশিষ্টৈঃ, শ্রান্তানি মৃতানি বাহনানি যস্য তৎ ॥৫৭॥
অশ্বেতি। ত্যক্তানি জীবিতানি জীবনমমতা যৈস্তে ॥৫৮॥
নেতি। ইহ ঈদৃশে গজাদিসঙ্কীর্ণে রণস্থলে ॥৫৯॥
প্রতীতি। প্রতিযাতঃ অপসৃতঃ। স্বমনীকং প্রবিশ্যেতি শেষঃ ॥৬০॥

নরনাথ! যুদ্ধে যাহাদের যুদ্ধসজ্জা রক্তে সিক্ত হইয়া গিয়াছিল, সেই সকল অস্ত্রধারী, উত্তোলিতাস্ত্র ও পরস্পরবধাভিলাষী যোদ্ধারা নিকটবর্তী হইয়া ভীষণ ভীষণ নানা অস্ত্রদ্বারা অধিক সৈন্যকে নিহত করিলে, সুবলনন্দন শকুনি কিছুকাল যুদ্ধ করিয়া অবশিষ্ট ষট্‌সহস্র অশ্বারোহীর সহিত সেস্থান হইতে অপসৃত হইলেন ॥৫৫—৫৬॥

সমস্ত অঙ্গ রক্তে সিক্ত ও বাহন সকল নিহত হইলে, পাণ্ডবসৈন্যেরাও সেইরূপ অবশিষ্ট ষট্‌সহস্র অশ্বারোহীর সহিত রণস্থল হইতে অপসৃত হইল ॥৫৭॥

পাণ্ডবপক্ষের রক্তসিক্ত অশ্বারোহীরা অনেকেই জীবনের মমতা পরিত্যাগ করিয়া যুদ্ধে অভিনিবিষ্ট হইয়া বলিলেন—॥৫৮॥

‘রণস্থলের এইরূপ সঙ্কীর্ণ অবস্থায় রথীরা যুদ্ধ করিতে পারিবেন না, বিশাল হস্তীরা আর কি করিয়া পারিবে; অতএব রথীরা রথিগণের দিকে গমন করুন, আর হস্তীরা হস্তিগণের দিকে যাউক’ ॥৫৯॥

শকুনি রণস্থল হইতে অপসৃত হইয়া আপন সৈন্যমধ্যে প্রবেশ করিয়া রহিয়াছেন, কিন্তু গান্ধাররাজ শকুনি আর যুদ্ধ করিতে আসিবেন না ॥৬০॥

(৫৭) ভ্রান্তবাহনম্—পি। (৫৮) ভূয়িষ্ঠে ত্যক্তজীবিতাঃ—বর্দ্ধ। (৫৯) নহি শক্যম্ · নি।

ততস্তু দ্রৌপদেয়াশ্চ তে চ মত্তা মহাদ্বিপাঃ।
প্রযযুর্যত্র পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥৬১॥
সহদেবোঽপি কৌরব্যো রজোমেঘে সমুত্থিতে।
একাকী প্রযযৌ তত্র যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥৬২॥
ততস্তেষু প্রয়াতেষু শকুনিঃ সৌবলঃ পুনঃ।
পার্শ্বতোঽভ্যহনৎ ক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নস্য বাহিনীম্ ॥৬৩॥
তৎ পুনস্তুমুলং যুদ্ধং ত্যক্তপ্রাণমবর্ত্তত।
তাবকানাং পরেষাঞ্চ পরস্পরবধৈষিণাম্ ॥৬৪॥
তে হ্যন্যোন্যমবৈক্ষন্ত তস্মিন্ বীরসমাগমে।
যোধাঃ পর্য্যপতন্ রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥৬৫॥
অসিভিশ্ছিদ্যমানানাং শিরসাং লোকসংক্ষয়ে।
প্রাদুরাসীন্মহাশব্দস্তালানাং পততামিব ॥৬৬॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। মহাদ্বিপা বিশালহস্তিনঃ ॥৬১॥
সহেতি। রজো ধূলিরেব মেঘস্তস্মিন্ ॥৬২॥
তত ইতি। সৌবলঃ সুবলপুত্রঃ। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৬৩॥
তদিতি। ত্যক্তাঃ প্রাণা যস্মিন্ তৎ ॥৬৪॥
ত ইতি। বীরাণাং সমাগমে সম্মেলনে। পর্য্যপতন্ পর্য্যধাবন্ ॥৬৫॥

তদনন্তর দ্রৌপদীর পুত্রগণ এবং সেই মহাহস্তী সকল—পাঞ্চালরাজপুত্র মহারথ ধৃষ্টদ্যুম্ন যেখানে ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৬১॥

ধূলিরূপ মেঘ উঠিলে যেখানে রাজা যুধিষ্ঠির ছিলেন, কৌরবনন্দন সহদেবও, একাকী সেইখানে গমন করিলেন ॥৬২॥

ক্রমে তাঁহারা সেই সেই স্থানে গমন করিলে, সুবলনন্দন শকুনি পুনরায় আসিয়া পার্শ্ব দিয়া ধৃষ্টদ্যুম্নের সৈন্য সংহার করিতে লাগিলেন ॥৬৩॥

মহারাজ! তখন পরস্পরবধাভিলাষী আপনার পক্ষ ও বিপক্ষগণের তুমুল যুদ্ধ চলিতে লাগিল; তাহাতে যোদ্ধারা প্রাণ ত্যাগ করিতে থাকিলেন ॥৬৪॥

সেই বীরসম্মেলনের সময় যোদ্ধারা পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন এবং শত শত ও সহস্র সহস্র যোদ্ধা পরস্পরের প্রতি ধাবিত হইলেন ॥৬৫॥

(৬৩) পার্শ্বতোঽভ্যপতৎ ··পি। (৬৪)···প্রাণাংস্ত্যক্ত্বাঽভ্যবর্ত্তত—পি। (৬৫) তে চান্যোন্যমবৈক্ষন্ত···নি।

বিমুক্তানাং শরীরাণাং ভিন্নানাং পততাং ভুবি।
সায়ুধানাঞ্চ বাহূনামূরূণাঞ্চ বিশাংপতে।।
আসীচ্চটচটাশব্দঃ সুমহান্ লোমহর্ষণঃ ॥৬৭॥
নিঘ্নন্তো নিশিতৈঃ শস্ত্রৈর্ভ্রাতৄন্ পুত্রান্ পিতৄনপি।
যোধাঃ পরিপতন্তি স্ম যথামিষকৃতে খগাঃ ॥৬৮॥
অন্যোন্যং প্রতিসংরব্ধাঃ সমাসাদ্য পরস্পরম্।
অহং পূর্বমহং পূর্বমিতি ঘ্নন্ সহস্রশঃ ॥৬৯॥
সংঘাতেনাসনভ্রষ্টৈরশ্বারোহৈর্গতাসুভিঃ।
হতাঃ পরিপতন্তি স্ম শতশোঽথ সহস্রশঃ ॥৭০॥

ভারতকৌমুদী

অসিভিবিতি। লোকসংক্ষয়ে তৎসময়ে। তালানাং ফলানাম্ ॥৬৬॥
বিমুক্তানামিতি। বিমুক্তানাং বর্ম্মরহিতানাম্, ভিন্নানাং বিদীর্ণানাম্। ষট্পাদঃ ॥৬৭॥
নিঘ্নন্ত ইতি। পবিপতন্তি সর্বতো ধাবন্তি। আমিষকৃতে মাংসার্থে ॥৬৮॥
অন্যোন্যমিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। অহং পূর্বং গচ্ছামীতি শেষঃ ॥৬৯॥
সংঘাতেনেতি। সংঘাতেন আঘাতেন। গতাসুভির্নির্গতপ্রাণৈঃ ॥৭০॥

সেই লোকক্ষয়ের সময়ে তালফল পতনের শব্দের ন্যায় তরবারিচ্ছিন্ন মস্তক পতনের গুরুতর শব্দ হইতে লাগিল ॥৬৬॥

নরনাথ! কবচবিহীন ও অস্ত্রবিদীর্ণ শরীর, অস্ত্রযুক্ত বাহু ও ঊরু সকল ভূতলে পতিত হইতে থাকিলে, সেগুলির গুরুতর ও লোমহর্ষণ 'চটচটা' শব্দ হইতে লাগিল ॥৬৭॥

পক্ষিগণ যেমন মাংসের জন্য ধাবিত হয়, সেইরূপ যোদ্ধারা সুধার অস্ত্রসমূহদ্বারা ভ্রাতা, পুত্র ও পিতাদিগকে বধ করিতে থাকিয়া ধাবিত হইলেন ॥৬৮॥

উভয়পক্ষের যোদ্ধারা পরস্পরকে পাইয়া পরস্পরের প্রতি ক্রুদ্ধ হইয়া 'আমি আগে আমি আগে' এইরূপ বলিতে থাকিয়া সহস্র সহস্র সৈন্য বধ করিতে লাগিলেন ॥৬৯॥

শত্রুরা আঘাত করিলে, অশ্বারোহীরা আসন ভ্রষ্ট ও গতাসু প্রায় হইয়া নিহত হইতে থাকিলে, সেরূপ শত শত ও সহস্র সহস্র লোক সকল দিকে পতিত হইতে থাকিল ॥৭০॥

(৬৭)···ছিন্নানাং···কটকটাশব্দঃ·নি। (৬৮)···সখীনপি—নি পি। (৭০) হয়াঃ পরিপতন্তি স···পি।

স্ফুরতাং প্রতিপিষ্টানামশ্বানাং শীঘ্রচারিণাম্।
স্তনতাঞ্চ মনুষ্যাণাং সন্নদ্ধানাং বিশাংপতে! ॥৭১॥
শক্ত্যৃষ্টিপ্রাসশব্দস্তু তুমুলঃ সমজায়ত।
ভিন্দতাং পরমর্ম্মাণি রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥৭২॥ (যুগ্মকম্)
শ্রমাভিভূতাঃ সংরব্ধাঃ শ্রান্তবাহাঃ পিপাসিতাঃ।
বিক্ষতাশ্চ শিতৈঃ শস্ত্রৈরভ্যবর্ত্তন্ত তাবকাঃ ॥৭৩॥
মত্তা রুধিরগন্ধেন বহবোঽত্র বিচেতসঃ।
জঘ্নুঃ পরান্ স্বকাংশ্চৈব প্রাপ্তান্ প্রাপ্তাননন্তরান্ ॥৭৪॥
বহবশ্চ গতপ্রাণাঃ ক্ষত্রিয়া জয়গৃদ্ধিনঃ।
ভূমৌ চাভ্যপতন্ রাজন্! শরবৃষ্টিভিরাহতাঃ ॥৭৫॥
বৃকগৃধ্রশৃগালানাং তুমুলে মোদনেঽহনি।
আসীদ্বলক্ষয়ো ঘোরস্তব পুত্রস্য পশ্যতঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

স্ফুরতামিতি। স্ফুরতাং স্পন্দমানানাম্, প্রতিপিষ্টানাং গজাদিভিশ্চূর্ণিতাঙ্গানাম্। স্তনতাং গর্জ্জতাম্। ভিন্দতাং বিদারয়তাম্ ॥৭১—৭২॥

শ্রমেতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, শ্রান্তা বাহা বাহনানি যেষাং তে ॥৭৩॥

মত্তা ইতি। বিচেতসো বিক্ষুব্ধচিত্তাঃ। প্রাপ্তান্ উপস্থিতান্, অন্তরান্ আসন্নান্ ॥৭৪॥

বহব ইতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৭৫॥

নরনাথ রাজা! আপনার কুমন্ত্রণায় শীঘ্রগামী অশ্বগণ পতিত হইয়া ছট্‌ফট্ করিতে লাগিল এবং নিষ্পিষ্ট হইতে থাকিল, আর যুদ্ধসজ্জায় সজ্জিত গর্জ্জনকারী বীরগণ বিপক্ষগণের মর্ম্ম বিদারণ করিতে লাগিলে, তাহাদের শক্তি, ঋষ্টি ও প্রাসের তুমুল শব্দ হইতে থাকিল ॥৭১—৭২॥

মহারাজ! আপনার সৈন্যেরা পরিশ্রান্ত, ক্রুদ্ধ, শ্রান্তবাহন, পিপাসার্ত্ত ও সুধার অস্ত্রসমূহে ক্ষতবিক্ষতদেহ হইয়া সকল দিকে অবস্থান করিতে লাগিল ॥৭৩॥

বিক্ষুব্ধচিত্ত বহুতর সৈন্য রক্তের গন্ধে মত্ত হইয়া স্বপক্ষ বা বিপক্ষ উপস্থিত হইয়া নিকটে আসিলেই তাহাদিগকে বধ করিতে লাগিল ॥৭৪॥

রাজা! জয়াভিলাষী বহুতর ক্ষত্রিয় শরবর্ষণে আহত ও প্রাণবিহীন হইয়া ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৭৫॥

---

(৭১)···শীঘ্রগামিনাম্···নি। (৭২) ভিন্দতঃ···পি। (৭৩)··পিপাসবঃ—নি। (৭৫)··· শরবৃষ্টিরাবৃতাঃ—নি।

নরাশ্বকায়সংছন্না ভূমিরাসীদ্বিশাংপতে ।।
রুধিরোদকচিত্রা চ ভীরূণাং ভয়বর্দ্ধিনী ॥৭৭॥
অসিভিঃ পট্টিশৈঃ শূলৈস্তক্ষ্যমাণাঃ পুনঃ পুনঃ ।
তাবকাঃ পাণ্ডবেয়াশ্চ নাভ্যবর্ত্তন্ত ভারত ! ॥৭৮॥
প্রহরন্তো যথাশক্তি যাবৎ প্রাণস্য ধারণম্ ।
যোধাঃ পরিপতন্তি স্ম বমন্তো রুধিরং ব্রণৈঃ ॥৭৯॥
শিরো গৃহীত্বা কেশেষু কবন্ধশ্চ ব্যদৃশ্যত ।
উদ্যম্য চ শিতং খড়্গং রুধিরেণ পরিপ্লুতম্ ॥৮০॥
অথোত্থিতেষু বহুষু কবন্ধেষু জনাধিপ ।।
তথা রুধিরগন্ধেন যোধান্ কশ্মলমাবিশৎ ॥৮১॥

ভারতকৌমুদী

বৃকেতি। বৃকা ব্যাঘ্রবিশেষাঃ, গৃধ্রাঃ শকুনয়ঃ, মোদনে আমোদজনকে ॥৭৬॥
নরেতি। রুধিরাণি উদকানীব তৈশ্চিত্রা বিচিত্রবর্ণাঃ ॥৭৭॥
অসিভিরিতি। তক্ষ্যমাণাংস্তনূক্রিয়মাণাঃ আহন্যমানা ইত্যর্থঃ ॥৭৮॥
প্রেতি। বমন্তো নিঃসারয়ন্তঃ, ব্রণৈঃ ক্ষতস্থানৈঃ ॥৭৯॥
শির ইতি। কবন্ধো মস্তকশূন্যদেহঃ। শিতং সুধারম্ ॥৮০॥
অথেতি। কশ্মলং মোহঃ। আবিশৎ, ভীষণব্যাপারদর্শনাৎ ॥৮১॥

রাজা ! ব্যাঘ্র, শকুন ও শৃগালগণের আমোদজনক সেই ভীষণ দিনে আপনার পুত্র দুর্য্যোধনের সমক্ষেই ভীষণ সৈন্যক্ষয় হইতে লাগিল ॥৭৬॥

নরনাথ ! ক্রমে সমরভূমি মানুষ ও অশ্বগণের দেহে আবৃত এবং জলের ন্যায় রক্তপ্রবাহে বিচিত্র হইয়া ভীরুজনের ভয় জন্মাইতে থাকিল ॥৭৭॥

ভরতনন্দন ! আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের যোদ্ধারা তরবারি, পট্টিশ ও শূলের আঘাতে বার বার ক্ষতবিক্ষত হইতে থাকিয়া, আর অভিমুখবর্ত্তী হইতে পারিলেন না ॥৭৮॥

যে পর্য্যন্ত প্রাণ থাকিতে ছিল, সেই পর্য্যন্তই যোদ্ধারা শক্তি অনুসারে প্রহার করিতে থাকিয়া ক্ষতস্থান হইতে রক্ত নিঃসারণ করতঃ পতিত হইতে লাগিলেন ॥৭৯॥

ক্রমে দেখা গেল—কবন্ধ সকল শত্রুর কেশাকর্ষণ এবং সুধার ও রক্তাক্ত তরবারি উত্তোলন করিয়া রহিয়াছে ॥৮০॥

---

(৭৭) নরাশ্বকায়ৈঃ সংছন্না···নি। (৭৮)···ন হ্যবর্ত্তন্ত ··নি। (৭৯) ··রুধিরং মুখৈঃ—নি। (৮০)···শ্চ প্রদৃশ্যতে—নি।

মন্দীভূতে ততঃ শব্দে পাণ্ডবানাং মহদ্বলম্।
অল্পাবশিষ্টৈস্তুরগৈরভ্যবর্ত্তত সৌবলঃ ॥৮২॥
ততোঽভ্যধাবংস্ত্বরিতাঃ পাণ্ডবা জয়গৃদ্ধিনঃ।
পদাতয়শ্চ নাগাশ্চ সাদিনশ্চোদ্যতায়ুধাঃ ॥৮৩॥
কোষ্ঠকীকৃত্য চাপ্যেনং পরিক্ষিপ্য চ সর্বশঃ।
শস্ত্রৈর্নানাবিধৈর্জঘ্নুর্যুদ্ধপারং তিতীর্ষবঃ ॥৮৪॥
ত্বদীয়াংস্তাংস্ত সংপ্রেক্ষ্য সর্বতঃ সমভিদ্রুতান্।
সাশ্বপত্তিদ্বিপরথাঃ পাণ্ডবানভিদুদ্রুবুঃ ॥৮৫॥
কেচিৎ পদাতয়ঃ পদ্ভির্মুষ্টিভিশ্চ পরস্পরম্।
নিজঘ্নুঃ সমরে শূরাঃ ক্ষীণশস্ত্রাস্ততোঽপতন্ ॥৮৬॥

ভারতকৌমুদী

মন্দীতি। অল্পাবশিষ্টৈর্বহূনাং বিনাশাৎ। সৌবলঃ শকুনিঃ ॥৮২॥
তত ইতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। নাগা গজাঃ, সাদিনোঽশ্বারোহিণঃ ॥৮৩॥
কোষ্ঠকীতি। কোষ্ঠকীকৃত্য পরিবেষ্ট্য। পরিক্ষিপ্য শস্ত্রাণ্যেব ॥৮৪॥
ত্বদীয়ানিতি। সমভিদ্রুতান্ অভিধাবিতান্। অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ কৌরবাঃ ॥৮৫॥
কেচিদিতি। পদ্ভিঃ পদাঘাতৈঃ। অপতন্ নিহতা ইতি শেষঃ ॥৮৬॥

নরনাথ! এইরূপ বহুতর কবন্ধ উত্থিত হইলে এবং রক্তের গন্ধ ছুটিলে, যোদ্ধাদের মোহ উপস্থিত হইল ॥৮১॥

তাহার পর সৈন্যের কোলাহল কমিয়া আসিলে, শকুনি অল্পাবশিষ্ট অশ্বারোহী লইয়া পাণ্ডবগণের বিশাল সৈন্যের সম্মুখবর্ত্তী হইলেন ॥৮২॥

তদনন্তর জয়াভিলাষী পাণ্ডবেরা পদাতি, গজারোহী ও অশ্বারোহীরা অস্ত্র উত্তোলন করিয়া শকুনির দিকে ধাবিত হইলেন ॥৮৩॥

পরে তাহারা যুদ্ধসমুদ্রের পারে যাইবার অভিলাষী হইয়া, শকুনিকে পরিবেষ্টন-পূর্ব্বক সকল দিক্ হইতে নানা অস্ত্র নিক্ষেপ করিয়া উঁহাকে আঘাত করিতে লাগিলেন ॥৮৪॥

মহারাজ! পাণ্ডবেরা সকল দিক্ হইতে আপনার সৈন্যগণের প্রতি ধাবিত হইলে, কৌরবেরা হস্তী, অশ্ব, রথী ও পদাতিগণকে লইয়া পাণ্ডবগণের প্রতি বেগে যাইতে লাগিলেন ॥৮৫॥

ক্ষীণশস্ত্র কতকগুলি বলবান্ পদাতি পরস্পর মুষ্টিপ্রহার ও পদাঘাত করিয়া সংহার করিতে লাগিল এবং নিজেরাও নিহত হইয়া পতিত হইতে থাকিল ॥৮৬॥

---

(৮৫) রথাশ্বপত্তিদ্বিরদাঃ···নি।

রথেভ্যো রথিনঃ পেতুর্দ্বিপেভ্যঃ সাদিনস্তথা।
বিমানেভ্য ইব ভ্রষ্টাঃ সিদ্ধাঃ পুণ্যক্ষয়ে যথা ॥৮৭॥
এবমন্যোন্যমায়স্তা যোধা জঘ্নুর্মহামৃধে।
পিতৄন্ ভ্রাতৄন্ বয়স্যাংশ্চ পুত্রানপি তথাপরে ॥৮৮॥
এবমাসীদমর্য্যাদং যুদ্ধং ভরতসত্তম।।
প্রাসাসিবাণকলিলে বর্ত্তমানে সুদারুণে ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।
তস্মিন্ শব্দে মৃদৌ জাতে পাণ্ডবৈর্নিহতে বলে।
অশ্বৈঃ সপ্তশতৈঃ শিষ্টৈরুপাবর্ত্তত সৌবলঃ ॥১॥

ভারতকৌমুদী

রথেভ্য ইতি। দ্বিপেভ্যো গজেভ্যঃ, সাদিন আরোহিণঃ ॥৮৭॥

এবমিতি। আয়স্তা যত্তা যত্নবন্ত ইতি যাবৎ। মহামৃধে মহাযুদ্ধে ॥৮৮॥

এবমিতি। অমর্য্যাদং নিয়মশূন্যম্। প্রাসাসিবাণৈঃ কলিলে ব্যাপ্তে ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

পুণ্য ক্ষয় হইলে স্বর্গবাসীরা যেমন বিমান হইতে পতিত হন, সেইরূপ রথীরা রথ হইতে এবং গজারোহীরা গজ হইতে পতিত হইতে লাগিলেন ॥৮৭॥

এইরূপ অন্যান্য যোদ্ধারা পরস্পর যত্নবান্ হইয়া মহাযুদ্ধে পিতা, ভ্রাতা, সখা ও পুত্রদিগকে বধ করিতে থাকিলেন ॥৮৮॥

ভরতশ্রেষ্ঠ! প্রাস, তরবারি ও বাণে পরিপূর্ণ সেই সুদারুণ রণস্থলে এইরূপ নিয়মশূন্য যুদ্ধ চলিতে লাগিল ॥৮৯॥

---

(৮৭)…দ্বিপেভ্যো হস্তিসাদিনঃ…বর্দ্ধ। * '…ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বন্দ বর্দ্ধ বা সো, '…দ্বাবিংশোঽধ্যায়ঃ' নি। (১) অল্পাবশিষ্টে সৈন্যে তু…অশ্বৈঃ পঞ্চসহস্রৈশ্চ…নি।

স যাত্বা বাহিনীং তূর্ণমব্রবীত্ত্বরয়ন্ যুধি।
যুধ্যধ্বমিতি সংহৃষ্টাঃ পুনঃ পুনররিন্দমাঃ ! ॥২॥
অপৃচ্ছৎ ক্ষত্রিয়াংস্তত্র ক নু রাজা মহারথঃ।
শকুনেস্তু বচঃ শ্রুত্বা ত ঊচুর্ভরতর্ষভ ! ।
অসৌ তিষ্ঠতি কৌরব্যো রণমধ্যে মহারথঃ ॥৩॥
যত্রৈতৎ সুমহচ্ছত্রং পূর্ণচন্দ্রসমপ্রভম্।
যত্রৈতে সতনুত্রাণা রথাস্তিষ্ঠন্তি দংশিতাঃ ॥৪॥
যত্রৈষ শব্দস্তুমুলঃ পর্জ্জন্যনিনদোপমঃ।
তত্র গচ্ছ দ্রুতং রাজংস্ততো দ্রক্ষসি কৌরবম্ ॥৫॥ (যুগ্মকম্)
এবমুক্তস্তু তৈঃ শূরৈঃ শকুনিঃ সৌবলস্তদা।
প্রযযৌ তত্র যত্রাসৌ পুত্রস্তব নরাধিপ ! ॥৬॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। মৃদৌ মন্দে। শিষ্টৈরবশিষ্টৈঃ, সৌবলঃ শকুনিঃ ॥১॥
স ইতি। যাত্বা গত্বা, বাহিনীং স্বসেনাম্ ॥২॥
অপৃচ্ছদিতি। রাজা দুর্য্যোধনঃ। তে ক্ষত্রিয়াঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥
যত্রেতি। সতনুত্রাণা বর্ম্মযুক্তাঃ, দংশিতাঃ সন্নদ্ধাঃ। পর্জ্জন্যনিনদোপমঃ মেঘগর্জনতুল্যঃ। রাজন্! হে গান্ধাররাজ! কৌরবং দুর্য্যোধনম্ ॥৪—৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! সেই শব্দ কমিয়া আসিলে এবং পাণ্ডবেরা কৌরবসৈন্য সংহার করিলে, শকুনি অবশিষ্ট সাত শত সৈন্যের সহিত যুদ্ধে উপস্থিত হইলেন ॥১॥

তিনি আপন সৈন্যমধ্যে প্রবেশ করিয়া যুদ্ধে ত্বরান্বিত হইয়া সত্বর বলিলেন—'হে শত্রুদমনকারী যোদ্ধৃগণ! আপনারা আনন্দিত হইয়া যুদ্ধ করুন'। এই কথা তিনি বার বার বলিয়াছিলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! পরে শকুনি ক্ষত্রিয়গণের নিকট জিজ্ঞাসা করিলেন—'মহারথ রাজা দুর্য্যোধন কোথায়?'। তখন সেই ক্ষত্রিয়েরা শকুনির কথা শুনিয়া বলিলেন—'ঐ কৌরবনন্দন মহারথ দুর্য্যোধন যুদ্ধমধ্যে অবস্থান করিতেছেন ॥৩॥

গান্ধাররাজ! পূর্ণচন্দ্রের ন্যায় প্রভাযুক্ত অতিবিশাল ছত্র যে স্থানে রহিয়াছে; যেস্থানে বর্ম্মাবৃতদেহ ও যুদ্ধসজ্জায় সজ্জিত এই রথিগণ অবস্থান করিতেছেন এবং যেখানে মেঘগর্জ্জনের ন্যায় এই তুমুল শব্দ হইতেছে, আপনি সত্বর সেইখানে গমন করুন, তাহার পর কুরুরাজ দুর্য্যোধনকে দেখিতে পাইবেন' ॥৪—৫॥

(২)···চোদয়ানঃ স্বকান্ যুধি—নি।

সর্বতঃ সংবৃতো বীরৈঃ সমরেষ্বনিবর্ত্তিভিঃ।
ততো দুর্য্যোধনং দৃষ্ট্বা রথানীকে ব্যবস্থিতম্।
সরথাংস্তাবকান্ সর্বান্ হর্ষয়ন্ শকুনিস্ততঃ ॥৭॥
দুর্য্যোধনমিদং বাক্যং হৃষ্টরূপো বিশাংপতে!।
কৃতকার্য্যমিবাত্মানং মন্যমানোঽব্রবীন্নৃপম্ ॥৮॥ (যুগ্মকম্)
জহি রাজন্! রথানীকমশ্বাঃ সর্বে জিতা ময়া।
নাত্যক্ত্বা জীবিতঃ সংখ্যে শক্যো জেতুং যুধিষ্ঠিরঃ ॥৯॥
হতে তস্মিন্ রথানীকে পাণ্ডবেনাভিপালিতে।
গজানেতান্ হনিষ্যামঃ পদাতীংশ্চেতরাংস্তথা ॥১০॥
শ্রুত্বা তু বচনং তস্য তাবকা জয়গৃদ্ধিনঃ।
জবেনাভ্যদ্রবন্ হৃষ্টাঃ পাণ্ডবানামনীকিনীম্ ॥১১॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রষযৌ, শকুনিরিতি শেষঃ। পুত্রো দুর্য্যোধনঃ ॥৬॥
সর্বত ইতি। রথানীকে রথিসৈন্যমধ্যে। ষট্‌পাদঃ শ্লোকঃ। কৃতকার্য্যং কৃতজয়ম্ ॥৭-৮॥
জহীতি। অত্যক্ত্বা রণস্থলমিতি শেষঃ। জীবিতো ন ভবেৎ ॥৯॥
হত ইতি। রথানীকে রথিসৈন্যে, পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ ॥১০॥
শ্রুত্বেতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। অভ্যদ্রবন্নভ্যধাবন্ ॥১১॥

নরনাথ! সেই বীরেরা এইরূপ বলিলে, আপনার পুত্র দুর্য্যোধন যেস্থানে ছিলেন, সুবলনন্দন শকুনি তখন সেইস্থানে গমন করিলেন ॥৬॥

নরনাথ! যুদ্ধে অনিবর্ত্তী বীরগণে পরিবেষ্টিত হইয়া এবং রাজা দুর্য্যোধনকে রথিসৈন্য মধ্যে অবস্থিত দেখিয়া শকুনি আপনার পক্ষের সকল সৈন্যকে আনন্দিত করিতে থাকিয়া এবং আপনাকে যেন কৃতকার্য্য মনে করিয়া হৃষ্টভাবে রাজা দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৭—৮॥

'রাজা! তুমি পাণ্ডবপক্ষের রথিসৈন্য সংহার কর, আমি সমস্ত অশ্বারোহীকেই জয় করিয়াছি। যুধিষ্ঠির রণস্থল ত্যাগ না করিয়া জীবিত থাকিতে পারিবে না; সুতরাং উঁহাকে জয় করা যাইবে ॥৯॥

যুধিষ্ঠিররক্ষিত সেই রথিসৈন্য নিহত হইলে, আমরা এই সকল গজারোহী ও অপর পদাতিদিগকে বিনাশ করিব' ॥১০॥

মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা শকুনির কথা শুনিয়া আনন্দিত ও জয়াভিলাষী হইয়া বেগে পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১১॥

(৭)· সমরে চিত্রযোধিভিঃ…নি। (৯)…মহে সর্বে জিতা ময়া…পি।

সর্বে বিধৃততূণীরাঃ প্রগৃহীতশরাসনাঃ।
শরাসনানি ধুন্বানাঃ সিংহনাদং প্রচক্রিরে ॥১২॥
ততো জ্যাতলনির্ঘোষঃ পুনরাসীদ্বিশাংপতে।।
প্রাদুরাসীচ্ছরাণাঞ্চ বিমুক্তানাং সুদারুণঃ ॥১৩॥
তান্ সমীপগতান্ দৃষ্ট্বা জবেনোদ্যতকার্ম্মুকান্।
উবাচ দেবকীপুত্রং কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥১৪॥
চোদয়াশ্বানসংভ্রান্তঃ প্রবিশৈনং বলার্ণবম্।
অন্তমদ্য গমিষ্যামি শত্রূণাং নিশিতৈঃ শরৈঃ ॥১৫॥
অষ্টাদশ দিনান্যদ্য যুদ্ধস্যাস্য জনার্দ্দন।।
বর্ত্তমানস্য মহতঃ সমাসাদ্য পরস্পরম্ ॥১৬॥
অনন্তকল্পা ধ্বজিনী ভূত্বা হ্যেষাং মহাত্মনাম্।
ক্ষয়মদ্য গতা যুদ্ধে পশ্য দৈবং যথাবিধম্ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। শরাসনানি ধনূংষি, ধুন্বানাঃ শরক্ষেপায় চালয়ন্তঃ ॥১২॥
তত ইতি। সুদারুণো নির্ঘোষ ইত্যনুবৃত্তিঃ ॥১৩॥
তানিতি। জবেন বেগেন। দেবকীপুত্রং কৃষ্ণম্ ॥১৪॥
চোদয়েতি। চোদয় প্রেরয়, অসংভ্রান্তঃ অবিচলিতঃ। অন্তং শেষম্ ॥১৫॥
অষ্টেতি। সমাসাদ্য প্রাপ্য। ধ্বজিনী সেনা ॥১৬—১৭॥

তাঁহারা সকলেই তূণ ও ধনু ধারণ করিয়া এবং ধনু সঞ্চালন করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥১২॥

নরনাথ! তাহার পর পুনরায় ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের শব্দ হইতে লাগিল এবং নিক্ষিপ্ত শরসমূহের অতিভীষণ চটচটাধ্বনি হইতে থাকিল ॥১৩॥

সেই সৈন্যগণকে ধনু উত্তোলন করিয়া বেগে নিকটবর্ত্তী হইতে দেখিয়া কুন্তীনন্দন অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—॥১৪॥

'কৃষ্ণ! তুমি অবিচলিত থাকিয়া অশ্বগুলিকে চালন কর এবং এই সৈন্যসাগরমধ্যে প্রবেশ কর। আমি আজ সুধার বাণদ্বারা শত্রুগণকে নিঃশেষ করিব ॥১৫॥

জনার্দ্দন! পরস্পরকে পাইবার পরে এই যুদ্ধ আরম্ভ হইয়াছিল, তাহা আজ অষ্টাদশ দিন চলিতেছে। মহাত্মাদের সেনা অসীম হইয়াও আজ যুদ্ধে ক্ষয় পাইয়াছে; সুতরাং কৃষ্ণ! দৈব যেমন তাহা দেখ—॥১৬—১৭॥

(১২) বহুনিস্ত্রিংশহস্তাশ্চ···সিংহনাদান্ প্রচক্রিরে—নি। (১৪)···জনানুদ্যতকার্ম্মুকান্—নি।

সমুদ্রকল্পঞ্চ বলং ধার্ত্তরাষ্ট্রস্য মাধব ।।
অস্মানাসাদ্য সঞ্জাতং গোষ্পদোপমমচ্যুত ।।১৮।।
হতে ভীষ্মে তু সন্দধ্যাচ্ছিবং স্যাদিহ মাধব ।।
ন চ তৎ কৃতবান্ মূঢ়ো ধার্ত্তরাষ্ট্রঃ সুবালিশঃ ।।১৯।।
উক্তং ভীষ্মেণ যদ্বাক্যং হিতং পথ্যঞ্চ মাধব ।।
তচ্চাপি নাসৌ কৃতবান্ বীতবুদ্ধিঃ সুযোধনঃ ।।২০।।
তস্মিংস্তু নিহতে ভীষ্মে প্রচ্যুতে পৃথিবীতলে ।
ন জানে কারণং কিন্নু যেন যুদ্ধমবর্ত্তত ।।২১।।
মূঢ়াংস্তু সর্বথা মন্যে ধার্ত্তরাষ্ট্রান্ সুবালিশান্ ।
পতিতে শান্তনোঃ পুত্রে যেঽকার্ষুঃ সংযুগং পুনঃ ।।২২।।
অনন্তরঞ্চ নিহতে দ্রোণে ব্রহ্মবিদাং বরে ।
রাধেয়ে চ বিকর্ণে চ নৈবাশাম্যত বৈশসম্ ।।২৩।।

ভারতকৌমুদী

সমুদ্রেতি । ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ।।১৮।।
হত ইতি । সন্দধ্যাদ্‌যদি সন্ধিং কুর্য্যাৎ, তদা শিবং মঙ্গলং স্যাৎ । সুবালিশ অতিমূর্খঃ ।।১৯।।
উক্তমিতি । পথ্যম্ অবস্থানুরূপম্ । বীতবুদ্ধিস্ত্যক্তসুবুদ্ধিঃ ।।২০।।
তস্মিন্নিতি । নিহতে আহতে, প্রচ্যুতে পতিতে । অবর্ত্তত অতিষ্ঠৎ ।।২১।।
মূঢ়ানিতি । সুবালিশান্ অতিমূর্খান্ । তাদৃশবীরান্তরাভাবেন জয়াসম্ভবাদিতি ভাবঃ ।।২২।।
অনন্তরমিতি । ব্রহ্মবিদাং বেদজ্ঞানাম্ । রাধেয়ে কর্ণে । বৈশসং যুদ্ধম ।।২৩।।

মাধব ! অচ্যুত ! দুর্য্যোধনের সমুদ্রতুল্য সৈন্য আমাদিগকে পাইয়া এখন গোষ্পদের তুল্য হইয়া গিয়াছে ।।১৮।।

মাধব ! ভীষ্ম নিহত হইলে পরই দুর্য্যোধন যদি সন্ধি করিত, তবে উভয় পক্ষেরই মঙ্গল হইত ; কিন্তু বিকৃতচিত্ত ও অতিমূর্খ দুর্য্যোধন তাহা করে নাই ।।১৯।।

কৃষ্ণ ! ভীষ্ম যে হিতকর ও অবস্থানুরূপ বাক্য বলিয়াছিলেন, তাহাও ঐ সুবুদ্ধিশূন্য দুর্য্যোধন করে নাই ।।২০।।

সেই ভীষ্ম আহত হইয়া ভূতলে পতিত হইলে, আবারও যে যুদ্ধ চলিতে লাগিল, তাহার কারণ কিছুই জানি না ।।২১।।

শান্তনুনন্দন ভীষ্ম নিপতিত হইলে, যাহারা পুনরায় যুদ্ধ করিয়াছে, আমি সেই ধৃতরাষ্ট্রপুত্রগণকে সর্বপ্রকারে মোহাবিষ্ট ও অতিমূর্খ বলিয়া মনে করি ।।২২।।

---

(১৯) হতে ভীষ্মে বীর্য্যবতীচ্ছিবঃ স্যাদিতি…নি । (২১) তস্মিংস্তু ভূমুলে ভীষ্মে ..পি । (২৩)…নৈব শাম্যন্তি বৈশসম্ । এবং সর্বত্র নি ।

অল্পাবশিষ্টে সৈন্যেঽস্মিন্ সূতপুত্রে চ পাতিতে।
সপুত্রে বৈ নরব্যাঘ্রে নৈবাশাম্যত বৈশসম্ ॥২৪॥
শ্রুতায়ুষি হতে শূরে জলসন্ধে চ পৌরবে।
শ্রুতায়ুধে চ নৃপতৌ নৈবাশাম্যত বৈশসম্ ॥২৫॥
ভূরিশ্রবসি শল্যে চ শাল্বে চৈব জনার্দ্দন।।
আবন্ত্যেষু চ বীরেষু নৈবাশাম্যত বৈশসম্ ॥২৬॥
জয়দ্রথে চ নিহতে রাক্ষসে চাপ্যলায়ুধে।
বাহ্লীকে সোমদত্তে চ নৈবাশাম্যত বৈশসম্ ॥২৭॥
ভগদত্তে হতে শূরে কাম্বোজে চ সুদক্ষিণে।
দুঃশাসনে চ নিহতে নৈবাশাম্যত বৈশসম্ ॥২৮॥

ভারতকৌমুদী

অল্পেতি। পুত্রৈর্বৃষসেনাদিভিঃ সহেতি তস্মিন্। অশাম্যত ব্যরমৎ ॥২৪॥
শ্রুতেতি। শ্রুতায়ুরাদীনি তত্তদ্বীরনামানি ॥২৫॥
ভূরীতি। আবন্ত্যেষু অবন্তিদেশীয়েষু বিন্দানুবিন্দাদিষু ॥২৬॥
জয়দ্রথ ইতি। বাহ্লীকসোমদত্তৌ কুরুবংশীয়ৌ ॥২৭॥
ভগেতি। কাম্বোজে কাম্বোজদেশীয়ে, সুদক্ষিণে তদাখ্যে রাজ্ঞি ॥২৮॥

তাহার পরে বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ এবং কর্ণ ও বিকর্ণ নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না। ॥২৩॥

এই সৈন্য অল্প অবশিষ্ট থাকিলে এবং নরশ্রেষ্ঠ কর্ণ তাহার পুত্রগণের সহিত নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না। ॥২৪॥

বীর শ্রুতায়ু, পুরুবংশীয় জলসন্ধ এবং রাজা শ্রুতায়ুধ নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না। ॥২৫॥

জনার্দ্দন। বীর ভূরিশ্রবা, শল্য, শাল্ব এবং অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ-প্রভৃতি নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না। ॥২৬॥

জয়দ্রথ, রাক্ষস অলায়ুধ, বাহ্লীক এবং সোমদত্ত নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না। ॥২৭॥

বীর ভগদত্ত, কাম্বোজরাজ সুদক্ষিণ এবং দুঃশাসন নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না। ॥২৮॥

(২৫) জলসন্ধে চ মাগধে—নি। (২৮)…কাম্বোজে চ সুদারুণে…নি।

দৃষ্ট্বা চ নিহতান্ শূরান্ পৃথঙ্‌মাণ্ডলিকান্ নৃপান্।
বলিনশ্চ রণে কৃষ্ণ! নৈবাশাম্যত বৈশসম্ ॥২৯॥
অক্ষৌহিণীং হতাং দৃষ্ট্বা ভীমসেনেন সংযুগে।
মোহাদ্বা যদি বা লোভান্নৈবাশাম্যত বৈশসম্ ॥৩০॥
কো নু রাজা কুলে জাতঃ কৌরবেয়ো বিশেষতঃ।
নিরর্থকং মহদ্বৈরং কুর্য্যাদন্যঃ সুযোধনাৎ ॥৩১॥
গুণতোঽভ্যধিকং জ্ঞাত্বা বলতঃ শৌর্য্যতোঽপি বা।
অমূঢ়ঃ কো নু যুধ্যেত জানন্ প্রাজ্ঞো হিতাহিতম্ ॥৩২॥
যন্ন তস্য মনো হ্যাসীত্ত্বয়োক্তস্য হিতস্য চ।
প্রশমে পাণ্ডবৈঃ সার্দ্ধং সোঽন্যস্য শৃণুয়াৎ কথম্ ॥৩৩॥
যেন শান্তনবো ভীষ্মো দ্রোণো বিদুর এব চ।
প্রত্যাখ্যাতাঃ শমস্যার্থে কিন্নু তস্যাদ্য ভেষজম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। পৃথঙ্‌মাণ্ডলিকান্ ভিন্নভিন্নরাজ্যাধিপতীন্ ॥২৯॥
অক্ষৌহিণীমিতি। অক্ষৌহিণীমনেকামিত্যর্থঃ। লোভাৎ রাজ্যলোভাৎ ॥৩০॥
ক ইতি। কুলে সদ্বংশে। কৌরবেয়ঃ কুরুবংশজাতো জনঃ ॥৩১॥
গুণত ইতি। অভ্যধিকং বিপক্ষমিতি শেষঃ। বলতঃ সৈন্যতঃ ॥৩২॥
যদিতি। প্রশমে সন্ধিকরণে। সোঽন্যস্য হিতবাক্যমিতি শেষঃ ॥৩৩॥

কৃষ্ণ! বীর ও ভিন্ন ভিন্ন রাজ্যের অধিপতি অন্যান্য রাজাকে এবং বলবান্ যোদ্ধাদিগকে নিহত দেখিয়াও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৯॥

ভীমসেন যুদ্ধে নিজের বহু অক্ষৌহিণী সৈন্য বিনাশ করিয়াছেন, ইহা দেখিয়াও দুর্য্যোধনের মোহ অথবা লোভবশতই যুদ্ধ নিবৃত্তি পায় নাই ॥৩০॥

একমাত্র দুর্য্যোধনব্যতীত সদ্বংশজাত অন্য কোন্ রাজা বিশেষতঃ কুরুবংশ জাত অন্য কোন্ লোক বিনা প্রয়োজনে গুরুতর শত্রুতা উৎপাদন করেন? ॥৩১॥

হিতাহিতজ্ঞ, বুদ্ধিমান্ এবং অমোহাবিষ্ট কোন্ লোক বিপক্ষকে গুণে, সৈন্যে ও বীরত্বে অধিক জানিয়াও যুদ্ধ করেন ॥৩২॥

কৃষ্ণ! পাণ্ডবগণের সহিত সন্ধি করিবার পক্ষে তুমি বহুতর হিতের কথা বলিয়াছিলে, কিন্তু দুর্য্যোধন তাহা যখন রক্ষা করে নাই, তখন সৈন্যগণের মধ্যে কেহ সন্ধি করার কথা বলিয়া থাকিলেও তাহা রক্ষা করিবে কেন? ॥৩৩॥

(৩০) অক্ষৌহিণীপতীন্ দৃষ্ট্বা ভীমসেনেন পাতিতান্ · পি নি। (৩১) কো নু রাজকুলে জাতঃ·· নি পি। (৩৩) ত্বয়োক্তং যদ্ধিতং বচঃ·· পি।

মৌঢ্যাদ্‌যেন পিতা বৃদ্ধং প্রত্যাখ্যাতো জনার্দ্দন।।
তথা মাতা হিতং বাক্যং ভাষমাণা হিতৈষিণী।
প্রত্যাখ্যাতা হ্যসৎকৃত্য স কস্মাদ্‌রোচয়েদ্বচঃ ॥৩৫॥
কুলান্তকরণো ব্যক্তং জাত এষ জনার্দ্দন।।
তথাস্য দৃশ্যতে চেষ্টা নীতিশ্চৈব বিশাংপতে।।
নৈষ দাস্যতি নো রাজ্যমিতি মে মতিরচ্যুত। ॥৩৬॥
উক্তোঽহং বহুশস্তাত। বিদুরেণ মহাত্মনা।
ন জীবন্ দাস্যতে ভাগং ধার্ত্তরাষ্ট্রঃ কথঞ্চন ॥৩৭॥
যাবৎ প্রাণান্ ধারয়তি ধৃতরাষ্ট্রোঽপি মানদ।।
তাবৎ যুষ্মাসু পাপোঽসৌ প্রচরিষ্যতি পাতকম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

যেনেতি। শমস্য সন্ধিনিবন্ধনশান্তেঃ। ভেষজমৌষধম্, মতপরিবর্ত্তক ইত্যর্থঃ ॥৩৪॥
মৌঢ্যাদিতি। অবমন্য অবজ্ঞায়। কস্মাদন্যস্মাৎ জনাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
কুলেতি। কুলান্তকরণো বংশধ্বংসজনকঃ। নঃ অস্মাকম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥
উক্ত ইতি। হে তাত! জগৎপিতঃ!। ভাগং রাজ্যাংশম্ ॥৩৭॥
যাবদিতি। যুষ্মাসু পাণ্ডবেষু। পাতকং পাতকজনকমনর্থম্ ॥৩৮॥

যে লোক—শান্তনুনন্দন ভীষ্ম, দ্রোণ ও বিদুরকে সন্ধি করিবার বিষয়ে প্রত্যাখ্যান করিয়াছে, তাহার আজ মোহনিবারক ঔষধ কি হইতে পারে? ॥৩৪॥

যে লোক মূঢ়তাবশতঃ বৃদ্ধ পিতাকে প্রত্যাখ্যান করিয়াছে এবং হিতৈষিণী মাতা হিতবাক্য বলিতেছিলেন, সেই অবস্থায় তাঁহাকেও নিরাস করিয়াছে, সে লোক অন্য কোন্ ব্যক্তির কথায় সম্মত হইবে ॥৩৫॥

লোকনাথ! জনার্দ্দন! কৃষ্ণ! নিশ্চয়ই এটা বংশনাশক হইয়া জন্মিয়াছে; সেইরূপই ইহার চেষ্টা ও নীতি দেখা যাইতেছে। এ আমাদিগকে রাজ্য দান করিবে না ইহাই আমার ধারণা ॥৩৬॥

হে জগৎপিতঃ! মহাত্মা বিদুর বহু বার আমার নিকট বলিয়াছেন যে, 'দুর্য্যোধন জীবিত থাকিয়া তোমাদিগকে রাজ্যের ভাগ দিবে না ॥৩৭॥

এবং সম্মানদাতা! ধৃতরাষ্ট্রও যে পর্য্যন্ত প্রাণ ধারণ করিবেন, সেই পর্য্যন্তই ঐ পাপাত্মা তোমাদের অনিষ্টাচরণ করিবে ॥৩৮॥

(৩৫) মৌর্খ্যাদ্‌যেন··· নি। (৩৬) জাত্যা তু রাক্ষসো ব্যক্তং জাত এব···পি।

ন চ শক্যোঽন্যথা জেতুমৃতে যুদ্ধেন মাধব ।।
ইত্যব্রবীৎ সদা মাং হি বিদুরঃ সত্যদর্শনঃ ॥৩৯॥
তৎ সর্বমদ্য জানামি ব্যবসায়ং দুরাত্মনঃ ।
যদুক্তং বচনং তেন বিদুরেণ মহাত্মনা ॥৪০॥
যো হি শ্রুত্বা বচঃ পথ্যং জামদগ্ন্যাদ্‌যথাতথম্ ।
অবামন্যত দুর্বুদ্ধির্ধ্রুবং নাশমুখে স্থিতঃ ॥৪১॥
উক্তং হি বহুভিঃ সিদ্ধৈর্জাতমাত্রে সুযোধনে ।
এনং প্রাপ্য দুরাত্মানং ক্ষয়ং ক্ষত্রং গমিষ্যতি ॥৪২॥
তদিদং বচনং তেষাং নিরুক্তং বৈ জনার্দ্দন ।।
ক্ষয়ং যাতা হি রাজানো দুর্য্যোধনকৃতে ভৃশম্ ।
সোঽদ্য সর্বান্ রণে যোধান্ নিহনিষ্যামি মাধব ! ॥৪৩॥
ক্ষত্রিয়েষু হতেষদ্য শূন্যে চ শিবিরে কৃতে ।
বধায় চাত্মনোঽস্মাভিঃ সংযুগং রোচয়িষ্যতি ॥৪৪॥

ভারতকৌমুদী

নেতি। জেতুং বশীকর্ত্তুম্, ঋতে বিনা। সত্যদর্শনঃ অভ্রান্তবুদ্ধিঃ ॥৩৯॥
তদিতি। ব্যবসায়ং মনোবৃত্তিম্, দুরাত্মনো দুর্য্যোধনস্য ॥৪০॥
য ইতি। পথ্যং হিতকরম্, জামদগ্ন্যাৎ সন্ধিসভাস্থিতাদ্রামাৎ ॥৪১॥
উক্তমিতি। ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ ॥৪২॥
তদিতি। দুর্য্যোধনকৃতে দুর্য্যোধননিমিত্তে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥

যুদ্ধব্যতীত অন্য কোন প্রকারেই উঁহাকে বশীভূত করা যাইবে না’। কৃষ্ণ! সত্যদর্শী বিদুর আমাকে এই কথা বলিয়াছেন ॥৩৯॥

মহাত্মা বিদুর যাহা বলিয়াছেন, আজ আমি দুরাত্মা দুর্য্যোধনের সেই সমস্ত মনোবৃত্তিই বুঝিতেছি ॥৪০॥

যে দুর্বুদ্ধি সেই সন্ধিসভায় পরশুরামের মুখ হইতে হিতকর বাক্য শুনিয়া অবজ্ঞা করিয়াছিল; সে নিশ্চয়ই বিনাশের মুখে রহিয়াছে ॥৪১॥

দুর্য্যোধন জন্মিবামাত্রই বহুতর সিদ্ধপুরুষ বলিয়াছিলেন যে, ‘এই দুরাত্মার দোষেই ক্ষত্রিয়জাতি ক্ষয় পাইবে’ ॥৪২॥

কৃষ্ণ! আমি তোমার নিকট তাঁহাদের উক্ত এই কথাগুলি বলিলাম। রাজারা দুর্য্যোধনের জন্য গুরুতর ক্ষয় পাইয়াছেন। সে যাহা হউক, মাধব! অদ্যই আমি বিপক্ষ যোদ্ধাদিগকে সংহার করিব ॥৪৩॥

(৩৯) ন চ যুক্তোঽন্যথা ···নি। (৪১) ···নাভ্যবর্ত্তত···পি।

তদস্তং হি ভবেদ্বৈরমনুমানেন মাধব !।
এবং পশ্যামি বার্ষ্ণেয় ! চিন্তয়ন্ প্রজ্ঞয়া স্বয়া।
বিদুরস্য চ বাক্যেন চেষ্টয়া চ দুরাত্মনঃ ॥৪৫॥
সংযাহি ভারতীং বীর ! যাবদ্ধন্মি শিতৈঃ শরৈঃ।
দুর্য্যোধনং দুরাত্মানং বাহিনীঞ্চাস্য সংযুগে ॥৪৬॥
ক্ষেমমদ্য করিষ্যামি ধর্ম্মরাজস্য মাধব !।
হত্বৈতদ্দুর্বলং সৈন্যং ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥৪৭॥

সঞ্জয় উবাচ।

অভীষুহস্তো দাশার্হস্তথোক্তঃ সব্যসাচিনা।
তদ্বলৌঘমমিত্রাণামভীতঃ প্রাবিশদ্রণে ॥৪৮॥
শরাসনবনং ঘোরং শক্তিকণ্টকসংবৃতম্।
গদাপরিঘপাষাণং রথনাগমহাদ্রুমম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয়েতি। আত্মনো দুর্য্যোধনস্য। রোচয়িষ্যতি দুর্য্যোধন এব ॥৪৪॥
তদিতি। স দুর্য্যোধনবধং এব অন্তঃ শেষো যস্য তৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥
সংযাহীতি। ভারতীং কৌরবীং সেনাম্। শিতৈঃ সুধারৈঃ ॥৪৬॥
ক্ষেমমিতি। ক্ষেমং সর্বথা জয়লাভেন মঙ্গলম্। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ॥৪৭॥
অভীষিতি। অভীষুহস্তঃ অশ্বরজ্জুহস্তঃ, দাশার্হস্তদ্বংশীয়ঃ কৃষ্ণঃ ॥৪৮॥

অদ্য আমরা ক্ষত্রিয়গণকে বধ ও শিবিরগুলিকে শূন্য করিলে, দুর্য্যোধন আত্মবিনাশের জন্য যুদ্ধ করিবার ইচ্ছা করিবে ॥৪৪॥

বৃষ্ণিনন্দন ! দুর্য্যোধনের বধ হইলেই এই শত্রুতারও শেষ হইবে। মাধব ! অনুমান, আপন বুদ্ধি, বিদুরের বাক্য এবং দুরাত্মা দুর্য্যোধনের ব্যবহার চিন্তা করিয়া আমি ইহাই দেখিতেছি ॥৪৫॥

অতএব বীর ! তুমি কৌরবসৈন্যমধ্যে প্রবেশ কর, আমি সুধার বাণদ্বারা যুদ্ধে দুরাত্মা দুর্য্যোধনকে এবং উহার সৈন্যদিগকে বধ করিতেছি ॥৪৬॥

মাধব ! আজ দুর্য্যোধনের সমক্ষে এই দুর্ব্বল সৈন্যগুলিকে বধ করিয়া ধর্ম্মরাজের মঙ্গল সম্পাদন করিব' ॥৪৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! অর্জ্জুন সেইরূপ বলিলে, কৃষ্ণ অশ্বরজ্জু ধারণ করিয়া নির্ভয় চিত্তে বিপক্ষের সৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৪৮॥

---

(৪৬) তস্মাদ্‌যাহি চমূং···নি, সংযাহি ভারতান্···পি। (৪৮) অভীষহস্তৌ · পি,··· প্রাবিশত্তদা—নি।

হয়পত্তিলতাকীর্ণং গাহমানো মহাযশাঃ।
ব্যরোচতত্র গোবিন্দো রথেনাতিপতাকিনা ॥৫০॥ (যুগ্মকম্)
তে হয়াঃ পাণ্ডুরা রাজন্! বহন্তোঽর্জ্জুনমাহবে।
দিক্ষু সর্বাস্বদৃশ্যন্ত দাশার্হেণ প্রচোদিতাঃ ॥৫১॥
ততঃ প্রায়াদ্রথেনাজৌ সব্যসাচী পরন্তপঃ।
কিরন্ শরশতাংস্তীক্ষ্ণান্ বারিধারা ইবাম্বুদঃ।
প্রাদুরাসীন্মহাশব্দঃ শরাণাং নতপর্ব্বণাম্ ॥৫২॥
ইষুভিশ্ছিদ্যমানানাং সমরে সব্যসাচিনা।
অসজ্জন্তস্তনুত্রেষু শরৌঘাঃ প্রাপতন্ ভুবি ॥৫৩॥

ভারতকৌমুদী

শরেতি। শরাসনানি ধনূংষ্যেব বলানি যত্র তৎ, শক্তয় এব কণ্টকানি তৈঃ সংবৃতম্। গদাঃ পরিঘাশ্চৈব পাষাণং যত্র তৎ, রথা নাগা গজাশ্চৈব মহাদ্রুমা যত্র তৎ। হয়া অশ্বাঃ পত্তয়ঃ পদাতয়শ্চৈব লতাস্তাভিবাকীর্ণং ব্যাপ্তম্, গাহমান আলোড়য়ন্। ব্যরোচৎ অদীপ্যত ॥৪৯—৫০॥

ত ইতি। পাণ্ডুরাঃ শ্বেতাঃ। দাশার্হেণ কৃষ্ণেন, প্রচোদিতাঃ প্রেরিতাঃ ॥৫১॥

তত ইতি। কিরন্ নিক্ষিপন্। নতপর্বণাঃ বক্রোপাস্তানাম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫২॥

ইষুভিরিতি। তনুত্রেষু কবচেষু ॥৫৩॥

তখন অত্যন্ত যশস্বী কৃষ্ণ দোদুল্যমান পতাকাযুক্ত রথে বিপক্ষ সৈন্যবন আলোড়ন করিতে থাকিয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন। সেই বন—শক্তিরূপ কণ্টকে আবৃত ছিল, ধনু ছিল—তাহার ভিতরের ক্ষুদ্র বন, গদা ও পরিঘ ছিল—প্রস্তর, রথ ও হস্তী ছিল—বিশাল বৃক্ষ এবং সে বন—অশ্ব ও পদাতিরূপ লতায় ব্যাপ্ত ছিল ॥৪৯—৫০॥

শুভ্রবর্ণ ও কৃষ্ণপ্রেরিত সেই অশ্বগুলি অর্জ্জুনকে বহন করিতে থাকিয়া রণস্থলের সকল দিকেই দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৫১॥

তদনন্তর মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ অর্জ্জুন তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে থাকিয়া রথারোহণে গমন করিতে লাগিলে এবং তৎকালে সেই নতপর্ব্ব বাণগুলির ভীষণ শব্দ হইতে থাকিল ॥৫২॥

অর্জ্জুন বাণদ্বারা যাহাদিগকে ছেদন করিতেছিলেন, তাহাদের বর্ম্মে তাঁহার বাণগুলি প্রথমে সংলগ্ন হইতে লাগিল এবং পরে তথা হইতে পতিত হইতে থাকিল ॥৫৩॥

---

(৫০) হয়পত্তিনদাকীর্ণম্ · পি, ব্যচরত্তত্র...পি নি। (৫৩) ইষুভিশ্ছাদ্যমানানাম্...নি, তাড্যমানানাম্...পি।

ইন্দ্রাশনিসমস্পর্শা গাণ্ডীবপ্রেষিতাঃ শরাঃ।
নরান্নাগান্ সমাহত্য হয়াংশ্চাপি বিশাংপতে।।
অপতন্ত রণে বাণাঃ পতঙ্গা ইব ঘোষিণঃ ॥৫৪॥
আসীৎ সর্বমবচ্ছন্নং গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
ন প্রাজ্ঞায়ন্ত সমরে দিশো বা বিদিশোঽপি বা ॥৫৫॥
সর্বমাসীজ্জগৎ পূর্ণং পার্থনামাঙ্কিতৈঃ শরৈঃ।
রুক্মপুঙ্খৈস্তৈলধৌতৈঃ কর্ম্মারপরিমার্জ্জিতৈঃ ॥৫৬॥
তে দহ্যমানাঃ পার্থেন পাবকেনেব কুঞ্জরাঃ।
সমসীদন্ত কৌরব্যা বধ্যমানাঃ শিতৈঃ শরৈঃ ॥৫৭॥
শরচাপধরঃ পার্থঃ প্রজ্বলন্নিব ভাস্করঃ।
দদাহ সমরে যোধান্ কক্ষমগ্নিরিব জ্বলন্ ॥৫৮॥
যথা বনান্তে বনগৈর্বিসৃষ্টঃ কক্ষং দহেৎ কৃষ্ণগতিঃ সুঘোষঃ।
ভূরিদ্রুমং শুষ্কলতাবিতানং ভৃশং সমৃদ্ধো জ্বলনঃ প্রতাপী ॥৫৯॥

ভারতকৌমুদী

ইন্দ্রেতি। পতঙ্গাঃ শলভাঃ, ঘোষিণঃ শব্দায়মানাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥
আসীদিতি। অবচ্ছন্নমাবৃতম্। বিদিশো দিগন্তরালানি ॥৫৫॥
সর্বমিতি। জগৎ সমরাঙ্গনমিত্যর্থঃ। কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জ্জিতাস্তৈঃ ॥৫৬॥
ত ইতি। পাবকেন দাবাগ্নিনা, কুঞ্জরা বন্যহস্তিনঃ ॥৫৭॥
শরেতি। কক্ষং শুষ্কতৃণরাশিম্ ॥৫৮॥

নরনাথ! গাণ্ডীবনিক্ষিপ্ত ও ইন্দ্রবজ্রসমস্পর্শ অর্জ্জুনের বাণ সকল যাইয়া পদাতি, হস্তী ও অশ্বদিগকে আহত করিয়া ও শব্দ করিতে থাকিয়া পতঙ্গশ্রেণীর ন্যায় পতিত হইতে লাগিল ॥৫৪॥

গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহে সমস্তই আবৃত হইয়া পড়িল। সুতরাং রণস্থলের দিক্ বা বিদিক্ জানা গেল না ॥৫৫॥

অর্জ্জুননামাঙ্কিত, স্বর্ণপুঙ্খ, তৈলপরিষ্কৃত ও শিল্পিপরিমার্জ্জিত বাণসমূহে রণস্থলটা একেবারে পূর্ণ হইয়া গেল ॥৫৬॥

দাবাগ্নিতে দহ্যমান বন্য হস্তিগণের ন্যায় সেই কৌরবসৈন্যেরা অর্জ্জুনের সুধার বাণে নিহত হইতে থাকিয়া অবসন্ন হইয়া পড়িল ॥৫৭॥

প্রজ্বলিত অগ্নি যেমন শুষ্ক তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ ধনুর্বাণধারী অর্জ্জুন সূর্য্যের ন্যায় জ্বলিতে থাকিয়া যুদ্ধে কৌরবসৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥৫৮॥

(৫৭)…পার্থং ন প্রাসহর্ঘোরাঃ…নি। (৫৮)…প্রজ্বলন্নিব ভারত!…পি।

এবং স নারাচগণপ্রতাপী শরার্চ্চিরুচ্চাবচতিগ্মতেজাঃ।
দদাহ সর্বাং তব পুত্রসেনামমৃষ্যমাণস্তরসা তরস্বী ॥৬০॥ (যুগ্মকম্)
তস্যেষবঃ প্রাণহরাঃ সুমুক্তা নাসজ্জন্ বৈ বর্ম্মসু রুক্মপুঙ্খাঃ।
ন স দ্বিতীয়ং প্রমুমোচ বাণং নরে হয়ে বা পরমদ্বিপে বা ॥৬১॥
অনেকরূপাকৃতিভির্হি বাণৈর্মহারথানীকমনুপ্রবিশ্য।
স এব একস্তব পুত্রসেনাং জঘান দৈত্যানিব বজ্রপাণিঃ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে অর্জ্জুনপরাক্রমে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। বনগৈর্বনগামিভির্ব্যাধৈঃ, বিসৃষ্টো দত্তঃ, কক্ষং শুষ্কতৃণরাশিম্, কৃষ্ণা দহনেন কৃষ্ণবর্ণীভূতা গতিঃ পন্থা যস্য সঃ, সুঘোষো মহাশব্দঃ। শুকলতানাং বিতানং সমূহম্, সমৃদ্ধঃ প্রজ্বলিতঃ, জ্বলনো বহ্নিঃ নারাচগণেন প্রতাপয়তীতি সঃ, শরা অর্চ্চিষঃ শিখা ইব যস্য সঃ, উচ্চাবচং নানাবিধং তিগ্মং তীক্ষ্ণঞ্চ তেজো যস্য সঃ। তরসা বেগেন শীঘ্রমেবেত্যর্থঃ, দদাহেতি সম্বন্ধঃ, অমৃষ্যমাণঃ অসহমানঃ, তরস্বী বলবান্ ॥৫৯—৬০॥

তস্যেতি। ইষবো বাণাঃ, সুমুক্তাঃ সম্যক্ সন্ধানেন নিক্ষিপ্তাঃ, নাসজ্জন্ সংসজ্য নাতিষ্ঠন্, অপি তু প্রাণানেবাহরন্। পরমদ্বিপে উত্তমহস্তিনি ॥৬১॥

অনেকেতি। মহারথানামনীকং সৈন্যম্ ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

বনমধ্যে ব্যাধগণপ্রদত্ত, অত্যন্ত প্রজ্বলিত, মহাশব্দকারী ও কৃষ্ণমার্গ অগ্নি যেমন সন্তাপ জন্মাইতে থাকিয়া শুষ্ক তৃণরাশি, প্রচুর বৃক্ষ ও লতাসমূহকে দগ্ধ করে; সেইরূপ নারাচসমূহদ্বারা সন্তাপকারী, শিখার ন্যায় বাণধারী, বলবান্ ও নানাবিধ তীব্রতেজা অর্জ্জুন অসহিষ্ণু হইয়া আপনার পুত্রের সমস্ত সৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৫৯—৬০॥

স্বর্ণপুঙ্খ, সম্যক্ নিক্ষিপ্ত ও প্রাণনাশক অর্জ্জুনের বাণ সকল শত্রুগণের বর্ম্মে সংলগ্ন হইয়া থাকিত না এবং তিনি বধ করিবার জন্য বিশাল হস্তী, অশ্ব ও মনুষ্যের উপরে দ্বিতীয় বার বাণক্ষেপ করেন নাই ॥৬১॥

মহারাজ! ইন্দ্র যেমন অসুরগণকে বধ করিতেন, সেইরূপ একাকী অর্জ্জুন মহারথগণের সৈন্যমধ্যে প্রবেশ করিয়া নানারূপ বাণদ্বারা আপনার পুত্রের সৈন্য বধ করিতে থাকিলেন' ॥৬২॥

---

(৬১)·· নাসজ্জন্ত পি, ন চ দ্বিতীয়ং · নি। * '···চতুর্বিংশতিতমোঽধ্যায়ঃ'···পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '···ত্রয়োবিংশোঽধ্যায়ঃ'···নি।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ

——:-০-:——

সঞ্জয় উবাচ।

অস্যতাং যতমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
সঙ্কল্পমকরোন্মোঘং গাণ্ডীবেন ধনঞ্জয়ঃ ॥১॥
ইন্দ্রাশনিসমস্পর্শানবিষহ্যান্মহৌজসঃ।
বিসৃজন্ দৃশ্যতে বাণান্ ধারা মুঞ্চন্নিবাম্বুদঃ ॥২॥
তৎ সৈন্যং ভরতশ্রেষ্ঠ! বধ্যমানং কিরীটিনা।
সম্প্রদুদ্রাব সংগ্রামাত্তব পুত্রস্য পশ্যতঃ ॥৩॥
পিতৄন্ ভ্রাতৄন্ পরিত্যজ্য বয়স্যানপি চাপরে।
হতধুর্য্যা রথাঃ কেচিদ্ধতসূতাস্তথাপরে।
ভগ্নেশাযুগচক্রাক্ষাঃ কেচিদাসন্ বিশাংপতে! ॥৪॥

ভারতকৌমুদী

অস্যতামিতি। অস্যতাং অস্ত্রাণি ক্ষিপতাম্, যতমানানাং জয়ায়েতি শেষঃ ॥১॥

ইন্দ্রেতি। মহৌজসঃ মহাতেজস্কান্। বিসৃজন্ নিক্ষিপন্ ॥২॥

তদিতি। সম্প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥৩॥

পিতৄনিতি। হতধুর্য্যা হতাশ্বাঃ, হতসূতা হতসারথয়ঃ। ভগ্নানি ঈশা ঊর্দ্ধদণ্ডা যুগানি তির্য্যগ্দণ্ডাঃ চক্রাণি অক্ষা দারুবিশেষাশ্চ যেষাং তে। ষট্পদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'অনিবর্ত্তী বীরেরা অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া জয়ের জন্য চেষ্টা করিতে লাগিলে, অর্জ্জুন গাণ্ডীবদ্বারা তাহাদের সে সঙ্কল্প ব্যর্থ করিতে লাগিলেন ॥১॥

মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ অর্জ্জুন ইন্দ্রের বজ্রের সমান স্পর্শ, অসহ্য ও বিশেষ উজ্জ্বল বাণ সকল বর্ষণ করিতে থাকিয়া দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! অর্জ্জুন সেইভাবে বধ করিতে থাকিলে, সেই কৌরবসৈন্য আপনার পুত্রের সমক্ষেই বেগে পলায়ন করিতে লাগিল ॥৩॥

এবং অন্য সৈন্যেরা পিতা, ভ্রাতা ও বয়স্যগণকে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিতে লাগিল; কোন কোন রথীর অশ্ব নিহত হইল, কতকগুলি রথীর সারথিরা

(১) পশ্যতাং···বঙ্গ, যুধ্যতাং নি। (৪) ভগ্নাক্ষযুগচক্রেষাঃ···নি।

অন্যেষাং সায়কাঃ ক্ষীণাস্তথান্যে শরপীড়িতাঃ।
অক্ষতা যুগপৎ কেচিৎ প্রাদ্রবন্ ভয়পীড়িতাঃ ॥৫॥
কেচিৎ পুত্ত্রানুপাদায় হতভূয়িষ্ঠবাহনাঃ।
বিচুক্রুশুঃ পিতৄনন্যে সহায়ানপরে পুনঃ ॥৬॥
বান্ধবাংশ্চ নরব্যাঘ্র! ভ্রাতৄন্ সম্বন্ধিনস্তথা।
দুদ্রুবুঃ কেচিদুৎসৃজ্য তত্র তত্র বিশাংপতে! ॥৭॥
বহবোঽত্র ভৃশং বিদ্ধা মুহ্যমানা মহারথাঃ।
নিষ্টনন্তঃ স্ম দৃশ্যন্তে পার্থবাণহতা নরাঃ ॥৮॥
তানন্যে রথমারোপ্য আশ্বাস্যাথ মুহূর্ত্তকম্।
বিশ্রান্তাশ্চ বিতৃষ্ণাশ্চ পুনর্যুদ্ধায় জগ্মিরে ॥৯॥

ভারতকৌমুদী

অন্যেষামিতি। ক্ষীণাঃ ক্ষয়ং গতাঃ। প্রাদ্রবন্ দ্রুতং পলায়ন্ত ॥৫॥
কেচিদিতি। হতানি ভূয়িষ্ঠানি বহুলানি বাহনানি গজাশ্বাদীনি যেষাং তে ॥৬॥
বান্ধবানিতি। বান্ধবান্ মাতুলাদীন্। সম্বন্ধিনঃ শ্যালকাদীন্ ॥৭॥
বহব ইতি। মুহ্যমানাঃ কর্ত্তব্যবিমূঢ়াঃ। নিষ্টনন্ত আর্ত্তনাদং কুর্ব্বন্তঃ ॥৮॥
তানিতি। বিতৃষ্ণা জলপানেন বিগতপিপাসাঃ ॥৯॥

বিনাশ পাইল এবং অন্য রথীদের রথের ঊর্দ্ধদণ্ড, তির্য্যগদণ্ড, চক্র ও তৎসংলগ্ন কাষ্ঠ সকল ভগ্ন হইয়া গেল ॥৪॥

বহু সৈন্যের বাণ নিঃশেষ হইয়া গেল, অনেক সৈন্য বাণে পীড়িত হইল এবং অন্য সৈন্যেরা অক্ষত থাকিলেও ভয়ার্ত্ত হইয়া একদাই পলায়ন করিতে লাগিল ॥৫॥

বহুতর বাহন বিনষ্ট হইলে কতকগুলি সৈন্য পুত্রগণকে লইয়া, অন্য সৈন্যেরা পিতৃগণকে এবং অপর সৈন্যেরা বয়স্যদিগকে উচ্চস্বরে আহ্বান করিতে থাকিল ॥৬॥

নরনাথ! নরশ্রেষ্ঠ! কতকগুলি সৈন্য বান্ধব, ভ্রাতা ও সম্বন্ধিগণকে সেই সেই স্থানে পরিত্যাগ করিয়া বেগে পলায়ন করিতে লাগিল ॥৭॥

এই সময় বহু মহারথ অত্যন্তবিদ্ধ ও কর্ত্তব্যমূঢ় হইয়া আর্ত্তনাদ করিতে লাগিলেন এবং অনেক মানুষ অর্জ্জুনের বাণে নিহত হইল—দেখা গেল ॥৮॥

অন্য সৈন্যেরা তাহাদিগকে রথে তুলিয়া, কিছুকাল আশ্বস্ত করিয়া এবং বিশ্রান্ত ও পিপাসাশূন্য হইয়া পুনরায় যুদ্ধে গমন করিল ॥৯॥

---

(৬) হতভূয়িষ্ঠবান্ধবাঃ—বঙ্গ। (৮) নিঃশ্বসন্তি স্ম…নি,… মুহ্যমানাঃ পুনঃ পুনঃ… পি।

তানপাস্য গতাঃ কেচিৎ পুনরেব যুযুৎসবঃ।
কুর্বন্তস্তব পুত্রস্য শাসনং যুদ্ধদুর্ম্মদাঃ ॥১০॥
পানীয়মপরে পীত্বা পর্য্যাশ্বাস্য চ বাহনম্।
বর্ম্মাণি চ সমারোপ্য কেচিৎ ভরতসত্তম! ॥১১॥
সমাশ্বাস্যাপরে ভ্রাতৄন্ নিক্ষিপ্য শিবিরেঽপি চ।
পুত্রানন্যে পিতৄনন্যে পুনর্যুদ্ধমরোচয়ন্ ॥১২॥ (যুগ্মকম্)
সজ্জয়িত্বা রথান্ কেচিৎ যথামুখ্যং বিশাংপতে!।
আপ্লুত্য পাণ্ডবানীকং পুনর্যুদ্ধমরোচয়ন্ ॥১৩॥
তে শূরাঃ কিঙ্কিণীজালৈঃ সমাচ্ছন্না বভাসিরে।
ত্রৈলোক্যবিজয়ে যুক্তা যথা দৈতেয়দানবাঃ ॥১৪॥
আগম্য সহসা কেচিদ্রথৈঃ স্বর্ণবিভূষিতৈঃ।
পাণ্ডবানামনীকেষু ধৃষ্টদ্যুম্নমযোধয়ন্ ॥১৫॥

ভারতকৌমুদী

তানিতি। অপাস্য বিহায়, যুযুৎসবো যুদ্ধমিচ্ছবঃ। শাসনমাদেশম্ ॥১০॥
পানীযমিতি। বাহনং গজাশ্বাদিকম্। অবোচয়ন্ ঐচ্ছন্ ॥১১—১২॥
সজ্জেতি। মুখ্যান্ শ্রেষ্ঠাননতিক্রম্যেতি যথামুখ্যম্। আপ্লুত্য প্রবিশ্য ॥১৩॥
ত ইতি। কিঙ্কিণীজালৈ রথস্থৈঃ। যুক্তা উদ্যুক্তাঃ ॥১৪॥
আগম্যেতি। অনীকেষু সৈন্যেষু মধ্যে ॥১৫॥

মহারাজ! কতকগুলি যুদ্ধদুর্দ্ধর্ষ যোদ্ধা পুনরায় যুদ্ধার্থী হইয়া সেই পীড়িত সৈন্যগণকে পরিত্যাগ করিয়া আপনার পুত্রের আদেশ অনুসারে যুদ্ধে গমন করিল ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! কতকগুলি সৈন্য জলপানে পিপাসাশূন্য হইয়া, বাহনগুলিকে আশ্বস্ত করিয়া, বর্ম্মধারণপূর্ব্বক পুনরায় যুদ্ধে যাইবার ইচ্ছা করিল; অপর কতকগুলি সৈন্য ভ্রাতাদিগকে, অন্য সৈন্যেরা পুত্রবর্গকে এবং অপর সৈন্যেরা পিতৃগণকে আশ্বস্ত করিয়া ও শিবিরে রাখিয়া আবার যুদ্ধ করিবার ইচ্ছা করিল ॥১১—১২॥

নরনাথ! কতকগুলি সৈন্য শ্রেষ্ঠ অনুসারে রথগুলিকে পুনরায় সজ্জিত করিয়া পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশপূর্ব্বক পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছা করিল ॥১৩॥

সেই বীরেরা রথস্থিত কিঙ্কিণীজালে আবৃত হইয়া ত্রিভুবনবিজয়ে উদ্যত দৈত্য ও দানবগণের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৪॥

(১৩) ··যথাযোগ্যম্ ··পি, · আবৃত্য পাণ্ডবানীকম্ নি।

ধৃষ্টদ্যুম্নোঽপি পাঞ্চাল্যঃ শিখণ্ডী চ মহারথঃ।
নাকুলিশ্চ শতানীকো রথানীকমযোধয়ন্ ॥১৬॥
পাঞ্চাল্যস্তু ততঃ ক্রুদ্ধঃ সৈন্যেন মহতা বৃতঃ।
অভ্যধাবৎ সুসংরব্ধাংস্তাবকান্ হন্তুমুদ্যতঃ ॥১৭॥
ততস্ত্বাপততস্তস্য তব পুত্ত্রো জনাধিপ!।
বাণসঙ্ঘাননেকান্ বৈ প্রেষয়ামাস ভারত! ॥১৮॥
ধৃষ্টদ্যুম্নস্ততো রাজন্! তব পুত্ত্রেণ ধন্বিনা।
নাচারৈর্বহুভিঃ ক্ষিপ্রং বাহ্বোরুরসি চার্পিতঃ ॥১৯॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসস্তোত্ত্রার্দ্দিত ইব দ্বিপঃ।
তস্যাশ্বাংশ্চতুরো বাণৈঃ প্রেষয়ামাস মৃত্যবে।
সারথেশ্চাস্য ভল্লেন শিরঃ কায়াদপাহরৎ ॥২০॥

ভারতকৌমুদী

ধৃষ্টদ্যুম্ন ইতি। নাকুলির্নকুলপুত্ত্রঃ। রথানীকং কৌরবরথিসৈন্যম ॥১৬॥
পাঞ্চাল্য ইতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্ত্রো ধৃষ্টদ্যুম্নঃ। সুসংরব্ধান্ অতীবক্রুদ্ধান্ ॥১৭॥
তত ইতি। আপততঃ আগচ্ছতঃ, পুত্ত্রো দুর্য্যোধনঃ ॥১৮॥
ধৃষ্টদ্যুম্ন ইতি। উরসি বক্ষসি, অর্পিতঃ পীড়িতঃ ॥১৯॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, তোত্ত্রার্দ্দিতঃ অঙ্কুশপীড়িতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২০॥

তাহাদের মধ্যে কতকগুলি বীর স্বর্ণভূষিত রথে বেগে আগমন করিয়া পাণ্ডবপক্ষের রথিসৈন্যমধ্যে ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন ॥১৫॥

তদনন্তর পাঞ্চালরাজপুত্ত্র ধৃষ্টদ্যুম্ন, মহারথ শিখণ্ডী ও নকুলপুত্ত্র শতানীক সেই রথিসৈন্যদিগের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥১৬॥

